সার্থত গ্রন্থানী—সংখ্যা ৪

ভাক্তিক-শুক্ত গ ব্য় ও সাধন পদ্ধতি

यक किकिए किवछ मनमवाथिमाबिर ।

खक मर्कक या मिकि मा पः किः खूब्रम मना ॥

—मार्क (७३ हजी।

পরিত্রাজকাচার্য্য শ্রীমৎ স্বামী নিগমানন্দ পরমহৎস শ্রুষ্



চতুৰ্ব সংকরণ ১৩০১ বন্ধাৰ

আসাম বলীয়—সাম্পত বঠ হইছে— কুমার চিদানশ কর্তৃক প্রকাশিত

চতুর্থ সংস্করণ ১৩৩১—শঞ্চম সহস্র

[প্রথম সংস্করণ ১০১৮, দ্বিতীর সংস্করণ ১০২৩ তৃতীয় সংস্করণ ১০২৮,

২০৮ নং নবাবপুৰ, ছাকা 'কাহুবী-প্রেসে'' প্রিক্টার শীসতীল চক্র দাস কর্তৃক মুদ্রিত

Kararararararararararara

ওঁ তৎ সৎ

উৎসর্গ পত্র

গরবিনী মা আমার! পরলোক প্রয়াণকালে তুমি আমাকে জগজ্জননীর ক্রোড়ে সঁপিয়া দিয়া গিয়াছিলে; তিনি আমাকে তাঁহার মঙ্গলময় ক্রোড়ে কিরপে জড়াইয়া রাখিয়াছেন, তাহার নিদর্শন স্বরূপ এই ক্ষুদ্র পুস্তকথানি তোমার রাঙ্গা পা তু'থানের উদ্দেশে নিবেদন করিলাম।

জননি! জগজ্জননীর কোলে বসিয়া জানিয়াছি, তোমাদের

ক্রিম্র্ডি তাঁহারই ভিন্ন ভিন্ন ভাবের বিকাশ মাত্র; মূলে তোমরা

অভিনা। তাই ডাকি মা, শিশুর ভার নিভে ভয় পেতে হবে

না, এবার আমি তোর ভার নিব; তোরে বুকে রেথে চো'থে

পাহারা দিব। এস গৌরি মনোময়ী দেবী আমার! প্রকাশিত

হও—একবার প্রত্যক্ষ করি। সাধনার সাধ পূরাও গো! আমার

অস্তরে অস্তরে প্রকাশিত হও, আমি প্রাণে প্রাণে উপলব্ধি করি।

প্রেমমির ! আমার মনোময়ী মেরেটীর বেশে হদয়াসনে এসে—

নিত্য নৃত্য কর; আমি আত্মহারা—পাগলপারা হইরা তোমার

দেখি। এই আকার ভিন্ন ব্রহ্মপদ্ধ যে আমার নিকট ধেনুদণ্ডের ন্যার

হেয়। তাই মা। তোমার ডাকি—

'তিলেক দাগিয়া—হদয়ে বসিয়া হাসিরা কথাটী কও।" আসিয়া আমার উপহার গ্রহণ কর।

> তোমার আগুরে ছেলে— নলিনীকান্তর

XAAAAAAAAAAAAAAAAAAAXX



"শ্রীমদাচার্যা সামা নিগমাননদ পরমহংস"

এম্কারের বক্তব্য

স্ফ্রী থেলং জগদিদং সদসংস্করপং
শক্তা স্বয়া ত্রিগুণন্ধা পরিপাতি বিশ্বম্।
সংহত্য কর্মসময়ে রমতে তথৈকা
তাং স্ক্রিশ্বজননীং মনসা স্মরামি॥

বাঁহা হইতে এই জগৎ সৃষ্ট হইরাছে,— বাঁহাকে অবলঘন করিরা অবস্থিতি করিতেছে এবং কল্লাস্তে বাঁহাতে উপসংহৃত হইনে, সেই ব্রহ্ম-বিষ্ণু-শিবারাধ্যা বিষ্যাদ্রিনিলয়া মহামায়ার কুপায় ভদীয় কুপালক "তাঞ্জিক-শুক্রু অন্ত সাধারণের করে প্রমাদরে অর্পুণ করিলাম।

বঙ্গদেশে তন্ত্রশান্ত্রের বড়ই প্রভাব। শাক্ত, শৈব, বৈঞ্চব গড়তি সাকারোপাসকগণ তত্ম-শাস্ত্র মতে দীক্ষা গ্রহণ করিয়া থাকে। ত্রপ্রেক্ত উপা-যাগাদির অধিকাংশ তন্ত্রোক্ত মতে অমুষ্ঠান হইয়া থাকে। তন্ত্রোক্ত উপা-সনাই কলিকালে প্রশস্ত ও আশুফলপ্রদ। যথা,—

কৃতে শ্রুক্তমার্গ: স্থাৎ ত্রেভায়াং স্মৃতিসম্ভব:। দাপরে তু পুরাণোক্তঃ কলাবাগমদম্ম চ:॥

সভাষ্পে বেদোক্ত, ত্রেভায়গে স্বৃত্যুক্ত, দ্বাপরে প্রাণোক্ত এবং কলিযুগে তন্ত্রোক্ত বিধি অনুসারে ক্রিয়া সম্পন্ন করিতে হয় । অভ অভ কলিযুগে তন্ত্রমার্গ ব্যতীত অভাভ মার্গ প্রশন্ত নহে। এই সকল শাক্তবচন অবলম্বন করিয়াই বোধ হয় তন্ত্রশান্ত এডকেশে প্রভাব বিস্তার করিয়াছে;

এবং তদ্র-শান্ত্রমতে সন্ধ্যাহ্নিক, তপং, জপ. পূজাদি অফুটিত হইরা থাকে।
কিন্তু হংখের বিষয়, আমাদের দেশে তদ্রশান্ত্র প্রাধান্ত লাভ করিলেও
বর্তমানে তদ্রজ্ঞ শুরু অতি বিরল। কেন না, পাভিত্য ও বৃদ্ধি জোরে
কাহারও তদ্র বৃদ্ধিবার বা বৃঝাইবার ক্ষমতা হর না। বাস্তবিক গুরুমুখে
উপদেশ প্রাপ্ত না হইলে তদ্রশান্তের প্রাকৃত অর্থ বোধ ও মর্ম্ম গ্রহণ করিবার
শক্তি কাহারও নাই। স্কৃতরাং এরূপ প্রত্যক্ষকলপ্রদ শান্ত্র প্রদর্শিত
পদ্বার দীক্ষা গ্রহণ ও ক্রিয়া-কলাপ অফুটান করিরাও কেহ কল লাভে সক্ষম
হর না। কারণ তদ্রজ্ঞ শুরু অভাবে ক্রিয়া-কলাপ যথারীতি সম্পন্ন হইতে
পারে না। এই সুকল কারণে অনেকে শান্ত্র-গ্রহ অবিশাস করিরা থাকে।
দেশের এই দুরবন্থা দশনে আমার পরিচিত সাধন-পিপাস্থ কতিপর শিক্ষিত
ব্যক্তি আমার লিথিত "জ্ঞানীগুরুত ও "গোগীগুরুর" স্থার তদ্রশান্ত্র সম্বন্ধীর
একধানি পৃশ্তক প্রকাশ করিতে আমাকে অমুরোধ করেন। তাঁচাদিপের
উৎসাহে প্রোৎসাহিত হইরা এই গ্রন্থ প্রকাশে সাহদী হইরাছি। কতদ্র
কৃতকার্য্য হইরাছি, তাহা স্থ্যী সাধকগণ্যের বিবেচা।

এতদেশে অনেকগুলি তন্ত্র-শাস্ত্র প্রচলিত আছে। আমি কিন্তু কোন
নির্দিষ্ট গ্রন্থের অনুসরণ করি নাই। মানবের আধ্যাত্মিক উরতির
উপার স্বরূপ যে দকল ক্রিয়া-কলাপ প্রয়োজন—গুরুর্থে আমি বাহা
শিক্ষা করিয়াছি, তাহারই কির্দংশ অর্থাৎ সাধারণ্যে প্রকাশ্য এবং দকলের
করণীয় ও সহজ্ঞ্যাধ্য বিষয়গুলি যুক্তির সহিত এই গ্রন্থে লিখিত
হইয়াছে। অন্তর্শান্ত্র গুলি আর্য্য ঋষিগণের অলৌকিক সৃষ্টি।
ভন্নগুলি স্বাহিত্তিত্তে পাঠ করিলে বিন্মিত ও স্তন্তিত হইতে হয়।
ভানী বা অক্রানীর যাহা কিছু প্রয়োজন সমন্তই তন্ত্র মধ্যে দৃষ্ট হইবে।
ভন্নগুলি সাধন শান্ত্র, ইহাকে প্রধানতঃ তুই তাগে বিভক্ত করা বাইতে
পারে। যথা—গ্রন্থি সাধন ও নিবৃত্তি সাধন। প্রস্থৃতিমার্লে স্নোগা-

রোগ্য, গ্রহণান্তি, বাজীকরণ, রুগায়ন, দ্রব্যন্তণ, ষট্ কর্ম (মারণ, সন্তম, মোহন, উচ্চাটন, বলীকরণ ও আকর্ষণ) এবং দেব, দানব, ভূত, প্রেত, পিশাচাদির সাধন-প্রণালী বিবৃত হুইয়াছে। অসংযত-চিন্ত অবিছানবিমাহিত মানব-সমাজে অবিছার সাধন ব্যক্ত করিয়া, সাধকের বির্মাত উৎপাধন করিতে ইচ্ছা করি না। নিবৃদ্ধি মার্দের সাধন-প্রণালীই আমার প্রতিপান্ত বিষয়। নিতানৈমিত্তিক ক্রিয়াবান্ সাধকই নিবৃত্তি মার্দের অধিকারী। আজিও সমাজে নিত্যনৈমিত্তিক ক্রিয়ানি প্রচলিত আছে। স্তব্যং তাহা লিখিয়া প্রত্কের কলেবর বৃদ্ধি করিতে চাহি না। কেবল সাধন পদ্ধতি আমি প্রকাশ করিব। আশা আছে,—এই গ্রহোক্ত সাধন-প্রণালীসম্মত সাধন করিলে সাধকগণ ক্রমশং আত্মজান লাভ করিয়া মানব জীবনের পূর্ণন্ধ সাধন করিতে পারিবেন।

সাধারণের অবন্ধতির জক্ত গৃহছের নিত্য প্রয়োজনীয় প্রবৃত্তি মার্গের ছই চারিটা সাধন-প্রণালী পরিশিষ্টে প্রকাশিত হইল। সাধনা করিরা শাস্ত্র-বাক্ষ্যের সভাতা উপলব্ধি করিবেন।

এই পৃত্তকথানিকে তিনভাগে বিভক্ত করিবা, প্রথম জাগৈ ভব্ন ও ভব্লোক্ত সাধনাদির বৃক্তি, দিতীর ভাগে সাধন-প্রাণালী এবং পরিশিষ্টে সাধারণ মানবের হব ও স্বাস্থ্যের উপান্ধ বার্ণত হইরাছে। আমার প্রেভিপান্থ বিষর প্রমাণের জন্ম তন্ত্র-প্রাণাদি শাল্লের বৃক্তি উদ্ভ করা হইরাছে। বথাসাধ্য সহজ ও সরল ভাবে চলিত ভাষার বিষরগুলি বর্ণিত হইরাছে। কভত্তর কৃতকার্য্য হইরাছি, ভাহা ক্ষাগ্রাহী সাধক-বর্ণের বিবেচ্য়।

পরিশেবে বক্তব্য-—আধ্যাদ্মিক তথ দ্বাক্তম করিতে হইলে বিধিমত চিত্তভদ্ধি আবক্তক। ভগবানের কুপা ব্যতীত সাধনতথ বৃথিবার বিতীয় উপাধ নাই। একবো সাধনপিপাত্ম ব্যক্তিগণ বর্ণাগুদ্ধি, ভাষা-দোষ প্রাকৃতি শিশুপিকা বিষয় আলোচনা ন' করিয়া, স্বকার্য্যে ব্র**তী ব্র্যুগে** প্রম সকল জ্ঞান করিব। সাধকগণ কোন বিষয় বুঝিতে না পারিয়া আনার নিকট আসিলে সাদরে ও স্থান্তে বুঝাইতে বা সাধনত্ব শিকা দিতে ক্রটী করিব না। কিম্যিক্বিস্তারেণ:—

চাকা-শান্তি আশ্রম ছওপে শ্রামণ, মুলন (রামী) পূর্ণিলা ১৩১৮ বজাজ ভক্তপদাগবিন্দভিদ্ দীন—বিপ্সানন্দ

চভূর্থ সংক্ষরণে বক্তব্য

জানিবের মধ্যেই ভাত্তিক গুরুর তৃতীর সংকরণ নিঃলেবিত হইয় বাওয়ার চতুর্ব সংকরণ মৃত্তিত হইল। ব্যাভিচারীজনগণ কর্তৃক তত্ত্বশালের সাধন বহুত বিশ্বভভাবে অমৃতিত ও প্রচারিত হওরার, এক প্রেণীর লোক ভল্লের নাম গুলিলেই শিহরিরা উঠেন। ক্রিছ ভন্তশালের প্রফুত রহজ্জ বিজ্ঞানিক প্রবং সাধকও বে বিরল নহে, ভারা ভাষরা ভাত্তিক গুরু প্রকাশেই বৃথিকে গারিরাছি। কিম্মিক রিভি।

সারখন্ত মঠ ২০ শে আধায়, এব বাজা ১০৯১ বলাক,

জীকন চৰণাত্ৰিত— দ্বীত্ৰ— ভিদ্বাত্ৰক্ষ গ্ৰহাণক

শৃচিগ্ৰৰ

প্রথম খণ্ড			বিষয়	পৃষ্ঠা
			পূৰ্ণাভিষেক	20
্ যুক্তিকল			নিতা-নৈমিত্তিক ও কাম্যকৰ্ম	>=0
বিবর		পৃষ্ঠা	অন্তর্যাপ রা মানস পূজা \cdots	>•৮
ভন্তপান্ত •••	•••	` 5	মালা নির্ণয় ও জপের কৌশল	\$
ভৱোক্ত সাধনা	•••	5.	স্থান নির্ণয় ও জপেয় নির্ম	५२७
ম-কার তত্ত্ব •••	•••	>00	জপ-রহস্ত ও সমর্পণ বিধি	500
প্ৰথম তব	•••	14	महार्थ ७ वह देहल्छ · · ·	১৩৯
4818 84	•••	২৯	বোৰিমুক্তা যোগে জপ · · ·	>8¢
পঞ্চম তত্ত্ব	. • • •	99	অবসা ব্যেগর প্রাণালী •••	See
সপ্ত আছার · · ·	•••	৩৭	খাশান ও চিতাসাধন •••	なかべ
ভাবত্তর · · ·	•••	8 ২	नवर्गायम •••	36¢
উল্লেম ব্ৰহ্মবাদ	, •••	. 8F	শিবাভোগ ও কুলাচার কথন	
শক্তি-উপাসনা	•••	64	রমণীকে জমনীতে পরিণতি	24.2
দেবী সৃষ্ঠির তব	•••	46	शक-त्रकाटन काली नायना ···	
সাধনার জর্ম •••	•••	10	ठळाड्डान ···	₹ > •
-				े २ २९
দিতীয় খণ্ড			ভৱের ব্রহ্মসাধন	২২ ৪
			তব্ৰোক্ত বোগ ও মৃক্তি · · ·	২৩৭
সাধন-কল্প			***************************************	,
श्रमकतम् ७ तीका शक्ष		۲۲		
भाकाचित्रक · · ·		28	l _.	

পরিশিক			বিষয়	পৃষ্ঠা
বিষয়		পৃষ্ঠা	সর্শ বুল্চিকার্টির বিষ হরণ •••	165
बिर्मय निषय ···	•••	₹89	শৃশবোদ প্রতিকার · · ·	२१>
যোগিনী সাধন	0.009	२६२	क्ष वानव मञ्ज	২৭৩
रुष्ट्रमास्त्रं वीद्रमायन	•••	249	মৃতবৎসা দোৰ শাব্দি 😶	298
দৰ্মজ্ঞতা লাভ	•••	રહ•	বন্ধ্যা ও কাক বন্ধ্যা প্ৰতিকাৰ	216
विया मृष्टि गांख	•••	२७२	বালক সংস্থার · · ·	744
অদৃশু হইবাদ উপার	***	२७०	व्यवानि गर्करवाश भावि	२৮১
পাত্ৰা সাধন	•••	306	আপহ্দার · · ·	346
'अनाद्धि इत्र	•••	२७१	কতিপন্ন মন্ত্ৰের আশ্চর্য্য প্রক্রিয়	1 3,25
অগ্নি নিবারণ · · ·	440	200	खेनमश्हात्र	228

,

প্রথম **বঙ্গি** মৃত্যি-কম্প

তান্ত্রিক-শুরু

প্রথম খণ্ড



বুজি-কম্প

ভক্ত-পান্ত

ভার কাল নিবা-শিক্তিত কানকেই হয়পাত্রকে ভক্ত-ল্যন্যায়ীরিলের
কৃতি অব উপাজীনের উপার কর্ত কতিত পাস্ত বনিয়া ভারত প্রতি প্রকা
করে না। কর্নত: বা পাত্রকে কালকমে ভক্তপ কালনারোপবালী করার
করে না। কর্নত: বা পাত্রকে কালকমে ভক্তপ কালনারোপবালী করার
কর্ত্তপাত্র বছবিও প্রতিত, রাপক ও অববাদানি বেলের, চেরা ক্রেরা
কর্ত্তপাত্র, ভাল উক্ত পাত্রীর আধুনিক ক্রিড প্রভাব হোনের, অভি নবকেইবৌধসন্য ক্রিড পাত্রে বিবেশের বেলের বহু শাল ক্রেন্সাল আকালিত হউন্নাই বিশিল্প প্রতিত পাত্রে বিবেশ ভ্রতিত-শালাক ক্রিয়ান ক্রিড পাত্রির ক্রিয়ান ক্রিয়ান ক্রিয়ার ক্রিয়ার

ভন্ত কোন স্বভন্ত শান্ত নহে, উহা বেদেরই রূপা্তর,—বিশেষভং সাংখ্য-দর্শন ও উপনিষ্দের সার 🗗 ভিছাতে মুক্তির সর্বল উপার নির্দারিত ও বিচারিত হইরাছে। বর্তমান সময়ে বাক্সক্ষেতা ও জিরা-শৃক্ততা দোবে ভারত সমাজে তন্ত্রশাল্লের যেরূপ বোর তর্দশা উপস্থিত হইরাছে তাহাতে তল্পের নাম শুনিলেও অনেকে উপহাঁস করিবেন, বিচিত্র কি ? ফলতঃ বেরূপ বথেচ্ছভাবে প্রবৃত্তি-প্রেলোভিনী করিত ব্যবস্থা তন্তের অন্তর্নিবিষ্ট করার চেষ্টাকরা হইয়াছে, তাহাতে অক্লজগণের উপহাস করাও নিতান্ত অসঙ্গত বলা যার না। মুসলমান রাজত্ব সমরে হিন্দুদিগের কোন গ্রন্থই অক্তাবস্থায় ছিল না; ঐ সময়েই তন্ত্রশাল্লেরও চুর্দশা উপস্থিত হইয়াছে একদিকে মুসলমানদিগের অভ্যালার, অ্ঞাদিকে ছিন্দু সমাজে সদ্ গুরুর বিরশতা ক্শত: শিক্ষা-বিভ্রাট-সম্ভূত স্বেচ্ছাচারিতার প্রক্রিপ্ত বিষয়াদিতে পরিপূর্ন হইয়া প্রাকৃত তব্রশাস্ত্র অনেকস্থলে এরপভাবে বিকৃত হইয়া পড়িরাছে বে, তাহা হইতে অবিক্লত তব্ অনুসদ্ধান করা অক্লাধিকারীর পক্ষে অসম্ভব। বেদ ও সদাচার বিরুদ্ধ কত তন্ত্র-গ্রন্থ নৃতন রচিডঙ হ**ইয়াছে। ক্ষিত্ত ভজন্ত সাধারণ লোক ত্রমে পড়িলেও তন্ত্র-তত্তকের** তাহা চিনিতে বাকী থাকে না। আধুনিক অনেক বিক্ত ব্যক্তি বলেন বে, अवृश्विमोर्ल मन धकवान शाविष्ठ इंदेल छाड़ा इंदेख महना निवृश्विमार्ल মনকে কিরান স্থকটিন। হঠাৎ কোনমতে নিবুদ্ধি সাধন করিলেও সে चनक्रिक निक्ष बारक मा ; जन्म न्यूरकोमरण नकायकात यथा निवारे সংশ্ৰেষ্ট মন খাৰিও শ্ৰুৱাৰ জন্ত নানাল্লপ আপাত-বেল-বিক্লভ ব্যবস্থা विविदेषु क्षेत्र श्रेवेशास्त्र। डाकारका खर्मन खायान खाव मृगाशीन त्याव ইর'। বিশ্বাস্থা, ভাষা, ভাষা, জিওন ভেলে উপাসনার অধিকার ও আকার ভালে বৈদেও বাৰহিত ; প্ৰতন্ত্ৰাং মহাবোগ-দীলাবতাৰ মহালেব-প্ৰণীত কৃল ভৱ-भाविक क्षेत्रक रेगे एक एएए। जल १० **एक भाव-**शक्तिक काला से ल्युन्न

সাধন-পণ্ডিতের ভাহা ভবিহিত থাকে না; বা ব্রিরা ভজ্জ বে পারনিন্দা, তাহা অর্বাচীনতা মাত্র। তবে কিনা, আধুনিক ক্তিপর তত্তের
অনেকস্থলেই মহাদেব ও পার্বভীর কবোপকথন প্রসঙ্গ উথাপন করিয়া
অনেক বিকট, বিকৃত ও অকিঞিৎকর বিধি-বিবান ধর্মণান্তের অন্তর্গত
করার চেষ্টা করা হইরাছে বোধ হয়; আবার অবিকৃত প্রকৃত লিববাক্য-তত্ত্বেও হয়ত আপাতদৃষ্টিতে এমন অনেক অস্বাভাবিক, অনুত ও
রীজ্ঞংস বিষয় বর্ণিত হইরাছে বে, উহার মর্ম-রহস্ত মৃঢ়, 'ক্লিটি'-রোগগ্রাক্
স্থানীতি-সর্মান্ত অনেক স্থলাধিকারীর মতে মহাদেব ও পার্মভীর নামেও
তাহার কিছুমান্ত পবিত্রতা সম্পাদন করিতে পারে নাই। কল কথা,
বফল-সাধন-ক্রিরাহিত সন্গেকর স্থপান্তর্কুল্যের অভাবে অনেকেই আজকাল তত্ত্ব মথিত নবনীত মা চিনিয়া কেবল খোল থাইয়া গোল
করিতেছেন।

শ্রেতি-স্মৃতি-বিরুদ্ধানি আগমাদীনি যানি চ।
করাল-ভৈরধকাপি যামলকাপি যৎ কৃত্য।
এবংবিধানি চান্ডানি মোহনার্থানি তানি বৈ ॥

কুর্বপুরাণ।

লোক সকলকে যোহ।ভিতৃত করার আছু শ্রুভিন্দ্রভিনির্জন ধর্মণাপ্ত ক্ষালেবের রলিবার কি কারণ ছিল ? ভাত্তিক, মুহজের মর্মপ্রেছি এই-প্যানেই তেল ক্রিডে ক্ষাবে। ভবে এথানে নাত্র তর্মণান্তের, সুলভিভি ক্ষালোচনা বালা ইহার প্রয়োজন প্রভিপাদন ক্ষেত্রাই প্রহ্নাবের লক্ষ্য।

-- ক্ষাভাভালার ব্যথা বেলবির্জন বালহা ক্ষাভি প্রতিরশে নিব্রভ দেবীনাঞ্ধণা ছুৰ্গা বৰ্ণানাং ব্ৰাক্ষণো ঘণা। তথা সমস্ত-শাস্ত্ৰাণাং তন্ত্ৰণান্ত্ৰসমূম সৰ্বব্যমপ্ৰদং পুণ্যং তন্ত্ৰং বৈ বেদসম্মতম্॥

তন্ত্র-পান্ত সমূদর বিশেষ বিবেচনা করিয়া দেখিলে স্বস্পষ্ট প্রতীয়মান চইবে বে, উহার মূল ভিত্তি সাংখ্য ও উপনিবদের উপর স্থাপিত। চিন্দু-সমান্তে কালধর্মে পবিত্র তন্ত্র-পান্তের সান্ত্রিক সাধন তিরোহিত হইরা, ক্বেল রাজনিক ও ভাষসিক সাধনের প্রক্রিরা প্রণালীই প্রারশঃ প্রচলিত রহিরাছে; তাহাই অধিকার-তর্বোধাভাবে ভন্ত্রপান্তের অনাধরের কারণ। বছতঃ তব্রকে বোগধর্মের করভাণ্ডার বলিলে অন্ত্যুক্তি হর না। ইহাতে মানসিক ও বাহ্যিক পূলার এবং প্রাণান্ত্রাম প্রভৃতির ব্যবহা অতি স্থলন্দর্রদেশ গরিবেশিত হইরাছে। বেদ বেমন জ্ঞান ও কর্মাকাণ্ড, এই চই ভাগে বিভক্ত, বোগশান্ত্রও ভন্তপ গুই ভাগে বিভক্ত। তত্ত্বোক্ত ক্রিরাকলাপই ইহার কর্ম্মকাণ্ড। তত্ত্বের উপাসনার প্রণালী অতি পবিত্র, ইহাতে প্রাণান্ত্রাম এবং সাধন-পদ অতি উৎকট্তরূপে সন্ধিবেশিত হইরাছে।

বোগ ও তল্লোক্ত উপাসনা-প্রণালীর উত্তব এক উপকরণ হইতেই হইরাছে; ঐ সকল বিবর পুরাণে অতি সহজে বুঝান হইরাছে। তল্ল-প্রতিপাল্য সাধনার অন্ততম স্লতিতি বহাত্মা কশিল কত সাংখ্য। এ কথা সভ্যা বে, কশিলকেব বর্তমান সমরের ক্সার বৃতি-উপাসনার প্রণালী উদ্বাহন করেন নাই; কিছ সাংখ্য বে প্রকৃতি-পুরুষের তন্ত প্রকৃতি করিরাছেন, তল্লেও তন্ম লাপ্রের দেব-দেবীর উপাসনার প্রণালী বিধিবল হইরাছে। কলিল বুনির পুরুষই পরিলেবে হিন্দু উপাসনাতে নানার্মণে বিকালিত হইরা, ক্ষতি ও অধিকার অনুসালে নানা মূর্তিতে উপাস্ত হইতেছেন। প্রকৃতিই ভগবতী কেনির প্রথম আবির্তাব,—তিনিই কালীকেনী

তক্তাং বিনির্গতায়ান্ত ক্লঞাভূতা দাপি পার্বতী। কালিকেতি সমাথ্যাতা হিমাচলকুতাপ্রয়া।

মার্কণ্ড পুরাণ।

"প্রকৃতির স্বাধিকো প্রবেদ সানিধ্যে মহন্তৰ বা বৃদ্ধিতৰ উৎপন্ন হর,
বৃদ্ধিতৰ হইতে অহলান এবং এই অহলানের ভিন্ন ভিন্ন বিকার হইতে
ইন্তির ও ইন্তিরের বিষয়, উভ্নের উৎপত্তি হইলাছে। প্রথই চৈত্ত
পক্তি, কথ হংগাদি পৃত্ত; ইনি অকর্তা, কোন কার্যই করেন না, সমৃদর
বিশ্ব ব্যাপারই প্রকৃতির কার্যা। ঐ প্রকৃতি ও পুরুষ পরম্পন্ন সাপেক।
লোহ বেমন চুম্ম সমীপত্ত হইলে সেইদিকে গমন করে, ভন্তাপ প্রকৃতিও
প্রথম-সন্নিধান প্রযুক্ত বিশ্ব রচনার প্রযুক্ত হইরা থাকেন।" প্রকৃতিবই
সাক্ষাৎ কর্তৃত্ব, ইহাই সাংখ্যদর্শনের মত্ত্র, তজ্জন্ত পুরুষই দেবীর ক্রিরাধাবরূপে পদতলে এবং সেই অভিনরেই কালীদেবীর মূর্ত্তি মহাদেবের উপর
সংস্থাপিত।

কপিল-প্রকাশিত প্রকৃতি প্রক্ষের তব পরিকাররপে সর্বাধিকারী
নির্বিশেষে বুঝাইবার জরুই পুরাণ ও ভর্নশান্তের প্ররোজন ইইরাছে।
প্রকৃতি-পূর্বারে সাক্ষাররপ তারে ও পুরাণে বর্ণিত ইইরাছে। সমগ্র বেদ
হইতে বেরুপ সংক্ষাপাসনা ও অক্সান্ত বৈদিক কর্মের প্রকৃতি বিধিবর
হইরাছে; ভরাণ সাংখ্যদর্শন অবজ্ঞরন করিরা ভয়োক্ত উপাসনার প্রণানী
বাবহা পিতে ইইরাছে। ভর্নান্ত বোপের নর্বাস্থাপরস্পান জাতি বিভার
ধর্মপারে । তর্শান্ত বোপের নর্বাস্থাপরস্পান কৃতি বিভার
ধর্মপারে । করিবাজ্যান পূর্ণ তর্ম-সার্ত্ত। উপাসনার বে
সক্ষা মন্ত ও রীতি ক্ষেত্তিত পাওয়া বার, সামান্ত ইতর-বিশেষ থকিলেও
ক্ষেত্র প্রার ভ্রমণ ব্যবহা বিধিবর ইইরাছে। বীক্ষর এবং বর উপনিবং

ও তব্ৰ, উভা শাৰেই আছে ; স্থতবাং তব্ধ নে কোন আধুনিক কলিক শান্ত, এরপ সিদান্ত করার কোন কারণ নাই।

বেদ ও তদ্রোক্ত উপাসনা-প্রণালীর উপব দৃষ্টিপাত করিলে সহজেই প্রতীয়নান হইবে যে, সমরের পরিবর্তনে মনুবাের চিন্তানীলভা এবং বৃদ্ধির্বির পরিবর্তনের সঙ্গে সম্প্রের ক্ষতি ও অধিকারের পরিবর্তন সংঘটিত হইরাছে এবং মৃনি-ঝবিপণও সমরে সমরে বাংকা পরিবর্তন করিরাছেন। বেলাক্ত কর্ম অভি কট্ট-সাধা। কোন সমরে মন্থবাের শারীরিক ও মানসিক মুর্বনভা আরম্ভ হইলে, পার্রন্তিক ক্ষথ অপেকা ইহ সংসারের হুও অধিক প্রার্থনীর হইরা উঠিল, তথন ক্রমেই বেলের কর্মকাণ্ডোক্ত কার্যা সকল শিথিল হইতে লাগিল; তৎকালে সহজ উপারে ক্ষর আারাধনার কর্ম প্রশালের স্বব্যার প্রতি লোকের অধিকতর অনুরাগ হইল। বিনি বেদ ও তল্পোক্ত আনারাম অবগ্রত আছেন, তিনিই এই উভর মতে আপাত-পার্থক্য অনারানে উপসন্ধি করিতে পারিবেন।

একণে দ্রষ্টবা এই বে, তন্ত্র বেদের স্থার মহাজন ও অঘিগণ কর্তৃক সমর্থিত কি না ? রতুনজনের অটাকিংশতি তত্ত্ব এতং প্রেমেশ সাধারণে, প্রচলিত ; এবং তলীর মীমাংসা বেদবাক্যের স্থার গৃহীত চইরা থাকে। সেই প্রছে প্রমাণস্থলে ভূরি ভূরি তত্ত্বের বচন ব্যবহৃত হইরাছে। এমন কি ত্বল তিনেকে তত্ত্বের বচন বারাই শেষ কর্ত্তব্য অবধারিত হইরাছে। তগবান্ শক্ষাচার্ঘ্য তাহার ক্বত আবন্ধ-কহরী ভোজে তত্ত্বের প্রতি বহু সন্মান প্রদর্শন করিরাছের এবং শাক্তাবোল প্রভৃতি ক্ষমেশ থানি সংগ্রহ তত্ত্বত সক্ষম করিরাছের এবং শাক্তাবোল প্রভৃতি ক্ষমেশ থানি সংগ্রহ তত্ত্বত সক্ষম করিরাছেন। পূর্ণপ্রক্ত ক্ষমিরাছেন; এই রাজ তত্ত্বাচার্য্য, ভাবান্ তাহার ভাবাে তত্ত্বের প্রমাণ উদ্বৃত্ত ক্ষমিরাছেন; এই রাজ তত্ত্বাচার্য্য, ভাবান্ শক্ষমাচার্য্য, আনক্ষতীর্থ প্রভৃত্তি বে শান্তকে প্রামাণিকর্ত্বের ব্যবহার ক্ষমিরাছের, জিনীরাপ্রকল ও নামা প্রকাম ব্যব-প্রবাহিত্ত হইরা ক্ষেত্র

কি সেই সহাশিবোক্ত তল্পাল্লফে অপ্সাহাণিক বলিয়া উপহাসাম্পদ হউতে সাহসী হইবেন ?

ঝ্যিণণ কর্ত্বত এই তন্ত্রণাত্র সমর্থিত ও সমান্ত, অভএব প্রামাণিক ব্যাম্বীকৃত। ন্যাসদেব ব্যাম্বাছন:--

গুরু-ভন্তং দেবতাঞ্চ ভেদয়ন্ নরকং ত্রজেৎ। পঙ্গা-ছুর্গা-ছুরীশানং ভেদকুলারকী যথা॥

'বৃহদ্ধর্ম পুরাণ।

গঙ্গা ও প্র্যা এবং ছরি ও ঈশানে ভেদ জ্ঞানকারী ব্যন নিরয়গানী হইরা থাকে, সেইরপ শুরু, তন্ত্র ও দেবতাতে ভেদ জ্ঞান করিলে নিররগানী হউতে হয়। বৈষ্ণবদিগের প্রধান শাস্ত্র শ্রীশ্রীমন্ত্রাগ্রবৃত্ত ভগবান্ প্রয়ং বিলিয়াছেন;—

বৈদিকী তান্ত্ৰিকী মিশ্ৰ ইভি মে ত্ৰিবিধা মধঃ।
ত্ৰেয়াণানীপিতেনৈৰ বিধিনা মাং সমৰ্ক্তয়েৎ।

১১ শ কর।

'বৈদিক, তান্ত্ৰিক এবং বৈদিক-ভান্তিক মিশ্র এই তিন প্রকার বিধি
দারা বাহার বেরপ ইক্টা ভিনি ভক্তপেই আমার আরাধনা করিবেন ॥'
সকল পুরাণ হইতে এইরপ ভূরি ভূরি প্রমাণ উক্ত করা বাইতে পারে।
এই সকল পুরাণের থবিকাকা অগ্রাহ্য করিবা বাহারা বিক্লম মত দাপনেব
চেটা করে, ভাহাদিগতে অসম্বর্ধনাপী ও মাভিক ভিন্ন আর কি কলিব গ
বন্ধতঃ প্রাণ্ডেক আরহেলা করিলে অধিকালে হিলুমেই, বিশ্বেরতঃ প্রার্থ
ক্রেনেশীর হিলুমেই ধর্মবিকরে অরল্যর শৃক্ত হারে। আভএব

ভরণাত্রকে অপ্রামাণিক বলিলে, ত্বর্গকে দূরে নিকেশ করিয়া বস্তপ্রান্তে শুন্ত গ্রন্থি দেওরা হয়।

বৃহদ্ধ পুরাণে আছে—ভগবতী দিবকে কহিলেন, "আপনি আগমন কর্ত্তা এবং স্বরং বিষ্ণু বেদক্তা। প্রাথমে আপনি আগমকর্তৃত্বে বিনিযুক্ত চন ও পরে বেদকর্তৃত্বে হরি নিয়োজিত হইরাছেন। আগম ও বেদ এই চইটীই আমার প্রধান বাছ। এই চ্ই বাছ্বারা ভূভূ বাদি ত্রিলোক গুত চইরাছে।" এই সকল বচন বারা বেদের আর ভয়েরও অপৌক্রেরত্ব প্রমাণিত হইল। তত্রে মন্ত-মাংস প্রভৃতির ব্যবহার আছে বলিয়া অনেকেরই থারণা তন্ত্র বেদবিক্লম। এই ধারণাও নিতাস্ত ভ্রমাত্মক। য়ন্থ্রেদেব একোনবিংশতি অধ্যান্তে স্করার ব্যবহার দৃষ্ট হর। বথা—

"ব্রেক্সক্রাং প্রতে তেজ ইব্রিয়াং স্বর্য়া সোম স্তত আস্তাত্ত মদার শুক্রেণ দেব দেবতাঃ পিপৃদ্ধি রুদেনারং ব্রুমানায় ধেহি"

হে দেব সোম! তুমি হুরা ছারা তীব্রকৃত ও সামর্থাযুক্ত হটরা নিজ্ঞ কর বীর্যাছারা দেবতা পরিতুষ্ট কর এবং রস সহিত অর যজমানকে এদান কর ও ব্রাহ্মণ-ক্ষত্রিয়কে তেজসম্পর কর। অতএব মন্তমাংসাদি সেবন বৈদিক বা পৌরাণিক মডেরও বিরুদ্ধ নম। কেল ও প্রাণ হইতে তাহাব যথেষ্ট প্রমণ সংগৃহীত হইতে পারে। বাহল্য ভরে জৎসমুদ্ধ উক্ত করিলাম না। মহাপ্রভু নিজ্যানক পঞ্জাহে বিশ্বা-ব্রা ছাপন করিয়া ইহাম পরিচর প্রাণান করিয়াছেন।

বলিও কোন শাস্ত্র সধ্যে তন্ত্রশাল্পের: উল্লেখ লেখিচের না পাই, জাহা হইলেও ভন্তকে অঞাচীন বলিভে গারা বার সা ৮ কারণ ভরশাল, সভীব গোপনীর শাস্ত্রঃ সাক্ষকারণৰ কুলবন্ত্র সাহ সাধন-শাল্পে, ভবা বাধিতে উপদেশ প্রদান করিয়াছেন। তা লকের আর্থ "প্রতি শাবা বিশেব" বিলিনী-অভিধানে লিখিত হইরাছে। পূর্বতন আর্থ্য-ব্রিনাণ অভিপ্রথম-বৃদ্ধি সম্পন্ন ছিলেন। তাঁহারা বেরূপ স্থকৌললে উপাসনার ব্যবহা বিধিবদ্ধ করিয়াছেন, তৎপ্রতি কিঞ্চিন্মাত্রও মনোনিকেশ করিলে, ভাহাব প্রকৃতভাব কিয়ৎপরিমাণে উপলব্ধি করা হাইতে পাল্লে এবং ভাহাতে মনে অভি পরিত্র আনন্দভাবের আরির্ভাব হয়; সে পরিত্র আনন্দ অভ্যকে ব্রাইবার উপায় নাই, যিনি সেই সাঘিকানন্দ অস্থভব করিরাছেন, ভিনিভিন্ন আর কাহায়ও ভাহা বৃথিবার সাথ্য নাই। বর্তমান সময়ে অধিকংশে লোকই ঐ সকল বিষয়ের প্রতি মনোমিকেশ না করার, তদ্রশান্ত্রের প্রেরত অর্থ ছালয়ক্রম করিতে পারে নাই; ভক্তভাই ভাহারা ভন্তশান্ত্রকে বেল-বিকন্ধ কার্য্যে অভিপ্রায়ে ব্যবসায়ী সম্প্রদারের ইচ্ছাত্মসারে প্রন্তত বলিয়া উপেক্ষাক্রিত কৃত্তিত হয় না। নিগম বেল, আগম ভন্ত । "কলাবাগমসক্ষত।" কলিকালে আগমসক্ষতা উপাসনাই ফলপ্রানা; কারণ ইহাতে কলিব চর্বলাধিকারী মানবের উপবৃক্ত স্থকর সাধন-বিধানই স্থিবিষ্ট, স্থতবাং ভন্তই কলির বেল। অভ্যাব—

चात्रराक्वविधासन करलो (मवान् यरक् इसीः।

আরও এক কথা,—তন্ত্র আধুনিকই হউক আর যাহাই হউক, আমবা বখন দেখিতে পাইতেছি, ব্রন্ধানন্দ, পূর্ণানন্দ, অগ্নোহন, রাজা রামরুঞ্চ রামপ্রসাদ, সর্বানন্দ ও কমলাকান্ত গ্রন্থ ত বঙ্গনাভার অগ্রানগণ তন্ত্রেকি সাধনার সিছিলাভ করিরাছেন, তথন তন্ত্রপাল্ল জামাদিগের নিকট জনাদ ও বা উপেন্দিত হইবে কেন ? একজন স্ত্রীলোক অথন একটা স্ত্রীলোককে জিজ্ঞানা করিল,—"ভগ্নি! জোমার নাকি ছেলেটী মারা গেছে ?" হিতীয় নমণী বন্দিন,—"লাকি—অন্নি এইনাল যে আহাজে, পাওয়াইরা আশিকাম।" নাথনা বননী কিছিপে চিন্তান্তা কলা মালিল,—"ভাই'ড দানা ঠাকুর ভো
সিখা কথা মানের লা ।" বাধার ছেলে নে বলিভেছে ছেলে জীবিন্ত জ্যাত্র,
কিন্তু দারা ঠাকুর বিধ্যাবারী সাহে বলিরা জগরে জাধা বিধান করিতে
পারিতেছে লা। লব্য শিক্ষিত ক্তি ভারাক সাধারর আত্মান লাভ
করিরা ধার্মিক সরাজে পৃথ্যিত হইতেছেন। এইরণ প্রভাক প্রমাণ ছাড়িরা
জন্মানে নির্ভার করা কৃতিয় বারে । এই সকল প্রমাণ বারেও বাহারা
ভরণান্তকে উপেকা করে, ভারারা বারের কর্ত্তক প্রবাশন্তবল কৃত্যক প্রমাণ
নেই বারলকে সক্ষা করিরা জন্মবাণ করিতে করিতে পরিমধ্যাহিত কৃপসধ্যে পতিত সৃষ্ট ব্যক্তির ভার শ্রমার ক্রাক্ষ ক্রিতে হইবে।

ভন্তোক্ত সাধনা

এতদেশে অধিকাংশস্থগেই তন্ত্রের মতে দেবতাগণের আরাধনা হটয়া থাকে এবং তান্ত্রিক মতেই দেবতা-আরাধনার অতি শীল্ল কললাভ হটয়া থাকে। তান্ত্রিকাণ এরূপ সহজ ও দরল পছা সকল আবিকার করিরাছেন, বাছাতে নানব বালের পরে সহজে অপ্রসর হইতে পারে। তল্ত্র-শাল্র শিব-বির্টিত বাছা বোলের অত্যুক্তম রজ্যেজ্ঞল পছা,—ভাছা কেবল পার্থিব ভোলের অত্যুক্তম ইংলাছে ইংগিটিয়া করাও মহাপাণ। বে তল্পান্তে মছানার কি বাছল বিষয়োগতেলিক কথা লিখিত আছে, সেই তল্পান্ত কি বাজ্যানে অনুকার্ণী ছিলেন । মহানিকাণতত্ত্বে কথিত আছে, পরম বোলী

মহাদেৰকে আঞ্চালজি ভগৰতী রালিলোন, "হে ধেবদের মহাদেব! আপনি দেবগগের গুজনও গুল, আপনি মে গুলাফলাভ করিছে পারে, হে গুগবন্। বাঁহার উপালনার মানবগণ জোগ ও মোক্ষলাভ করিছে পারে, হে গুগবন্। কি উপালে সেই পরমান্তা প্রসায় হইরা থাকেন? হে কেব! জাঁহার সাধন বা মন্ত্র কিরূপ? সেই পরমাত্রা পরবেশকের ধ্যানই বা কি? এক বিধিট বা কিরূপ? হে প্রেডো! আমি ইহার প্রার্ডতন্ত গুলিবার করা সমুৎস্কে হইরাছি, অভ্নের কুপা করিয়া আমাকে বলুন।"

সন্ধাপিব কহিলেন, ছে প্রাণ্যরকে! ভূমি আমার নিকটে গুহা হইতে গুহা ব্রহ্মত প্রবণ কর। আমি এই রহন্ত কুত্রাপি প্রকাশ করি নাই। গুহা বিষর আমার প্রাণাপেকা প্রির পদার্থ, ভোমার প্রতি রেছ আছে নিমাই আমি বলিভেছি। সেই সচিৎ বিশ্বায়া পরব্রহ্মকে কি প্রকারে আনা বাইতে পাবে? হে মহেশ্রী। বিনি সন্ত্যানতা নির্মিশের এবং বাক্য ও মনের আগোচর, তাঁহাকে ব্যাহথ শ্বরূপ বা লক্ষণ হাবা কিরপে আমা যাইতে পাবে? বিনি অনিভা জন্মগুলো সং রূপে প্রতিভাক্ত আছেন, বিনি ব্রহ্মস্থল, দর্মত সমন্ধি সাহাব্যে বাহাকে জানিতে পারা বার বিনি বন্ধাতীত, নির্মিকের ও শরীর-আত্মজ্ঞান পরিশৃত্ত, বাঁহা হইতে বিশ্ব, সংসাব সমৃত্ত হইরাছে, এবং বাঁহাতে সমৃত্ত হইরা নিথিল বিশ্ব অবন্থিতি ক্রিতেছে, বাঁহাতে সকল বিশ্ব লর প্রাপ্ত হইরা থাকে, সেই ব্রহ্ম এই তটস্থ সক্ষণ হারা জ্ঞের হন।

স্থাপ-বৃদ্ধা যদেখা তদেব লক্ষণৈঃ শিবে। লক্ষণৈরাপুমিচ্ছুনাং বিছিতং ভলে সাধনম্ ॥ ভংশাধনং প্রবন্ধানি পূর্থাবিভিতা প্রিয়ে।

महानिकांग एक, व्य छै।।

হে, শিবে! শ্বরণ সক্ষণ হারা হে ত্রন্ধ ক্ষের হন; ভটস্থ সক্ষণ হারা ভিনিই জ্বের হইরা বাকেন। শ্বরূপ সক্ষণ হারা জানিতে হইলে সাধনের অপেকা নাই; তটস্থ সক্ষণ হারা ত্রন্ধ প্রান্থির ইচ্ছা করিলে, সাধন বিহিত আছে। হে প্রিরে! সেই সাধন, অর্থাৎ ভটস্থ সক্ষণ হারা ত্রন্ধের সাধন বলিতেছি, সাবধান হইরা প্রবণ কর।

ঁ ইহা ছারা কি বুঝিডে পারা বার ?—যে, তন্ত্র ত্রন্ধের স্বরূপ অবগভ ছইরাও তাহা সাধার**ণের অধিগম**্য নহে, এবং তটভ লক্ষণে আরাধনা করিলে শীদ্র তাহাকে লাভ করিবার উপায়-বস্তুই তদ্রের সাধনা শিব কর্ত্তক প্রবর্ত্তিত চইয়াছে। ইহাতে কি আবারও কুঝাইয়া দিতে হটবে বে, তব্ৰোক্ত সাধনা অভি পবিত্ৰ, এবং ডাচা মোক্ষ প্ৰাধির সহজ উপায় ? ভদ্ধ শাল্প যে কি বিজ্ঞান, কি মুসামুন কি, যোগ এবং কি ভাব-সাগর, ভাহা ভাবিষা তির করিবার অধিকার কাহারও নাই। তন্ত্রপাল্লের আলোচনা ক্ষিলে, সুগ্ধ ও বিশ্বয়াবিষ্ট হইতে হয়। মনে হয়, বাঁচারা জ্ঞান-বিজ্ঞানের এতদুর উন্নত সীমার অধিরোহণ করিয়াছিলেন, তাঁহারা কি মামুষ না দেবতা ছিলেন ? তন্ত্রের আবিক্রিয়া, তত্ত্বের বিজ্ঞান ও তত্ত্বের অভাবনীর শলৌকিক ব্যাপার সকল দর্শন করিয়া, নিশ্চর বিশাস হয় বে, উহা মানুষ কর্তৃক আবিষ্কৃত হয় নাই--বান্তবিকট দেবদেব পরম যোগী শিব কর্তৃক্ উহার প্রচার **ভইরাছিল। তত্ত্বে হে সকল বিবর লিখিত হইরাছে.** তাহার পরীক্ষা করিতে অধিক প্রবাস পাইতে হর না, তল্লোক সাধনপ্রণাদীতে শার্জই ফল প্রাপ্ত হওরা যায়। যুগাবিধি জুতুর্কান করিয়া রাখিতে পারিলে. এক বাত্তিতে শবসাধনার সিদ্ধ হইরা ব্রহ্মপদ লাভ করা বাইতে পারে। তল্পের যুক্তি এই বে, কলির মাতুর অন্তান্ত্র অন্তাচিত্ত হইবে, তাহাদের দারা কঠোৰ সাধনা সম্ভব ইউৰে না, তাছা সেই "অক্লায়; অৱ-চিত্ত, অর-মেধা 'জীবের নিস্তারের জন্ত মহাদেব এই মতের প্রচার করিয়াছেন। অভএব তত্র কেবল অজ্ঞানীর অধ্যক্ষার হাগরের কডকগুলি কুক্রিয়ার পদ্ধতিতে পরিপূর্ণ নহে। ইহা জোগাধক জীবের জোগের পথ দিয়া নিবৃত্তির পথে সহকে বাইবার অভি উৎকৃষ্ট পদ্ধতি সকলে পরিপূর্ণ। একণে তাত্রিকী সাধনতত্ব কিঞ্চিৎ বিশ্লেষণ করা যাউক।

বেদে প্রণব মত্তে পরনক্ষের উপাসনা হইরা থাকে। কেন না,--

ভাষ্ট বাচকঃ প্রণবঃ ॥ ২৭ ॥

পাতপ্ৰল দৰ্শন।

অ-উ-ম বর্ণের যোগে ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রতিপাদন করে, ক্লীং শব্দে " শ্রীকৃষ্ণার ভপবতে গোপীজন-বর্নভার নম:" প্রতিপাদন করে; ফলে সাধারণতঃ ওম শব্দে সগুণ ব্রন্ধের সর্ব্যরণই প্রতিপাদন করে। প্রণব-চিন্তার ত্রিপ্তণের ত্রিসূর্ত্তি—অর্থাৎ, ব্রহ্মা, বিষ্ণু, শিব একবার চিন্তা করা সহজ ব্যাপার নর; ভাহা অধিকাংশ স্থলেই অসম্ভব হইয়া পড়ে; এই বস্তু ভয়ে অধিকারী ভেদে দেব ও দেবীর এক একটা সূর্ত্তি চিস্তার ব্যবস্থা প্রকাশিত হইরাছে। বৈদিক মন্ত্র 'ওঁ' শব্দ সহকে উচ্চারণ করা সকলের পক্ষে সম্ভব নর, কিন্তু ভন্তোক্ত মন্ত্র (দীর্ঘ প্রাণব ও অক্সাম্য বীব্দার প্রভৃতি) অতি সহজেই উচ্চারিত হয়। সর্বসাধারণের জন্মই তন্ত্রশাস্ত্র ব্যবস্থাপিত হইয়াছে। ভাগ অশিকিও গোকেও সহতে (স্বাধিকার প্রয়োজনামুরূপ) সেবা করিতে পারে। অধিকারী জেমে উপাসনার প্রণালীও পুথক পুথক রূপে হিন্দুশাল্রে নির্দিষ্ট হইয়াছে। ত্রী শুদ্র প্রভৃতিকে বেদের অধিকার প্রদান করা হয় নাই,—ভাহাদিগের জন্তও ভয়োক্ত সহল উপাসনা প্রস্তুত রহিয়াছে। বাঁচারা বেলাধিকারী ছিলেন, ভাঁহারা কালক্রমে বেলপথ অতিক্রান্ত হইরা তল্পোক্ত সাধনা-পদ্ধতি প্রহণ করিরাছেন: তজ্জ্ঞ এ।ক্ষণ-দিপের মধ্যেও তব্রণাব্রের সমধিক আদর হইরাছে।

প্রকৃতির পরিণাম, ক্রমণাধ বিকাদ হালা সন্মুদ্র বিশ্ব-ব্যাপার উৎপর চটনাছে। ফালতঃ আদি কারণের লামই সাংখ্য-লর্শনে প্রাকৃতি পরে উর্নাছে। প্রকৃতির কর্ত্ব বেক্ষ-সন্মত। প্রকৃতির উপাসমাও সভাবুগাবধি প্রচলিত আছে। সভাবুলে মার্কতেক মুগির প্রকৃতির কর্ত্ব অতি বিভ্তরূপে বর্ণিত হইরাছে। বধা—

নিত্যৈব সা জগন্ম ডিস্তিয়া সর্বমিদং ততম্।

সেই মহাবিদ্ধা নিত্যা, জন্ম-মৃত্যু-রহিত-স্বভাবা, (জগতের আদি কাবণ); এই ব্রহ্মাগুই ওঁহোর মূর্ত্তি, তাঁহা হইতেই এই সংসাব বিস্তারিত হইরাছে।

ত্রেতাযুগে যে বাম সীতা, তাহা উপনিষদেও বর্ণিত আছে। সেই উপনিষদের ছারা অবলম্বন করিরাই বোধ হর মহাত্মা বালীকি মহাকাবা রামারণ বচনা কবিয়াছেন। বাম-সীতাও উপনিষদে প্রকৃতি-পুক্ষরূপে বর্ণিত হইয়াছেন।

শ্রীরাম-সামিধ্য বশাজ্জগদানন্দদায়িনী। উৎপত্তি-স্থিতি-সংহারকারিণী সর্বদৈহিনাং॥ সা সীতা ভবতি জেয়া মূল-প্রকৃতি-সংক্তিতা। গ্রণবত্বাৎ প্রকৃতিরিতি কান্তি ব্রহ্মবাদিনঃ॥

রামতাপণী।

জীরামের সারিধা বশতঃ স্থান্তের মানন্দ-প্রদায়িনী এবং দর্ম প্রাণীব উৎপত্তি, স্থিতি ৭ প্রশক্ষের কারণীকৃতা দীতাকে মৃল-প্রকৃতিরূপে স্থানিবে। যথন দীতা প্রণবের সহিত ক্ষতের প্রাপ্ত হরেন, তথন ক্রমবাদীরা তাঁহাকে প্রকৃতি বলেন । হাপরবুগে শ্রীকৃষ্ণ এবং কোগনারা, ভাগবত প্রণেতা তাগ বাসণীলার অতি পরিকাররূপে বর্ণন ক্ষিয়াছেন। ব্যাঃ—

ভগবানপি তা রাত্রীঃ শারশোৎফুল্ল-মলিকাঃ। বীক্ষ্য রস্তুং মনশ্চক্রে বোগমায়ামুশাশ্রিতঃ॥

সেই শারোদৎফুল্ল মল্লিকা শোভিত বাত্রি দেখিয়া ভগবান্ যোগমায়াকে আশ্রন্ধ কৰতঃ ক্রীড়া কৰিতে গমন কবিয়াছিলেন। শ্রীমন্তগবদগীতার প্রকৃতিব কর্তৃত্ব বর্ণিত হইয়াছে। বথা।

ময়াধ্যকেণ প্রকৃতি সূয়তে সচরাচরম্। হেপুনানেৰ কে'স্থেয় জগাজপরিবর্ত্তে ।

তে কৌস্তের। আমাব অধিষ্ঠান বশতঃই প্রকৃতি এই সচবাচব জগৎ প্রসব কবিয়া থাকেন এবং আমার অধিষ্ঠান জন্তই এই জগৎ নানারূপে উৎপন্ন ছইরা থাকে।

উপরোক্ত গীতা-বাক্যে প্রশ্নতিই কগৎ প্রসব করিরাছেন বলিরা কানা বার। সেই প্রকৃতি দেবীই তন্ত্রের প্রধান অধিষ্ঠাত্রী দেবতা, তালা উপনিবদ এবং প্রাণাদিব অনুমোদিত। তন্ত্রে দেব এবং দেবী উভরেব উপাসনাই বিধিক্ষ হইরাছে। ভারতবর্বে ভিন্ন ভিন্ন সম্প্রদানের উপাসক দেখিতে পাওরা বার; তর্মধ্যে এক সম্প্রদানের লোক কেবল প্রাক্ততি দেবীর উপাসক, ভাঁহারাও তন্ত্রেক সাধ্যান ব্যবহাসুসাবে পরিচালিত। যেরূপ ভগবান শীক্তম্ব গীতাতে বোগশান্ত্রকে কর্মেব কৌশল বলিরাছেন, বথা—

বৃদ্ধিবৃত্তো লহাতীহ উতে লক্ত্ত-ভূক্তে। তত্মাৎ হোগায় ফুল্ডাস্থ যোগাঃ কর্ম হুকৌশ্লম তদ্রণ হন্ত্রশান্তের অভি ক্রেনিন্দে দেব দেবীর উপাসনা প্রণানী বোগশান্তের বিধানামূলারে বিধিয়ন ইইরাছে। তদ্রশান্ত দেশজেদে নানা প্রকার আকাল করিয়াছেন,—কোন কোন তত্ত্ব গুপ্ত সাধনার কথাও প্রকাশিত ইইরাছে। বে মমুন্ত বেরূপ আচার ও ভাব এবং বে সাধনার অধিকারী, তদমুরূপ অমুন্তান কবিলে ফলভোগী ইইরা থাকে, এবং সাধনার নিশাপ ইইরা সংসার সমুদ্র ইইতে সমুতীর্ণ হয়। জন্ম-জন্মার্জিত পুণ্যপ্রভাবে কুলাচারে বাঁছাদের বাসনা হয়, তাঁহারা কুলাচার অবলবনে আত্মাকে পবিত্র করিয়া সাক্ষাৎ শিবমর ইইরা থাকেন। বেখানে ভোগ বাছলোর বিশ্বতি, সেথানে বোগের সন্তাবনা কি ? বেখানে বোগ সেখানেই ভোগের অভাব—কিন্ত কুলাচারে প্রনৃত্র ইইলে ভোগ ও বোগ উভয়ই লাভ করিতে পারা বায়।

ম-কার তত্ত্ব।

---:(*):---

তইপাত্তে পঞ্চ ম-কারে সাধনার উল্লেখ আছে। পঞ্চ ম-কার জর্বাৎ পাচটী দ্রব্যের আন্ত অক্ষর "ম"। বধা মন্ত, মংস, মংস, মুলা ও মৈধুন এই পাঁচটীকে পঞ্চ ম-কার কছে। পঞ্চ ম-কারের সাধনকণও অসীম। বধা :---

मछः माःगः छवां मदन्तरः मृताः रेमपूनरम्बः। म-कात्र लक्षकः द्वाला पूनर्वक्षमः म विकटलः॥

পঞ্চ ম-কার সাধ্যকর প্রকাশ হর না। সাধারণে ইহার মূলতত্ত ও উদ্দেশ্য বৃথিতে লা পারিয়া এতং সম্বাধ্য নানাকথা বলিয়া থাকেন। বিশেষতঃ বর্ত্তমান কালের শিক্ষিত লোকে মন্ত পানের ব্যবস্থা, মাংস ভোজন প্রথা, মৈখুনের প্রবর্ত্তরা ও মুদ্রাব ব্যবহাব দেবিয়া তন্ত্রশান্তের প্রতি অভিশব অশ্রদ্ধা প্রদর্শন করিয়া ধাকেন। কেবল ইয়া নহে, ভান্ত্রিক শোকেব নাম শুনিলেই বেন শিহরিয়া উঠেন। বাস্তবিক আনেক ছলে দেখা বায় লোকে মন্তাদি দেবন আয়ন্ত করিয়া আর কিছুতেই মিয়ুক্তির পথে যাইতে পাবে না। মভানি দেবন কবিয়া বে, ভোগের ভৃতি সাধন করিয়া পুনরার ধন্মপথে আসিতে সক্ষম হইতে পাবে, এ বিশ্বাস কিছুতেই করিতে পারা যার না। যে মছাপানে আসক্তা, ধর্মপথ ভ দূরের কথা, সে নৈছিক পথেও বিচরণ করিতে সক্ষম হর না। মন্ত পানে মাদবের আসক্তি অসৎ পথেই প্রধাবিত হয়। তবে তখ্রশান্তে মন্ত-মাংসের ব্যবহার দৃষ্ট হয় কেন ? পূর্ব্বেই বলিয়াছি সম্ব, প্রজঃ ও জমঃ এই ত্রিগুণ ভেদে উপাসনার অধিকার ও প্রকার ভেন হইরা থাকে। ক্রতরাং পঞ্চ ম-কারও মূল ও ফুল ভেনে অধি-কারামুষায়ী ব্যবহাত হইয়া খাকে। অগ্রে পঞ্চ ম-কারের স্ক্রতত্ত্ব আলোচনা করা যাউক। শিব বলিতেছেন,—

সোম-ধারা করেন্ যা তু ত্রক্ষরক্ষান্ বরানবে। পীতানক্ষমগ্র ভাং যঃ স এব মন্ত্রসাধকঃ॥

হে বন্ধানতে ! বেক্ষরফ, ১ইতে যে অমৃত-ধারা ক্ষরিত হর তাহা পান ক্ষিলে লোকে আনন্দমর হট্যা থাকে, ইহারই নাম মন্ত-সাধন।

মতান্তরে.--

ষহকং প্রমং ব্রহ্ম নির্কিকারং নিরশ্পনম্। ভশ্মিন্ প্রমান-জ্ঞানং তক্ষম্বং পরিকীর্ভিতম্॥

হে রসনা প্রিরে! মা রসনা শক্ষের নামান্তর, বাক্য ভদংশ-সভ্ত; যে ব্যক্তি সভত উহা ভক্ষণ করে, তাহাকেই মাংস সাধক বলা যায়। মাংস-সাধক ব্যক্তি প্রকৃত প্রস্তাবে বাক্য সংঘদী— মৌনাবল্মী যোগী।

পলাবৰ্নয়োৰ্দ্যথ্যে মৎসো ছে। চরতঃ দদা। তৌমহলো ভক্ষয়েদ্ যন্ত্র স ভবেশ্বহস্ত-সাধকঃ ।

নির্বিকার নিরঞ্জন পরব্রক্ষেতে যোগ-সাধন ধারা বে প্রসদন-জ্ঞান, ভাহার নাম মন্ত।

> এবং মাং সনোতি হি ষৎকশ্ম তন্মাংসং পরিকীর্ভিতম্। ন চ কায়-প্রতীকন্ত যোগিন্দিশ্মাংসমূচ্যতে॥

বে সব সংকৃত কর্ম নিজ্ঞ পরব্রহ্মে সমর্পণ কবে, সেই কর্ম সমর্পণের কাম মাংস।

> মৎসমানং সর্বভৃতে স্থ-ছ:খমিদং প্রিরে। ইভি ধৎ সাদ্বিকং জ্ঞানং জন্মংস্তঃ পরিকীর্ত্তিতঃ ॥

সর্বভূতে আমার স্থায় স্থা হঃথে সমজ্ঞান এই যে সাধিক জ্ঞান তাহার নাম মংস্তাঃ

> সংসক্ষেন ভবেশ্বজিরসংসক্ষেধু বন্ধনম্। অসংসঙ্গ-মুক্রণং বং তন্মুক্রা পরিকীর্ভিতা॥

সংসক্ষে মৃক্তি আর অসংসক্ষে বন্ধন; ইহা জানিরা অসং সঙ্গ পরি-ভ্যাগের নাম মুস্রা। গঙ্গা বনুনার বাবা ছুইটা যথন্ত লভত চরিক্তেছে; যে ব্যাক্ত এই চুইটা যথন্ত ভোজন কৰে, তাহার নাম মথক্ত-সাধক;। ইড়া ও পেললা নাড়াকে গঙ্গা ও বসুনা বলে। খাল-প্রখানই চুইটি মথক্ত; যে ব্যাক্ত প্রাণারাম হারা খাল-প্রখানের ব্যোক্ত করিয়া কুল্তকের পৃত্তি সাধন করেন, তাহাকেই মংক্ত-সাধক বলা বার।

সহস্রান্তে মহাপত্মে কর্নিকাম্য দ্র ভন্দরে ।
আন্ত্রা তত্ত্বিব দেবেশি কেবলঃ পারদোপমঃ ॥
সূর্য্য-কোটি-প্রতীকাশশ্চন্দ্র-কোটি-স্থনীতলঃ।
অতীব-কমনীয়শ্চ মহাকুগুলিনী-যুতঃ।
বক্ত জ্ঞানোদয়ন্তত্ত্ব মুদ্রা-সাধক উচ্যতে ॥

কুল-কুগুলিনী-শক্তি দেহিনাং দেহ-ধারিণী। তরা শিবস্ত সংযোগো মৈথুনং পরিকী,র্জিতম্॥

মূলাধাবন্তি কুণ্ডলিনী-লজিকে যোগ-সাধনবারা বট্চক্রভেদ পুরুক লিবঃস্থিত সহজ্ঞদ কমল কর্ণিকান্তর্গত বিন্দুরূপ পরম লিবের সহিত সংযোগ কবার নাম মৈপুন । ইহাই পঞ্চ ম-কার । ইহার নাম লরবোগ । এজন্ত পঞ্চ ম-কাব বোগেব কার্য । মন্ত্রতি "জ্ঞানীগুরু" গ্রন্থের সাধনকাণ্ডে প্রার্থকিন পুরুব বোগের সাধন-প্রণালী প্রকালিত হইমুছে । "যোগীগুরু শ "জ্ঞানীগুরু" গ্রন্থে বাহা বর্ণিত হইরাছে—এ গ্রন্থে জ্ঞানা লিখিত হইবে না । প্রশোজন বোধ করিলে উক্ত পুত্তক দুইখানি বেশিয়া লইবে । বট চক্ত, কুণ্ডলিনীশক্তি এবং বোগের ক্ষা জিল্লাদি উক্ত পুত্তক দুইখানিতে বিস্তানি হে লেখেশি! শিনা ছিডসংআবল-পালে সৃত্তিত কৰিখিত্যবন্ধে ওছ পানন
ভূল্য আদান অবস্থিতি। বনিও ভালান ভেলা, কোট ক্ৰোন জান;
কিন্তু বিশ্বভাম কোট হল্ল ভূল্য। এই শন্নম পদাৰ্থ অভিশন্ন মলোহন এবং
কুগুলিনী পক্তি সমন্বিত,—বাহাৰ এমণ জ্ঞানেন উদন হন, তিনিই গ্ৰেক্ষণ্ড
মৃদ্ৰা-সাধক।

নৈপুনং পরবং তত্তং স্তিম্ভিতান্ত-কারণহ। বৈপুনাৎ জায়তে সিদ্ধিত্র হ্ল-কানং স্তুল্ভিম্ !

মৈথুন ব্যাপার স্থাট, ছিভি ও গরের ভারণ, ইহা পর্যতন্ত বালরা শাল্রে উক্ত হইরাছে। মৈথুন ক্রিয়াতে সিদ্ধি লাভ ঘটে, এবং তাহা হইতে স্ক্রেভি ব্রহ্মজ্ঞান শাক্ত হইরা থাকে। সে মৈথুন কিরূপ ?

রেফস্ত কুরুমাভাস কুগু-মধ্যে ব্যবস্থিতঃ।
মকারশ্চ বিন্দুরূপঃ মহাযোনো স্থিত প্রিয়ে॥
অকার-হংসমারস্থ্য একতা চ বদা ভবেৎ।
ভদা জাতো মহানস্থো প্রক্ষাকারং স্কত্র্লভিম্॥

বেফ কুত্মবর্ণ কুণ্ড-মধ্যে অবস্থিতি করে, মকার বিল্মুরূপে মহাযোনিতে অবস্থিত। অকারমূপী হংসের আশ্রেরে যথন ঐ উত্তরের একতা ঘটে, তথন স্থায়ন্ত ব্রক্ষাল লাভ হইরা খাকে। যে ব্যক্তি ঐরপে মিলন কবিতে পাছেন, তিনিই নৈশ্ন-সাথক। ধেরপে নৈশ্ন কার্ব্যে আলিজন, চুড্ম, লীংকার, অন্থালেণ, মধন ও ব্যেতাশনর্গ; এই হুমটি অন বনিয়া নীত্তিত, নেইরল আয়ান্ত্রিক নৈশ্ন ব্যাপারেও এই প্রকার হুরটি অন বেশা যার। বর্থা—

আলিঙ্গনাৎ ভবেফাসন্ত্রনং ধ্যানসীরিউম্ ॥ আবাহনাৎ শীতকারঃ স্থাৎ নৈবেগ্যমসুলেপনম্ ॥ জপনং রমণং প্রোক্তং রেভঃপাতঞ্চ দক্ষিণা ॥ সর্ববৈধ্ব তথা গোপ্যং মম প্রাণাধিকে প্রিরে ॥

যোগ ক্রিরার ভবানিভাসেব নাম আলিকন, ধানের নাম চুবন, আবাহনের নাম শীতকাব, নৈবেছের নাম অনুলেপন, জ্রাপের নাম বমণ ও দক্ষিণাস্তের নাম বেতঃপাতন। ফল কথা, বডল বোগে এইরপ বডল সাধন করার নামই মৈথুন সাধন।

अक्ट्रय **न**क्षमा कातः अक्षानन-म्हा खर्वर ।

পঞ্চম ম-কাবের সাধনার সাধক শিবভূল্য হন। স্থানা পঞ্চম ম-কারের প্রকৃত কার্বা বোপের ক্রিয়া তাহান্তে সন্দেশ নাই। তন্ত্র ও যোগ উভর শান্তই সদাশির-কথিত। স্থান পঞ্চ-মকারের সাধনা যোগশান্তে উভর হুল সাধনা; স্থানাং স্থান পঞ্চ ম-কার তন্ত্র শান্তের উদ্দেশ্র নহে। তবে ভদ্রমধ্যেও স্থানের আভাস আছে। রূপকাদি বিশ্লেষণ করিলে বোগের স্থা সাধনা বাহ্নির করা বার। কিন্তু তন্ত্র-শান্তের ভাহা উদ্দেশ্য নহে। একই ব্যক্তির একই ক্ষাের জন্ম বিবিধ শান্ত্র প্রণয়-দেব কারণ কি?

জগতে হুটাট পথ আছে। একটির নাম নিবৃত্তি আর অপরটির নাম প্রবৃত্তি। নিবৃত্তি বোগ,—প্রবৃত্তি ভোগ। আগমসারোক্ত পঞ্চ ম-কাব নিবৃত্তির পথে, আর মহানির্কাণ তন্ত্র প্রভৃতির বৃণিত হুল পঞ্চ ম কাব জেকৃত্তির পথে, অভহততা এই পার্থক্য। বাহাদের ভোগ-বাসনা নিবৃত্তি হুইবা বিষয়বৈদ্যাগ্য জ্বিয়াছে, ভাহাদের জন্ত নিকৃত্তি পথের বোগ পথ,—

সন্মা পঞ্চ ম-কামের সাধনা। আর হাহাদের ভোগ বাসনা শতবার সজন করিরা সারা সংসারটাকে অভাইরা ধরিছে চাহে ভাহাদের উপার কি তাহাদের প্রতি দ্বা করিরাই সদাশিব স্থুস পঞ্চ ম-কারের সাধনা প্রকাশ করিয়াছেন। উদ্দেশ্ত, ভোগের মধ্য দিয়া বোগপথে উন্নীত করা, প্রবৃত্তির প্রধানীয় নিবৃত্তিতে আনয়ন করা। বলের একমাত গৌরব, ভক্তা⊲তাব শ্রীমন্মহাপ্রাভূ চৈডকুদেব হরিদাসকে হরিনাম প্রচারের জন্ম আদেশ কবেন। কিছ হরিদাস ভাহাতে অকডকার্যা ইইরা প্রভ্যাগমন করিরা বলিলেন, "প্রভাে! ভাগাস্ক ভীব, ভােগ পরিভাাগ করিয়া হরিনাম লইতে ইচ্চা তিনি সাধারণকৈ বলিলেন, "তোমরা মাছ মাংস বাইয়া বনণীর কোলে বসিরা হরিলাম কর।" তথ্য দলে দলে লোক আসিরা হরিনাম মহামল্ল-গ্ৰহণ ক্ষিতে লাগিল। হত্তিদাস বলিলেন, "প্ৰভো ৷ আমাদের কন্ত কঠোৰ সংখ্য বিধান, আৰু সাধারণের অন্ত এরপ স্বেম্বার কারণ কি ?'' চৈতত্ত-দেব হাসিয়া বণিলেন, "ভোময়া বিষয় বিষয়াগী, ঈশবামুয়াগী ভক্তা, কাজেই তোমাদের জন্ত সাধিক পথ বাবন্তা করিয়াছি: কিছু সাধারণ ভোগাসক জীব; ভোগ ছাড়িয়া লীবিত থাকিতে তাছারা ইচ্ছুক নহে। ভংবান অপেকা ভাহারা ভোগকে প্রির জ্ঞান কবে ৷ ভাহাদের বাসনামুবারী চলিতে না পাইলে হরিনাম লইবে কেন ? তাই ভাহাদের ভোলের মাধাই হরিনামের ব্যবহা করিলাম। কিছুদিন পরে হরিনামের গুণে আপনা আপনিই সব ত্যাপ করিবে। ম গ্রাহারা চৈত্ত দেবের এই উপদেশের মর্ম্ম গ্রহণ করিতে সক্ষম হবৈছাছেন, তাঁহারা সহক্ষেই ভক্তশান্তের মন্ত্র মাংসাদিব রাবস্থা অধ্যক্ষম করিতে পারিবেন।

ক্ষত্ত্বের মৃত মাংলাদির ব্যবহু' বারা অল্পাল্লের নিজুইছ আছিলর না হইরা বরং সর্বাচ্চ পর্ণাচ্ছ সামিত এইবাচেঃ কারণ লাল সর্বঞ্জার অধিকারীর অধিকার্যা বিষয়ের উপদেষ্টা। স্থতরাং কুৎসিত অভিপ্রায় চরিতার্থকাদীৰ পক্ষেও শাস্ত্র উপদেশ করিতে কুষ্টিভ হটবেন কেন? যাছাদের অন্তর্তি দ্বিত, ভাচাবা শাল্লোপদেশ না পাইলেও বদুচ্চাক্রমে ভত্তৰ ভি চবিভাৰ্থ না কৰিয়া হির থাকিতে পারে না। ব্যাদ্র শাস্তোপদেশ নিরপেক হটরাই হিংসার্ত্তি চরিতার্থ করিরা থাকে। স্থতরাং বাহার বে বৃত্তি, সে ভাহার অফুশীলন না কবিল্লা থাকিতে পাবে না। বরং এই শাস্ত্রোপদেশ অক্সারে ভত্তৎ কুৎসিৎ বৃত্তি নিশাদন করিতে সচেষ্ট হইলে, কালে কখনও ঐ দকল বৃত্তির হ্রাস হইয়া সদ্বৃত্তির উন্মেষ হইতে পাবে। কুৎদিত বৃত্তি চবিতার্থ করিবার নিমিত্ত শাস্ত্রবিধির অবলয়ন করিলে, এমন কতকগুলি অনুষ্ঠান করিতে হয় বে, তদ্বাবা অসদ্বৃত্তির হ্রাস করিয়া দের। স্তবং তন্ত্রণাল্জ তত্তৎশ্লে ভাবী মঞ্লের দারই করিয়া রাখিয়া ছেন। একটা আথারিকা আছে যে, একদা কোন চুর্দান্ত তত্ত্ব কোন এক স্থানে গদন করিতে পথিমধ্যে একটী সাধুর পবিত্র আশ্রম দর্শন করিয়া তথায় উপস্থিত হইল। সেই স্থানে সাধুকে বহু শিশ্য-মণ্ডলী পরিবৃত দর্শন কবিয়া এবং তাঁহাদের বিশুদ্ধ আমোদ প্রমোদ ও ভাব-ভক্তি দেধিয়া ঐ ভক্ষরেরও শিশু হইতে বড় সাধ হইল। সে ভথনই সাধুব নিকট প্রস্তাব করিল। তিনি চোবেব প্রস্তাব প্রবণ করিয়া অভিশব বিশ্বিত হইরা বলিলেন, "বংস। তুমি চৌর্যনৃত্তি অবলম্বন করির। অশ্বেৰ পাপ সঞ্চয় করিভেছ, আমার শিশুত্ব গ্রহণ কবিরা কি ভইবে ? বাহা হউত তৃষি বদি আমার একটা আদেশ সর্বাদা ক্রকা ক্ষিতে পার, তবে আমি তোমাকে দীক্ষিত করিরা শিশুরূপে গ্রহণ ক্রিতে পারি।" চোর তথ্য অতীব আনল সহকারে সাধুর আক্রা পালনে অসীকার করিল! সাধু বলিলেন, "তুমি বদুছাজেনে ভন্তর বৃত্তি চরিতার্থ কর তাহাতে আমার আপত্তি নাই, কিন্ত তুরি কথনই মিধ্যা বাক্য

বলিতে পারিবে না, এই বিষয়ে অসীকার করিছে হইবে।" সাধুদ রাক্য প্রবণ্মাত্র ভক্ষর পরিণাম চিস্তা না করিয়া ভৎকণাৎ তাঁহার আয়েৰ পালনে সম্মতি প্রেলার করিল। সাধু ভারাকে কীক্ষিত করিয়া শিষ্করূপে এফন কবিলেন। ক্রমে ভক্ষর সত্য বাক্যের বলে বিশ্বাস ভাষান হটয়া নিজ ব্যবসারে অধিকজন কুডকার্যা হইতে লাগিল। সে তথন মনে মনে চিন্তা কবিতে লাগিন, ''হার। আমি কি করিভেছি, আমি বে সভ্যের বলে অসদ্বৃত্তির অবলম্বন করিয়াও শ্রেষ্ঠাই লাভ কবিলাম, না মানি স্থিমধের অবলম্বন করিলে ইহার বলে কি অপূর্ব্ব স্থবই ভোগ করিতে পারিভাম, অভএব আৰু হইতে আর কুৎসিত বৃদ্ধিব সেবা করিব না।'' এই প্রকারে ভন্করের কুৰুদ্ভি বিদ্বিত হইরা সদ্বৃত্তিব ক্ষুরণ হইতে লাগিল এবং ক্রমে সাধুনামে বিশ্রুত হইয়াছিল। ভাই বলিভেছি, স্বভাবভঃই কুবৃত্তি-সম্পন্ন ব্যক্তির ক্ষন্ত ভাহার প্রবৃত্তাহুমোদিত আপাতরমণীর ভাদৃশ বিষয় সকল ভব্নশাল্রে নিবন্ধ করিয়াছেন, এবং ভাহার অন্তরালে এমন উপায় নিহিত রাধিয়াছেন বে তদ্বার। কল্যাণই সাধিত হইবে। অক্সথা নিজ প্রবৃদ্ধিব সর্ব্বথা অনমুমোদিত বিষয়ে প্রান্থতি হইতে পান্নিত না। অতএব পঞ্চ ম কান্ন যে রূপক নছে, ও ফুল্ম ভাবও বে শাল্লের উদ্দেশ্য নহে এবং গঞ্চ ম কারেব সাধনা বে মাদ থাইয়া সমণী সঙ্গে কল করা নহে, ভাছা ক্রমণ: আলোচনা কর। ষাউক। তবে ইহা নিশ্চর বে বথার্থ পরমার্থাবেধী বিষয়-বিদ্বার্থী সাধাকৰ **দ্বন্ধ তদ্বের স্থল সাধনার কিছুমাত্র প্রয়োজনে** নাই।

প্রথম তত্ত্ব।

পঞ্চ স-কারকেই পঞ্চতত্ত্ব বলে; সদ্যই প্রথম তত্ত্ব। সহানির্বাণ ভয়ে মত্যের এইরূপ ব্যবস্থা কবিয়াছেন। যথা:—

গোড়ী পৈষ্টি তথা মাধ্বী জিবিধা চোক্তমা হয়।
সৈৰ নানাবিধা প্ৰোক্তা ভাল-ধৰ্জ্ব-সম্ভবা ॥
তথা দেশবিভেদেন নানা-দ্ৰব্য-বিভেদতঃ ॥
বহুধেরং সমাখ্যাতা প্রশস্তা দেবতার্চনে ॥
বেন কেন সমূৎপন্না যেন কেনাছতাপি বা ।
নাত্র জাতিবিভেদোহন্তি শোধিতা সর্বি গিজিলা ॥

গৌডী (গুড়ের বারা যে মদ্য প্রস্তুত হয়), গৈটি (গিষ্টুক বারা শে
মন্ত প্রস্তুত হয় । ও নাধনী (ব্যু বারা বে মন্ত প্রস্তুত হয়); এই ত্রিশিধ
খুরাই উত্তম বলিরা গণ্য; এই সকল স্থা তাল, থর্জুর ও অক্সান্ত দ্রবাবলে সভ্ত হইরা থাকে; দেশ ও দ্রবা ভেদে নানাপ্রকার স্থ্যাব স্পৃটি
হইরা থাকে;—দেবার্চনা পক্ষে সকল স্থাই প্রশন্ত। এই সকল স্থা
যেরপে উত্তেও বেরপে যে কোন গোক বাবা শানীত হউক না কেন,
শোধিত হইলেই কার্য্য স্থাসিদ্ধ হইরা থাকে, ইহাতে জাতি বিচার নাই।

मर्ट्शियश यक्कीवांनाः क्रुःथ-विकादकः महर । व्यानम-व्यनकः यक्क जनाव्य-छत्तु-वक्कवम् ॥

অসংকৃতঞ্ যতত্ত্বং মোহদং জমকারণম্ ॥ বিপদ-ব্যোগজননন্ত্যাজ্যং কোলৈঃ দদা প্রিয়ে।

আন্ত তবের লকণ এই—ইহা মহৌষধি শ্বরূপ, ইহার আশ্রয়ে জীবগণ নিধিল তঃখ-ভোগ বিশ্বত হয় এবং ইহা অভিশর জানন্দ বিধান কাররা থাকে। যদি আন্ততত্ত্ব সংস্কৃত না হয়, ভাহা হইলে, উহা হইতে মোহ ও শ্রমের উৎপত্তি হইয়া থাকে। হে প্রিয়ে। কুল সাধকগণের পক্ষে অসংস্কৃত তত্ত্ব পরিজ্ঞাগ করা সর্বালা কর্মবা।

মন্তাদি সেবনের উদ্দেশ্ত ধর্ম নহে, পরস্ত ধর্মের উদ্দেশ্রেই পঞ্চতবায়চানের প্রবোজনীয়তা। বস্তুতঃ মত্তপান কালে হানরে যে আব পোষণ করা
বার, তাহাই উচ্ছ, সিত হইরা থাকে এবং একাগ্রতার দৃঢ় হইরা উত্তবোত্তব
সাধনার পথে অপ্রসর হয়। সাধকের, পানের জন্ম সাধনার
কান্তই পান। বথা—

মন্ত্রজান-ক্ষুরণায় ব্রক্ষজান-স্থিরায় চ। ব্যালিপানং প্রকর্ত্তবাং লোকুপো নরকং ব্রক্তেৎ ॥

দেবতার ধান পরিক ট রাখিবার জয় ও আপনার সহিত দেবতার অভেদ জান ছিব রাখিবার নিমিত্ত জ্বপাদির পূর্বে মন্ত পান করিবে। আনন্দের জয় লুক হইয়া পান করিলে নিররগামী হইতে হয় ৷ এয়লে আশয়া হইতে পারে যে, মন্তপানে বিচলিত ব্যক্তির কর্ত্তব্যাকর্তব্য জ্ঞান কিরপে থাকিবে ৮ বন্ততঃ এই আশহাতেই মহাদেব আদেশ করিয়াছেন, যে পর্যান্ত পান করিলে দৃষ্টি ও মন বিচলিত না হয়, দেই পরিমাণ পান করিবে। এতক্তিরিক্ত পানকে শন্তপান হলে। যথা,—

শভাভিষিক্ত-কোলদেহ অভি-পানাৎ কুলেশরি। পশুরেব স মন্তব্যঃ কুলধর্ম বহিষ্কৃতঃ ॥

কুলেবরি। শত শত বার অভিবিক্ত কৌল ব্যক্তিও অভি পানদোবে দ্বিত হইলে, কুলধর্মচ্যুত হইবেন এবং তাঁহাকে পশু মধ্যে (এই) গণনা করিতে হইবে। অতএব মন্ত পান করিরা মাতাল হওরা তরের উদ্দেশ্ত নহে। উহা মন্ত্রপৃত ও সংস্কৃত হইলে তেজধর্মী হর, তথন উহা সাধনা-স্বারী কুওলিনী শক্তির মুথে আপভিত হইরা তাঁহাকে উলোধিতা করে,—এই জন্তই সাধকের মন্তপান। নতুবা একই তন্ত্রশান্ত মন্ত পানের শত শত দোব দর্শাইরা, তাহা আবার সাধকের পক্ষে ব্যবস্থা কবিবেন ক্ষেন ?

সংসারে প্রমার্থতঃ হিতকর ও অহিতকর বন্ধ কি আছে? প্রাতি বিলিয়াছেন —কোন বন্ধ বন্ধতঃ অহিতকর বা বিল নহে, প্রাকৃতির পরিচ্ছয়ত। নিবন্ধন কোন বন্ধ হিতকর, বিশিষ্ট প্রাকৃতির অমুকৃল বা সংবাদি এবং কোন বন্ধ অহিতকর, বিশিষ্ট প্রাকৃতির প্রতিকৃল বাধাপ্রদ বা বিসংবাদি বিলয়া প্রতীরমান হর।" বিষয়-বৈর্মাই বিষ, বিষ বন্ধতঃ প্রমার্থতঃ বিষ নহে। চবক সংহিতা বলেন,—'বে অন্ধ প্রাণিগণের প্রাণ অরপ, অমুক্তি পূর্বক ভব্তিত হটলে, সেই অয়ও জীবন সংহাব কদিয়া থাকে, আবার বিষ প্রাণহ্য হইলেও যদি বন্ধ পূর্বক ব্যবহার হয়, তবে রসায়ন—প্রাণপ্রদ হয়।" সংসারে কোন জবাই একাক হিতকর বা একান্ধ অহিতকর নহে। প্রয়োজন ও কার্যা সাধন ক্ষন্ত সংগতিত ব্যবহারই শুক্তকর। ভেত্তঃ পদার্থের প্রয়োজন ক্ষতিরেকে বাহার কুওবিলী আগিবে লা, ভাহার ক্ষ্তী বধাবিধি মধ্য প্রয়োগে লোব কি ? আর কাহার কুওবিলী আগিবে লা, ভাহার ক্ষ্তী বধাবিধি মধ্য প্রয়োগে লোব কি ? আর কাহার কুওবিলী আগিবে লা, ভাহার ক্ষ্তী বধাবিধি মধ্য প্রয়োগে লোব কি ? আর কাহার কুওবিলী আগেবিছে, বাহার স্বয়না-মার্গ পঙ্কিত হকরাছে, ভাহার প্রান্ধ ক্রিয়াছেন।

এখন কোধ কর আর বলিলা দিছে হইবে না বে, কর্মবাল্লের উদ্দেশ্য নহে বে, মাতুৰ মাতাল হইয়া আনন্দ লাভ করক। মদাগায়ী বে মহব্যের বাহিরে চলিরা বার, মদ্যপারী বৈ পশুবও অধম হইরা পড়ে. মদাপায়ীর যে সম্পূর্ণ হিতাহিত জ্ঞান বিলুপ্ত হইরা যায়, তাহা সর্বদর্শী সর্বজ্ঞানী মহাযোগ-বলশালী মহাদেব অবগত ছিলেন। কিন্তু ঐ তেজঃ প্রদান বাবা কুণ্ডদিনীর জাগবণ জন্ম উহা বাবা তন্ত্রের সাধনা প্রচাবিত क्हेबाह्य। त्वमन "निवश निव्याविश्म" व्यर्थाए निव প্ররোগে নিবের চিকিৎসা, তেমনি হুলা দেবন ব্যবস্থা; কিছ উপযুক্ত গুৰু না হইলে মন্ত্ৰাৰ্থ ও দেবতা ক্ষ্ পরিবর্জে নেশার ক্রিডি ও জীবনটাই মাটী। উপযুক্ত গুকব উপদেশানুসারে সমন্ন বিশেষে, রকমাবিভাবে স্থবা প্রয়োগ কবিলে নিশ্চরট কুণ্ডলিনী চৈতন্ত হটবে। অভএব মদ থাটবা মন্তভা এবং ভজ্জনিত পাশব আনন্দ অমুভব কবা শান্তেব উদ্দেশ্ত নহে। কুওলিনী-শক্তি আমাদের দেহত্ব শক্তি সমূহের শক্তি-কেন্দ্র। সেই শক্তি-কেন্দ্রকে উদ্বোধিত। করিবার অক্তই তাঁহার মুখে মদ্য প্রদান করা। ইহাব উদ্দেশ্র অতি শুভকৰ। পাশ্চাত্য মতে আৰু কাল যে মেস্মেবিক্সম্ ও হিপ্নটিক নিষ্কার প্রচলন হইরাছে; তাঁহারাও স্বীকার কবেন, কোন কোন ঔষধেব হারা এই অবস্থা আসিতে পারে, কিন্তু কেন পাবে, কি প্রকারে পারে, ভাগ তাঁগদের অভাত। ভাই সে সকল তথ্য জানেন না। তাত্রিক সাধক তাহা জানিয়াছিলেন, তাই বহালজ্ঞিব আবাধনায় শক্তি-কেন্দ্ৰ জাগাই শব জন্ম স্থরা পানের আয়োজন হইরাছিল।

ভয়ণাত্ত্ৰ হ্বরাপানের এইরপ ব্যবহা আছে। মহাপজিব প্রপতি করিয়া কুলনাথক স্থাননে প্রমাস্ত-পূর্ব সংস্কৃত ও নিবেদিত ও ব পাত্র গ্রহণ ক্ষারা দ্লাধার হইতে জিহবাতা গর্মত কুল-কুওলিনীর চিতা করতঃ মূলমন্ত উচ্চারণ করিয়া প্রীওক্স আজা গ্রহণাত্তে কুওলিনীযুগে প্রমাস্ত প্রদান করিবে। কুগুলিনী জাগরণ বাক্ত স্থ্যা-পথে এ মদ্য চালিরা দিতে হর। বোনিম্তা • অবলম্বন করিরাই উক্ত কার্য্য সম্পন্ন কবিতে হর। এই তম্ব শিক্ষার অন্ত সংগ্রহণ প্রয়োজন হট্যা থাকে।

অন্যান্য তত্ত্ব।

-(+)-

বিতীয় তব মাংস; তাহায় সৰকে শান্তের এইরূপ বিধান আছে। যথা----

মাংসস্ত ত্রিবিধং প্রোক্তং জল-ভূচর-ধেচরম্।

যশ্মাৎ কন্মাৎ সমানীতং যেন তেন বিঘাতিতম্।

তৎস্কাং দেবজাপ্রীতো জবেদের ন সংশয়ং।

সাধকেছা কলবতী দেয়ে বস্তুনি দৈবতে।

যদ্যদাত্রপ্রিয়ং দেবাং তত্রদিন্তীয় কর্মাং।

বলিদানবিধো দেবি বিহিতঃ পুরুষং পশুঃ।

ত্রীপশুন্ত হস্তব্যস্ত্রে শাস্তবশাসনাৎ।

মাংস ত্রিবিধ;—বাসচন, ভূচন ও থেচন। টিহা বে কোন লোকহাব!
বাজিত বা বে কোন ভান হইতে আনীত হউক, নিঃসন্দেহে তাহাতে

^{*} বোনিস্ফার শাধন মংগ্রণীত "কানীওর" গ্রন্থে বিশ্বদ করিয়া বর্ণিত হইরাছে।

দেৰগণের ভৃত্তি হইয় থাকে। দেৰভাকে কোন্ মাংস ছা কোন্ বস্ত দের, ভাষা সাধকের ইচ্ছাস্থ্যত ;—নে মাংস, বে বস্ত নিজের ভৃত্তিকৰ, ইইদেবজার উদ্দেশে ভাষা আদান করাই কর্মন। দেবি! পুং পশুই বলি-দান জন্ত বিহিত চইয়াছে,—ন্ত্রী পশু বলি দেওয়া দিবের আঞার বিহ্নদ, সভরাং ভাষা দিতে নাই। অভএৰ জাত্তব মাংস দাবা সাধন ভিন্ন, উচাব অর্থ বাক্য সংযত করা বা মৌনী হওয়া ভারের উদ্দেশ্ত নহে।

বৃদ্ধি-তেজো-বলকরং বিত্তীরং তত্ত্ব-লক্ষণম্ ॥
বিত্তীর তব প্টিকব, বৃদ্ধি, তেজ ও বলনিধারক। তৃতীর তব মংগ্রা
উদ্ভবান্তিবিধা মৎস্থাঃ শাল-পাঠীন-রোহিতাঃ।
মধ্যমা কন্টকৈহীনা অধ্যা বহুকন্টকাঃ।
তেহপি দৈব্যৈ প্রদাতব্যাঃ যাল স্কু বিভাজ্তিতা॥

মণজের মধ্যে শাল, নোরাল ও রোহিত, এই তিন জাতি উভ্ন। কণ্টকহীন অপ্রাপ্ত মধ্যম এবং বহু কণ্টকশালী মণ্ড অধর্ম ;—বিদ শেষোক্ত মণ্ড অন্দর্মণে ভর্জিত হয়, ভাগা হইলে দেবীকে নিবেদন করা বাইতে পারে।

জলোম্ভবং যৎ কল্যাণি কমনীয়ং সুৰপ্ৰদম্। প্ৰজাৱন্তি-কর্কাপি ভূতীয় ভন্তকণম্।

কল্যাণি। তৃতীর তদ-প্রানার্থিকর, জীবের জীবনখন্নপ, জল-জাত এবং হংগপ্রদ। এখনও কি বলিতে হইবে বে, ক্রের মংক্ত রূপক নহে; তাহা আমানের নিডা থাত শাল বোরাল, রাই^{নি} প্রভৃতি নবক। এখন চতুর্থ তব্ব সূপ্রা সব্বে আলোচনা করা বাউক। মুক্তাপি ত্রিবিধা প্রোক্তা উত্তমানি প্রক্ষেতঃ।
চক্রবিদ্ধনিভা শুলা শালিভপুল-সম্ভবা।
যবগোধুমকা কাশি মুক্তপকা মনোহর। ।
মুক্তেরমুক্তমা মধ্যা ভৃষ্ট-ধান্তানি-সম্ভবা।
ভক্তিভান্তব্যবীক্ষান্তথমা পরিকীর্ত্তিভা ।

মুদ্রাও উত্তম, মধ্যম ও অধম এই ত্রিবিধ হইরা থাকে। বাহা চন্দ্রবং শুল্ল, শালিতপুল অথবা বব-গোধ্ম প্রস্তুত, বাহা স্থত-পত্ক ও মনোহৰ, ভাহাই উত্তম মুদ্রা বলিরা গণ্য হয়। বাহা ভৃষ্ট ধান্ত,—অর্থাৎ থৈ মৃড়্কীতে প্রস্তুত, ভাহাই মধ্যম এবং বাহা অন্ত শক্ত ভর্জিত, ভাহাই অধ্য বলিরা পরিকীর্জিত।

> द्भनः कृतिकाञक कौरानाः भीरनक यर । वायुर्गृनः विक्रभञाः हर्ष्-जव-नक्ष्म ॥

চতুর্থ তব,—স্থলত, ভূমিলাত এবং শীবের শীবন স্বরূপ ও ত্রিলগতের শীবের শারুর মূল স্বরূপ।

মাংস, মৎসাদি ব্যবহারের কারণ ও শুরা পানের ক্রান্ত বুরিতে চইবে।
মহতে আছে, — "জাচারাবিচ্যুতো বিশ্রো ন বেদ-কলমগ্লুতে।" অর্থাৎ
আচার হীন বিপ্র বেদোক্ত ফলপ্রাপ্ত হরেন না 1° এই সকল শান্ত-মধ্যে
শ্যাত্যাগ হইতে পুননিস্রা পর্যন্ত পদে পদে কঠোর নিরম বিধিবদ্ধ রহিরাছে।
অধিকাংশ ব্যক্তি সেই আচার সকলে সমর্থ নহেন। ভোগাসক্তি ত্যাগ
করিরা কর্মন লোকে বৈদিক আচার পালনে অগ্রসর হইবে ? তাহাদের
অক্ত ত্রের পঞ্চ ম-কার। পঞ্চ ম কারের সাধনার ভোগ ক্রমণঃ ভগ্রস্থী

হইরা পর্য আচেন উপরীক্ত করিছে। তল্পে টক্ষানত সক্ত-নাংশাহারের বিধি নাই। বধা,----

यञ्जार्थ-नाष्ट्रभाषा खन्नाकारमाष्ट्रपात्र । ट्रावारक सञ्जनमारमानि कृत्राचा १८४८ म नाष्ट्रको ॥

নৱাৰ্থ ও দেবতা ক্ষুৰ্তির নিৰ্মিত এবং গ্রন্ধজ্ঞান উপ্তথেদ নিনিত মছ-মাংস প্রভৃতি বথানিদ্ধনে ব্যবহাত হইনা থাকে। বে লোভ বলতঃ মাংসাদি ভোজন করিবে, সে পাতকী বধ্যে পরিগণিত হইবে।

বঙ্গদেশের প্রায় অধিকাংশ ব্যক্তি মংক্ত মাংস ভোজন করিয়া থাকে।
সাধিক বৈক্ষব-ধর্ম প্রহণ করিয়াও কলির প্রবল প্রজাপে অধিকাংশ ব্যক্তি
মংক্রের লোভ ত্যাগ করিতে পারে না। ধাহার আচার প্রতিপালন করা
অসম্ভব, তৎপথাবলীবনে তত্তক কলের প্রত্যালাও অসম্ভব। তাই ত্রিকালদশী নহাকেব কলির ভোগালক জীবের, জন্ত সাংল-প্রকার্যি বারা সাধ্নার
ব্যবস্থা করিয়াছেন। মন্তর্প বলিয়াছেন,—

ন ৰাংসভক্ষণে দোষো ন মধ্যে ন চ মৈথুনে। প্ৰস্থান্তিয়েৰা ভূতানাং নিস্কৃতিত মহাফলা॥

বহুদংহিতা।

मक्ष्यानिराम शक्ष मण भारम, भारम छक्रण ७ नियुत्न रवाय नारे, कात्रण देश क्षत्रुक कर्य । शुरत, नियुक्तिकारण महाक्या गाठ हरेरव ।

পঞ্চম তত্ত্ব

-:'*):--

শক্ষম তার সম্বন্ধে একটু বিশদ স্মালোচনা করিতে হইবে।
শোষতত্ত্বং মধ্যোনি নিবীর্য্যং প্রবলে কলো।
স্বকীয়া কেবলা জ্যেয়া সর্ব্ব-দোষ-বিবর্জ্জিতা॥

মহেশানি! প্রবল কলিকালে মানবগণ নিক্রীয় হইরা পড়িবে, ক্রেরাং শেষ তব (নৈথ্ন) সর্কালোষবর্জিত আপন পদ্মীতেই সম্পন্ন করিতে চইবে; ভাহাতে আর কোন দোষ ঘটিবার আশহা থাকিবে না। মৈথুন বিষয়েও শিবের এইরূপ সূচ্ছ আলেশ আছে বৈ, কুলজ্ঞানহীন বৈথুনাসক্ত ও সবিকল্প ব্যক্তির পক্ষে যথাবিধি ভদালেশ প্রতিপালন কবা অসম্ভব। 'সেই জন্ত স্লালিব বলিয়াছেন.—

বিনা পরিণীতাং বীরঃ শক্তি-সেবাং সমাচরন্। পরস্ত্রীগামিনাং পাপং প্রাপ্নুয়ানাত্র সংশয়ঃ

মহানিৰ্কাণ তন্ত্ৰ।

ধিবাহিত। পদ্মী বাতীত সাধক অন্ত শক্তি গ্রহণ করিলে পরস্ত্রীগমনেব পাপ হইবে সন্দেহ নাই। এই সকীরা পদ্মীতেও শিব সাধনাক নিয়ম বিধিবদ্ধ করিয়া,—"পতনং বিধিবর্জনাৎ" বিধি সম্বনেই পতন অনিবার্যা বলিয়াছেন। স্থতরাং বেদ, স্থতি ও প্রাণাদি অপেকা নৈধুন বিধরে তথে ক্টিন বিধিই ব্যবস্থাপিত হইয়াছে। তথে বাহারা ভব্রের দোহাই দিয়া স্থাপান ও পরকীয়া বমণী সঙ্গে রজে ব্যাভিচার কবে, ভাহাদেব কথা ধর্ত্তব্য নহে। যাহা হউক, তত্ত্বের মৈথুন সহস্রাবে জীবান্ধার রমণ নহে, ভাহা বোধ হয় উপবোক্ত বচন ছইটাভেই প্রমাণিত হইল।

মহানন্দকরং দেবি প্রাণিনাং স্ম্তিকারণম্। অনাদ্যন্ত-জগমাূলং শেষ-ভত্তব্য লক্ষণম্।

পঞ্চতত্ব—মহা আনন্দলনক, প্রাণিস্টিকাবক এবং আল্যন্থবচিত্ত জগতের মৃশ।

শেষ তত্ত্বের আকাজ্ঞা, যাহা জাতজীব মাত্রেবই হুলরে বর্ত্তমান আছে—
যাহাব আকর্ষণে জীব নরকের বথে উঠিয়া বসে, তাহা কি মনে কবিলেট
ত্যাগ করা যার ? • যে ব্যক্তি ব্যণীব হাজ এড়াইরাছে, সে প্রকৃতিব বাছ
বন্ধন বা আকর্ষণ-অনল এডাইতে পাবিয়াছে। ডাই অক্সান্ত শান্ত বলেন
— "কামিনী কাঞ্চন পবিত্যাগ কব,"—কিন্তু তন্ত্রশান্ত বলেন,—"পবিত্যাগের উপার কি ? জোব করিয়া কয়দিন ত্যাগ করিবে ? সে জোব
অধিক দিন থাকিবার নতে। এই বিশ্ব-প্রসারিত প্রকৃতির অনল-বাছব
চাত এড়ান বা রমণীর আসঙ্গল্পা পবিত্যাগ করা সহজ্ঞ নতে বা পাবিবাব
শক্তি কাহারও নাই। রমণীত জননীত্বে পরিণত কর,—ভাহা হইলে
তোমাব প্রাকৃতিক পিপাসা মিটিয়া যাইবে।" তাই তত্ত্বে পঞ্চম তত্ত্বব
সাধনা, তাই বমণীকে সঙ্গে লইয়া উচ্চত্তবে অধিরোহণ কবা। পঞ্চম
তত্ত্বের সাধনার প্রকৃতি বশীভূত হয়, আত্মজর হয় এবং বিল্যু-সাধনার সিদ্ধি
লাভ ঘটিয়া থাকে। কেন না. প্রকৃতি-মূর্ত্তি রমণী বা মাতুশক্তিতে সর্বাদা
আকর্ষণ করিয়া থাকে,—এবং বাঁথিয়া রাখে; বৃদ্ধি সেই শক্তিকে সাধনা
হাবা তাহাক্তে আত্মত্ত-সংগ্রের রাখে; বৃদ্ধি সেই শক্তিকে সাধনা
হাবা তাহাক্তে আত্মত-সংগ্রের রাখে; বৃদ্ধি সেই শক্তিকে সাধনা

আকাজ্ঞা থাকিবে কেন; কাজেই তাহাকে বদীভূত করা হইল। *
তথন সাধক বিশ্ব-ব্রহ্মাণ্ডের নরনারীর মধ্যে আব বতন্ত্র অন্তিত্ব দেখিতে
পান না, সকল শক্তির সমাবেশ সেই এক হলেই হয়। তাহা তথন আব
রূপজ্মাহ নহে,—তাহা তথন প্রাণের বাঁধন। আত্মার আত্মার মিশামিশি,
বিহাতে বিহাতে জড়াজড়ি করিয়া যেমন মিশিয়া যায়, ইহাও সেই প্রকাব
মিশামিশি। ইহাতে আর বিচ্ছেদ হয় না। তুই শক্তি এক হইয়া আত্মসম্পৃত্তি লাভ করে। ইহাতে প্রাকৃতির প্রধান আসক্রির আগুন নিবিয়া
যায়,—জীব যাহার আকাজ্জায় ছুটাছুটি করে, তাহার জ্ঞালা কমিয়া যায়—
তথন জীব জীবলুক্ত হয়।

তদ্রেক্তি সাধনার ক্রমে নব, নারীর চিন্তার মহাযোগী হর; ধাবণা.

ধানে ও সমাধিতে ময় হর; তথন নাবী তাহাব সংযমের আশ্রের হর।

তাই আধ্যাত্মিক বোগী—তাই ডাব্লিক সাধক পর্কত্তের শিরোদেশে বসিরা

ক্রানের প্রদীপ্ত আগুন জ্বালিয়া এ ভত্ত-বহুন্তের আবিকার কবিরাছিলেন।

এ ভব-রহস্ত জগতের অতি অপূর্ব্ব কঠোর বিজ্ঞান, ইহা কবির কর্মাপ্রস্তুত কাহিনী নহে। কিন্তু ইহাও শ্ররণ রাখিতে হইবে যে, তব্দশী

শুকর সাহাযা ব্যতিবেকে এই সমুদর কার্য্য কবনই সম্পাদন করিবে না।

কেন না, পঞ্চতব্বের এক এক তত্ত্বের আকর্ষণে মানুষকে আবদ্ধ ক্রিয়া

ফেলে,—সাধাবণভাবে উহার এক একটা পদার্থের সংমিলনে বা ব্যবহাবে

মানুষের পশুত্ব প্রাপ্তি হয়, জড়ের মানুষ আবিও জড়ের শুঝলে বাঁধা পড়ে .

আর পাঁচ পাঁচটা লইয়া মত্ত ইলে মানুষ যে একেবারে অধ্যপাতে যাইবে,

তাহাতে আর সন্দেহ কি ? পঞ্চতত্ত্বের সাধন কবা আর কালত্ত্বক লইয়া

মৎ প্রণীত "জ্ঞানীগুরু" গ্রন্থে নাদ নিন্দু বোগ শীর্ষক প্রবন্ধে এই
 তব্ধ বিশদ করিয়া শেখা হইয়াছে।

ক্রীড়া করা উভরই সমান। কুলাচার সম্পন্ন হইতে না পারিলে, মামুব এই পঞ্চতত্ব সাধনার অধিকারী হয় না। ইহার অপব্যবহার হইলে মামুবে কি ইহকাল, কি প্রকাল উভয়ই বিনষ্ট ক্রিয়া ফেলে।

হর-গৌরীর ছবি দেখিয়া আমরা এই কঠোর সত্যে উপনীত হইতে পারি। মহাকাল, মহামৃত্যু ব্যভারোহণে—তাঁহার কোলে বিশ্বজ্ঞননী প্রতিষ্ঠিত। পুরাণাদির রূপক ভাষার চতুম্পাদ ধর্মের আথ্যা ব্য। পূর্ণ চতুম্পাদ ধর্মের উপরে মহাকাল প্রতিষ্ঠিত—আর তাঁহার কোলে তাঁহার শক্তি বা প্রকৃতি অধিষ্ঠিত। এই ছবির মর্মার্থ—জীবন, মরণের কোলে অধিষ্ঠিত, অর্থাৎ মরণের রাজ্যেই জীবনের নেপথ্য বিধান হইরা থাকে—মরণের ভিতর দিয়াই জীবনের পথ। এ তব্ব ব্যর্কণী অটল বিশ্বজ্ঞনীন সত্যে প্রতিষ্ঠিত। মহাযোগী শহরের কোলে যেমন শহরী অবিহ্বত—সেইরূপ ভাত্তিক নাধকের কোলে পঞ্চমতন্ত। কিন্তু পূর্ণ চতুম্পাদ ধর্ম্মরূপী বৃদ্ধের জিপরে অধিষ্ঠিত হওয়া চাই। তাই কৌল ভিন্ন অন্তের এ সাধনার অধিষ্ঠার নাই। মামুষ বধন কৌলাচারে অধিষ্ঠিত, তথন সে সম্পূর্ণ ধর্ম্মরুর, তাই তথন ভাহার কোলে পঞ্চমতন্ত অধিষ্ঠিত। সে তথন রমণীর আবিষ্ঠ শক্তিতে অমুপ্রবিষ্ঠ।

মাসুষ চিরদিনই আত্মবিশ্বত ;—মাসুষ রজোগুণের প্রাবগ্যে আপনাকে আপনি সহজে সমুরত বলিয়া মনে করিয়া থাকে। যদি মামুষ আপনাব অবস্থা আপনি বুঝিতে না পারিয়া,—আপনাকে উচ্চাধিকারী,—আপনাকে কুলাচার-সম্পন্ন জ্ঞান করিয়া, এই কঠিন হইতে কঠিনতর সাধনার নামিয়া পড়ে, ভাছা হইলে ভাহার পতন অনিবার্য। সেই জন্তই গুরুর প্রয়োজন । শান্তবিৎ চিকিৎসক বেমন ব্যাধি নির্ণয় করিয়া ঔবধের ব্যবস্থা করিয়া থাকেন,—আধ্যাত্মিক-জ্ঞান-সম্পন্ন গুরুও তদ্ধপ শিস্তার অধিকার বুঝিয়া সাধন-পদ্ধতির পথ দ্বির করিয়া দেন। সাধকের আধ্যাত্মিক অবস্থা

লইরাই সাধনার পথ নির্দিষ্ট হয়। সেই অবহাকে তল্পাল্ল সাভভাগে বিভক্ত করিরা সপ্ত আচার নাম দিয়াছেন।

সপ্ত আচার

আচাৰ বলিতে শাস্ত্রবিহিত অনুষ্ঠের কতকগুলি কার্য্য বৃঝিতে পাবা যার, অর্থাৎ শাস্ত্রে যে কার্যাগুলি বিধের বলিরা নির্দিষ্ট হইরাছে, যাহাব অবগুই অনুষ্ঠান কবিতে হইবে, তাহাই আচার বলিরা বৃঝিতে হইবে। শাস্ত্র বিধি-বিগর্হিত কার্যাকেও আচাব বলে—কিন্তু তাহা কদাচাব। অতএব আচার বলিতে শাস্ত্র-বিধি-বিহিত অনুষ্ঠের কার্যা সমষ্ট্রকেই বৃঝাইরা থাকে। আচার সপ্তবিধ। যথা.—বেদাচার, বৈঞ্চবাচাব, লৈবাচাব, দক্ষিণাচার, সিদ্ধান্তাচার এবং কৌলাচার।

এক্ষণে কোন্ আচার কিরপ—ভাহার লক্ষণ নির্দেশ করা যাইতেছে।

८वणां होत्र,---

সাধক ব্রাহ্মসূহুর্ত্তে গাত্রোত্থান পূর্বক গুরুদেবের নামান্তে জানন্দনাথ এই শব্দ উচ্চাবণ কবিরা তাঁহাকে প্রণাম করিবে। সহজ্ঞদল পল্মে ধ্যান করিরা পঞ্চ উপচারে পূজা করিবে এবং বাগ্ভব বীজ (৬) মন্ত্র দশ বা তত্যোধিকবার জপ করিরা পর্ম-কলা কুলকুগুলিনী শক্তিকে ধ্যানানন্তর ধ্থাশক্তি সূল্মন্ত জপ করিরা, জপ স্মাপনান্তে বহির্গমন করিরা নিত্যকর্ম বিধানামুসারে ত্রিসন্ধ্যা স্থান ও সমস্ত কর্ম করিবে। রাত্তিতে দেবপূজা করিবে না। পর্কাদনে মংস্ত, মাংস, পরিত্যাগ করিবে এবং ঋতৃকাল ভিন্ন স্ত্রীগমন করিবে না। মুথাবিহিত অন্তাগ্ত বৈদিক কম্মেন অনুষ্ঠান করিবে;

বৈকৃষাচার---

বেদাচারের ব্যবস্থামুদারে পর্বাদা নির্মিত ক্রিয়ামুষ্ঠানে তৎপর থাকিবে। কদাচ মৈথুন ও তৎসংক্রাস্ত কথার জল্পনাও করিবেংনা। হিংসা, নিন্দা, কুটীশতা, মাংস ভোকন, বাত্রিতে মালা জপ ও পূজা-কার্য্য বজ্জন করিবে। শীবিষ্ণু দেবের পূজা করিবে এবং সমন্ত জগৎ বিষ্ণুমন্ব চিস্তা করিবে।

रेगवां हां ब्र-

্বদাচারের নিয়মাকুসারে শৈবাচারের কাবস্থা করা হইরাছে। পরস্ক শৈবের বিশেষ এই যে, পশুঘাত নিষিক। সর্বাক্ষে শিব নাম শ্ররণ করিবে এবং ব্যোম্ ব্যাম্ শব্দ দ্বারা গালবাত করিবে।

দকিণাচার---

বেদাচার-ক্রমে ভগবতীর পূজা কবিবে এবং মাত্রিযোগে বিজয়।
(সিদি) গ্রহণ করিয়া গদ্গদ্ চিত্তে মন্ত্রজ্ঞপ করিবে। চতৃষ্পথে, খালানে,
শুন্তাগারে, নদীতীরে, মুদ্দিকাতলে, পর্বতগুলার দীর্ঘিকাতটে, শক্তি-ক্রেনে, পীঠছলে, শিঝালারে, আমলকী বৃক্ষতলে, অর্থ রা বিব্যুলে বসিয়া
মহাশৃদ্ধমালা (নরান্থিমালা) দ্বারা ক্লপ-কন্ম করিবে।

ৰামাচার—

দিবসে ব্রহ্মচর্য্য এবং রাত্রিতে পঞ্চতত্ত (মন্ত-মাংসাদি) স্বারা দেবীর

আরাধনা করিবে। চক্রামুষ্ঠান করিয়া মন্ত্রাদি অপ করিবে। এই শামাচার ক্রিয়া সর্কাদা মাভূজারবং পোপন করিবে। পঞ্চত ও ধ পূপা « খারা কুল-ক্রীর পূজা করিবে, তাহা হইলে বামাচার হইবে। বামাস্বরূপা হইরা পরমা প্রকৃতির পূজা করিবে।

সিদ্ধান্তাচার,—

বাহা হইতে ব্রহ্মানন্দ জ্ঞান প্রাপ্ত হওরা যার, এরপ বেদ-শাস্ত্র-পূরাণা-দিতে গূঢ় জ্ঞান হইবে। মন্ত্র দারা শোধন করিয়া দেবীব প্রীতিকর বে পঞ্চত্তব, তাহা পশু-শঙ্কা বর্জ্জন পূর্ব্ধক প্রসাদ-শ্বরূপ সেবন করিবে। এই আচারে সাধন জন্ম পশু হত্যা দারা (বজ্ঞাদির স্থার) কোন হিংসা দোব হইবে না। সর্বাদ। কন্দাক্ষ বা অন্থিমালা ও কপালপাত্র (মরাব মাথার পাত্র) ধারণ করিবে। এবং ভৈরব বেশ ধারণ পূর্ব্ধক নির্ভরে শ্রকাশ্র স্থানে বিচরণ করিবে।

কোলাচার,—

কৌলাচারী ব্যক্তির মহামন্ত্র সাধনে দিক্ ও কালের কোন নিরম নাই। কোন স্থানে শিষ্ট, কোন স্থানে বা ত্রন্ত, কোথাও বা ভূত ও পিশাচ তুলা হইরা নানা বেশ ধারণ পূর্বাক কৌল ব্যক্তি ভূমগুলে বিচরণ করেন। কৌলাচারী ব্যক্তিব কোন নির্দিষ্ট নিরম নাই; স্থানাস্থান, কালাকাল ও কর্দ্ধাকর্দ্ধ ইত্যাদির কিছুমাত্র বিচার নাই। কর্দম চলনে সমজ্ঞান, শক্ত মিত্রে সমজ্ঞান, খাশানে গ্রহে সমজ্ঞান, কাঞ্চন ভূণে সমজ্ঞান

^{*} ধ পুন্দ,—অর্ধাৎ সমন্ত্, কুগু, গোলক ও বন্ধ পুন্দ। এই সকল ভক্ততা এইখানে ভগু মাধাই সমীচীন বোধ করিলাম।

ইত্যাদি।—অর্থাৎ কৌলাচারী ব্যক্তি প্রকৃত জিতেন্দ্রির (ভাই শেষ তত্ত্ব সাধনাব অধিকারী), নিঃস্পৃহ, উদাসীন ও পরম বোগী পুরুষ এবং অবধৃত শব্দ বাচ্য।

অন্তঃশাক্তা বহিঃশৈবাঃ দভায়াং বৈষ্ণবা মতাঃ। নানাবেশধরাঃ কোলা বিচরন্তি মহীতলে।

স্তামা-রহস্ত।

অন্তবে শাক্ত, বাহিবে শৈব, সভা মধ্যে বৈষ্ণব এইকপ নানা বেশধাৰী কৌল সমস্ত পৃথিবী বিচরণ কৰিয়া থাকেন।

সাধাবণ আচাৰ অপেক্ষা বেদাচাব, ৰেদাচাব হইতে বৈশ্ববাচাব, বৈশ্ববাচাব হইতে শৈবাচাব, শৈবাচাব হইতে দক্ষিণাচাৰ, দক্ষিণাচাৰ হইতে ৰামাচাব, বামাচাব হইতে সিদ্ধান্তাচাব এবং সিদ্ধান্তাচাব হইতে কৌলাচাব শ্ৰেষ্ঠ,—কৌলাচাবই আচাবেব শেষ সীমা, ইহা হইতে আব শ্ৰেষ্ঠ আচাব নাই। সাধককে বেদাচাব হইতে আবন্ধ করিয়া ক্রমে কমে উন্নতি লাভ করিতে হয়, একেবাবেই কেহ কৌলাচাবে আগমন কবিতে পারে না।

তন্ত্রোক্ত এই সপ্ত আচারেব প্রতি একবাব মনোনিবেশ কবিলে তন্ত্রশান্ত্র নিন্দাকাবীগণ আপন ভ্রম বৃঝিতে পাবিবে। ইহা মদ, মাণ্স লইয়া ভোগাভিলাব পূর্ণ করা নর, সংযমেব পূর্ণ সাধনা। সাধক বেদাদি আচাবক্রমে সংযম অভ্যাস ও ভগবস্তক্তি লাভকবতঃ সিদ্ধান্ত চাবে উপনীত হইবে। ইহাব পব সাধক যতই উচ্চ ভূমিতে আরোহণ কবিবে, ততই কর্মাদি নির্ভি হইয়া যাইবে, ক্রমশই জ্ঞানেম বিকাশ হইবে। এই প্রকারে ক্রমে উচ্চ ক্রানম্ভূমিতে অধিরোহণ, করিবেই

আর জগ-পূজাদি থাকিবে না, তখন এক চিন্ময়ী মহাশক্তিকেই সর্বত্র দেখিতে পাইবে.—সে অবস্থায় সাধনও নাই, সাধ্যও নাই জ্ঞাও নাই, দৃশুও নাই, জ্ঞানও নাই. জ্ঞেয়ও নাই,* ধ্যানও নাই, ধ্যেয়ও নাই,—

"একমেবাদ্বিতীয়ং"—এক মহাশক্তিই তথন অবশিষ্ট থাকিবেন।
আমার আমিদ্ধ বিলুপ্ত হইবে,—মনের অন্তিদ্ধ বিনষ্ট হইবে। ইন্দ্রিয়প্রাণাদি নিরুদ্ধ হইবে,—সাধক এতাদৃশ অবস্থায়, উপস্থিত হইতে পারিলে
কত-কৃতার্থ হয়েন;—আর কন্ম থাকে না—কর্ম্ম-বন্ধনও থাকে না এবং
দেহপাতের পর কৈবল্যপদ প্রাপ্ত হয়েন,—"ন স পুনরাবর্ত্ততে"
তাঁহার আর এ সংসারে পুনরাবৃত্ত হইতে হয় না। ইহাকেই নির্ব্বাণমৃত্তি
বলে। ইহাই কৌলাচাবের চরম অবস্থা।

যোগমার্গং কোলমার্গমেকাচারক্রমং প্রভো। যোগী ভূত্বা কুলং ধ্যাত্বা দর্ব্ব-দিদ্ধীশ্বরো ভবেৎ॥

কদ্ৰ যামল।

হে প্রভো। যোগ সাধন ও কৌলসাধন একই প্রকার, কারণ কৌল ব্যক্তি যোগী হইয়া কুল অর্থাৎ কুল-কুগুলিনীর ধ্যান পূর্ব্বক সমুদর সিদ্ধি লাভ করেন।

^{*} তাই শ্ৰুতি বলিয়াছেন.—

যত হি **বৈভ**মিব ভবতি, যত্ৰ বান্তদিব স্যাৎ তত্ৰান্তোভন্তৎ পশ্যেৎ অন্তো-হন্ত ৎ বিভানীয়াৎ। যত্ৰ তস্য সক্ষমান্ত্ৰৈবাভূৎ, কেন বং পশ্যেৎ কেন বং বিজ্ঞানীয়াৎ।

ভাবত্রয়

ভাব শব্দে জ্ঞানেরই অবস্থা বিশেষ বৃথিতে হইবে। দিবা, বীব ও পণ্ড ক্রমে ভাব তিন প্রকার।

দিব্যভাব —

দিব্যভাব দেবতুল্য, সর্বাদা বিশুদ্ধান্ত:কবন ইইতে হয়। স্থ হ:থ, শীত গ্রীম প্রভৃতি দ্বন্দ্রভাব সহু কবিতে হয়। দিব্য ভাবাবলদ্বী ব্যক্তি বাগ দেব বিবৰ্জ্জিত, সর্বাভূতে সমদ্শী এবং ক্ষমাশীল হইয়া থাকেন।

বীরভাব.---

বিনি সকল প্রকার জিংসা কার্য্যে বিরত; বিনি সকল জীবের হিছ সাধনে রত; বিনি জিতেক্সির হইরাছেন; বিনি মহাবলশালী, বীর্যাবান এবং সাহসিক প্রুষ; বাঁহারা স্থুখ তঃখে সমজ্ঞান এরূপ সাধক ব্যক্তিকে বীব বলা যার।

পশুভাব—

পশুভাবে নিরামিষ ভোজী হইয়া পূজা কবিবে। মন্ত্রপবায়ণ ব্যক্তি ঋতুকাল বিনা আপনার স্ত্রীকেও স্পর্শ করিবে না। রাত্রিকালে মালা জপ করিবে না। এবং স্থ্রবা স্পশ কবিবে না।

পূর্ব্বোক্ত আচার সপ্তক্ষে দিব্য, বীব ও পশু ভাবত্রর মধ্যে সন্নিবিষ্ট করা ইইরাছে। অর্থাৎ এক একভাবের অন্তর্গত একটা করিয়া আচার নিরোজিত করা ইইরাছে।

বৈদিকং বৈষ্ণবং শৈবং দক্ষিণং পাশবং শ্বতম্। সিদ্ধান্ত-বামে বীরে তু দিব্যং সহ কৌলমুচ্যতে।

বিশ্বসারতন্ত্র।

বৈদিকাচাৰ, বৈশ্ববাচার, শৈবাচাব এবং দক্ষিণাচাব পশুভাবের অন্তর্গত। সিদ্ধান্তাচার ও বামাচার বীবভাবেৰ অন্তর্গত। আর কৌলাচার দিব্যভাবেৰ অন্তর্গত বলিয়া জানিবে।

একণে সংশয় উঠিতে পারে বে, ত্রিবিধ ভাব এবং সপ্তবিধ আচাব হইবাৰ কাবণ কি? একটা ভাব এবং একাচাব হইলেই বা ক্ষতি কি ছিল? তাগাব নীমাংসা এই বে, মানবখীব সকলেই একরপ প্রকৃতিবিশিষ্ট নতে, শুণভেদে সকলেবই প্রকৃতি স্বভন্ত হইয়াছে। এজন্ত ভাব ত্রিবিধ এবং আচার সপ্তবিধ কবা হইয়াছে। তল্মধ্যে বাগাব পক্ষে বাগা উপবোগী তিনি তক্রপ ভাব এবং আচাব প্রহণ করিলেই সিদ্ধিলাভ কবিতে পাবেন। একণে দেখিতে হইবে বে, সেই গুণ ভেদ কি প্রকাব ?

সান্ত্রিক, বাজসিক ও তামসিক তেদে সাধন তিন প্রকাব। হেতৃ এই যে, উত্তম, মধ্যম ও অধম শবীবামুসারে মানবপ্রকৃতি সন্ধানি গুণত্রসম্পর হওয়াতে সাধনপ্রণালীও সন্ধানি ভেন্দে উত্তম, মধ্যম এবং অধম—এই তিন প্রকার ভাবে সংগঠিত হইয়াছে। যথা—

শরীরং ত্রিবিংং প্রোক্তম্তমাধ্য-মধ্যমম্। তত্তিব ত্রিবিংং প্রোক্তমূত্রমাধ্য-মধ্যমম্।

क्रम्यामन ।

অত এব ধাহার গেরূপ প্রকৃতি তাঁহার পক্ষে তজ্ঞপ সাধনই উপযোগী। জ্ঞােঞ্জপসম্পন্ন ব্যক্তি কথনই উত্তম অর্থাৎ সাধিক সাধনেৰ উপযুক্ত পাত্র হইতে পারে মা। কারণ, এরপস্থলে গুণবাত্যর হেতু তাহার বিরক্তি বই আনন্দোদ্ভব হইবে না। মন ক্রিযুক্ত না হইলে কোন কার্যোই সিদ্ধিলাভ করা যার না, স্থতরাং বাহাতে যাহার মন ক্রিযুক্ত হর তাহাই তাহার পক্ষে বিহিত। এক্বল্ল তমোগুণ বিশিষ্ট ব্যক্তির পক্ষে তামসিক সাধনই প্রশক্ত, ঐরপ রক্ষোগুণবিশিষ্ট ব্যক্তির পক্ষে রাজসিক এবং সব্পুণ-বিশিষ্ট ব্যক্তির পক্ষে রাজসিক এবং সব্পুণ-বিশিষ্ট ব্যক্তির পক্ষে রাজকি পক্ষে সাধিনই মঙ্গলকর হইরা থাকে। এক্ষণে বৃঝিতে হইবে যে, যে শক্তি অমুসারে যাহাব শরীর ষেরূপ ভাবে কার্যাক্ষম ১ইবে ভাহার পক্ষে তক্রপ ভাবেরই সাধন-পণালী শ্রেম্বর। এক্রল্প সাধন-প্রণালীকে শাস্ত্র মধ্যে সান্থিকাদি ভেদে তিন প্রকার ভাবে উল্লেখ করা হইয়াছে। যথা,—

শক্তি-প্রধানং ভাবানাং ত্রয়ানাৎ সাধকস্ম চ। ' দিব্য-বীর-পশুনাঞ্চ ভাবত্রয়মুদাহতং ॥

কদ্ৰামণ।

সাধকের ক্ষমভানুসারে দিবা, পশু, বীরক্রমে ভাব তিন প্রকার বলিয়া কথিত হইরাছে। ভাব শক্তে মানসিক ধন্মকে বুঝার। যথা—

जारवा हि मान्ति। धर्मा मन्तिव ननाजारम् ।

বামকেশ্বর তন্ত্র।

মানসিক ধন্মের নাম ভাব, উহা মনের দ্বারাই অভ্যাস করিতে হয়।
এক্ষণে কথা এই বে, মনোভাব ভো আপনা আপনিই মনোমধ্যে উথিত হয়।
অর্থাৎ ক্রমোগুণ সম্পন্ন ব্যক্তির মনোভাব তামসিক, রজোগুণ সম্পন্ন ব্যক্তিব
মনোভাব রাহ্মসিক এনং সম্বশ্ধণ সম্পন্ন ব্যক্তির মনোভাব সাধিক তো

আপনা আপনিই হইয়া থাকে। তথন মন দারা আর কি অভ্যাস করিবে ?
— তাংশর যুক্তি এই বে, মুক্তি প্রার্থনাই সাধনের উদ্দেশ্য। সান্থিক সাধন
ব্যতীত যথন অপ্তাক্ত সাধন কার্য্যের দারা মুক্তিলাভ অসম্ভব, তথন স্বরমূভ্ত
তামসিক মনোভাবযুক্ত ব্যক্তির উপায় কি ? কার্চ্ছেই সান্ধিকভাব অবলম্বন
করিতে হইলে অভ্যাস করিতে হইবে। এক্স শান্তের উপদেশ এই বে—

আদে ভাবং পশোঃ কৃত্বা পশ্চাৎ কুর্যাদাংশ্রকম্। বীরভাবং মহাভাবং সর্বভাবোত্তমোত্তমম্। তৎপশ্চাদতিসৌন্দর্যাং দিব্যভাবং মহাফলম্॥

क्लयामन ।

ক্রমশ: অভ্যাস করিবার জন্ম প্রথমে পশুভাব অবলম্বন পূর্বাক কার্য্য সমাধা করিয়া উত্তম বীরভাব ধারণ করিতে হর, তৎপরে বীরভাবের কার্য্য সমাপন করিয়া অতি ফুলর দিব্যভাব অবলম্বন করিতে হয়। অত এব বৃবিতে হটবে বে, তমোগুণাত্মক প্রণালীকে পশুভাব, রজোগুণাত্মক প্রণা-লীকে বীরভাব এবং সম্বন্ধণাত্মক প্রণালীকে দিব্যক্তাব কহা যায়। স্ক্তরাং প্রথমাবস্থার পশুভাব, মধ্যমাবস্থার বীরভাব এবং শেষাবস্থার দিব্যভাব আচরণীয়।

অতএব শাস্ত্রের যুক্তি অমুসারে প্রথমেই পঞ্জাব। ইহার হেতু এই বে, পণ্ড অর্থে—অজ্ঞান, অর্থাৎ তিনি পাশবদ্ধ অজ্ঞানাবহাপর, তিনিই পণ্ড। স্থতরাং অজ্ঞান ব্যক্তির নাম পশু। সাধারণতঃ মানব জীবকে বোড়শ বর্ষ বরঃ ক্রমাবধি অজ্ঞানাবস্থায় কাটাইছে হয়। এই যোড়শ বর্ষ পর্বান্ত মনোবৃত্তিকে পঞ্জাব হলে। সপ্তমুশ ব্যাবধি পঞ্চাশৎ বর্ষ পর্বান্ত জ্ঞানাবস্থার নাম বীরভাব এবং একপঞ্চাশং বর্ষ হইতে বৃদ্ধাবস্থা পর্যান্ত পাবপক জ্ঞানাবস্থার নাম দিবাভাব। যে পর্যান্ত না জীবের জ্ঞানোদয় হয়, ভাবংকাল বান্তবিকই পশুভূলা থাকিতে হয়। স্পৃতবাং তৎকালেব মনোবুর রকে পশুভাব বলিবাব কিছুই বাধা দেখা বায় না, তৎপবে বখন জ্ঞানেব উদ্রেক হয়, তখন মনোবুরি সকল উত্তেজিত হইতে থাকে, স্পৃতবাং তৎকালীন মনোবুরিকে বীবভাব বলা বায়। পরিশেষে জ্ঞান পবিপক হইলে মানাবুরি যখন শীতলতা প্রাপ্ত হয়, ক্ষায় কোনরূপ ভোগম্পৃহা না থাকে, তখন মন নিম্মল হইয়া শীতলতা প্রাপ্ত হয়, স্কৃতরাং তৎকালীন মনোবুরিকে দিবাভাব কথিত হইয়া থাকে। বথা—

সর্বে চ পশবঃ সন্তি পুন্যবদ্ স্তলে নরাঃ। তেবাং জ্ঞান প্রকাশায় বীরভাবঃ প্রকাশিতঃ॥ বীরভাবং সদা প্রাপ্য ক্রমেণ দেবতা ভবেৎ॥

क्रम्याभन ।

এই পৃথিনীতে সমস্ত লোকই পশুভূদ্য, যৎকালীন তাহাদিগের জ্ঞানোদর হয়, তৎকালে তাহাদিগকে বীবপুরুষ বলা ধায়। ক্রমে বীরভাব হইতে দেবভূল্য গতি লাভ হইয়া থাকে। এই কারণ বশতঃ তন্ত্রণান্ত্রে দিব্য, বীর ও পশু ক্রমে ত্রিবিধ ভাবেব সংস্থাপনা কবা হইয়াছে।

ভাবত্রয়গ গান্ দেবী সপ্তাচারাংস্ত বেক্তি য:। স ধর্মং সকলং বেক্তি জীবন্মুক্তো ন সংশয়:॥ বিশ্বসাবতঃ।

পাঠকগণ! অবশ্র বিষ্কমচক্রের 'দেবী চৌধুরাণী' এন্ত পাঠ
করির ছেন। ভবানী পাঠক প্রফলকে তল্লোক তাবজরের আপ্ররে

কে ৰেবী! যিনি ভাৰত্ৰয় স'ৱবিষ্ট সপ্ত-আচার জ্ঞাত আছেন, তিনি সৰুল ধৰ্মট জ্ঞানেন এবং সেই ব্যক্তিই জীকুক্ত পুৰুষ।

এতাবতা যতদূব আলোচিত চইল, তাহাতে পাঠক বুনিতে পারিরাচেন বে, তান্ত্রিক সাধনা অধিকাবী ভেদে নিণীত চইরাছে এবং তাহা সাধকেব সদরের অবস্থা লটরা। স্ক্তবাং মন্ত-মাংদাদি লটরা বে সাধনা, তাহা আধাাত্মিক উন্নত-হৃদের সাধকেব জ্ঞা। অতএব ভাবের বা জ্ঞানেব

শিক্ষাদান কবিয়াছিলেন। প্রফুল্লেব তৃতীয়ব্য পর্যান্ত বে সংব্যাহ্ব ব্যবস্থা ছিল, তাহা তান্ত্রিক পশু ভাব। পবে চতুর্থ বৎসবে প্রাকুল্লেব প্রতি বীব ভাবেব আদেশ চটল। অথাৎ প্রফুল্লকে প্রথমে পশুর ন্তায় ভয়ে ভয়ে খান্তাদি সম্বন্ধে সতৰ্কতা গ্ৰহণ কৰিতে হইয়াছিল। সে শিক্ষা সম্পূৰ্ণ হুইলে প্রফুলের আর সে সভর্কতা গ্রহণের আবশ্রকতা বহিল না। তথন নীবভাবে তাহাকে নানা পকাৰ সাত্তকভাব-ৰিবোধী খালাদিব স্মুগে উপস্থিত করা হইল। উদ্দেশ্য এই যে, এই সকল থাতাদি গ্রহণ জনিত মন্দ ফলেব সহিত প্রফুল্লেব পূর্ব্বপ্রকাবে গুলীকৃত সান্দ্রিক ভাবেব সংঘর্মন উপস্থিত হ'উক,—প্রফুল্ল বীৰভাবে সেই মন্দ ফল পরাজয় করুক। পঞ্চম বংসকে প্রফুলেব প্রতি বদুচ্চা ভোজনেব উপদেশ হইল, প্রফুল্ল কিছ বীবভাবের বিকাশ কবিয়া দিন্য ভাব গ্রহণ কবিল। ত**ন্ত্রোক্ত** ভাবত্রয়ের আশ্রমে কিন্ত্রপ শিকা লাভ চয় একুল ডাচার দৃষ্টাস্ত ৷ ক্রির তন্ত্র শাসে আন্থা না থাকিলেও অজ্ঞাত্সারে তত্ত্বের আচার ও ভাব ব্যাখ্যা কবিয়:-ছেন। ইঞাতে ভন্ন কিরাপ উরত শাস্ত তাহা সহজেই অনুমের। এমন কোন নৃত্ন কথা বাহির করা বড় সভক নতে, যাহা এই বিশাল হিন্দু ধ্সের কোন না কোন শক্তেকার বলিয়া যান নাই।

আহবর্ত্তীই ইয়াই আচার বা অনুষ্ঠের বিষয়ের অবলম্বন করিতে এইবে।
সাধক বে সমর বেরূপ জ্ঞান-সম্পন্ন থাকেন, সেই সমর সেই জ্ঞানামুগত—
সেই জ্ঞানের সহিত মাথান বে আচার, তাহারই আশ্রের লইতে হইবে।
ইফার ব্যত্যয় করিলে সাধনায় সিদ্ধিলাভ হইবে না,—প্রাত্যুত, প্রত্যবার
ঘটিবে।

তন্ত্রের ব্রহ্মবাদ

প্রকৃতি ও পুরুবের একাদ্মভাবের নাম ব্রহ্ম। যথা—

শিবঃ প্রধানঃ পুরুষঃ শক্তিশ্চ পরমা শিবা। শিবঃ শক্ত্যাত্মকং ব্রহ্ম যোগিনশুত্বদর্শিনঃ।।

ভগবতী গীড়া।

শিবই পরম পুরুষ এবং শক্তিই পদমা প্রস্কৃতি, তত্ত্বদর্শী যোগিগণ প্রকৃতি-পুরুষের একতাকে ব্রহ্ম বলিয়া ভাবেন। বাহ্য জগতের মধ্যে মর্ম্মে বে মহতী শক্তি নিহিত রহিয়াছে, ভাহারই নাম প্রস্কৃতি এবং ঐ বাহ্য জগতে বে চৈত্তপ্ত স্ফূর্তি স্বপ্রকাশ রহিয়াছে, তাহারই নাম শিব। এই চৈত্তপ্ত এবং মন্তী শক্তিকে ধ্রম সমষ্টি করিয়া একাসনে উভরকে একত্র জড়িত বলিয়া জনুতব হইবে, অর্থাৎ হইরের একটিকে স্বতন্ত্র করিছে গেলে ম্বন ছইটিই জনুত্র হইবে বলিয়া বোধগমা হইবে, তথনই ব্রহ্মকে চিনিতে পারিবে। এক ব্রহ্মই চলকবৎ হিধা বিভক্ত হইয়া প্রস্কৃতি-পুরুষরাশে পরিনৃত্রমান হইতেছেন। ম্বা—

ত্বসাকা দিবমাপয়ঃ শিবশক্তি-প্রভেদতঃ।

সেই অন্বিতীয় পরমাত্মাই শিব ও শক্তি জেদে বিশ্বভাবাপন্ন হইয়াছেন।
পৃষ্টিব পূর্ব্বে এই জগৎ কেবল সংমাত্র ছিল, তিনি এক এবং অনিতীয়:
তিনি আলোচনা কবিলেন, আমি প্রজারূপে বহু হইব।

সত্যলোকে নিরাকারা মহাজ্যোতিঃস্বরূপিণী।
মায়য়াচ্ছাদিতাত্মানং চণকাকাররূপিণী॥
মায়া-বন্ধলং শংত্যজ্ঞা বিধা ভিন্না যদোশ্মুখী।
শিব-শক্তি-বিভাগেন জায়তে স্প্তি-কল্পনা।

নিৰ্বাণতন্ত্ৰ।

শতালৈকে আকাববহিত মহাজ্যোতিঃশ্বরূপ পরব্রন্ধ মহাজ্যোতিঃশ্বরূপ পরব্রন্ধ মহাজ্যোতিঃশ্বরূপ নিজ নারা হাবা নিজে আবৃত হইরা চণকতুল্যস্থভাবে বিরাভিত্ত আছেন। চণকে (বৃট) বেমন একটা আবরণ (পোসা) মধ্যে অস্কৃর সহ চইথানি দল (দাইল) এক ব্ল এক আববণে আবদ্ধ থাকে, প্রকৃতি ও প্রকৃব সেইরূপ ব্রন্ধটৈতন্ত সহ মাধারূপ আচ্ছাদনে আবৃত্ত থাকেন। সেই মারারূপ বন্ধল (থোসা) ভেদ করিরা শিব-শক্তিরূপে প্রকাশিত হইরাছেন। প্রকৃতি-প্রকৃবকে "ব্রন্ধটৈতন্ত সং" বলিবার প্রয়োজন এই বে, প্রকৃতি-প্রকৃবকে জ্বন্ধটৈতন্ত বারাই চেতনাবান্ হর, ব্রন্ধটৈতন্ত পরিত্যক্ত হইলে, জীব-শ্রীয়ে কেবল ভড়মাত্র অবশিষ্ট থাকে।

বন্ধ বধন নিশুণ ও নিজিন্ন, তথনই তিনি ব্রহ্ম, —আর সন্তণ বা প্রকট হটলেই ঈশ্বর বা প্রকা। আর সেই ইচ্ছা বা বাসনা-শক্তিই প্রকৃতি বা আতাশক্তি মহামারা। সেই প্রকৃষ ও প্রকৃতি সর্ক্রেগামী ও সর্ক্র বস্ততেই অবস্থিতি করিতেছেন। ইছ-সংসাদ্ধে প্রতত্ত্ব বিহীন ইইরা কোন বছাই বিভ্যমান থাকিতে পারে না। পরমান্ধা নিশুণ, তিনি কদাচই দৃশ্য হরেন না;—পরম প্রকৃতিরূপিণী মহামারা হক্তনাদির সময়ে সন্তণা, আর সমাধি সময়ে নিশুণা হইরা থাকেন। প্রকৃতি অনাদি, অত্রব তিনি সত্তই এই সংসারের কারণক্রপে বিভ্যমান আছেন, কথমই কার্যাকপ প্রকৃষ সন্নিধানে পরমান্ধার সহিত অভিন্নভাবে অবস্থান করেন, শুণত্রবেব সামাবিস্থা হেতু গুণোদ্ভবের অভাবে তথনই প্রকৃতি নিশুণা হইরা থাকেন।

অতএব "আমি বহু হইব" ব্রহ্মের এইরূপ বাসনা সঞ্জাত হইলে, উাহাকে প্রকট হৈতন্ত ও সেই বাসনাকে মুলাতীতা মূল প্রকৃতি বলে।

যোগেনাত্মা সৃষ্টি বিধে বিধারপো বভুব স:।
পুনাংশ্চ দক্ষিণার্দ্ধান্ধ বামান্ধং প্রকৃতিঃ স্মৃতা ।
সা চ ব্রহ্মস্বরূপা চ মায়া নিত্যা সনাতনী।
যথাত্মা চ তথা শক্তি র্যথায়ো দাহিকা স্মৃতা ॥

अक्रदेववर्डभूतान ।

পরমাত্মা-স্বরূপ ভগবান্ স্টিকার্য্যের জন্ত বোগাবলম্ম করিরা আপনাকে ছইভাগে বিজ্ঞা করিলেন। ঐ ভাগম্যের মধ্যে দক্ষিণ অলার্ছ পুরুষ ও বামার্দ্ধাঙ্গ প্রকৃতি। সেই প্রাকৃতি ব্রহ্মকাপিণী, মারামরী, নিত্যা ও সনাতনী। বেরূপ অগ্নি থাকিলেই তাহার দাহিকাশক্তি থাকে, সেইরূপ যে ছানে আন্ধা সেই স্থানেই শক্তি এবং যে স্থানে পুরুষ সেই স্থানে প্রকৃতি বিবাজিতা আছেন। কারণ,—

শক্তিশক্তিমতোশ্চাপি ন বিভেদঃ কথঞ্চন।
শক্তিমান হইতে শক্তি কথনও বিভিন্ন হইতে পারেন। যথা—
যথা শিবস্তবা দেবী যথা দেবী তথা শিবঃ।
নানয়োরস্তবং বিস্তাচ্চন্দ্র-চক্ষিকয়োর্যথা॥

বায় পুবাণ।

চক্র হইতে চক্র কিবণের যেরপ পৃথক সন্তা নাই, শিব এবং শক্তিবও সেইরণ পৃথক সন্তা নাই। এইজন্ত যেথানে শিব সেই খানেই শক্তি এবং যেথানে শক্তি সেইখানেই শিব। সাভায় বলেন,—

পুরুষস্থ দর্শনার্থং কৈবল্যার্থং তথা প্রধানস্য। পঙ্গুৰুবং উভয়োরপি সংযোগন্তৎকৃতঃ সর্গঃ॥

শাংপ্যকাবিক।।

প্রাকৃতি অচেতন, ইতরাং অন্ধানীয়; পুক্ষ অকর্তা, স্তবাং পর্ হানীয়, উভরে সংযুক্ত হইনা একে অস্ত্রের অভাব পূরণ করে। যেরম অন্ধ দেখিতে পার মা এবং পঙ্গু চলিতে পাবে মা, কিন্তু অদ্ধেব ক্ষমে পঙ্গু উঠিলে পঙ্গু পথ দেখান — অন্ধ ভাহাকে ক্ষমে করিয়া চলিয়া যায়, তদ্রপ প্রাকৃতি ও পুকরে সংযুক্ত হ**ইয়া একের অভাব অন্তে পূরণ করেন**; তাঁহানের সংযোগের ফলে সৃষ্টি সাধিত হয়।

এই প্রকৃতি পূক্ষর উভরাত্মক ব্রন্ধই তদ্রের শিব-শক্তি। কিন্তু বেদান্ত মতে মারা মিথাা—কেবল অধিষ্ঠানরূপ ব্রন্ধেতেই মারা করিত হইরা থাকে। কাজেই অধিষ্ঠানের সন্তা ব্যতীত মারার পৃথক সন্তার প্রতীতি হয় না। তবে এখন শক্তিতেই অধিষ্ঠানভূত সন্তারূপ ব্রন্ধেরই উপাসনা সন্তাবিত বলিয়া বীকাব করিতে হইবে। কলতঃ এই আকারে শক্তির স্বরূপত্ব প্রতিপাদন হইলেও কোন বিরোধ সংঘটিত হইতে পারে না। কেন না, ব্রন্ধ উপাসনা স্থলে কেবল ব্রন্ধের গ্রহণ না করিয়া যেমন শক্তির ব্রন্ধাতিরিক্ত সন্তার অভাব প্রেক্ত শক্তির ব্রন্ধের গ্রহণ না করিয়া যেমন শক্তির ব্রন্ধাতিরিক্ত সন্তার অভাব প্রকৃত্ত পরব্রন্ধ সন্তাবিশিষ্ট শক্তির উপাসনা বুঝিতে হইবে। কলকথা এই বে, যেমন নিক্রপাধিক বিশুদ্ধ চৈতক্ত স্বরূপ পরব্রন্ধের উপাসনা সন্তবে না, সেইব্রুপ ব্রন্ধকে ছাড়িয়া, কেবল মহাশক্তির উপাসনাও সন্তবে না। অধিকন্ধ শক্তিব আশ্রের নাই, তিনি ব্রন্ধেরই আশ্রিতা। তাই তান্ত্রিকের মহাশক্তি—

শবরূপ-মহাদেব-হৃদয়োপরি সংস্থিতাং।

শিবরূপ মহাদেবই নিজিম পরবৃদ্ধ। তাঁছাকেই আশ্রর করিয়া ব্রহ্মশক্তি ক্রিয়াশীলা, তাই মহাকালী শিবের উপর অবস্থিতি করিয়াই বিশ্বের সৃষ্টি-স্থিতি-লর কার্য্য সম্পন্ন করিতেছেন। যথা—

मनिषदः स्थाशः भिरः माकाङ्गाधिना । मा छमानि ভবেছজিন্তরা হীনো নিরর্থকः ॥

স্ত সংহিতা।

শিব নিগুণ, শক্তির দারা উপাধিবিশিষ্ট হইরা সগুণ হরেন অতএব শক্তিহীন শিব নিরর্থক অর্থাৎ সাস্ত জীবের পক্ষে সেই অনস্ত অবশ্রই নিবর্থক। ব্রন্ধেব গুণই শিব, কিন্তু যদি শক্তি কর্তৃক উপাধিযুক্ত না হরেন তবে গুণেব অবলয়ন কোথার? অবলয়ন হীনতার কাঞ্চেই তিনি আবাব নিগুণ। নিগুণ হইলেই কাজেই নিজ্ঞির, তাহ হইলে শিবেব শিবন্ধ নাই। ভগবান্ শঙ্কবাচার্য্য বলিয়াছেন—

শিবঃ শক্তাযুকো যদি ভবতি শক্তঃ প্রভচিতৃং।

শিব যদি শক্তিযুক্ত হয়েন, তবেই তাঁহাৰ প্ৰভাব , নতৃবা তিনি নিক্সিয়।

> যন্মনা ন মকুতে যেনাহুম নোমতঃ।. তদেব ব্ৰহ্ম তৰিদ্ধি নেদং যদিদমুপাসতে॥

> > 4101

বন্ধ নিগুণ,—নিগুণেব উপাসনা সম্ভবে না, অতএব শক্তিসহযোগে তাঁহাব উপাসনা কবিতে হয়। অতএব তান্ত্ৰিকেব শাক্ত উপাসনা—সম্ভণ বন্ধেব উপাসনা মাত্ৰ। এক কথায়, আত্মাশক্তি মহামায়াই সম্ভণ বন্ধ, শব্দেপ শিঃ অবলম্বন মাত্ৰ।

চিতিত্তৎপদলক্যার্থা চিদেকরসরূপিণী।

চিতি এই পদ 'তং' পদের লক্ষ্যার্থ বোধক, অতএব ভিনি একমাত্র চিদানন্দ স্বরূপা।

অতঃ সংসারনাশার সাজিনীযাত্মরূপিনীয়। আরাধয়েৎ পরাং শক্তিং প্রপঞ্চোলাস্বর্জিতাম্॥

সূত সংহিতা।

অতএব সংসার নাশের নিমিত্ত সেই সাক্ষী মাত্র, সমস্ত প্রপঞ্চ ও উল্লাসাদি পরিবর্জিত আত্মস্বরূপা পরাশক্তির আরাধনা করিবে। এই মহাশক্তি তপ্রবর্তী দেবীর আরাধনায় ব্রহ্মসাযুদ্ধ্য লাভ হয়। এই ভগবতী দেবীই বে পরমন্তত্ত পরব্রহ্ম, তাহা ভগবান্ বেদব্যাসেব প্রতি সামাদি বেদ চতৃষ্টরের উক্তি হইতে সর্কসন্মতিক্রেমে প্রমাণিত হইবে।

ঋথেদের উক্তি বদস্কঃস্থানি ভূতানি যতঃ সর্বং প্রবর্ততে। যদাহুস্তৎ পরং তত্ত্বং সৈকা ভগবতী স্বয়ং॥

ত্বল স্ক্র এই সমস্ত জগৎ প্রপঞ্চ হাঁছাতে স্ক্ররণে বিলীন থাকে, আবার হাঁছার ইচ্ছামুসারে সচরাচর জগৎ হইয়া, প্রকাশমান হয়, যিনি স্বয়ং ভগব হী শব্দে কীর্ত্তিভা হন, ভিনিই প্রমৃত্ত্ব।

रक्टर्करमञ् छेकि

या यरेख्वद्रिश्चित्रीमा (यार्गिन ह मभीषारक। यक्तः ध्यमानः हि वद्रः मिका चन्नवजी स्वतः॥

নিখিল যক্ত এবং বোগ যারা যিনি স্তৃত্যান হন এবং বাঁছা হউতে আমরা ধর্ম বিষয়ে প্রমাণ সক্ষণ হইছাছি, শেই অধিতীয়া স্বয় ভগবতীট প্রম তব।

সামবেদের উক্তি

যয়েয়ং ভ্ৰাম্যতে বিশ্বং যোগিভিৰ্বা বিচিন্তাতে। যন্তানা ভাদতে বিশ্বং দৈকা তুৰ্গা জগন্ময়ী॥

বাঁহাব দ্বারা এই বিশ্ব সংসার ভ্রম বিশসিত হইতেছে, যিনি যোগিগণেব চিন্তনীয়া, বাঁহাৰ ভেন্ধ:প্রভাবেই সমস্ত জগৎ প্রকাশ পাইতেছে, সেই জগন্মরী দুর্গাই প্রম তর।

चर्षर्यर्वरतित जेकि

ষাং প্রপশ্চান্ত দেবেশীং ভক্তাসুগ্রাহিণো জনাঃ। তামাত্যুং পরমং ব্রহ্ম দ্র্গাং ভগবতীং মুনে॥

বাঁহাৰ অনুপ্ৰহাশ্ৰিত লোকেবাই ভক্তি দ্বাবা বাঁহাকে বিশেশনী স্বৰূপে দোধতে পায়, বাঁহাকে ভগবতী হুৰ্গা বলে ডিনিই পৰম প্ৰক্ৰডৰ ।

বেদ চকুষ্টয়েব উক্তি দ্বাবা অবিসংবাদিনপে মীমাংসিত হইল বে এই দেবীই ব্রহ্মনপে ব্রহ্মবাদী ঋষিগণ কর্তৃক পবি।নশ্চিত হইয়া বেদ ও বেদাম্ম মধ্যে এইরপ প্রদর্শিত হইয়াছেন। তাই তাাদ্রক সাধক সচিচদানদ্দময়ী পবাশক্তি দেবীকে পবমব্রহ্মরূপিনী জ্ঞানে উপাদনা কবিরা থাকেন। তবে শক্তিব অবলম্বনেব জন্ম শবরূপ মহাদেব সংযুক্ত করিয়া লইয়াছেন। অভএব ভয়শাস্ত্রমতে প্রকৃতি-পুক্ষাত্মক শিবশক্তিই প্রমন্ত্রহ্ম এবং তাঁহাদেব উপা-সনাই ব্রহ্ম-উপাসনা।

শক্তি-উপাসনা

শক্তি উপাসনা আধুনিক নতে। আর্যাক্সাতিব প্রবল জ্ঞানোরতিব সময়ে তাঁহাবা মহাশক্তিব অন্তিত্ব হৃদয়সম করিতে সক্ষম হইরাছিলেন। *
সভাযুগে স্থবণ, ত্রেতার বল্ববংশাবতংস বামচন্দ্র এই মহাশক্তিব পূজা কবিয়াছিলেন। সেই মহাশক্তি নিত্যা, জন্ম-মৃত্-বহিত স্বভাবা (জনতেব আদিকাবণ) এই ব্রহ্মাণ্ডই তাঁহার মৃত্তি, তাঁহা হইতে এই সংসাব বিস্তাবিত হইরাছে। যে অনাদি মৃলশক্তি হইতে এই নিখিল ব্রহ্মাণ্ড স্ট ইইরাছে বিজ্ঞানও তাঁহার অন্তিত্ব অস্বীকাব করিতে পাবে না। এই নিখিল জগতেব মলে যে অনির্বাচনীয়, অনিস্তা, জনস্ত, অজ্ঞের এক মহাশক্তি বিবাজিত বহিরাছে, ইহা পাশ্চাত্য পণ্ডিতগণ্ড মৃক্তকণ্ঠে স্বীকাব কবিরাছেন। বিজ্ঞানব বন্ধর পথে অহনিশ ভ্রমণ কবিয়া পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ এই মহাশক্তিব

^{*} প্রধাগ নগরীর বাট প্রস্তর্বিলি পাঠ কবিয়া অবগত হওয়া যার

বে, সপ্তরণ শতাকীর পূর্বে গুপ্তবংশীর নবপতিদিগের মধ্যে কেই কেই শক্তিউপাসক ছিলেন। কান্তকুজপতি মহেক্সপাল দেব ও তৎপুত্র বিনায়কপাল
প্রদত্ত তাত্রশাসন পাঠে অবগত হওয়া যার বে, শকাব্দেব অস্তম শতাকীতে
কান্তকুজপতিগণপ্রায় সকলেই শাক্ত ছিলেন। গোডেশ্বর মহাবাজ শক্ষণ
সেনের তাত্র শাসনের শীর্ষদেশে দেবী দাক্ষারণীর প্রতিমৃত্তি উৎবীণ
বহিয়াছে। ইহা যাবা সহজেই অমুমিত হয় বে, শক্তি সেন-রাজগণেব
কুলদেবতা। প্রায় আট শতাকী পূর্বে তাত্রিক ধর্মের প্রবল উরতি
ইইয়াছিল। এই সময় আমাদের বাজালা ভাষার জন্ম। বিক্ত-উলাসক

অন্তিত্ব মাত্র অবগত হইয়াছেন। † যে সময় হার্কার্ট স্পেকার প্রাকৃতি পণ্ডিতগণের পূর্বপৃত্ধকাণ উলঙ্গ চহার বৃক্ষকোটরে বাস ও বস্তুজাত ফল-মূলে ক্রিবারণ করিতেছিলেন, সেই সময় আর্য্যগণ জ্ঞান ও ভক্তিব সবল মার্গে গমন করিয়া সেই মহাশক্তিব দর্শন পাইয়াছিলেন।

উপনিষদেব সময় আয়গণ বৃথিতে পাবিশান, যে শক্তিতে দেববাজ ইন্দ্র বিশ্বন্ধাণ্ড চূর্ণ করিতে পারেন,—যে শক্তিতে অগ্নি বিশ্বদানন কবিতে পাবেন,—যে শক্তিতে পবন বিশ্ব বিলোভন কবিতে পারেন—সেই সেই শক্তি তাঁহাদেব নিজপক্তি নতে, অন্ত এক মহাশক্তি হইতে তাঁহারা স্ব স্ব শক্তি প্রাপ্ত হইরাছেন। তৎকালে সেই মহাশক্তি আর্য্যদিগকে ভগবভীকপে দশন দান কবিয়াছিলেন।

অবৈতবাদি এই মহাশক্তিকে জ্ঞানবোগে বিশ্বেড়ন কবিয়া উপবি ভাগে এক অপূর্ব্ব অধিতীয় চিন্ময় পদার্থকে দ্রষ্ট্ বংশ সংস্থাপন কবিয়াছেন ও তরিয়ে তাঁহাবই আশ্রয়ে দৃশ্যকপে এই বিশ্বব্রনাণ্ডেব অনস্ত শক্তিব

বান্ধণট বাঙ্গলা অক্ষৰ ও বাঙ্গালা ভাষাৰ জন্মদাতা। শক্তি উপাসক দাবাই বাঙ্গলা ভাষায় সৰু প্ৰথম (কবি কন্ধন মৃকুন্দবাম চক্ৰবৰ্ত্তী ক্তুত চণ্ডীকাৰা) মহাকাৰ্য বচিত হইয়াছিল।

[†] হাববার্ট স্পেন্সার বলিয়াছেন,—"There is an Infinite and Eternal Energy from which everything proceeds" স্পেন্সার এই মহালজ্ঞির স্বরূপ অপরিজ্ঞের বলিয়াছেন। পণ্ডিতপ্রবর্ষ মিল ইহাকে জড়লজি নিবেচনা কবেন। ভক্তিব অভাবই তাঁহাব এরূপ বিবেচনাব কাবপ।

ক্ষেত্রভূত পদার্থকে রক্ষা করিয়া বিশ্বলীলার ক্ষমন মীমাংলা করিয়াছেল।
নাংখ্যকারও এই উপরিতন পদার্থকে প্রকা ও অক্তন পদার্থকে প্রকৃতি
বলিয়াছেন। ক্ষতরাং ভারিকের আরাধ্য মহাশক্তি এতহুভরের বিশাল
সমষ্টি হইরা দাঁড়াইতেছেন। ক্ষতু-অক্ষড়, চর-অচর—সমস্টই ইহার
অনস্ত সন্তার অন্তর্গত হইতেছে। ক্ষতরাং ইনিই নিগুণ সময়ে তুরীয়া,
সগুণ অবস্থার সন্তর্গতহেমাময়ী,—তথম রজোগুণে স্বাষ্টি, সন্ধাণণ হিতি
ও তমোগুণে বিনাশ সাধিত হর। মহানির্বাণ তক্র হইতে উক্ ও করিয়া
এ সন্ধান কিছু বর্ণিত হইল।

মহাদেব কহিলেন,—"হে দেবি। লোকে ভোমার সাধনায় ব্রহ্ম
সাযুজ্যলাভ করিতে পারে, এজন্ত আমি ভোমারই উপাসনার কথা
বলিতেছি। হে শিবে। তুমিই পরব্রন্ধের সাক্ষাৎ প্রকৃতি,—ভোমা
হইতেই জগতের উৎপত্তি হইরাছে, তুমি জগতের জননী। হে ভদ্রে!
মহন্তব হইতে পরমাণু পর্যাস্ত এবং সমস্ত চরাচর সহিত এই জগৎ ভোমা
হইতে উৎপাদিত হইরাছে, এই নিথিল জগৎ ভোমার অধীনভার আবদ্ধ।
তুমিই সমূদর বিভার আদিভূত এবং আমাদের জন্মভূমি, তুমি সমূদর
জগতকে অবগত আছ, কিন্তু ভোমাকে কেহুই জানিতে পারে না। তুমি
সর্কাদেবমরী ও সর্কান্তিকর্মপিণী। তুমিই স্থুল, তুমিই স্থুল, তুমিই
বাক্র ও অব্যক্তব্রমপিণী,—তুমি নিরাকাব হইরা সাকার, ভোমার
প্রাক্ততন্ত্র কেহুই অবগত নহে। তুমি সর্কান্তর্মাণী এবং সকলেব
প্রধান জননী; তুমি তুই হুইবে সকলেই তুই হুইরা থাকে। তুমি
স্থানি জননী; তুমি তুই হুইবে সকলেই তুই হুইরা থাকে। তুমি
স্থানি জননী; বুমি তুই হুইবে সকলেই তুই হুইরা থাকে। তুমি
স্থানি আনিতে তমোরূপে অনুভাতারে বিরাজিত ছিলে,—তুমিই পরব্রন্ধের স্থান্ট করিবার বাসনা,—ভোমা হুইতেই জ্বগৎ উৎপন্ন হুইরাছে। মহৎকৃত্ব হুইতে আরম্ভ করিরা মহাভূত পর্যান্ত নিথিল জনং

তোমারই সৃষ্টি । কর্মকারণের কারণ পরব্রদ্ধ, কেবল নিদিত্ত মাত্র।
ব্রদ্ধ সংস্বরূপ এবং সর্বব্যাপী, তিনি সমুদ্র অগংকে আবৃত করিয়া রাখিরাছেন,—তিনি সর্বাদা একভাবে অবস্থিত, তিনি চিন্মর এবং সর্ব্ধ বস্তুতে
নির্লিপ্ত। তিনি কিছুই করেন না,—তিনি সত্য ও জ্ঞান স্বরূপ,—আগস্ত বর্জ্জিত এবং বাক্যমনের অগোচব। তুমি প্রাৎপনা মহাযোগিনী, তুমি সেই
ব্রদ্ধের ইচ্ছামাত্র অবলম্বন করিয়া এই চরাচব অগং স্ক্জন, পালন ও সংহাব
ক'বরা থাক।"

এই মহাশক্তি বিশ্বা ও অবিশ্বারূপে মুক্তি ও বন্ধনেব হেড়ু হইয়া থাকেন। যদি কেহ বলেন একই প্রকৃতি বন্ধন ও মুক্তিব কাবণ হইলেন কি প্রকাবে? তাহায় উত্তব এই যে, একই স্থানবী রমণী যেমন প্রিয়জনেব স্থাবৰ, সপত্নীর হঃখেব এবং নিব।শ প্রেমিকের মোহেব হেতৃ হইয়া থাকে,— তেমনি মুহাশক্তি বিশ্বা ও অবিশ্বারূপে মুক্তি ও বন্ধনের কাবণ হইয়া থাকেন। মহামতি মেণস বলিয়াছেন,—

*শৃণ্ দেবি মহাভাগে তবাবাধন কাবণম্।
তব সাধনতো যেন ব্রহ্ম সাযুক্তামশ্লতে ॥
বং পরা প্রকৃতিঃ সাক্ষাৎ ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
বত্তো জাতং জগৎ সর্বাং বং জগজ্জননী শিবে।
মহদাত্যপূর্ণগাস্তং যদেতৎ সচবাচরম্।
ভবৈবোৎপাদিতং ভত্তে ত্বদধীনমিদং জগৎ ॥
ত্বমাত্মা সর্কবিভানামশ্বাক্ষপি জন্মভূঃ,
বং জানাসি জগৎ সর্বাং ন তাং জ্ঞানাতি কশ্চন ॥—

हेक्यामि ॥

মহানিৰ্মাণ ভৱেদ হৰ্ড উল্লাস দেখ।

নিতাৈৰ সা জগন্ম বিজয়া সংমোহাতে জগৎ ॥
সৈব প্ৰসন্ধা বরদা নৃগাং ভবতি মুক্তয়ে ॥
সা বিভা পরমন্তেহে তুভ্তা সনাত্নী।
সংসার-বন্ধহেতুশ্চ সৈব সর্বেশরেশ্রী ॥ .

- वीहवी।

সেই মৃল প্রকৃতি মহাশক্তি নিত্যা, তিনি জগন্ম র্ত্তি—এবং তিনি সমস্ত জগৎ মৃগ্ধ করিয়া বাধিয়াছেন। তিনি প্রসন্না হইলে, মন্ত্রখাদিগকে মৃত্তিব জন্ত বৰদান কবিয়া থাকেন। তিনি বিত্যা, সনাতনী ও সকলেব ঈশ্বী এবং মৃত্তি ও বন্ধনেব হেতুভূতা।

তথাপি মমতাবর্ত্তে মেংশর্তে নিপাতিতাঃ।
মহামায়া-প্রভাবেণ সংসার-ন্থিতিকারিণঃ।।
তরাত্র বিস্ময়ঃ কার্য্যো যোগনিদ্রা জগৎপতেঃ।
-মহামায়া হরেশ্চেতত্তরা সংমোহাতে জগৎ।
জ্ঞানিনামপি চেতাংদি দেবী ভগবতী হি সা।
বলাধাক্ষ্য মোহার মহামায়া প্রযক্ততি॥
তয়া বিস্ফ্রাতে বিশ্বং জগদেতচ্চরাচরম্।
দৈষা প্রদন্ম বরদা নূণাং ভবতি মৃক্তয়ে॥

बैहु शे।

জগতের হিতি সম্পাদনের জন্ত, সেই মহামায়া প্রভাবেই জীবগণ মমতা আবর্ত্ত পরিপূবিত মোহগর্তে নিপতিত হয়। অন্তের কথা কি বলিব, যিনি জগৎপতি হরি, তিনিও এই মহামায়ার ঘারা বশীক্ত বহিরাছেন। ইনি সর্ব্বেজ্রির শক্তির নিয়ন্ত্রী, ইহার ঐথর্যা অচিস্তা। ইনি জ্ঞানিগণের চিত্তও বলপূর্ব্বিক সংমুগ্ধ করিয়া থাকেন, ইহার ছারাই চরাচর সমস্ত জগৎ প্রস্তুত হর, ইনি প্রসন্না হইলেই লোকের মৃক্তিদাত্রী হয়েন।

তরৈত্তমোহাতে বিশ্বং সৈব বিশ্বং প্রসূত্ত।

সা যাচিতা চ বিজ্ঞানং তুক্তী ঋদ্ধিং প্রয়ছতি ॥

ব্যাপ্তস্তয়ৈতৎ সকলং ব্রহ্মাণ্ডং মনুজেশ্বর।

মহাকাল্যা মহাকালে মহামারী-শ্বরূপয়া ॥

সৈব কালে মহামারী দৈব স্প্রিভিবত্যকা।

শ্বিতিং করোতি ভূতানাং সৈব কালে সনাতনী।
ভবকালে নৃগাং সৈব লক্ষার্কি বিপ্রদা গৃহে ॥

সৈবাভাবে তথালক্ষার্কিনাশায়োপজায়তে ॥

শ্বৈতা সংপ্রিভা পুলেপর্যুপগন্ধাদিভিত্তথা।

দদাতি বিত্তং পুজাংশ্চ মতিং ধর্মে তথা শুভাম্॥

শ্ৰীচণ্ডী।

এই দেবী দারাই এই বিশ্বকাণ্ড মুগ্ম চইতেছে, ইনিই এ বিশ্ব সৃষ্টি করেন, ইহার নিকট প্রার্থনা করিলে ইনি তুটা হইরা জ্ঞান ও সম্পদ প্রদান করেন। এই মহাকালী কর্তৃক অনস্ত বিশ্ব পরিব্যাপ্ত আছে; ইনি মহাপ্রমণকালে ব্রহ্মাদিকেও আত্মদাৎ করেন এবং থও প্রলবে ইনিই সমস্ত প্রাণিগণকে বিনাশ করিরা কেলেন। সৃষ্টি সমরে সমস্ত বিবর সৃষ্টি করেন, আবার হিতিকালে প্রাণীদিগকে পালন করেন, কিছু ইহার কথনই উৎপত্তি

হর না। ইনি নিতাা, লোকের অন্তাদরকালে ইনি বৃদ্ধিপ্রদা লক্ষী, আবাব অভাবের সমরে অলক্ষীরূপে বিনাশ করিয়া থাকেন। ইহাকে তব কবিয়া পূপা, গছ, খুপাদি ত্বাবা পূজা করিলে বিত্তপূজাদি দান ও ধর্মে ওভবৃদ্ধি প্রদান করিয়া থাকেন।

আরাধিতা দৈব নৃশাং ভোপস্বর্গাপবর্গদা।

ত্রীচণ্ডী।

এট মহাশক্তিৰ শরণাপর হইয়া ইহাকে আরাখনা করিতে পাবিলে ভোগ, স্বর্গ ও মুক্তিলাভ হইয়া থাকে ।»

একমাত্র মহামায়ার আবাধনা কৰিয়া তাঁহাকে প্রসন্ন করিতে পারিলে বে, মৃক্তির হেতুভূত তরজান উৎপন্ন হয়, ইহা বােধ হয় সকলেই বুঝিতে পারিয়াছেন। আমাদেব জ্ঞানকে সেই বিষয়-রূপিণী মহামায়া সংসারস্থিতি কাবণে বিধবংস করিয়া মমতাবর্জপূর্ণ মােহগর্ত্তে নিপাতিত করেন। সে জ্ঞান সেই জ্ঞানাতীতা মহামায়া, বলহারা আকর্ষণ ও হয়ণ করিয়া জীবকে সংমুগ্ধ কবিয়া রাঝেন। এইয়প করিয়াই তিনি এ জগৎ হিব বাথিয়াছেন। নজুবা কে কাহার—কাহার জ্ঞা কি গ বদি মায়াববণ উন্মুক্ত হইয়া বায়,—বদি মােহের চসমা খুলিয়া পড়ে, তথন কে কাহাব পুল. কে কাহার ক্ঞা, কে কাহার স্ত্রী; সেই মহামায়া রূপ, রস, গর্ম, ম্পর্ণ. শব্দের হাট বলাইয়া জীবগণকে প্রল্ম করিয়া এই ভবের হাটে পেলা করিছেছেন। এইয়প, রস, গর্ম, ম্পর্ণ, শব্দের প্রাটবা আইতেছেন,—ইয়াদের আকর্ষণে জীব সম্দর্ম উন্মন্ত। জীবেব

শহামারাব আরাধনাব কারণ ও তর্থসাধনোপান্ধ মৎপ্রাণী ত ''জানী গুক''
পুত্তকের মারাবাদ শার্মক প্রবন্ধে বিস্তারিত সেখা হইরাছে।

সাধা নাই বে, এ নেশা—এ আকুন ভ্যা নিষারণ করিতে পারে। ভবে যদি সেই বিষয়ার্থিচাত্রী দেবী—সেই পরমাবিক্লা যুক্তির হেতুভূতা সনাতনী প্রদার হয়েন, তবেই জীব এই বন্ধন চনত বিষ্কু ফ্টতে পারে। ভাট প্রমত্তরক্ত মহেশ্বব বলিয়াছেন—

"শক্তিজ্ঞানং বিনা দেবী মুক্তিহাস্তায় কলতে।"

অর্থাৎ শক্তি উপাসনা ভিন্ন মুক্তিব আশা হাক্সজনক ও বৃধা। শক্তি উপাসনা সেই ব্রহ্মরূপিণী নহামায়ার সাধনা। তাঁহাব সাধনা করিয়া প্রকৃতিব যে স্থবালসা তাহাই উপভোগ কবে এবং মোহাবর্ত্ত বিনষ্ট কবে। প্রকৃতিব বস উপভোগ করিয়া মান্নার বাঁধন—আকর্ষণেব আকুলতা বিনষ্ট কবিন্না, শক্তি-সাধনান্ন উত্তীর্ণ হইতে পাধিলে সাধক ব্রহ্মসাযুজ্য লাভ কবিতে পারে।

প্রথমতঃ সদ্প্রকাব নিকট চইতে দেনীব মন্ত্রাহণ করতঃ কারমনোবাক্য দাবা লাঁচাকে আশ্রয় কবিবে; সর্বাদা তাঁহাতে মনোবিধানেব চেষ্টা
কবিবে এবং তদগতপ্রাণ হইবে। সর্বাদা তাঁহাব প্রসঙ্গ— তাঁহার গুণগান

তাঁহার নাম জপে সম্প্রক হইবে, যে সাধকোত্তম মৃক্তি ইচ্ছা কবিবে,

সে তদ্যক্তিপবারণ হইরা তাঁহাব পূজাদি প্রসঙ্গে প্রীতিষ্ক্ত মানস হইবে।
সীর স্বীয় বর্ণাশ্রমাচিত ও বেদ বিহিত এবং স্বৃত্তামুমোদিত পূজা-ষজ্ঞাদি

হাবা তাঁহাবই অর্চনা কবিবে অর্থাৎ কামনা-বিরহিত হইরা ঐ সমস্ত ক্রিয়ান

হুষ্ঠান দেবীব প্রীত্যথাই করিবে। কেননা—

জ্ঞানাৎ সংজায়তে যুক্তি ভক্তিজ্ঞানক্ত কারণম্ ধর্মাৎ সংজায়তে ভক্তিধ র্মো যজ্ঞাদিকো মতঃ ॥

ভগৰতীগী ভা

रकापि धारा धर्म गान्छ, धर्म इट्रेंट एकि, एकि इट्रेंट कान धरः साम ইটতেই মৃক্তি লাভ হইয়া থাকে। অভএৰ ধৰ্মাৰ্থ মৃমৃকু বাঞ্জিসকল বজ্ঞ, ভপস্তা ও দান ধারা দেবীর উপাসনা করিবে; তাহার ধারা ক্রমশঃ ভক্তি দৃঢ়তরা হইবে, তদনস্তরই তত্তভান উদয় হইবে; সেই তত্তভান ধারা স্ক্তি লাভ হইবে। এই প্রকার শাস্ত্র-বিধি-বিহিত ক্রুশ্ম করিয়া যথম অন্ত:করণ নির্মাণ হইবে, তখন আত্মজ্ঞান উদ্দীপ্ত হইয়া সর্বাদা ইচ্চা হটান কডদিনে পরমধন লাভ করিব। তথম আর আর বাবতীর জগতের সকলেরই (স্ত্রী পুলাদি) প্রতি ঘুণা হইয়া, বন্ধারা দেবীর সচ্চিদানক শ্বরূপ নিত্যবিগ্রহে মনোনিবেশ হয়, ততুপ্যোগী বেদাস্তাদি শাল্পে মনোনিবেশ হয়। গুরুপদেশ সহকারে ঐ সকল অধ্যাত্ম-শাল্তের আলোচনা করিতে করিতে তাঁহার নিত্য কলেবর সেই অপার আনন্দ-সাগর কোনও সময়ে অত্যব্নকালের জন্তও অন্তঃকরণে ম্পর্ন হয়, তাহাতেই জগতের যাবতীয় পদার্থকে অতার জঘক্ত স্থপের কারণ বোধ হয়, ভজ্জক্ত কোন বস্তুতে অভিদাধ থাকে না; স্থভরাং কামনা পরিত্যাগ হইরা যায়। সমুদয় জীব-পদার্থে দেবীর সত্তা নিশ্চর হইয়া সকল জীবের প্রতিই পরম বত্ন উপশ্বিত হয়; স্মৃতরাং হিংসাও পরিত্যাগ হয়। একম্প্রকার ভাবা-পর হইলেই তত্ত্ব-বিছা আবির্জুতা হ'ন, ইহাতে সংশয় নাই; তত্তজান উপন্থিত হইলেই তাঁহার নিত্যানন্দ বিগ্রহ যে পরমাত্মভাব তাহাই সাক্ষাৎ প্রত্যক্ষ হয় : তাহাতেই সাধকের জীবসুক্তি লাভ হইয়া থাকে ।

নিন্ত'ণা সন্তণা চৈতি বিধা প্রোক্তা মনীবিভিঃ। সন্তণা রাগিভিঃ সেব্যা নিন্ত'ণা ছু বিরাগিভি:॥ নেই পর্য প্রথম প্রথম পিনী সজিলারন্দ্রমী পরাশক্তি দেবীকে জ্বনাদী দ্রীবিলণ সঞ্জ ও নিশুণ ভেলে চই প্রকার বলিরা কীর্তন করিরাছেন; ভারার মধ্যে সংসারাসক্ত সকাম সাধকরণ জাহার সঞ্জ ভাব আর বাসনা বর্জিত জ্ঞান-বৈরাগ্যপূর্ণ নির্মান্ততো বোগিগণ নিশুণ ভাব সমাশ্রর পূর্বাক্ষ উপাসনা করিরা থাকেন। ভারার কারণ দেবীবাক্যেই মীমাংসিত হইবে। গিরিরাজের প্রশ্নে পার্বাতী বলিরাছিলেন,—

দ্ধে পিজঃ! সহল সহল বন্ধুন্তের মধ্যে কেছ আমাতে ভক্তিযুক্ত হয়; সহল সহল ভক্তিযুক্ত ব্যক্তির মধ্যে কেছ আমার তব্বজ্ঞ হয়; আমার বেরুপ পরণ, ক্লাজীত, নিজ প, নিলাকার, জ্যোজিঃ অরূপ, সর্বাবাপী অবচ নিরংশ, বাকাজীত, সমস্ত জগতের অভিতীর কারণ অরূপ সমস্ত জগতের আধার, নিরালব, নির্ক্তির, নিজাটেতভ্ত, নিভ্যানক্ষর, আমার সেই রূপকে যুমুকু ব্যক্তিরা কেছবরু বিমুক্তির নিমিত্ত অবল্যন করে! হে বাজন্! মারার্গ্র্য ব্যক্তিরা সর্বাগ্র অবৈত অরূপ আমার অব্যরম্ভাবে জানিতে পারে না; কিন্তু যাহারা ভক্তিপূর্বক আমাকে ভল্তনা করে, ভাহারাই আমার পর্মমন্ত্রপ অবগত হইরা মারালাল হইতে উত্তীপ হর। হে ভূষর! স্ক্লেরপের ভার স্থলরপের আমার প্রমন্ত্রপ কামার ছলরপের মধ্যে গণ্য, ভ্রথাপি আমার দৈবী মুর্তির আরাধনা করিতে হইবে কারণ উহাই শীল্র মুক্তি গানে সমর্য। বর্থা—

মহাকালী তথা তারা বোড়নী তুবনেশ্রী। ভৈরবী বগলা ছিলমন্তা মহাত্তিপুরহান্দরী। ধুমাবতী চ মাতলী নৃগামান্ড বিমৃতিকা। াএই করেক মৃত্তিন মধ্যে কোনও মৃত্তিকে দৃদ্ধ ছিলপূর্কক উপাসনা করিলে পীএই মৃত্তিপাভ হয়। প্রান্ততঃ ক্রিয়াবোপ বারা উপাসনা করিছে করিছে বধন গাড়জন ছক্তির উনর হর, তথন পরমার্থ-সরূপ আমার স্করণে দৃঢ় বিখাস কনন কথন অবলোকন হইনা জগতেব কোনও রমণীর বছকে তদপেকা রমণীর বলিরা বোধ হর না,—সগতেব কোনও লাভকে তরাভ হইতে অধিক জ্ঞান হয় লা; ভাহাতে ক্রমণা: আমাকে প্রাপ্ত হইরা সেই সাধকেরা ছ:খালর অনিজ্ঞা সূনর্জয় আর ভোগ করে না। অন্যাননা হইরা যে ব্যক্তি আমাকে সর্বান্ত সরূপ করে, আমি ভাহাকে এই ক্রন্তর সংস্থার-সাগর হইতে অবস্তুই উদ্ধার করি। অনায়েচভা রইরা আমার বেরপের ভজনা করক, ভাহাতেই মৃত্তিলাভ হইবে। কিন্তু সদ্ধর মৃত্তিলাভ করিবার জন্ম শক্তিমর রূপকে আশ্রর করা করিব। অতএব পিতঃ, আপনি আমার বে কোন শক্তিমর রূপকে আশ্রর পূর্যক জাহাতেই ভক্তি স্থাপন করিরা সর্বান্ত আমাতেই জন্তঃকর্ম অভিনিবেশ করক, ভাহাতেই ভক্তি স্থাপন করিরা সর্বান্ত আমাতেই জন্তঃকর্ম অভিনিবেশ করক, ভাহা হইলেই আমাতে প্রাপ্ত হইবেম।"

ফল কথা এই বে, তুলরূপের চিন্তা না করিরা স্ক্ররপকে হাদরে ধারণ করিতে কেহই সক্ষম হর না। যে স্ক্ররপ দর্শন মাত্রেই ময়ুষাপণ মোক-ধামের অধিকারী হয়, যে পর্যন্ত তুলরূপে চিন্তা-নৈপুণা না হয়, সে পর্যন্ত সেই স্ক্ররপে অন্তঃকরণ গমন করিতে পারে না; অভএব মুমুক্ ব্যক্তি-গণ প্রথমতঃ তুলরূপ অবলঘন করিরা ক্রিয়াযোগ এবং ধ্যান বোগ হারা সেই তুলরূপের বিধিবিশ্লানে অর্জনা করতঃ ক্রমে ক্রমে স্ক্রমণ অবলোকন করেন।

এ পর্যায়- সভদ্র আলোচিভ হইল, ভাঁচার মর্থকথা এই বে, উপাসনা না করিলে মায়্য সিদ্ধিলাভ করিতে পারে না। কিছু নিভাই এর দরীর

দ্বতিত : প্রতরাং কিমলে ভাছার উপাসন। ছইতে পাছে,—তাই ক্লিবরুণ, অন্বিতীয় মান্বাপরিশৃক্ত এবং অশরীরী ক্রম উপাস্ক্রিপের উপাসনা-নৌক্র্যার্থ কালী, তুর্গা, অরপূর্ণা প্রভৃতি স্ত্রীরূপ ও শিব, বিষ্ণু প্রভৃতি পুরুষরূপ পরিগ্রহ করিয়াছেন। স্ত্রী-মূর্তির অধীৎ দেবীর অন্তঃকরণ অজীব কোৰল, স্থতরাং সাধকের হুর্গতি দেখিলে সহজেই দয়াপ্রবণ হর, কিন্তু পুরুষ বিগ্রাহ অতি কঠোর তপস্তা করিলে নরা করিরা থাকেন। অন্ত্র দেবতার উপাসকেরা কেহ বা মৃত্তিলাভ করে, কেহবা অতুল ভোগ-ত্বথ প্রাপ্ত হর, কিন্তু দেবীর উপাসকের ভক্তি ও মুক্তি উভয়ই কর্ম্বিত। অভএৰ সকলেরই মহাশক্তি দেবীর আরাধনা করা কর্ত্তব্য, কেননা, ভাহাতে শীব্রই ফললাভ হইরা থাকে। এই মহাশক্তি বিছা ও অবিদ্যা-রূপে ভিবিধ। বিভা ও অবিভা তুইটাই মান্তাক্তিত, যিনি বন্ধের কারণ, ভিনি অবিছা, আর যিনি মুক্তির কারণ, তিনি বিছা নামে কীর্তিতা। विष्ठारकरे मर्सना स्मवा कतिरद. कनानि व्यविष्ठारमधी श्रेटर ना. कातन অবিভা, কর্মের দারা বন্ধন করতঃ জানকে বিনষ্ট করে। জান নষ্ট হট-লেই হানি হয়, হানি হইলেই সংহার, সংহার হইলেই ঘোর এবং ঘোর চইতেই নরক হটরা থাকে, অতএব কখনই অবিস্থার সেবা করিবে না। বিনি বিছা, তিনিই মহামারা, তাঁহাকে পঞ্জিতগণ সর্বাদাই সেবা করিবেন। ইভার মধ্যে স্ব স্ব অধিকারামুসারে দেবীর সচিদানন্দর্রপিণী নিচল ব্রহ্ম-রূপের অথবা দৈবী সুলগৃত্তির উপাসনা করিছে। দেবীর উৎক্রপ্ত সেই সুস্থ রূপ কেহই থ্যান-ধারণার বিষয়ীভূত করিতে পারে না ; কেবল নির্দ্রলচেতা বোলিগণ নিৰ্মিকত সমাধিযোগে ভাছা উপলব্ধি ক্ষিত্ৰী থাকেন। বথা---

্ঞকং সর্বস্কঃ সূক্ষঃ কৃটিশ্বচলং শ্রুবস্ত। বোগিনতথে প্রপশ্রম্ভি মহাদেশ্যঃ পরং পদস্ক পরাৎ পরন্ধরং ভবং শাখতং শিবসমূহতম্। অনস্তথ্যক্তো লীনং দেব্যাত্তৎ পরসং পদম্॥ শুজং নিরপ্তনং শুদ্ধং নিগু শং দৈয়া-বর্জিতম্। আছোপলব্ধি-বিষয়ং দেব্যাত্তৎ পরমং পদম্॥

কৃষ্পুরাণ।

ভিনি একনাত্র অবিভীর সর্বত্রগানী নিত্য কৃটস্থ চৈতক্ত সক্ষণ, ক্ষেবল বাদিগণই ভাঁহার সেই নিরুপাধিক স্বন্ধণ দর্শন করিতে সমর্থ। প্রকৃতি পরিলীন, অনস্ত-মজল-স্বন্ধণ, দেবীর সেই পরাংপর ভন্ত পর্যাপদ যোগিগণই নিরু ব্লন্ধ-ক্ষল মধ্যে সাক্ষাংকার করিয়া থাকেন। দেবীর সেই অভীব নির্মাণ, সভত্ত বিশুদ্ধ সর্বাদীনভাদি-দোষ-বর্জিভ, নির্মাণ, নিরন্ধন, ক্ষেবল অন্যোপদন্ধির বিষয় পরমধান, একমাত্র বিমলচেভা যোগেশ্বর প্রথবেরাই স্কৃত্ব ক্ষিয়া থাকেন।

অতএব সাধারণের জন্ত কাল্যাদি তুলরূপের উপাসনা বিধিবদ্ধ হই-বাছে। আমিও এই গ্রহে ভৃষিবর্গই বিবৃত করিব।

দেবীযুর্তির কর

ভক্তনিগকে রোক্ষপ্রাধানার্থ, উপেননার সৌকর্যের নিমিন্ত ভক্তবৎসল নিরাকার পরব্রদ্ধ আকার পরিপ্রাহ করিয়াছেন। বধা—

শেবীর বোলোক্ষ সাধ্যোগার ক্রপ্রেক্ত জানীক্তর পূত্রকের সাধন কালে ফ্রান্তর ক্র

भटक्षियार वर्षानाः विद्धार्क्षियापशः खण्यः । नक्नः ভावना-रयाभाः रयाभिनायभि निक्नयः

লিকার্চনতর।

অর্থাৎ ব্রহ্মের কর্মবোগ, জ্ঞানযোগ ও ভক্তিবোগশালী মনুব্যের ভাবনা-যোগ্য স্থলর শরীর আছে। স্তরাং আবাসবোগ্য রমণীর পুরীও আছে। সেই পুরী পরম রম্য ও স্বয়ুপ্ত। অর্থাৎ কন সকলেব জাগ্রত অবস্থা অপেকা স্বপ্নাবস্থা বেমন অধিকতর শুপ্ত এবং অধিকতর আশ্রুর্ব্য ভূমি, সুবৃত্তি অবস্থা আৰার তদপেকা গুণ্ডতম এবং অত্যাশ্চর্য্য দর্শনীয়,— আত্মাশক্তির পুরীও তেমনি গুপ্ততম অত্যাশ্চর্য দর্শনীর। সেই পুরী চতুর্বারযুক্ত; রত্নময় তোবণ-প্রাকার গঞ্চল রত্ম-লান্থিত; চতুর্দিক মুক্তামালা-পবিশোভিত; বিচিত্ত ধ্বন্ধপভাষা সকল অত্যন্ত সালত্বত; আরক্তনেত্র সহস্র সহস্র ভৈরব, খট্টাঙ্গ ধারণ করিয়া ধারদেশ রক্ষা করিতেছে। দেবীর আজা ব্যতিরেকে প্রশা, বিষ্ণু এবং মহেধরও সে ষার সমুদ্রকান করিতে পারেন না। পুরমধ্যে কর-পাদণ সকল ফলপুপ-ভারে নভশাধ হইয়া ভক্তগণকে ধর্মার্ধ-কাম-মোক্ষ প্রভৃতি কল প্রদান করিতেছে। সেই শ্ববিত্তীর্ণ পুরীর উত্তরপ্রান্তেশে অতি বৃহৎ পারিজাত-উদ্যান, সেই উদ্যন সর্বাদাই অফুল কুস্থমে সমাকীর্ণ; বিচিত্র ভ্রমরমালং পুপা হইতে পুশান্তৰে উজ্ঞীন হইরা বাসিডেছে। বসত প্রভু স্কান। বিরাজমান ও মন্দ মন্দ বায়ু সর্বসা বইমান ; ব্রজাদি দেবভাগণ নানাবিধ পক্ষীরূপ ধারণ করিয়া বধুর শক্ষে কালীগুল গালে কালধাশন করিতেছেন। श्चितित्य शक्का वय गरमायम-काशंत्र प्रकृतिर्धि चर्गात कमन-क्स्तान-কুমুদরাজি বিরাজিত, বিচিত্র মধুপশ্রেশীকুক ও বারু সঞ্চালনে মন্দ মন্দ সঞ্চালিত। প্লিন্দেশ বিবিধ পুশো মনেইর-শোভাবিদ্ধ; চফুর্দিকে
যশিষর সোপানবৃক্ত তীর্থচতৃত্বরে হুশোভিত। পুরীর সমমধ্যহলে হুরম্য
বাসগৃহ নানারত্বে বিনির্দ্ধিত ও হুবর্ণবেষ্টিত মণিমর একণত ভন্তযুক্ত;
সেই বণিমন্দিরের অভ্যন্তরে এক হুবিন্তীর্ণ রন্ধ-সিংহাসন অযুত সিংহের
মন্তকে দেনীগ্যমান রহিরাছে। সেই সিংহাসনের উপরি একটা হুলীর্ধ
শব শরান রহিরাছেন; সেই শবোপরি প্রমেশ্বরী মহাকালী সমবন্থিতা
আছেন। সেই ব্রন্ধর্মপিণী স্বেচ্ছাক্রেমে কোটা কোটা ব্রন্ধাণ্ডের স্পর্টি,
ছিতি এবং প্রালম্বর সম্পাদন করেন। বিজয়া প্রভৃতি চতুংবিট যোগিনী
তাহাৰ পরিচর্ব্যা করিয়া থাকেন। এই দেবীর দক্ষিণ ভাগে সদাশিব
মহাকাল রহিরাছেন, মহাকালের সহিত মহাকালী হাইচিত্ত হইরা সর্বাক্ষণই
বঙ্গুছা বিহার করেন। শাল্পে দেবীর এইরূপ ধ্যান বর্ণিত হইরাছে।
বথা—

মেশাঙ্গীং শশিশেশবাং ত্রিনরনাং রক্তাশবং বিজ্ঞীম্ পাণিভ্যামভয়ং বরঞ বিক্সদ্রক্তারবিক্ষিতাম্। নৃত্যস্তং পুরতো নিপীয় মধুরং মাধ্বীক্মদ্যং কালং বীক্ষ্য প্রকাশিতাননবরামাভাং ভজে কালিকাম্।

বাহার বর্ব নেবতুল্য, ললাটে চন্ত্রলেখা আক্ষান্যমান, বাহার তিন
চক্ষু, পরিধানে রক্ত বন্ধ, চুই হতে নয় ও অন্তর, বিনি বিকশিক রক্তপত্তে উপনিই, বাহার রক্ষুণে পুশকাত ক্ষমুর মাধনীক-ক্ষাপান করিয়া মহাকাল নৃত্য করিক্ষেত্রক, ক্রিকি ক্ষাকালের এরণ ক্ষমহা বর্গমে হাজ করিক্তেন্তেন; ক্রেকি ক্ষাক্ষাক্ষীকে ক্ষমনা করি।

পাঠক! এখন দেবীর এই রূপকে জালের সুক্তি বিশ্লেবণ করিলে প্ৰব্ৰহ্মের পরাশক্তিরই পরিচর পাইবে। ফুডরাং এই রূপে ক্তরূপ ক্সান-বিক্রানেব আভাস দিতেছে ভাবিলে, বিশ্বিত ও পুলকিত হইয়া হিন্দু ৰবিগণকে সমন্ত্ৰমে প্ৰাণাম কৰিৰে। শ্বেড, পীত প্ৰভৃত্তি বৰ্ণ সমুদ্ৰর বেষন কৃষ্ণ বৰ্ণে বিশীন হয়, তাহায় স্তায় সর্বাভূতই প্রকৃতিতে শয় পাপ্ত **# हेबा খাকে। এই ছেড়ু সেই নিগুণা নিরাকাব যোগিগণের হিভকাবিণী** প্রাশক্তি ক্লফবর্ণ বলিয়া নিরূপিত হইয়াছে।। নিত্যা, কালরূপা অব্যরা ও ৰল্যাণরণা দেই কালীর অমৃতত্ব প্রযুক্ত, ললাটে চন্ত্রকলা চিহ্ন কল্লিড **ক্ট্রাছে। যেকেডু চন্দ্র, স্থা ও অধিরণ নেত্র হারা কালসভূত নিধিল** জগৎ সন্দর্শন করেন, সেই হেডু, তাঁহার নরনত্রর কল্পিত হইরাছে। সমুদর প্রাণীকে গ্রাস কবেন ও কালদম্ভ ছাবা চর্কণ করেন বলিয়া সর্কা প্রোণীব ক্ষিব-সমূহ সেই মহেশ্বীর মুক্ত-বসন ক্ষপে ক্ষ্পিত হইয়াছে। বিপদ হুটতে জীৰকে বন্ধা কৰা এবং নিজ নিজ কাৰ্য্যে প্ৰেরণ কৰাই ভাঁহাৰ বর ও অভর রূপে নিরূপিত হইয়াছে। তিনি রজোগুণজনিত বিশ্বে অধিষ্ঠান কবিতেছেন, এই কারণে তিনি রক্তক্মলাসনম্ভিতা। জ্ঞান স্বরূপা, সর্বা-ন্ধনেৰ সাক্ষি-স্বৰূপিণী সেই দেবী, মোহময়ী স্থৱা পান করিয়া কালোচিত ক্রীডাকারী কালকে দেখিতেছেন। অল্লবৃদ্ধি জ্জবুন্দের হিতাহুঠানের নিমিত্ত সেই পরাশক্তি দেবীর বছবিধ রূপ কাছত হইয়াছে। যথা-

^{*} প্রাশক্তি ক্ষত্রণা স্তরাং কবিন ; রেখানে সর্বা বর্ণের অভাব ভাহাই নিবিভ ক্রকার্ণ ;—এ কথা বিজ্ঞান সম্বন্ধ । বিজ্ঞান কারও বনে, বে ক্যোভিঃ আত্মানের চকু ধারণা করিন্তে পারে না, ভাহাই নিবিভ ক্রকার্ণ সেধার ; ভাই মহাজ্যোভিঃ কালী কুক্রণী। কিন্তু জাননেত্রে মহাজ্যোভিঃ রূপে দৃষ্ঠা হন।

७१जिकाक्नाद्वन ऋगः (त्रवााः अक्शिच्य्।

মহানির্বাণতঃ।

উপাসকদিগের কার্য্যের স্থবিধার নিমিত্ত গুণ ও ক্রিরান্থসারে দেবীর রূপ করিত হইরাছে। সেই সকল মুর্তির মধ্যে বাহার বে মুর্তি অভিলবিত বা প্রীতিপ্রাদ, সে তাঁহারই উপাসনা করিবে। তবে উপাসনা অভিরক্তানে করিতে হইবে। ইহাদিগের মধ্যে কেহ উৎক্রই এবং কেহ তদপেক্ষা নিক্রই, যে এইরূপ জ্ঞান করে, সেই ব্যক্তি রৌরব নামক ঘোর নরকে গমন করে। দেবভাদিগের মধ্যে একের প্রশংসা করিলে সকলেরই প্রশংসা করা হর, এবং একের নিন্দা করিলে সকলেরই নিন্দা করা হয়। দেবভাবা প্রশংসারও স্থথ অক্সত্তব করেন না এবং নিন্দারও ছঃখিত হরেন না; কিছ নিন্দাকারী দেবনিন্দাক্তনিত পাপে নরকে গমন করে। অভএব সাধক কচি ভেদে ধ্যানবোগে পৃথক পৃথক আক্রতির উপাসনা করিবে বটে, কিছ ঐ সমস্ত আক্রতিই বে প্রক্রন্ত পক্ষে অভির এই জ্ঞান দৃঢ় রাধিবে। এক মহামারাই গোকের যোহের নিমিত্ত ত্রীং পুং মূর্ত্তিতে ভির ভির নাম ও রূপ অবলবন করিরাছেন; প্রক্রন্ত পক্ষে ইহারা ভির মহেন।

এতকণ যে আভাশক্তি মহামারার বিষর আলোচনা করিলাম, সেই দেবী স্থন্মভাবে জীবের আধাৰ-কমলে কুলকুগুলিনী-শক্তি-রূপে অবস্থিতি করিতেছেন।* সেই কুগুলিনী নির্মাণকারিণী আভাশক্তি মহাকালী। কুলকুগুলিনী বোলিগণের হুলুর ভবন্ধশিশী এবং সর্মজীবের মূলাধারে বিহালাকারে বিরাজিত। যথা—

কৃত্যধারপায় ড় জুলকুওলিনীর বিশবণ বংঞাশীত "রোগীওর"'
বিশব করিলা লেখা হইয়াছে।

যোগিনাং ক্ষরাস্থে নৃজ্ঞী নৃত্যমঞ্জা। আধারে সর্বাস্থ্যনাং ক্ষুম্ভী বিদ্যুতাকৃতিঃ॥

সাধনার ক্রেম

এই মহাশক্তিব উপাসকদিগকে শাক্ত কহে। তন্ত্ৰপান্তে সেই মহা-শক্তিৰ উপাসনা-প্ৰণালী সবিস্তার লিখিত আছে। স্তবাং তন্ত্ৰপান্ত্ৰই শাক্তদিগেৰ প্ৰধান গ্ৰন্থ। ইহাৰ অগ্ৰতম নাম আগম-পান্ত্ৰ। আগম কাহাকে বলে ? মধা—

আগতং শিব-বজে ভা গভঞ্চ গিরিজামুখে। মতং শ্রীবাহ্নবেক্স তন্মাদাগম উচ্যতে॥

कुलवायम् ।

বাগা শিবমৃথ হইতে নির্গত হইরা পার্বতী মৃথে অবস্থিতি করে এবং বাগা বাস্থানেবসম্মত, তাহাই আগম বলিরা কথিত হর। আগমশান্ত যথন বাস্থানেব-সম্মত, তথন ইগার সহিত বেদেরও কোন অসামঞ্জল নাই ইগানিকিত হইল। কিন্তু আগম বলিতে সং আগমই বৃথিতে হইবে। প্রম্ জানী সদাশিব অসদাগমের নিন্দা করিয়াছেন। যথা—

আৰাজ্যাং পিশিতং রক্তং হুরাকৈব-হুরেশবি। বর্ণাশ্রমোচিতং ধর্মমবিচার্য্যার্শমন্তি যে। ভূতকোতশিশাচাতে তবন্তি অক্স-রাক্ষ্যাঃ ।

আগম সংহিতা।

ভাষার্থ এই বে, যারায় বর্ণপ্রেমেরিত ধর্ম বিচার না করিয়া মহাদক্তি দেবীকে নাংস, রক্ত ও মছ অর্থণ করিনে, ভাহারা ভূত, প্রেভ, পিশাচ স্বরূপ ব্রহ্ম রাক্ষ্য। এই হেডু শাক্তদিগের মধ্যেও সম্প্রদার-বিভাগ আছে। শক্তি উপাসকর্গণ (উপাস্য-ভেদে) কালী, ভারা, অগনাত্রী, অরপূর্ণা প্রভৃতি শক্তি মূর্ডির উপাসনা করিয়া থাকে।

প্রথমতঃ সদ্গুরুর নিকট চইতে মন্ত্র গ্রহণ করিবে। দীক্ষা ব্যতীত মুখ্য পশু মধ্যে পবিগণিত, অতএব আদীক্ষিতের সমস্ত কার্য্যই বুথা। বধা---

উপাচার-সহকৈত্ত অচ্চিতং ভক্তি-সংযুত্র। অদীক্ষিতার্চনং দেবা ন গৃহুন্তি কদাচন।

कुलुशायण ।

অনীক্ষিত ব্যক্তি ভক্তিপূর্বক সহস্র উপচাব দাবা আর্চনা করিলেও দেবগণ সেই অনীক্ষিতেব আর্চনা কদাপি গ্রহণ করেন না। সেই কাবণে যত্ন পূর্বকে গুরুগ্রহণ করতঃ মন্ত্র গ্রহণ করিবে। শক্তি-মন্ত্রের উপাসকগণের দীক্ষাব সঙ্গে শাক্তাভিষেক হওয়া কর্জব্য। যথা—

অভিবেকং বিনা দোব কুলকর্ম করোতি যঃ।
তত্য পূজাদিকং কর্ম অভিচারার করাতে ।
তাহি যেকং বিনা দোব সিদ্ধ-বিদ্যাং দদাভি ষঃ।
তাবিৎ কালং বদেদ হোৱে যাবক্তজাদিবাক্তরা ॥

বাদক্ষেপৰ ভৱ ৷

অভিবিক্ত না হইনা বে ব্যক্তি ভান্নিক্সতে উপাসনা করে, ভালার লপ-পূজানি অভিচার স্বরূপ হয়। আর বে ব্যক্তি অভিবেক ব্যতীত দশ-বিভাষ কোন মন্ত্রনীক্ষা দের, সে ব্যক্তি যাবৎ চক্ত সূর্য্য থাকিবে ভাবৎকাল খোর নৰকে বাস করিবে। অভএব শাক্তগণের প্রথমে দীক্ষার সহিত শাক্তা-ভিবেক, তৎপর পূর্ণাভিবেক, ভদনন্তর ক্রমদীক্ষা হওরা কর্ত্ববা। সহাদেব বলিরাছেন,—

क्रमीकाविद्यानक करना न चार क्यांहन।

কামাখ্যা তন্ত্ৰ।

কলিযুগে ক্রমদীকা ব্যতীত কথনই সিদি হইবে না। তিনি আৰও বলিয়াছেন,—

ৰদি ভাগ্যবশাদেবি ক্ৰমদীকা চ ৰায়তে।
তদা সিদ্ধিভ বৈক্তস্ত নাত্ৰ কাৰ্য্যা বিচারণা ॥
ক্ৰমদীকাবিহীনস্ত কথং সিদ্ধিঃ কলো ভবেৎ।
ক্ৰমং বিনা মহেশানি সৰ্বাং তেবাং র্থা ভবেৎ ॥

কামাথ্যা তন্ত্ৰ 1

⁺মন্ত্রন্থ কিরপ ভাবপূর্ণ ও হাররগ্রাহী। পাঠকের অবপতির জন্ত হোব মন্ত্র করটীর বঙ্গালুবাদ প্রকন্ত হইল। ১ম মন্ত্র—আমার নাভিত্বিত চৈতন্ত্ররূপ হতাশন এখন জানধারা প্রদীপ্ত হইয়াছে। আমি মনোময়

এই প্রকার অন্তর্ধাগ অর্থাৎ মানস-পূজা, জপ ও হোষ করিলে দেহী ব্রহ্মময় হয়। কিন্তু বে পর্যান্ত প্রক্লভ জ্ঞান লাভ না হয়, সে পর্যান্ত বাহা পূজাভ করিতে হইবে। যথা:—

বাহ্য পূজা প্রকর্ত্তরা গুরুবাক্যামুসারতঃ। বহিঃপূজা বিধাতব্যা থাবজ জ্ঞানং ন জারতে॥ বামকেশ্বর তরা।

বতদিন প্রক্ত জ্ঞান না হয়, ততদিন গুরুর আজ্ঞান্তরপ বাহ্য পূলা করা করিবা। যোগিগণ এবং মুনিগণ কেবল মানস পূজাই করিরা থাকেন, বাহ্য পূজা করেন না, কিন্তু গৃহী সাধক কেবল মানস পূজা হারা সিদ্ধিলাভ করিতে পারেন না। এই হেতু তাহাদিগের বাহ্য ও মানস এই উভয়-বিধ পূজা করা আবশ্যক।

ক্রক্ দ্বারা ধর্মাধর্মকাপ স্বতের সহিত ইঞ্জিরবৃত্তি সমুদর আহতি দিলাম। ২য়
মন্ত্র—ধর্মাধর্মকাপ স্বত দ্বারা সমৃদীপ্ত আত্মরাপ অন্তিতে স্থবুয়া পথ দ্বারা
মনোমর ক্রক্ সহকারে ইন্দ্রিয়বৃত্তি সমৃদর আহহি প্রদান করিলাম। ৩য়
ধর্মাধর্ম ও সেহ-বিকাশরূপ স্বতে মাহতি দান করিলাম। ৪র্থ মন্ত্র—থাহা
হইতে অভ্নুদ দিবা জ্যোতিঃ প্রকাশ পাইতেছে, বিনি মারান্ধকার দূর করিয়া
আমার অন্তরে নিরন্তর প্রজ্জানিত ও প্রদীপ্ত রহিয়াছেন, সেই অবাক্ত
সন্থিৎরূপ অন্তিতে আমি বস্থমতী হইতে শিব পর্যান্ত সমন্ত জগৎ ও সমৃদয়
মারা-প্রপঞ্চ আহতি দিলাম। পূর্ণান্ত্রতি মন্ত্র—ভাষার মনোমর পাত্র
আধ্যাত্মিক, আন্বিভেতিক ও আবিদৈবিক, এই তাপত্রয়রূপ স্বতে পরিপূরিত করিয়া পূর্ণান্ততি প্রদান পূর্বাক হোম শেষ করিলাম।

এইখানে সাধককে আর একটা কথা মনে রাখিতে হইবে বে, পূজা কালে নিম্ন ক্রোড়ে বাম হন্তোপরি দক্ষিণ হস্ত রাখিয়া কার্য্য করিবে। ব্রী দেবতার ধানকালে ইহার বিপরীত নিরম আচরণীর। মানসিক জপের নিরমটা কোন অভিক্র সাধকের নিকট একবার দেখিয়া লইতে পারিলে ভাল হয়। শাক্ত-বৈশুবাদি পঞ্চ উপাসাক্ষণণ মানস পূজাকালে পঞ্চদশবিধ ভাবপূজ্প দ্বারা ইষ্ট দেবতার অর্চ্চনা করিবে। এই পর্যান্ত সাধারণের অধিকার। কেবল পূণাভিষিক্ত শাক্ত ইহার পরের লিখিত উপচার দ্বারা পূজা করিতে পারিবে। আর মানস-পূজা ও জপের পর হোম করা একান্ত কর্ত্তব্য। অপ ব্যতীত পূজা বেমন বিফলা, তেমন হোম না করিলেও সেই পূজার কোন ফল প্রদান করে না। যথা—

নাজপ্তঃ দিধ্যতি মন্ত্রো মাত্তশ্চ ফলপ্রদঃ। বিভূত্তিঞায়িকার্য্যেণ সর্বাদিদ্ধিঞ্চ বিন্দতি॥

হোম না করিলে মন্ত্র কোন ফল প্রদান করে না। হোম করিলে সর্কবিধ সম্পত্তি লাভ ও সর্ক্ষকার্য্য সিদ্ধি হয়। সাধকগণ যথারীতি অন্তর্ধাগের অনুষ্ঠান করিলে সর্কসিদ্ধি লাভ করিতে পারিবেন। অতএব অন্তর্যাপাত্মিকা পূজা করা সকলেরই কর্ত্তব্য এবং অন্তর্থাগ সর্ক্ষ পূজোত্তমোভ্যমা। যথা—

"অন্তর্য্যাপাত্মিকা পূজা সর্ব্বপূজোভমোত্তমা।"

মালা নির্ণয় ও জপের কৌশল

জপ করিতে রুদ্রাক্ষাদি মালা কিবা কর-মালা ব্যবহৃত হয়। পৃং দেবতার জপের জন্ম কর-মালাতে তর্জ্জনী, অনামা ও কনিষ্ঠার তিন তিন পর্ব্ব এবং মধ্যমাঙ্গুলীর এক পর্ব্ব গ্রহণ করিবে ও মধ্যমার অপর চুই পর্ব মেরুরূপে কল্পনা করিবে। অনামিকার মধ্যপর্ব হইতে জপ আরম্ভ করিয়া কনিষ্ঠাদি ক্রমে তর্জ্জনীর মূলপর্ব্ব পর্যন্ত যে দশ পর্ব্ব আছে, ইগতে জপ করিবে। যথন অষ্টোত্তর শতাদি জপ করিবে, তথন পূর্ব্বোক্ত নিয়মে শতাদি সংখ্যক জপ পূর্ণ হটলে, অনামিকার মূল পর্ব্ব হউতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মধ্য পর্ব্ব পর্যান্ত অষ্ট পর্বেহ অন্টবার জপ করিবে।

শক্তি মন্ত্র জপের কর-মালাতে জনামিকার তিন পর্বা, কনিষ্ঠার তিন পর্বা, মধ্যমার তিন পর্বা এবং তর্জ্জনীর মূল-পূর্বা গ্রহণ করিবে। শক্তি-মন্ত্র জপের নিরম এই যে, পনামিকার মধ্যপর্বা হইতে জপ আরম্ভ করিরা কনিষ্ঠাদি ক্রমে মধ্যমার তিনপর্বা এবং তর্জ্জনীয় মূলপর্বা, এই দশপর্বাে জপ করিবে। অষ্টোত্তরশতাদি সংগ্যক শক্তি-মন্ত্র জপ করিতে হইতে পূর্বােক্ত নিরমে শতাদি সংথাক জপ করতঃ অনামিকার মূলপর্বা হইতে আরম্ভ করিরা কনিষ্ঠাদিক্রমে মধ্যমার মূলপর্বা পর্বান্ত আট পর্বাে আটবার জপ করিবে। তর্জ্জনীর উপরিস্থ পর্বান্তর মেরু বিলিয়া জানিবে। বধাঃ

र्ज्जन्य अ ज्था मर्था (वा कर्ण्य म कू शांभक्र । नात्रग-काम । বে ব্যক্তি তর্জনীর অগ্র এবং মধ্যপর্বে শক্তিমন্ত্র ৰূপ করে. সেই ব্যক্তি পাপকারী হয়। ইহাকেই সমস্ত তন্ত্র-শাস্ত্রে শক্তিমালা বলিরা অভিচিত্ত করিয়াছেন। ব্রীবিভাদির বিশেষ বিশেষ বিশেষ ব্রশেষ বিশেষ বিশেষ আহ্বলপর্বন গ্রহণ করিয়া কর-মালার ব্যবস্থা আছে। বাছল্য বিবেচনার তাহা বিবৃত্ত হইল না।

কর-মালা জপের নিয়ম এই যে, জ্বপকালে করাঙ্গুলী দকল ঈবং
বক্র ও পরস্পর সংশ্লিষ্ট করিয়া রাখিবে এবং হস্তদ্বর আছোদিত করিয়া
বক্ষঃস্থলে স্থাপন করিবে। জপকালে অঙ্গুলী দকল বিরোজিত করিবে
না। অঙ্গুলী বিরোজিত করিলে ছিদ্রপথে জপ নিঃস্ত হয় অর্থাৎ জপ
নিক্ষণ হয়। অঙ্গুলীর অগ্রভাগে ও পর্ব্ব-দন্ধিতে এবং মেরু লঙ্খন
পূর্ববি বে জপ করা হয়, তাহা নিক্ষণ জানিবে। করতণ কিঞ্চিৎ আরুঞ্চিত ও অঙ্গুলী সকল তির্যাক্ করিয়া তাদৃশ দক্ষিণ হস্ত হাদয়োপরি সংস্থাপন
পূর্ববি বস্ত্র দ্বারা আছোদন করতঃ জপ করিতে হয়।

সংখ্যা রাখিয়া জ্বপ করা কর্ম্ভব্য। শাস্ত্র-বিধি-বিহিত সংখ্যা না রাখিরা যদৃচ্ছা জ্বপ করিলে তাহা নিক্ষল হয়। দক্ষিণ হস্তে জ্বপ করিতে হয় এবং বাম হস্তে জপের সংখ্যা :রাখিতে হয়। প্রাত্যহিক জ্বপ কর-মালাতেই প্রশস্ত।

নিত্যং জপং করে ক্র্যাৎ ন তু কাম্যমবোধনাৎ। কাম্যমপি করে কুর্যাৎ মালাভাবেহপি স্থন্দরি।

নিত্য জপ কর-মালাতে সম্পন্ন করাই কর্ত্তব্য। কিন্তু কামাজপ করমালার না করিয়া অক্ত মালার জপ প্রশস্ত। তবে বদি কাম্যজ্ঞপে মালার অভাব হয়, অঁগত্যা করেও নির্বাহ হইতে পারে। মালা সম্বদ্ধে শালের বিধান এই যে.— সাধারণতঃ কাম্য জপে রুক্তাক্ষ, ফটক, রক্ত চন্দন, তুলসী প্রবাল, শন্ধ, পদ্মবীজ, মৌক্তিক ও কুশ প্রস্থির হারা নির্দ্ধিত মালা ব্যবহৃত হয়। শান্তি-কর্দ্ধ প্রভৃতি কার্য্যে ও দেবতা ভেদে মালার বিশেষ নিরম আছে তবে সাধারণ জপে উল্লিখিত নানাবিধ মালার মধ্যে যেটা জপ করিতে সাধকের রুচি হয় এবং বেটা ফ্লভ সেই মালাই জপ করিবে। করমালার জপ অপেকা শন্ধমালার শতগুণ অধিক, প্রবালমালার সহস্র গুণ অধিক, ফাটা কমালার দল সহস্র গুণ অধিক, মৌক্তিক-মালার দল গুণ অধিক, পদ্মবীজ-মালার দল লক্ষ্ক গুণ অধিক, স্বর্ণমালার কোটা গুণ অধিক, কুল গ্রান্থ ও রুক্তাক্ষ-মালার অনস্ত গুণ অধিক এবং শেতপদ্ম বীজ নিশ্মিত মালার অনিত ফল লাভ হয়।

পরস্পর সমান, অনতিমূল, অনতিরুশ, কীটাণুবেধরহিত এবং অজীর্ণ, অর্থাৎ নৃতন মালা সকল বিধিপূর্বক কল দ্বারা প্রকালিত করিয়া পঞ্চাবা দ্বারা অভিসিঞ্চন করিবে। তনস্তর ব্রাহ্মণকত্যা দ্বারা বিনির্ন্থিত কার্পাদ স্ত্র অথবা পটুস্ত্র পুন: ত্রিগুণিত করিয়া মালা সকল গ্রন্থন করিবে। মূল মন্ত্র ও স্বাহা উচ্চারণ করিয়া এক একটা মালা গ্রহণ করতঃ তাহাতে স্ত্র যোজনা করিবে। মালা এরপভাবে গাঁথিতে হইবে, বেন পরস্পরের মুখের দহিত পরস্পবের মুখ এবং পুছের সহিত পুছে সংযোজিত থাকে। সজাতীর একটা মালা দ্বারা মেরু অর্থাৎ মধ্য বা সাক্ষী বন্ধন করিবে। অন্তোত্তর শত অর্থাৎ এক শত আটটা মণি দ্বারা মালা গ্রন্থন করা প্রশস্ত । অনন্তর এক একটা মালা গ্রন্থণ করিরা হদরে উ এই মন্ত্র শ্বরণ করতঃ তাহাতে গ্রন্থি প্রদান করিবে। স্বয়ং গ্রন্থন

কলাকের উপন্ধিভাগ মৃথ ও নিয়ভাগ পুক্, অস্তান্ত মালার যে ভাগ
ছুল, সেই ভাগ মূধ এবং মে ভাগ স্ক, তাহা পুক্
।

করিলে ইষ্ট মন্ত্র, কিন্তু অস্ত ব্যাক্তি গ্রন্থন করিলে প্রণব শ্বন্ধণ করিবে। সার্দ্ধনন্ধ আবর্ত্তন করিরা ব্রন্ধগ্রন্থি অথবা নাগপাশ গ্রন্থি প্রদান করিবে। এরপভাবে মণিগুলি বিস্থাস করিবে যাহাতে মালা সর্পার্কতি অথবা প্রোপ্তজ্বলী হয়। গ্রন্থিইন মালা দ্বারা কদাচ জপ করিবে না। কিন্তু মেক্তে গ্রন্থি প্রদান করিতে নাই। এই প্রকারে মালো গ্রথিত করিরা তদনন্তর তাহার শোধন করিবে! যথা—

ব্দপ্রতিষ্ঠিতমালাভিশ্মন্ত্রং জপতি যো নরঃ। দর্ববং তন্মিক্ষলং বিতাৎ ক্রুদ্ধা ভবদি দেবতা ॥

বে ব্যক্তি অপ্রতিষ্ঠিত মালা দ্বারা রূপ করে. তাহার প্রতি দেবতা কুক হয়েন এবং তৎক্বত রূপ নিফ্ল হয়, স্কুতরাং যে মালা দ্বারা রূপ করা হয়, তাহার সংস্কার-কার্য্য সম্পন্ন করিয়া লইতে হয়।

শুভ তিথি, শুভ বার, শুভ নক্ষত্র ও লয়ে শুক্রদেবকে প্রাণাম করিয়া শুক্র দারা অথবা স্বরং মালা সংস্কার করিবে। সাধক নিত্য-ক্রিরা সমাপণাস্তে সামান্তার্ঘ্য স্থাপন করিয়া হোঁ এই মন্ত্রে পঞ্চগব্য মধ্যে মালা নিক্ষেপ করিবে, তৎপরে শীতল জল দারা স্নান করাইয়া, "সভ্যোজাতং প্রণক্তামি সভ্যোজাতার বৈ নম:। ভবে ভবেহনাদি ভবে ভজন্ব মাং ভবোদ্ধবার বৈ নম:" এই মন্ত্রে পঞ্চগব্য দারা মার্জ্জন করিবে। তদনস্তর ও নমো জ্যোতার নমো কুলার নম: কালার নম: কালার নম: কালার নমো বলপ্রমধনার নম: সর্বভূতদমনার নমোক্রার" এই মন্ত্র পাঠ করিয়া চল্লন, অগুরু ও কর্প্র দারা উক্ত মালা লেপন করিবে। অনক্তর সমুপ-বিছ্ন-সন্তাপে "ও অব্যোরভ্যোহর ব্যোরভোত্য ব্যোরাভারতমেভাল্য সর্ব্বভ্যান্তর ক্রেরণেভা্য ব্যারাভারতমেভাল্য সর্ব্বভ্যান্তর ক্রেরণেভা্য ব্যারাভারতমেভাল্য সর্ব্বভ্যান্তর ক্রেরণেভা্য ওই মন্ত্র পাঠপুর্বক মালা ধুপিভ্য

করিবে। তৎপরে ''ওঁ তৎপুরুষার বিশ্বহে মহাদেবার থীমহি তয়ে। কল্ডঃ প্রচোদরাং।" এই তৎপুরুষ-মন্ত্রে জল সেচন করিরা মালা গ্রহণ করিবে। অনস্তর নয়টা অর্থ পত্র দারা পদ্ম রচনা করিবা তল্মধ্যে মাতৃকা ও মূল-মন্ত্র উচ্চারণ পূর্বক মালা স্থাপন করিবে। তৎপরে মালাতে দেবীর প্রাণ প্রতিষ্ঠা করিয়া পরিবারগণের সহিত ইষ্টদেবতার পূজা এবং মাতৃকাবর্ণ হারা অন্ধরোম বিলোমে মালা অভিমন্ত্রিত করিকে। তদনস্তর হে সৌঃ এই মত্রে মেরু অভিমন্ত্রিত করিয়া তাহাকে দেবতা অরুপ চিস্তা করিবে। তৎপর অগ্রির সংস্কার করিয়া অষ্টোত্তর শত হোম করিবে এবং হতশেষ দারা দেবতা উদ্দেশে প্রত্যাহ্রতি প্রদান করিবে। হোমকার্য্যে অস্ফ্রন্থ হইলে দ্বিত্তণ করিবে। অনস্তর ''ওঁ অক্ষমালাধিপতে স্ক্রসিদ্ধিং দেহি দেহি মে সর্ব্রার্থসাধিনী সাধর সাধর সর্ব্বার্থিমিদ্ধিং পরিক্রয় পরিক্রয় মে স্বাহা" এই প্রাথানা-মন্ত্র পাঠ করিবে। এই প্রকারে স্ক্রমন্ত্রত মালা দ্বারা জপ করিলে সাধকের সর্ব্বান্তীপ্রসিদ্ধি হয়। ত্নস্তর গুরুর প্রনা করিয়া তাঁহার হস্ত হইতে মালা গ্রহণ করিবে।

জপ করার পূর্বে মালাতে জলাভ্যক্ষণ করিয়া "ঐ জী অক্ষমালিকাবৈ নমঃ" এই মন্ত্রে মালার পূজা করিবে। তৎপর দক্ষিণ হস্তে মালা
গ্রহণপূর্বেক হাদর সমীপে আনরন করিয়া মধ্যমাঙ্গুলীর মধ্যভাগে সমাহিত
চিত্তে হাপন করিবে। মালার উপরিভাগে অঙ্গুলুঙ্গাঙ্গুলী স্থাপন করিবে
এবং মধ্যমার অগ্রভাগ দ্বারা জপাস্তর ক্রমে তাহা চালিত করিবে। বলি
অঙ্গু দ্বাবা মালা চালন করা হয় ভাহা হইলে জপ নিক্ষল হয়। বামকর
দ্বারা অথবা ভর্জনী দ্বারা কিশা অন্তচি অবস্থার মালা স্পর্ণ করিবে না।
ভূজি, মুক্তি ও পৃষ্টি কামনার মধ্যমাঙ্গুলীতে জপ করিবে। এক এক বার
ক্রপ করিয়া এক একটী মালা চালন করিবে এবং লপের সংখ্যা রাখিবে।

সংখ্যা রাখিবার অস্ত বে যে দ্রব্য ব্যবহৃত হইরা থাকে, তাহা নিছে লিখিত হইল। যথা :---

লাক্ষা কুশীদঃ দিন্দু ? ং গোময়ঞ্চ করীয়ক্ম। এভি নি শ্বায় বটিকাং জপদংখ্যাস্ত কারয়েং ॥

লাক্ষা, কুশীদ, সিন্দুব, গোময় ও শুদ্ধ গোময় এই করেক দ্রব্যের ষে কোন এক দ্রব্যের দ্বারা শুটিকা প্রস্তুত করিয়া তদ্বারা জপ-সংখ্যা দ্বক্ষা করিবে।

বস্ত্র দারা হস্তবয় আচ্ছাদিত করিয়া দক্ষিণ হস্তে সর্বাদা জপ করিবে।
গুরুদেশকেও মালা প্রদর্শন করিবে না। মালার যে অংশের মণি স্থুল টেই
আংশের প্রথম মণিতে জপ আরম্ভ করিয়া স্ক্রাংশের শেষ মণিতে জপ
সমাপ্ত করিবে। এই প্রকারে স্ক্রোবাধি স্থুলাস্ত জপ সংহার নামে অভিহিত
হয়। স্বয়ং বামহস্তে জপ-মালা স্পর্শ করিবে না। জপাবসানে পবিত্র
স্থানে মালা স্থাপন করিবে। স্ত্র জীর্ণ হইলে পুনর্বার নৃতন স্ত্রে গ্রন্থন
করিয়া শতবার জপ করিবে। অদীক্ষিত ব্রাহ্মণও যদি মালা স্পর্শ করে
তাহা হইলেও মালার পুনঃ শোধন করিবে। কর, কণ্ঠ কিম্বা মস্তকে জপমালা ধাবণ করিবে না। যদি উরু, চরণ কিম্বা অধ্যের সংলগ্ধ হয়
অথবা বামহন্ত দ্বারা কিম্বা অগুপ্তভাবে পরিচালিতা হয়, তাহা হইলে ঐ
মালার পুনর্বার সংস্কার করিবে।

অকারাদি হ পর্যন্ত মাতৃকাবর্ণ সকলকে বর্ণমাসা বলা বার। ক ইচার মেরু। শিব-শক্ত্যাত্মিকা কুগুলী সূত্রে ইচা গ্রথিতা। ব্রহ্মনাড়ী মধ্য-বর্ত্তিনী, মৃণাল সূত্রের ন্তান সূত্র ও গুল্লবর্ণ চিত্রালী নাড়ী এই মালার গ্রন্থি স্বরূপা। ইচার আরোহণ অব্রোহণ শত সংখ্যা এবং অন্তবর্গে কঠি সংখ্যা হয় বালয়া ইহা ভটোন্তরশভ্যমী। এই মালাতে একবার মন্ত্র ছারা বর্ণ আন্তরিত করিয়া অর্থাৎ মন্ত্রের পরে সামুস্বার এক একটা বর্ণোচ্চারণ পূর্ব্বক বর্ণ দ্বারা মন্ত্র শন্তরিত করিয়া অর্থাৎ সামুস্বাব এক একটা বর্ণের পরে মন্ত্রো-র্চারণ পূর্বক অমুলাম বিলোমে জ্বপ করিবে। মেরুক্রপ চরম বর্ণ (ক্ষ) কদাচ লজ্মন করিবে না। সবিন্দু বর্ণ উচ্চারণ করিয়া পরে মন্ত্র জ্বপ করিবে। জপ অস্টোন্তর শতবার করিবে! পঞ্চাশহর্ণমন্ত্রী মালায় বারহয়ে শতবার এবং অন্ত-বর্ণে অন্তবার জপ করিলেই অস্টোন্তর শতবার হইবে। অ, ক, চ, ট, ৬, প, য়, শ, এই অন্ত বর্ণকেই অন্তব্যর কহে।

করমালা, জপমালা বা বর্ণমালার যে কোন একটীতে বিধানামুযায়ী জপ করিলেই সাধকের সর্বাভীষ্ট সিদ্ধ হয়।

স্থান নির্ণয় ও জপের নিয়ম

বর্ত্তমান যুগে মর্ত্রাথামের স্থানতা জীবগণও স্থান মাহাত্মা স্বীকার করিরা থাকে। স্থান ভেনে ক্ষতকর্মের ফলাক্ষণ দৃষ্ট হইরা থাকে। তাই তন্ত্রশান্তকার বিশেষ বিশেষ কার্য্যে বিশেষ কিশেষ স্থান নির্দিষ্ট করিরা দিরাছেন। বারাণসীতে জপ করিলে সম্পূর্ণ ফল লাভ হর, তাহার বিশুণ প্রবান্তমে, তাহার বিশুণ ধারাবভীতে; বিদ্ধা, প্রেরাগ ও পুকরে একণতগুণ; ইহাদের অপেকা করতোয়া নদীর জলে চারিগুণ, নদীকুণ্ডে ভাহারও চতুগুণ, তাহার চারিগুণ জিয়াশের নিকটে ও ভাহার বিশ্বণ

সিদ্ধেশ্বরী থোনিতে। সিদ্ধেশ্বরী বোনির চতুগুণ ব্রশ্বপুত্র নদে, কামরপের জলে হলে ব্রশ্বপুত্র নদের সমান, কামরপের একশভ গুণ নীলাচল পর্বতের মস্তকে এবং তাহার দ্বিগুণ লিক্সপ্রেষ্ঠ হেরুকে।

ততাপি দিওণং প্রোক্তং শৈন পুজাদি-যোনির।
ততঃ শতগুণং প্রোক্তং কামাখ্যাধানি-মগুলে ॥
কামাখ্যায়াং মহাযোনো পূজাং যঃ কৃতবান্ দকুৎ।
স চেহ লভতে কামান্ পরত্রে শিবরূপ-ধূক্॥
কুলার্পন।

তেরুকেব দিগুণ শৈল-তুত্রাদিতে, তাহার একশত গুণ কামাথাা-যোনমগুলে। যে ব্যক্তি কামাথাা-যোনি-মগুলে একবার মাত্র জপ-পূজাদি করে, সে ইহলোকে সর্বাভীষ্ট লাভ করিয়া পরজন্মে শিবদ্ব প্রাপ্ত হর। অতএব কামাথাা-পীঠাপেকা মন্ত্রসিদ্ধি লাভ করিবার পকে প্রেষ্ট স্থান আর নাই। অম্মদেশীর অনেক তন্ত্রোক্ত সাধক কামাথাা-পীঠে সিদ্ধিলাভ করিয়াছেন। কাহারও তথার সাধনার স্থবিধা না হইলে যে কোন মহাপীঠ, উপপীঠ অথবা সিদ্ধপিঠে সাধনার অমুষ্ঠান করিবে। পীঠহান সমূহে কত কত সিদ্ধ মহাত্মার তপঃপ্রভাব পুঞ্জীক্বত হইয়া রহিয়াছে। স্থতরাং দে স্থানে সাধনারম্ভ মাত্রেই মন সংযত এবং শক্তি-কেন্দ্র জাগ্রত হইয়া উঠে। সাধক স্বল্পকালেই সিদ্ধিলাভ করিতে পারে। কাহারও পক্ষে পীঠহানে সাধন অসম্ভব হইলে ভন্ত্রশান্ত্র তাহারও ব্যবস্থা: করিয়া রাধিয়াছেন। যথা:—

গোশালামাং গুরোর্গেছে দেবাগারে চ কাননে। পুণ্যক্ষেত্রে তথোদ্যানে নদীতীকে চ মন্ত্রবিৎ ।

ধাত্রী-বিল্প-সমীণে চ পর্ব্ব তাত্রে গুহাস্ক চ। গঙ্গায়াস্ত তটে বাপি কোটী-কোটীগুণং ভবেৎ।

তন্ত্রসার।

গোশালা, গুৰুব ভবন, দেবালয়, কানন, পুণাক্ষেত্রে, উত্থান, নদীতীব, আমলকী ও বিশ্ববৃক্ষেব সমীপ, পর্বতিগ্রে, পর্বত-গুহা এবং গঙ্গাতট এই দকল স্থানে জ্বপ করিলে কোটাগুণ ফল লাভ হয়। এতন্তির শাশান, ভগ্নগৃহ, চত্বর ও ত্রি-মন্তক রাস্তা প্রভৃতিতেও জ্বপ করিবার বিধি তন্ত্রশাস্ত্রে দই হয়। এতব্যতীত সাধকগণ শাস্ত্রোক্ত প্রণালীতে পঞ্চমুগ্রী আসন স্থাপন করিয়া তত্নপরি বসিয়া এবং পঞ্চবটী প্রতিষ্ঠা করিয়া তন্মধ্যে বসিয়া মন্ত্র সাধন করেন। বঙ্গদেশের অধিকাংশ তান্ত্রিক সাধক এই দ্বিধি উপায়ে মন্ত্র জ্বপ করিয়া সিদ্ধিলাভ করিয়াছেন।

বিধানামুগারী তুইটা চণ্ডালের মুঞ্জ, একটা শৃগালের মুঞ্জ, একটা বানরের মুঞ্জ এবং একটা সর্পের মুঞ্জ, এই পঞ্চ মুঞ্জের আসনে বসিরা জপ করিলে মন্ত্রসিদ্ধি বিবরে বিশেষ সহারতা হয়। কেহ কেহ আবার একটা মাত্র মুঞ্জের আসনই ব্যবস্থা করিয়া থাকেন।

পঞ্চবটা নির্মাণ করিতে হইলে দীর্ঘ প্রস্থে চারি হাত স্থান (চারি-বর্গহস্ত পরিমিত স্থান) নির্দিষ্ট করিরা এক কোণে বিষ, দ্বিতীয় কোণে শেফালিকা, তৃতীয় কোণে নিম্ম, চতুর্থ কোণে অশ্বর্থ বা বট এবং মধ্য ভাগে আমলকী বৃক্ষ রোপণ করিতে হয়। ঐ স্থানের চারিদিকে রক্তর্পবা ফুলের দ্বারা বেড়া দিরা তাহার পার্ষে মাধ্বীলতা কিম্বা ক্লঞা অপরাজিতা বেষ্টিভ করিয়া দিতে হয়। মধ্যস্থলে তীর্থ স্থানের পনিত্র রজ দারা শুকীক্লভ করিয়া লইতে হয়। •

পঞ্চবটী বা পঞ্চ-মৃঞীর আসন মন্ত্র সিদ্ধ ব্যক্তির দ্বারা সংশ্বত করিয়া লইতে পারিলে আরও স্থবিধা হয়। যাহা হউক সাধকগণ আপন আপন স্থবিধানুযায়ী উল্লিখিত যে কোন স্থান নির্দিষ্ট করিয়া লইয়া "কুর্মাচক্রে" উপবেশন পূর্বক সিদ্ধির জন্ম মন্ত্র জপ করিবে। মহাযোগীয়র মহাদেব শপথ পূর্বক বলিয়াছেন, এই থাের কলিকালে কেবল মাত্র জপ দ্বারাই জীব সিদ্ধকাম হইবে, সন্দেহ নাই। যথা:—

জপাৎ দিদ্ধির্জপাৎ দিদ্ধির্জপাৎ দিদ্ধির সংশয়:। শিববাক্যম্।

কপ শব্দের অর্থ মন্ত্রাক্রের আর্ত্তি। জ্প ধাতু চইতে জপ শব্দ নিপান হইরাছে, জপ্ধাতুর অর্থ—মানস-উচ্চারণ, স্থতরাং ইপ্ত দেবতার বীজ বা মন্ত্রমনে ননে উচ্চারণ করার নাম জপ।

মনসা যৎ স্মরেৎ স্তোত্তং বচসা বা মন্তুং স্মরেৎ। উভয়ং নিশ্বলং যাতি ভিন্নভাণ্ডোদকং যথা॥

মনে মনে গুন পাঠ বা বাক্য দ্বারা—অর্থাৎ অপরে গুনিতে পার এমনভাবে মন্ত্রজপ ক্রিলে, সেই গুব ও মন্ত্রজপ ভয়ভাগুছিত জলের স্থার

• মতান্তরে—

অথখ বিধর্কক বট ধাত্রী অশোকম্। বটাপঞ্চমিত্যুক্তং স্থাপরেৎ পঞ্চদিকু চ॥

कमा भूबान ।

নিক্ষণ হয়। অতএব বিধিপূর্বক মন্ত্র জপ করিবে। জপণ্ড যোগ বিশেষ। সেই জন্ত শাস্তাদিতে জপকে 'জপ-ষজ্ঞ' বা "মন্ত্র-যোগ' বিশিয়া উল্লিখিত হইয়াছে। জপ ত্রিবিধ। যথা—মানস, উপাংশু এবং বাচিক।

উচ্চরেদর্থমুদ্দিশ্য মানদঃ স ব্লপঃ খ্বুতঃ।
ক্রিহ্বোষ্ঠো চালয়েৎ কিঞ্চিৎ দেবতাগত-মানদঃ॥
কিঞ্চিৎ প্রবণবোগ্যঃ স্থাতুপাংশুঃ স ব্লপঃ খ্বুতঃ।
নিজকর্ণাগোচরোহয়ং স জপো মানদঃ খ্বুতঃ॥
উপাংশুনিজকর্ণস্থ গোচরঃ পরিকীর্ত্তিঃ।
মন্ত্রমুচ্চারয়েছাচা স জপো বাচিকঃ খ্বুতঃ॥
বিশ্বদেশ্য তন্ত্র।

মন্ত্রার্থ শারণ পূর্কক মনে মনে মন্ত্র উচ্চারণ করার নাম মানসিক জপ। দেবভার প্রতি মনোনিবেশ করিয়া জিহ্বা ও ওষ্ঠ কিঞ্চিৎ পরিচালমা পূর্কক নিজে মাত্র প্রবণ করিতে পারে, এরপভাবে মন্ত্র উচ্চারণের
নাম উপাংক জপ। নিজ কর্ণের অপ্রাব্যভাবে যে মন্ত্র জপ, ভাষা মানস.
—নিজ কর্ণের গোচরে যে জপ, ভাষা উপাংক এবং বাক্য দারা মন্ত্র
উচ্চারণকে বাচিক জপ বলে।

উচ্চৈজ পাৰিশিষ্টঃ স্যত্নপাংকদশভিগ্ন বৈঃ। জিহ্বাজ্ঞপঃ শভগুণঃ সহজো মানস স্মৃতঃ॥

বাচিক তপ আপেকা উপাংগু-জাপে মুদাগ্রাণ এবং উপাংগুক্রণ নানস-জপে সুহজ্ঞ গুণে অধিক কল হয়।

#

সাধক স্থিরচিত্ত ও স্থিরেজিয় হইরা স্থীর ইষ্টদেবতার চিন্তা করতঃ ওঠছর সম্পূট করিরা মন ধারা মন্ত্রবর্গ চিন্তা করিবে। অপ সময়ে জিহ্বা কিধা ওঠছরের চালনা করিবে না, গ্রীবা ও মন্তক স্থিরভাবে রাখিবে এবং দন্ত সকল যাহাতে প্রকাশিত না হয় তাহা করিবে। সাধক মন্ত্রের শ্বর ও বাঞ্জন বর্ণের অনুভূতি পূর্বক অপ করিলে সিদ্ধিলাভ করিতে পারিবে। অগ্রে ধ্যান ও পরে মন্ত্র জপ করিবে, ধ্যান ও মন্ত্র সমাযুক্ত সাধক অচিরে সিদ্ধিলাভ করে। বে দেবতা বে মন্ত্রের প্রতিপান্ত সেই দেবতার ধ্যান পূর্বাক অপ করিবে। অপের নির্ম,—

মনঃ সংহৃত্য বিষয়ান্ মন্ত্রার্থগত-মানসঃ। ন চেতং ন বিলম্বঞ জপেমৌক্তিকহারবং॥

জপকালে বিষয় হইতে মনকে আহ্নত—অর্থাৎ তুলিয়া লইয়া মন্ত্রের অর্থ ভাবনা পূর্বাক অতি জ্রুত নহে, অতি বিশ্বদ্ধে নহে,—অর্থাৎ সমান ভাবে মুক্তাহারের যেমন পর পর গাঁথনী, সেইরূপ ভাবে জপ করিবে। অতি ধীরে জপ করিলে ব্যাধি জন্মে এবং অতি ক্রুত ভাবে জপ করিলে ধনক্ষ হয়, অতএব মৌজিক হারের স্থায় অক্ষরে অক্রের যোগ করিয়া জপ্র করিবে। যে ব্যক্তি যে দেবতার উপাসক সে ভ্রিষ্ঠ, তদগতপ্রাণ, তচিত্ত এবং তৎপরায়ণ হইয়া ব্রহ্মানুসন্ধান পূর্বাক মন্ত্র জপ করিবে।

জ্ঞাপক সাধনারন্তের পূর্ব্বে ছির্নাদি কোব শান্তি করিরা মন্ত্র জপ করিবে।
মন্ত্র বথাবিধি জপ করিরাও ফললাভে বিলম্ব হইলে, কোন মন্ত্রসিদ্ধ অভিজ্ঞ ব্যক্তি দারা আচার্য্য শক্ষরোক্ত ভামণাদি সপ্ত উপায় অবলম্বন পূর্ব্বক মন্ত্রের শুদ্ধি সম্পাদন করাইয়া লইবে। শাস্ত্রে গিধিত আছে যে জপের পূর্ব্ব দেতুনা থাকিলে দেই জপ পতিত হয় এবং পরে সেতুনা থাকিলে ঐ
মন্ত্র বিশীর্ণ হইয়া যায়। অতএব সেতু ভিন্ন জপ নিক্ষণ হয়। এ কারণ
জাপকগণ মন্ত্রের পূর্বের ও পরে "ওঁ" এই সেতুমন্ত্র পূটিত করিয়া জপ করিবে।
যাতাদিগের ওঁ উচ্চারণে অধিকার নাই, ভাহারা "এঁ" এই মন্ত্রটিকে সেতুরূপে
ব্যবহার করিতে পারিবে।

যথানিরমে স্থাস ও প্রাণারামাদি ক্রিয়া জপ আরন্ত করিবে। জপ সমাপ্ত করিয়াও প্রাণারাম করিতে হইবে। মল-মৃত্রেব বেগ ধারণ করিয়া জপ বা পূজাদি কিছুই করিতে নাই। মলিন বস্ত্র পরিধান, ম্লিন কেশ বা মলিন বেশ ধারণ করিয়া ও মুখ দৌর্গর্জুক হইয়া—অর্থাৎ মুখ প্রকালনাদি না করিয়া জপ করিতে নাই।

আলদাংজ্ঞতং নিদ্রাং কুতং নিষ্ঠীবনং ভয়ম্। নীচাঙ্গম্পর্শনং কোপং জপকালে বিবর্জনয়েৎ॥

ভপকালে আলন্ত, জৃত্তণ (হাই তোলা), নিদ্রা বা আড়ামোড়া পাড়া, কুং-পিপাসা বোধ, ভয়, ক্রোধ ও নাভির নিয়ন্ত যে কোন অঙ্গ স্পাণ কবিতে নাই। এরূপ ঘটিলে পুনর্বার আচমন, অঙ্গ তাসাদি, প্রাণায়াম ও স্থা, অগ্নি এবং ব্রাহ্মণ দর্শন করিয়া পুর্বাবশিষ্ট অপ কবিবে। যথা:—

তথাচন্য চ তৎ প্রাপ্তো প্রাণায়ানং বড়ঙ্গকন্। কুত্ব। সম্যাগ্ জপেচেছ্যং যবা সূর্যাদিদর্শনন্।।

[•]মন্ত্রের ছিরাদি দোষ শাস্তির উপার, সেতৃ নির্ণর এবং মন্ত্র শুদ্ধির সপ্ত উপার মং প্রণীত "যোগীগুরু" পুস্তকের মন্ত্র-করে সবিস্তার লিখিত চুট্রাছে, কাজেই এথানে আর পুনরুল্লেখ করিলাম না। কাছারও প্রব্যোজন হলৈ উক্ত পুস্তকে দেখিয়া লটবে।

মৌনী ও ও চ হইয়া মনঃ সংযমন ও মন্ত্রার্থ চিন্তন পূর্বক অব্যগ্র ছত্তে জপ করিতে হয়। উফীষ কিংবা বর্দ্ম পরিধান করিয়া অথবা নগ্ন, মুক্তকেশ, সালগণাবৃত হইয়া, অপবিত্র করে, অপবিত্র ভাবে, কথা বলিতে বলিতে কলাপি অপ করিবে না। নিরাসনে অথবা গমন কালে, শয়ন কালে, ভোজন কালে, চিন্তা-ব্যাকুলচিত্তে এবং কুন্ধ, লাস্ত কিশা কুধাবিত হইয়া কপ করিবে না। হস্তদ্বয় আছোদন_{্ধ}না করিয়া অথবা প্রাবৃত মস্তকে জপ করা কর্ত্তব্য নহে। পথ ও অমঙ্গল স্থান, অন্ধকারাবৃত গৃহ, এই সকল স্থানে ক্রপ করিতে নাই। চর্ম পাতুকায় পদবয় আবৃত করিয়া কিবা শ্যায় বসিয়া জ্বপ করিলে ফল হয় না। পদ্বয় প্রসারিত করিয়া বা উৎকটাসনে। অথবা যজ্ঞকাঠ, পাষাণ ও মৃত্তিকাতে মসিয়া জপ করিতে নাই। জপকালে বিড়াল, কুরুর, কুরুট, বক, শূদ্র, বানর, গর্দভ এই সকল দর্শন করিলে আচমন করিয়া এবং স্পর্শ করিলে স্থান করিয়া অবশিষ্ট জগ সমাপন করিবে। কিন্তু গমন, অবস্থান, শয়ন ও শুচিবা অশুচি অবস্থায় মন্ত্র ত্মরণ পূর্বক জাপকগণ মানস-জপের অভ্যাস করিবে। সর্বাদা, সর্বস্থানে ও সর্কাবস্থাতেই মানস পুঞা করিতে পারা যায়, তাহাতে কোন দোয নাই। যথা:--

অশুচর্বা শুচর্বাপি শচহংস্তিষ্ঠন্ স্বপন্ধপি। মক্ত্রেকশরণো বিদ্বান্ মন্ট্রেব সদাভ্যসেৎ॥

জপ-রহন্ত ও সমর্পণ বিধি

কি শাক্ত, কি বৈশ্বব, কি শৈব সকলেরই জপ-রহন্ত সম্পাদন করা দর্ত্বা। কল্লুকা, সেতু, মহাসেতু, করশোধন, মুখশোধন প্রভৃতি অষ্ট্র বংশতি প্রকার জপ-রহন্ত ক্রমান্বরে পর পর যথানিরমে সম্পাদন পূর্বক পাতে বিধিপূর্বক জপ সমর্পণ করিতে হইবে। কিন্তু হঃথের বিষয় পে-রহন্ত ও জপ-সমর্পণ বিধি প্রায় কেছ জানে না। আমরা জাপক-পের উপকারার্বে তাচা লিপিবদ্ধ করিলাম। পাঠকগণের মধ্যে যাহাবা দ্র জপ করে, তাহাল্লা এই জপ-রহন্ত সমুদ্য সম্পাদনে যদি সমর্থ হয় বিং জপাত্তে শেষোক্ত প্রকারে জপ সমর্পণ করে, তাহা হইলে জানিবে ল লাভ এবং অনান্নাসে মন্ত্রনিদ্ধি লাভ হইবে, সন্দেহ নাই। জপ-হন্তের নির্ম ধর্ধাঃ—

১। শৌচ—প্রথমে আচমন। পরে জনগুদ্ধি ও আসনগুদ্ধি। রে গুরু, গণেশ ও ইষ্টদেবতার প্রাণাম।

- २। कशोर्षे-छक्कन-इः मञ्जूषमवात कश्।
- ৩। কামিনী-তত্ত্ব—হাদরে ক্রোং মন্ত্র দশবার জ্বপ করিয়া কামিনীর ধ্যান করিবে। ধ্যান যথা:—

সিংহস্বরসমারটাং রক্তবর্ণাং চতুর্ভাম্। নানালকারভূষাট্যাং রক্তবস্ত্রবিভূষিতাম্। শব্ম-চক্রধহুর্বাণ-বিরাজিত-করামুজাম্॥

এই মন্ত্রে তাঁহার ধ্যান-পূজা সম্পাদন করিয়া, পরে কং বীজ দশবার জপ করিবে।

- 8। श्रकृल्ल-नीः वीक ननकात कर।
- ৫। প্রাণায়ামাদি—প্রাণায়াম, ভ্তত্তদ্ধি, ঝব্যাদিন্তাস, করন্তাস অঙ্গন্তাস, তথ্যাস ও ব্যাপক ন্তাস।+
- ৬। ডাকিন্যাদি মন্ত্রন্যস—তবসূতা দারা সুলাধারে ডাং ডাকিন্তৈ নম:, স্বাধিষ্ঠানে রাং রাকিন্তৈ নম:, মণিপুরে লাং লাকিন্তৈ নম:, আজ্ঞাচক্রে কাং কাকিন্তে নম:, বিশুদ্ধে শাং শাকিন্তে নম:, আজ্ঞাচক্রে হাং হাকিন্তৈ নম: এবং সহস্রারে যাং যাকিন্তৈ নম:।
- ৭। মন্ত্র-শিথা—নিশাস রোধ করিয়া ভাবনা গারা কুগুলিনীকে একবার সহস্রারে লইয়া যাইবে এবং ভৎক্ষণাৎ মূলাধারে আনিবে। এইরূপ বারশার করিতে করিতে স্বযুমাপথে বিচ্যুতের স্থার দীর্ঘাকার তেজ লক্ষিত হটবে।

এই সকল ক্রিয়ার প্রণালী আপন আপন গুরুপদিষ্ট পটলে বিবৃত্ত
 থাকে। বাহল্য ভরে আময়া এথানে পদ্ধতি গুলি উদ্ধৃত করিলাম না।
 আর প্রোণায়াম ও ভৃতত্তির প্রণালী মৎপ্রাণীত " রোগীগুরু" গ্রন্থে ক্রইবা।

- ৮ । মন্ত্র-**চৈত্তন্য-শীর বীজ**মন্ত্র ঈং বী**জ ^{শী}সুটিত (ঈং 'মন্ত্র'** ঈং) করিয়া হাদরে সাতবার জগ করিবে।
- ৯। মস্ত্রার্থ-ভাবনা--দেবতার শরীর ও মন্ত্র অতির ইহাই চিন্তা কবিবে।
- ১০। নিদ্রো-ভঙ্গ-ছদরে জং 'বীজ মন্ত্র' জং এইমন্ত্র দশবার জপ করিবে।
- >>। কল্লুকা—জীং হুং স্ত্রীং হীং ফট্ এই মন্ত্রার মন্তকে জপ করিবে।
 - ১২। মহাদ্যেতু—ক্রীং মন্ত্র কঠে সাতবার স্বপ করিবে।
 - ১৩। দেতৃ ঐ হং ঐ মন্ত্র হদমে সাতবার অপ করিবে।
- ১৪। মুখ-শোধন—জীং জীং জীং ওঁ ওঁ জীং জীং জীং এই মন্ত্র মূথে সাতবার জপ করিবে।
- ১৫। জিহ্বাশুদ্ধি—মংশুমুদ্রার আচ্ছাদন করিয়া হেঁসো এই মন্ত্র সাত্রার জপ করিবে।
- ১৬। কর-শোধন—জীং ঈং জীং করমালে অস্তায় ফট্ এই মন্ত্র সাত্রার জপ করিবে।
- ১৭। ধোনিমুদ্রো—মৃশাধার হইতে ব্লারস্থা পর্যান্ত অধোমৃথ ত্রিকোণ এবং ব্রহ্মরন্ধ্র হইতে মৃলাধার পর্যান্ত ইর্দ্ধমূপ ত্রিকোণ অর্থাৎ
 এইরূপ বট্কোণ ভাবনা করিয়া পরে এং মন্ত্র দশবার স্কপ করিবে।
- ১৮। নির্বাণ-ও অং 'বীজ মন্ত্র' ঐং এবং ঐং 'বীজমন্ত্র' অং ও এইরূপ অমুলোম বিলোমে নাভিদেশে একবার অপ করিবে।

সাধন-কল্প

- ১৯। প্রশিণ-ভত্ত্ব-অফুন্বারযুক্ত প্রজ্যেক মাতৃকাবর্ণ দারা বীজমন্ত্র পৃটিত করিরা জপ করিবে। অথবা অসমর্থ পক্ষে অং কং চং টং তং পং বং শং পৃটিত করিরা মন্ত্র জপ করিবে।
- ২০। প্রাণ্যোগ—ইীং 'বীজ মন্ত্র' হীং এই মন্ত্র হৃদয়ে সাত বার জ্বপ করিবে।
- ২)। দীপনী—ওঁ 'বীজ মন্ত্র' ওঁ এই মন্ত্র হৃদরে সাতবার জপ করিবে।
- ২২। অশোচ-ভঙ্গ-জনরে ও "বীজমন্ত্র' ও এই মন্ত্র সাতবার জপ করিবে।
- ২**৩। অমৃত-যোগ—ওঁ উং ব্রীং এই মন্ত্র ফদরে দশ**বার অপ করিবে।
- २८। मश्रुष्ट्रमा—जोः क्रीः श्रीः इः ७ ७ वहं मञ्ज समस्य मनवात सन कतिरव।
- ২৫। মন্ত্রচিন্তা—মন্ত্রখানে মন্ত্র চিন্তা করিবে,—অর্থাৎ রাত্রিতে প্রথম দশদও মধ্যে নিকল স্থানে (ক্র্নরে) মন্ত্র চিন্তা করিবে। পরবর্ত্তী দশদওাভ্যন্তরে কলাহীন স্থানে (বিন্দু স্থানে) অর্থাৎ মনশ্চক্রের উপরে মন্ত্র চিন্তা করিতে হইবে। তৎপরে দশ দণ্ডাভ্যন্তরে কলাতীত স্থানে মন্ত্র ধ্যান করিবে। দিবসে প্রথম দশ দণ্ডাভ্যন্তরে ব্রহ্মরক্রে মন্ত্র ধ্যান করিবে। দিবসে বা রাত্রিকালে বে সময়ে জপ করিতে প্রবৃত্ত হইবে, সেই সমরেই সপ্তচ্চদার পরে সমন্ত্রামুসারে নির্দিন্ত স্থানে মন্ত্র

- ২৬। উৎকীলন্ধ-দেবভার গারত্রী দশবার লপ করিবে।
- ২৭। দৃষ্টিসেতু—নাসাগ্রে বা জ্র মধ্যে দৃষ্টি রাধিয়া দশবার প্রাণব জ্বপ করিবে। প্রাণবানধিকারী ঔঁমন্ত্র জ্বপ করিবে।

২৮। জপারস্ত — দহলারে গুরুধান, জিহ্বামৃলে মন্ত্রবর্ণ ধ্যান
ও হাদরে ইষ্টানেবতার ধ্যান করিয়া পরে সহলারে গুরুমূর্ত্তি তেজাময়,
ভিহ্বামৃলে মন্ত্র তেজাময় ও হাদয়ে ইষ্টানেবতার মূর্ত্তি তেজোময় চিন্তা
করিবে। অনস্তর ঐ তিন তেজের একতা করিয়া. ঐ তেজ প্রভাবে
আপনাকেও তেজোময় ও অভিন্ন ভাবনা করিবে। ইহায় পরে কামকলার
ধ্যান করিয়া নিজের শরীর নাই অর্থাৎ কামকলার রূপ তিবিন্দুই নিজ দেহ
মনে করিয়া অপ আরম্ভ করিয়া দিবে।*

শাক্ত. শৈব, বৈষ্ণবাদি সকলকৈই এই প্রকারে জ্বপ-রহস্ত সম্পাদন করিতে হইবে। এই জ্বপ-রহস্ত শ্রীমদ্দক্ষিণা কালিকা দেবীর। অন্তান্ত দেবতারও জ্বপ রহস্ত প্রায়ই এইরূপ; কেবল কলুকা, সেতু, মহাসেতু, ম্থ-শোধন ও কর-শোধন দেবতা ভেদে পৃথক্ পৃথক্ হইবে। আপন আপন ইষ্ট দেবতার ঐ করেকটি বিষয় পদ্ধতিগ্রন্থাদিতে দেখিরা লইবে। আর প্রাণারাম এবং ১১।১২।১৩।২২ সংখ্যক বিষয়গুলি জ্বপের আদি ও অন্তে করিতে হয়, উহা ব্যত্তীত আর সমস্তই জ্বপের আদিতে করিতে হইবে।

উপরোক্ত অষ্টবিংশতি প্রকার জপ-রহন্ত যুথাংথ ভাবে পর পর সম্পাদন করিয়া হুদরে ইষ্ট মূর্তির পাদ পল্মের প্রতি লক্ষ্য রাখিয়া জপ আব্দ্ত করিবে। জপের নিয়ম ও কৌশলাদি ইতিপূর্কেই বর্ণিত হইয়াছে।

কামকলাতত্ত্ব মৎ প্রণীক "বোগীগুরু" গ্রাছে লিখিত হইয়াছে

প্রোক্ত প্রকারে ধথাসাধ্য জগ পূর্বক পুনরার কর কা, সেতু, মহাসেতু, জনোচ ভঙ্গ ও প্রাণারাম করিয়া যথাবিধি জগ করিবে।

জপ রহন্ত সম্পাদন না করিলে বেমন জপ ফল প্রাপ্ত হওয়া যায় না,
তেমনি বিধি পূর্বাক জপ সমর্পণ না করিলে জপজনিত তেজ কিছুই থাকে
না। জপান্তে যে ভাবে জপ সমর্পণ করিয়া থাকে, তাহাতে
জপজনিত তেজ সাধকেব কিছুই থাকে না। যদি জপজনিত তেজ না
থাকে, তবে জপ প্রশ্বরণাদি করিবাব প্রয়োজন কি? অভিজ্ঞ তান্ত্রিক
সাধকগণ যে প্রণালীতে জপ সমর্পণ করে, আমরা তাহাই বিবৃত করিতেছি।

ক্রপ সমাপ্তি হইলে, প্রথমে "ওঁ রক্তবর্ণাং চতুতু জাং সিংহার্কচাং শব্দ চক্র-ধন্থর্বাণ-করাং কামিনীং" এই মদ্রে কামিনীর ধ্যান করিয়া, তাঁহাকে 'কং' বীজরণা ভাবনা করিবে। পরে গুরুদন্ত বীজ-মদ্রের মধ্যে যে কর্মটা বর্ণ থাকিবে, তাহা ঐ কং বীজের পর্ত্ত মধ্যে আছে ভাবনা করিয়া সেই বীজের প্রত্যেক বর্ণে অনুস্থার (ং) দিয়া অনুলোম বিলোম ক্রমে দশবার কারয়া রূপ করিবে। অর্থাৎ যদি ক্রীং বীজ হয়, তথে কং দশবার, রং দশবার ও ঈং দশবার এবং ঈং দশবার, রং দশবার ও কং দশবার জপ করিবে। এইরূপ বাহার যে বীজ হউবে, তাহার প্রত্যেক বর্ণে অনুস্থার মৃক্ত করিয়া ঐরপে অনুলোম-বিলোম ক্রমে রূপ করিয়া ঐরপে অনুলোম-বিলোম ক্রমে রূপ করিয়া ঐরপে অনুলোম-বিলোম ক্রমে রূপ করিবে। পরে ঐ কামিনীরূপা কংবীজের গর্ভেই জ্যোতিস্তত্ত্ব (হুীং) মন্ত্র জপ করিয়া ঐ কামিনী ও জ্যোতিস্তত্ত্ব একীভূত হইয়াছে চিস্তা করিবে। ঐ জ্যোতিস্তত্ত্ব জ্যাবাত্মা হইচে পৃথক্ নহে। পরে ঐ একীভূত জ্যোতিঃস্বরূপা কামিনীকে সঞ্জারে স্থাপনপূর্ব্বক বাহ্য-রূপ সমর্পণ করিবে। অর্থাৎ উক্তরূপ করিয়া বারা তেন্ডোর্রপ রূপ ক্ল কামিনীর গর্ভ্তে জীবাত্মার নিকট স্থাপন করিয়া, পরে দেশতার হস্তে—

"ওঁ গুছ্যাতিগুছ্যগোপ্তা ফ গৃছাণাশ্বংক্কতং জপম্। সিদ্ধিত্বতু মে দেব স্বংপ্রসাদাৎ স্বয়ি স্থিতে॥

এই মন্ত্র পাঠ করিয়া জপ সমর্পণ করিবে। দেবীমন্ত্র জপ বিসর্জ্জনে, গোপ্তা হলে গোপ্তা এবং দেব হলে দেবি পাঠ করিবে। এইরূপ করিয়া জপ সমর্পণ করিলে সাধকের জপজনিত তেজের কিছুমাত্র হানি হয় না। এ কারণ শাক্ত, বৈষ্ণব সকলেরই জপ সমর্পণ করা কর্ত্বা।

্যাহারা মন্ত্র জপ করিয়া সিদ্ধি লাভ করিতে চাহে, তাহার। এই জপরহন্ত সম্পাদন এবং জপান্তে জপ-সমর্পণ করিবে, নতুবা মন্ত্র জপে কল লাভের আশা নাই। আরও নানাবিধ প্রণালীতে জপ করিয়া মন্ত্র সিদ্ধিকরা ঘাইতে পারে, আমরা ভারও কয়েকটা প্রণালী নিম্নে লিপিনদ্ধিকরিলাম।

সন্ত্রার্থ ও মন্ত্রটেডন্য

মন্ত্রজপে সিদ্ধি লাভ করিতে হইলে মন্ত্রচৈতন্ত করিয়া ও মন্ত্রার্থ পরি-জ্ঞাত গ্রহা যথাবিধি ভাবে হুপ করিতে হয়। মন্ত্র-সিদ্ধি লাভ করিতে স্ইলে, মন্ত্র যে অক্ষরে, যে ভাবে, যে ছন্দোবদ্ধে গ্রাথিত আছে, তাহা সেই ভাবে জপ করিতে হয়। তাহা হইলে মন্ত্রে দিদ্ধি লাভ করা যাইবেক। জন্ত্রে উক্তরহিরাছে যে,—

মনোহন্মত্র শিবোহন্মত্র শক্তিরন্মত্র মারুতঃ। ন সিধ্যন্তি বরারোহে কল্পকোটিশতৈরপি॥ মন্ত্র জপকালে মন, পরমশিব, শক্তি এবং বায়ু পৃথক্ পৃথক্ স্থানে থাকিলে অর্থাৎ ইঃদিগের একতা সংযোগ না হইলে শতকল্পেও মন্ত্র সিদ্ধি হয় না। এই সকল তথা সমাক্ না জানিয়া অনেকে বলে যে, ''মন্ত্র জপ কবিয়া ফল হয় না' কিন্তু আপনাদের ক্রুটীতে ফল হয় না, এ কথা কেহ ব্রিতে চাহে না। এই দেখ জগদ্ওক যোগেশার কি বলিয়াছেন,—

অন্ধকারগৃহে যদম কিঞ্চিৎ প্রতিভাসতে।
দীপনীরহিতো মন্ত্রস্তথৈব পরিকীর্ত্তিতঃ॥
সরস্বতী তন্ত্র।

. . . .

আলোকবিহীন অন্ধকার গৃহে যেরূপ কিছু দেখা যায় না, সেইরূপ দীপনীহীন মন্ত্র জ্বপে কোন ফল না। অন্ত তন্ত্রে ব্যক্ত আছে;—

মণিপুরে দদা চিন্তা মন্ত্রাণাং প্রাণরূপকে।

অর্থাৎ মন্ত্রের প্রাণরূপ মণিপুর-চক্রে সর্বাদা চিন্তা করিবে। বান্তবিক মন্ত্রের প্রাণ মণিপুরে, ভাহা জানিয়া ক্রিয়া না করিলে মন্ত্র কথনই
চৈডক্ত হইবে না; সুভরাং প্রাণহীন দেহের ক্রায় অচৈডক্ত মন্ত্র জপ
করিলে কোনই ফল হয় না। কিন্তু এই যে মন্ত্রের প্রাণ মণিপুরে কি
প্রকার, ভাহা কোন গুরুদেব বুঝাইয়া দিতে পারেন কি ? আমি জানি
গৃহত্ব লোকের মধ্যে একজনও নাই; যোগী ও সন্ন্যাসীগণের মধ্যেও অভি
তল্প লোকের মধ্যে একজনও নাই; যোগী ও সন্ন্যাসীগণের মধ্যেও অভি
তল্প লোকে ঐ সঙ্কেত ও ক্রিয়াল্লকান জ্ঞাত আছেন। তবেই দেও মালাঝোলা লইয়া স্বধু বাহ্যাড়ন্ত্রর ও অনুষ্ঠান করিলে ফল পাইবে কিন্তুপে ?
কিন্তু করজন গুরু দীক্ষার সঙ্গে শিশ্বকে মন্ত্র চৈতন্ত্রের উপায়াদি শিক্ষা
দিরা থাকেন ? আবার ক্রে জামকে কথিত হইয়াছে, বে ব্যক্তি মন্ত্রার্থ
জানে মা ভাহার কি প্রকারে সিদ্ধি হইবে। বে প্রকার পশুভাববিহীন

বাক্তি পশুভাবের ফল ভোগ করিতে পারে না, তদ্রপ মন্ত্রার্থানভিজ্ঞ ব্যক্তি ক্ষপ-ফল প্রাপ্ত হয় না। মন্ত্রার্থ মানে শব্দার্থ নহে, মন্ত্রের ভাবার্থ উপলব্ধি কবা চাই। স্থতরাং উহা সাধনসাপেক্ষ। মন্ত্র ও দেবতার অভেদ জ্ঞানই মন্ত্রার্থ । যথা—

মন্ত্রার্থ-দেব তারূপ-চিন্তনং পরমেশ্রর। বাচ্যবাচকভাবেন অভেদো মন্ত্রদেবয়োঃ॥

ক্ত যাৰল।

ইইদেবতার মূর্ব্ডি চিন্তা করিলে অর্থাৎ দেবতার শরীর ও মন্ত্র অভির এইরপ ভাবিলে মন্ত্রার্থ ভাবনা হর। দেবতার রূপ চিন্তনই মন্ত্রার্থ। মন্ত্র ও দেবতা বাচ্য-বাচক ভাবে অভির, দেবতা মন্তবাচ্যা এবং মন্ত্র দেবতার বাচক স্থতরাং বাচ্য বিজ্ঞাত হইলে বাচক প্রসন্ন হয়েন। এইরপে মন্ত্রের অর্থ পরিজ্ঞাত হইয়া জপ না করিলে মন্ত্র সিদ্ধি হয় না, অত্তএব সকলেরই আপন আপন ইউদেবতার,—আপন আপন মন্ত্রের অর্থ জ্ঞান থাকা আবশ্রক। শাস্ত্রে মন্ত্রার্থ-জ্ঞানের এক উৎরুষ্ট উপার আছে। সেই উপারে সকলেই সকল প্রকার মন্ত্রার্থ পরিজ্ঞাত হইতে পারিবে। ভদ্মরা মন্ত্রের অর্থ আপনিই সাধক-জ্বন্যে প্রতিফলিত হইয়া থাকে। নিয়ে তাহার ক্রম লিখিত হইল।

শুরুর ইই-মন্ত্রক প্রথমে ভাবিবে, মৃলাধার চক্রে কুণ্ডলিনী শক্তিরূপে রহিরাছেন । ইইার কান্তি নিতান্ত শির্মাল করিভেটে স্দৃশ শুদ্রবর্ণা।
এবং তাঁহাতেই মন্ত্রের অক্ষর শ্রেণী তদভেদে বিরাজ করিভেটে। অর্দ্ মূহুর্ত্ত প্ররূপ ভাবনা করিরা পরে চিক্তা করিবে যে, জীব মনের সহিত বাধিষ্ঠান চক্রে গিরাছেন। এই চজ্জেও বন্ধুককুস্থমারুণবর্ণরূপে ইইদেবতা ও মুগাকর-শ্রেণী এক হইয়া বিরাজ করিভেট্নন। মুহুর্তার্দ্ ঐকপ চিন্তা করিয়া পশ্চাৎ মণিপুর চক্রেও স্বচ্ছ ক্ষটিকের স্থায় শুল্রবর্ণ ও অভিন্ন ভাবনা করা কর্ত্তব্য। অভঃপর ভাবিবে—দেবতা ও মন্ত্র সহস্রদশ কমলে বিরাজ করিতেছেন; তাঁহার বর্ণ ক্ষটিকাপেকা স্থণুল। অভঃপর হাদ্-পদ্মে জীবের গমন; তথায়ও ধ্যান বোগে চিন্তা করিবে যে, তাঁহাদের বর্ণ মরকত-মণি-সমপ্রভ শ্রামবর্ণ। তৎপরে বিশুদ্ধ-চক্রে ঐরপ হবিদ্র্ণা ধ্যান কবিয়া আজ্ঞাচক্রে যাইবে। তথায় মন্ত্রময় ইষ্ট-দেবতা সাক্ষাৎ ব্রহ্ম-স্কর্মপণী ও পূর্ব্বোক্ত বর্ণচতুষ্ট্রয়ামুরঞ্জিতা। এইকপ ধ্যান করিতে কবিতে এক অনির্ব্বাচ্য রূপ বা ভাব আবির্ভ্,ত হইবে। সেই অনির্ব্বাচ্য রূপ বা ভাব জ্বপা মন্ত্রের যথার্থ অর্থ।

এই মণে মন্ত্রার্থ নির্ণয় করিয়া পরে মন্ত্র চৈত্রন্ত কবাইবে। চৈত্রন্ত সহিত মন্ত্র সর্বাসিদ্ধি প্রদ। যে ব্যক্তি চৈত্রন্তবহিত মন্ত্র জ্ঞপ কৰে, তাহাব ফলেব আশা স্থানুবপরাহত; উপবন্ধ প্রত্যবায়ভাগী হইতে হয়। ইহা আমানের মনগড়া কথা নহে, শাস্ত্রেই উক্ত আছে:—

চৈতন্যরহিতা মন্ত্রাঃ প্রোক্তবর্ণাস্ত কেবলাঃ। ফলং নৈব প্রযাহন্তি লক্ষকোটিশতৈরপি ॥ ভূতভূদ্ধি তরু।

ত চৈত্ত মন্ত্র কেবল বর্ণমাত্র; স্থতরাং শত লক্ষ কোটা জপেও ফল'প্রেদানে সমর্থ হয় না। অত এব জাপককে জপ্য-মন্ত্র চৈত্ত করিয়া দিতে হয়। মন্ত্রগুলি বর্ণ নিছে, নাদর্রপিণী শক্ত্রদা সরস্বতী দেবীই মন্ত্রবাদের মূলান্মিকা শক্তি। + এই শক্ষ যে কার্য্যের জন্ত যে সকল

[•]মৎপ্রণীত "যোগীগুরু" গ্রন্থে মন্ত্রতাত্ত বিশাদ করিয়া লোখা ইইয়াছে। উক্ত প্রকের মন্ত্র-কর দেখ।

একরে গ্রথিত চইয়া যোগনলশালী ঋষিদিগের হাদর চইতে উথিত চইয়া-ছিল, ভাচাই মন্ত্ররূপে গ্রথিত চইয়া রহিয়াছে; অতএব মন্ত্রশক বে, এক অলৌকিক শক্তিও বীর্যালালী ভাহাতে সন্দেহ কি? মন্ত্র শক্তেব অর্থ এই বে,—

মননাৎ তারদেৎ যস্তু স মন্ত্র: পরিকীর্ত্তিতঃ

অর্থাৎ—যাহা মনে শারণ মাত্রেই জীব ভববন্ধন হইতে মুক্ত হয়, তাহাই মন্ত্র নামে কথিত হইয়াছে। যেমন ক্ষুদ্র দর্যপ পরিমিত অশ্বথ বীজের মধ্যে রহৎ বৃক্ষটী কাবণরূপে নিহিত থাকে, প্রাক্ষতির সহায়তার সেই কাবণ হইতে বৃক্ষের উৎপত্তি হয়, তজ্ঞপ দেব-দেবীর বীজ-মন্ত্রে তাহাদেব স্ক্র্ম-শক্তিনিহিত থাকে,—শুনিশুে বর্ণ মাত্র—কিন্তু ক্রিয়া হারা তাহার শক্তিনাহার দিলে যে দেবভার যে বীজ, সেই দেবভার শক্তি কার্য্য করিবে, সন্দেহ নাই। যোগযুক্ত হৃদয়ের আত্যন্তিক ক্ষুরণে মন্ত্রেব প্রজাব প্রতিষ্টিত ও বিকিরণ হয়। অভ্যন্তব মন্ত্রকে চৈত্রস্থ করা, এই কথার অর্থ এই বে,—মন্ত্রকে চিৎশক্তিতে সমারচ করা। অর্থাৎ বর্ণভাব বা অক্ষরভাব দূলীরত করিয়া মন্ত্রকে চেতন ভাবে পরিণামিত করা। মন্ত্র চিৎশক্তি সমারচ হইলে শান্ত্রে তাহাকে সচেতন ও সঞ্জীব মন্ত্র বলে॥ অন্তৈত্র মন্ত্রের নাম ল্পুরীক্র মন্ত্র। লুপুরীজমন্ত্র জপে কোন ফল হয় না। বথা—

লুপ্তবীজাশ্চ যে মন্ত্ৰা ন দাস্মন্তি ফলং প্ৰিয়ে॥

মন্ত্র চৈতন্ত করা অতিশর কঠিন সাধনাসাপেক। মন্ত্র চৈতন্ত করিবার সংক্ষেপ ও সাঙ্কেতিক কার্য্য অনেক আছে, বিশেষতঃ তাহা ক্রিরামর,— গুরুর নিকট সঙ্কেত ও ক্রিয়া অবগত হইয়া মন্ত্র চৈতন্ত করিলে শাভ্র ফললাভ হইতে পারে। শান্ত্রে মন্ত্রচৈতন্ত্র,করিবার বছবিধ প্রাণালী আছে, আমরা করেকটী মাত্র নিমে লিপিবদ্ধ করিলাম।

মনে মনে একতানভাবে চিন্তা করিবে বে,—বর্ণসমুদর স্ক্র জনাহত শব্দে বাস করে এবং চিৎশক্তির প্রেরণার স্বন্ধা-পথে কঠদেশ দিয়া
অতিবাহিত হয়। তদনস্তর চিন্তা করিবে—মন্ত্রের যে সকল বর্ণ আছে,
ঐ বর্ণসকল চৈতন্তের সহিত এক হইয়া শিরঃস্থ সহস্রার পল্লে অবস্থান
করিতেছে। সহস্রদল পল্লে চৈতন্তের প্রকাশ এবং তাহাতে মন্ত্রাক্ষরের
চৈতন্তর্রপে অবস্থিতি। এই প্রকার চিন্তার পরে মণিপুরপল্লকে সেই
প্রকার চৈতন্তাধিন্তিত মন্ত্রের স্থাণ বলিয়া চিন্তা করিবে।

সহপ্রাররূপ শিবপুরে চতুর্বেদাত্মক শাখা চতুষ্ট্রযুক্ত পীত-রক্ত-খেতরুষ্ণ ও হরিছর্ণ অমান পূলা পরিশোভিত, স্থমধুর ফলাছিত, শ্রমর ও
কোকিলনিনাদিত, ক্রর্কের এবং তদধোভাগে রক্তবেদিকা ও ততুপরি
পূলান্যান্তিত মনোহর পর্যান্তের চিন্তা করিয়া, এই পর্যান্তে কুলকুগুলিনী
সমন্তিত মহাদেবের চিন্তা করিবে এবং তৎপর ত্রিবর্গদায়িনী ইষ্টদেবভার
মন্ত্র জপ করিবে।

সূর্যামগুল লক্ষ্য করিরা, ভাহার মধ্যে ইপ্টমন্তের অবস্থান—এই প্রকার চিন্তা ও মনে মনে সেই মন্ত্র জ্ঞাপ করিবে, এবং ভাবিবে যে গুরু সাক্ষাৎ লিবরূপী, সাক্ষাৎ ব্রহ্মরূপী—শক্তি ভদভেদে বিরাজ করিতেছেন, এইরূপ চিন্তা করিলেও মন্ত্র চৈতন্তের আবেশ হইতে পারে।

চিংশক্তি অকর উচ্চারণের আদি করিণ। চিং-শক্তিভেই বর্ণ সকল আরচ্ থাকে—অভএব মন্ত্র বধন বট চক্রশোধন দারা (পূর্ব্বোক্ত মন্ত্রার্থ নির্ণরের স্থার) অক্ষরভাব পরিত্যাগ করিয়া চৈতন্তে আরচ্ হর—অর্থাৎ চেতনা শক্তিতে সময়িত হর, তথন মন্ত্র চৈতন্ত হইরা থাকে।

এইরাপ ভাবে চারিটী ঞ্রিম্যার মধ্যে বে কোন একটা **স্পর্যানন পূর্বাক্র** মন্ত্র ও চিৎ-পঞ্জিয় অভেদ ভাবনা করিতে ক্ষ**িডে উপযুক্তকালে মন্ত্র**- তৈতে তের আবেশ হয়। বলা বাছলা, এই যে চিন্তার কথা বলা ছইল—
ইলা একতান চিন্তা—অর্থাৎ বিষয়াদি হইতে মনকে আহত করিয়া তৈলধারার ন্তায় অবিচ্ছির চিন্তা। উক্ত প্রকারে চিন্তা করিতে করিতে
আনন্দাশ্রুপাত, রোমাঞ্চ ও নিদ্রাবেশ হয়। ইহাকেই মন্ত্র চৈতন্ত বলে।
মন্ত্র-চৈর্তন্ত হইলে সাধকের হালয় নিত্যানন্দে পূর্ণ ও দেবদর্শন হইরা থাকে।
বিক্ষান্ত্র, শক্তিমন্ত্র, ও শিবমন্ত্র অপে মন্ত্রার্থ জ্ঞান ও মন্ত্রচৈতন্যের বিশেষ
আবশ্রকতা জানিবে। ইছা আমরা রচাইরা বলিভেছি না। শাস্ত্রে
উক্ত আছে,—

মূলমন্ত্রং প্রাণবুদ্ধা অধুস্থামূলদেশকে।
মন্ত্রার্থং তম্ম চৈতম্যং জীবং ধ্যাত্বা পুনঃ পুনঃ ॥
গৌত্নীয় তম্ন।

মৃলমন্ত্রকৈ স্থয়ার মৃলদেশে জীবরপে চিন্তা করিয়া মুস্তার্থ ও মর-চৈতন্য পরিজ্ঞান পূর্বক জপ করিবে

য়োনি-যুদ্রা যোগে জপ।

মন্ত্রার্থ ও মন্ত্রটাত পরিজ্ঞাত হইরা বোনিয়ন্ত্রা বোগে বাংশ করিলে অতি সম্বন্ধে মন্ত্রাসিদ্ধি হইরা আকে। মন্ত্রার্থ, মন্ত্র-হৈতক্ত ও বোনিমূলা অবগত না হইরা অপাদি করিলে পূর্ণ কল লাভ হরনা. এ কথা তম্নাত্রে প্নঃ পুনঃ উক্ত হইরাছে। বধা—

মন্ত্রার্থং মন্ত্রচৈতক্যং যোনিমুদ্রাং ন বেতি যঃ। শতকোটিজপেনাপি তম্ম সিদ্ধিন স্থায়তে॥

সবস্বতী তন্ত্ৰ।

মন্ত্রার্থ, মন্ত্র-চৈত্রন্ত ও বোনিমুদ্রা না জানির। তপ কবিশে শত কোটা জপেও মন্ত্রনিদি হর না। অতএব মন্ত্রনিদ্ধিকামী ব্যক্তি মন্ত্রচৈতন্ত কবিরা মন্ত্রার্থ পবিজ্ঞাত হইরা যোনিমুদ্রা বন্ধন করিরা জপ কবিবে। মন্ত্রার্থ ও মন্ত্র চৈত্রন্তেৰ কথা পূর্ব্বেই বালিরাছি, এক্ষণে বোনিমুদ্রার বিষয় বিবৃত্ত কবা যাউক।

পশুভাবে শ্বিত যে মন্ত্র. তাহা কেবল বর্ণমাত্র। অতএব ঐ সকল
মন্ত্র সুষ্মা ধ্বনিতে উচ্চাবিত করিয়া জ্ঞপ কবিলে প্রভূত্ব প্রাপ্তি হয়।
বুলার্ণ হল্তে কথিত হইয়াছে যে,—জপকালে মন, প্রম-শিব, শক্তি এবং
বাযু পৃথক্ পৃথক্ স্থানে থাকিলে—অর্থাৎ ইহাদিগের একতা সংযোগ না
১ইলে শত কোটী কল্পও মন্ত্র সিদ্ধি হয় না। মন, প্রম-শিব, শক্তি এবং
বাযুব ঐকাত্মা সম্পন্ন কবিবাব জ্ঞাই বোনিমুদ্রাব প্রয়োজন।

মূলাধাব পদ্মেব কল মধ্যে ত্রিকোণ, তন্মধো স্থলকণ কামবীল, তন্মধ্যে তামবালোড়ত মনোহব স্থান্ত-লিল, তত্পবিভাগে হংসাপ্রিতা চিৎকলা, তন্মধ্যে স্থান্ত-লিল-বেষ্টিতা তেজােরপা চিন্ময়ী কুওলিনীলজিব ধ্যান কবিবে। অনন্তব আধারাদি ঘট্চক্র ভেদকরিরা তেজােরপা কুওলিনী দেবীকে '২ংস' মন্ত্রেব বাহিত প্রকারকে, 'আনমন করতঃ ভক্রস্থ সদালিবের সহিত কলমাত্র উপগতা চিন্তা করিরা উক্ত লিব ও কুওলিনী সংবাগে। শেলা লাভারস সদৃশ পাটলবর্ণ অমৃতধারার নিজকে প্লাবিত ও আনক্ষর চিন্তা লাভারস সদৃশ পাটলবর্ণ অমৃতধারার নিজকে প্লাবিত ও আনক্ষর চিন্তা করিরা করিবা প্রাবিত ও আনক্ষর চিন্তা

নাড়ী গ্রন্থিত অক্ষমালার চিন্তা করিয়া মন্ত্রধারা সবিন্দু বর্ণ ও সবিন্দু বর্ণ ধারা মন্ত্র অন্তরিত করিয়া অনুলোম বিলোমে জপ করিবে। উক্ত প্রকারে পঞ্চাশং মাতৃকা বর্ণে ক্রিবেবার জপ করিবে। জপ সমরে 'ক্র'কাররূপ মেরু কদাচ লজ্বন করিবে না। এইরূপে বোলিমুলা বন্ধন করিয়া জপ করিতে হয়।

মোনিমুদ্রা বন্ধন প্রাণায়াম মাত্রাযোগেই করিতে হইবে। যোনিমুদ্রা
এক প্রকার যোগ। অভ্যাদের দ্বারা উহাতে সিদ্ধিলাত করা যার।
সদ্প্রকার নিকটে দেখিয়া লইরা তৎপরে অভ্যাস করিতে আরম্ভ করিলেই
ভাল হয়। নতুবা উল্লিখিত শাস্ত্রোক্ত অংশ মাত্র পাঠ করিয়া অনভিক্র
ব্যক্তি কদাচ যথাযথ ভাবে উহা অমুষ্ঠানে সক্ষম হইবে না। আমবা
ভাপক ও সাধকগণের স্থবিধার্থে যোনিমুদ্রা যোগে জপের প্রণালী বক্ষামান
ভাবে নিমে বিবৃত করিলাম। ইহা গুরুপদিষ্ট এবং বহু সাধকগণের
পরীক্ষিত। জপের এরূপ উৎকৃষ্টতর প্রণালী আমরা আর অবগত নহি,
যথাবিধানে অমুষ্ঠান করিতে পারিলে অভি অল্ল সময়ে ইহাতে সাফলা
লাভ করিতে পারিবে। যোনিমুদ্রা যোগে জপের প্রণালী এইরূপ—

সাধক সাধনোপযোগী স্থানে কম্বল, মৃগ্রহর্ম প্রভৃতি কোন আসনে পূর্ব্ব কিম্বা উদ্ভব্ন মুখে উপবিষ্ট হইরা ধ্ণাদির গদ্ধে গৃহ পূর্ণ ও নিজে আনন্দযুক্ত হইবে। অতঃপর আপন আপন স্থবিধানুরূপ অভান্ত ধে কোন আসনে স্থিরভাবে সোলা হইরা উপবেশন করিরা প্রথমতঃ ব্রহ্মরয়ে

^{*}মৎ প্রণীত "বোগীগুরু" পৃস্তকে বট চক্রাদির বিষরণ এবং ."জ্ঞানীগুরু" পৃস্তকে মোনি-মুদ্রার প্রণালী বিশদ করিয়া লেখা হইরাছে। সাধকগণের প্রাথমিক শিক্ষার জন্ত "বোগীগুরু" পৃস্তকথানা পাঠ করা কর্তব্য। নতুবা এই পৃশ্বকোক্ত জনেক বিষয় বুবিতে গোল হইতে পারে।

শভদশ পদ্মে গুরুদেবের ধ্যান, পূজা, প্রণাম ও প্রার্থনা করিবে। পঞ্চপ্রাণ, পঞ্চকর্ম্মেরিয়ে, পঞ্চজ্ঞানেরিয়ে, মন, বৃদ্ধিক এই সপ্তদশের আধার-স্বরূপ জীবাস্থাকে মূলাধারচক্রন্থিত কুগুলিনীর স্কৃতিত একীভূত চিস্তা করিবে। মৃশাধার-পন্ম ও কুওলিনী-শক্তিকে মানসলেক্তে দর্শন করতঃ "ह्" এই क्र्कवीक উচ্চারণপূর্বক উভন্ন নাসিকাপথে ধীরে ধীরে বায় আকর্ষণ করিয়া মূলাধারে চালিত করিতে করিতে চিন্তা কর, মূলাধারস্থিত শক্তিমগুণান্তর্গত কুগুলিনীর চতুর্দিকন্থিত কামাগ্নি প্রজ্ঞানিত হইতেছে। ঐ অগ্নি সমৃদ্দীপিত হইলে কুগুলিনী জাগরিতা হইরা উঠিবেন। তথন "হংস" মন্ত্র উচ্চারণ পূর্ব্বক গুহাদেশ আকুঞ্চিত করিয়া কুম্ভক ছারা বারু রোধ করিলে কুগুলিনী উদ্ধগমনোশুণী হইবেন। সেই সময় কুগুলিনী-শক্তিকে মহাতেজোমরী এবং মন্ত্রাক্ষরগুলি তাঁহাতে গ্রথিত চিস্তা করিবে। দে সময় কুণ্ডালনী এক মুখ স্বাধিষ্ঠানে রাধিয়া অন্ত মুখ ঘারা দক্ষিণাবর্ত্তে মৃনাধার পল্মের চতুর্দলে চারিবার ভালে ভালে জপকরিবেন এবং সঙ্গে সঙ্গে আধারপদ্মন্থিত সমস্ত দেব-দেবী, মাভূকাবর্ণ ও বৃত্তিগুলি গ্রাস করিবেন অর্থাৎ উহারা টাহার (কুগুলিনী-শক্তির) শরীরে লয় প্রাপ্ত হইবে। ভবন পৃথ্বীবীজ "লং' মুখে করিয়া কুগুলিনী স্বাধিষ্ঠানে উঠিবেন ৷ অমনি মৃলাধার-পদ্ম অধোমুধ ও মৃদিত এবং স্লান হইয়া যাইবে।

সাধককে এইখানে একটা কথা শারণ রাখিতে হইবে; সমুদর পদ্মই ভাবনার সময় উদ্ধ্যুথ ও বিকশিত হয়। কুগুলিনী চৈতক্সলাভ করিয়া বখন যে পদ্মে যাইবেন, তথন সেই পদ্মই বিকশিত হইবে। কিন্তু যথন যে পদ্ম ত্যাপ করিবেন, তথন সেই পদ্ম মূলাধারের স্থার অধােমুখ, মূলিত ও ব্লান হইরা যাইবে। আর এই প্রণালী সমুদর ভাবনা ধারা সুন্দররূপ অভান্ত হইলে, যথন কুগুলিনী উঠিতে থাকিবেন, তথন সাধক স্পাইরূপে

অনুভব ও প্রত্যক্ষ করিছে পারিবে। কেন না তিনি যত্ত্র উঠিবেন, সে পর্যন্ত মেরুপণ্ডের ভিত্তর সির সির্করিবে, রোমাঞ্চ হইবে এবং সাধকেব মনে অপার আমনদ অমুভব হইবে।

মৃণাধার-পদ্ম পরিত্যাগ করিয়া কুগুলিনী স্বাধিষ্ঠান-পদ্ম আদিয়াই পূর্বের মুখ মণিপুরে উত্তোলন করিবেন এবং অপর মুখ ছারা স্থাধিষ্ঠানপদ্মের বড় দলে দক্ষিণাবর্ত্তে ছ্রুরার তালে তালে জপ করিবেন এবং সঙ্গে সঙ্গে স্থাধিষ্ঠান-পদ্মছিত সমস্ত দেব-দেবী, মাতৃকাবর্গ ও বৃত্তিগুলি গ্রাস করিবেন। লং-বীজ জলে লয় প্রাপ্ত হইবে। তপন "বং" এই বরুণ-বীজ মুখে করিয়া কুগুলিনী মণিপুরে উঠিবেন।

অনস্তর কুগুলিনী মণিপুর আসিরা পূর্বমুথ অনাহত পলে উত্তোলন করিবেন এবং অপর মুথ দারা মণিপুর-পল্লের দশদলে দক্ষিণাবর্ত্তে দশবার তালে তালে জপ করিবেন এবং সঙ্গে সঙ্গে, মণিপুর-পল্লস্থিত সমস্ত দেব দেবী, মাতৃকাবর্ণ ও বৃত্তিগুলি গ্রাস করিবেন। বং-বীজ্ঞ অল্লিমগুলে লয় প্রাপ্ত হইবে। তথন "রং" এই বহু-বীজ মুথে করিয়া অনাহতে উঠিবেন।

অতঃপর কুগুলিনী অনাহত-পদ্মে আসিয়া পূর্ব্যমুথ বিশুদ্ধ-পদ্মে উত্তোলন করিয়া অপর মুখ ছারা অনাহত-পদ্মের ছাদশ দলে দক্ষিণাবর্ত্তে তালে তালে ছাদশ বার অপ করিবেন এবং সঙ্গে সঙ্গে অনাহত-পদ্মস্থিত সমস্ত দেব-দেবী, মাতৃকাবর্ণ ও বৃদ্ধিগুলি গ্রাস করিবেন । রং-বীজ বায়ুমগুলে লীন হইয়া যাইবে। তখন "বং" এই বায়ু-বীজ মুখে করিয়া কুগুলিনী বিশুদ্ধ-পদ্মে উঠিবেন।

অনন্তর বিশুদ্ধ-পল্পে আসিয়া পূর্বসূর্থ আজ্ঞাচক্রে উত্তোলন করিয়া অসর মুথ দারা বিশুদ্ধ-প্রেয় বোড়শ দলে দক্ষিণাবর্ত্তে তালে তালে বোল বার জপ করিবেন এবং সঙ্গে সঙ্গে বিশুদ্ধ-পুরুষিত সমস্ত দেব-দেবী, মংতৃকাবর্ণ, সপ্তাধার এবং বৃত্তিগুলি গ্রাস করিবেন। বং-বীজ আকাশ মণ্ডলে লয় হইয়া যাইবে। তথন ''হং'' এই আকাশ-বীজ মুথে করিয়া কুণ্ডলিনী আজ্ঞাচক্রে উঠিবেন।

তদনন্তর কুগুলিনী আজ্ঞাচক্রে আসিয়া পৃক্ষম্থ নিরাল্যপুরে উন্তোলন করিয়া অপর মুখ দারা দক্ষিণাবর্ত্তে আজ্ঞাচক্রের ছই দল্যে তালে তালে ছইবার জপ করিবেন এবং সঙ্গে সঙ্গে আজ্ঞাপদ্মন্থ সমূদর দেবতা, মাতৃকাবর্ণ ও গুণগুলি গ্রাস করিবেন। হং-বীজ মনশ্চক্রে লয়প্রাপ্ত হইবে। মন বৃদ্ধিতত্ত্বে, বৃদ্ধি প্রকৃতিতে এবং প্রকৃতি কুগুলিনীশক্তির শরীরে লয় হইয়া বাইবে।

তথন কৃত্তনিনী স্ব্যা-মুখের নীচে কপাটস্বরূপ অর্দ্ধচন্ত্রাকার মণ্ডল ভেদ করিয়া বতই উথিত হইতে থাকিবেন ততই ক্রমে ক্রমে নাদ, বিন্দু, করারার্দ্ধ ও নিরালম্বপুরী গ্রাস করিয়া ঘাইবেন।—অর্থাৎ তৎ সমস্তই কৃত্তলিনীর শরীরে লয় প্রাপ্ত হইবে। এই অর্দ্ধচন্দ্রাকার কপাট ভেদ হইলেই কৃত্তলিনী স্বয়ং উথিত হইয়া ব্রহ্মরদ্ধ স্থিত সহসদল-কমলে প্রম্ব

আন্তাশক্তি কুল-কুণ্ডলিনী এইরপে স্থল ভূত হইতে প্রার্ভিত পর্যান্ত চতুর্বিংশতি তত্ত্ব গ্রাস করিরা শিরসি-সহস্রারে উঠিয়া পরম পুরুষের সহিত সংযুক্ত ও একীভূত হইবেন। তথন প্রকৃতি-পুরুষের সামরশ্র-সমূত অমৃতধারা ঘারা কুদ্র বন্ধাপ্তরাপ শরীর প্লাবিত হইতে থাকিবে। সেই সমর সাধক সমন্ত জগৎ বিশ্বত ও বাহ্যজ্ঞান শৃক্ত হইয়া কিরপে অনির্বাচনীর অভূতপূর্ব অপার আনন্দে নিমন্ন হইবে, তাহা লিথিয়া প্রকাশ করিবার সাধ্য নাই। সে আনন্দ অনুভব ব্যতীত মুখে ব্রিয়াও বুঝাইতে পারা

ৰার না। অব্যক্ত অপূর্বজ্ঞাব ব্যক্ত করিবার মত ভাষা নাই। সেই অনির্দেশ্র অনমূভূত আনন্দ স্বয়ংবেছ। সাধারণকে "কুমারীর স্বামী সহবাস স্থুও উপলব্ধির ক্রায়" সে আনন্দ বুঝাইতে যাওয়া বিভ্ৰমা মাত্র।

বাঁহারা স্থলমূর্ত্তির উপাদক, তাঁহাদিগের মধ্যে বাঁহারা লাক্ত, তাঁহারা স্থালনীকে সহস্রারে উত্থাপিত করিয়া তাঁহাকে গুরুপদিষ্ট ইষ্ট দেবতা —অর্থাৎ যিনি যে দেবীর উপাদক তিনি কুগুলিনী শক্তিকে সেই দেবী এবং পরম পুরুষকে তরিন্দিষ্ট ভৈরব করনা করিয়া উভয়ের একত্রিত সামবস্ত সন্তোগ করিবেন। আর বাঁহারা বৈক্ষব, তাঁহারাও কুগুলিনীকে সহস্রারে উঠাইয়া পুরুষের সহিত সংযুক্ত করিবার সময়ে কুগুলিনীকে পরাপ্রকৃতির্রাণী রাধা এবং সহস্রারন্থিত পরম পুরুষকে শীক্তৃষ্ণ করনা করিয়া উভয়ের দামরস্ত সন্তোগ করিবেন।

সহস্রদল-পল্ল কুণ্ডলিনীকে মহাতেজােময়ী অমৃতানন্দ মূর্ত্তি চিস্তা করিবে। তৎপরে স্থাসমূদ্রে নিমজ্জিত ও রসাপ্লুত করিরা পরন প্রকরের সহিত সামরস্থ সন্তােগ পূর্বক পুনর্বার কুণ্ডালনীকে যথাস্থানে আনয়ন করিতে হইবে। এই সময় তাঁহাকে মহামৃতরূপা, আনন্দময়ী চিস্তা করিবে। কুণ্ডালনীকে নামাইবার সময় সাধক 'সোহহং' মন্ত্র উচ্চারণ করিয়া উভয় নাসিকা ছারা ধীরে ধীরে খাস ত্যাগ করিবে। তাহা হইবে তিনি নিয়দিকে আসিবেন। প্রভাইনামনকালে নিয়ালস্থপ্রী, প্রণব, নাদ, বিন্দু আদি উদ্গীর্ণ করিয়া যখন কুণ্ডালনী আজ্ঞাচক্রে উপনীত হইবেন, তথন ভাগ হইতে বৃদ্ধি, মন, দেবভা, ত্রিগুণ, মাতৃক্রিণ ও পদ্মন্থিত অন্তান্ত

[•]এই প্রক্রিয়া আমাদের স্বকণোলকারত বলিরা কোন বৈশ্বন মনে কারিলে তাঁহাদের প্রামাণিক গ্রন্থ ''নারুদ-পঞ্চরাত্রের'' এর অধ্যায়ের ৭০ হইতে ৭২ স্লোকে দৃষ্টি করিলেই শ্রম বৃথিতে পারিবেন।

পদ্মন্থিত অঞ্জান্ত সমুদর স্পষ্ট হইরা যথাস্থানে অবস্থিতি করিবে। কুওলিনী নিম্নের মুখ বারা বামাবর্ত্তে তালে তালে আজ্ঞাচক্রের হুই দলে হুইবার জপ করিবেন। পরে মনশ্চক্র হুইতে ''হং" এই আকাশ-বীজ উৎপর হুইলে, তাহা মুখে করিয়া বিশুদ্ধ-পল্লে উপস্থিত হুইবেন।

বিশুদ্ধ-পদ্মে আসিলে, তাঁহা হইতে এই পদাস্থ সমস্ত দেব-দেবী,
মাতৃকাবর্ণ, সপ্তাধার ও অমৃতাদি স্পষ্ট হইরা যথাস্থানে সংস্থিত হইবে।
তথন কুণ্ডলিনী নিমের মুথ বারা বামাবর্ত্তে বিশুদ্ধ পদ্মের যোড়শ দলে
তালে তালে বোলবার জ্বপ করিবেন। হং-বীজ্ব ইইতে আকৃশি-মগুল
স্পষ্টি হইবে। তাহা হইতে "ষং" এই বায়-বীজ্ব উৎশর হইলে, তাহা মুখে
করিরা কুণ্ডলিনী অনাহত-পদ্মে আসিবেন।

অনাহত-পল্মে উপস্থিত হইলে, তাহা হইতে এই পদান্তি সমস্ত দেব-দেবী, মাতৃকাবৰ্ণ ও বৃত্তিগুলি স্ষ্ট হইয়া যথাস্থানে অবস্থিতি করিবে। তথন কুগুলিনী নিয়ের মুখ দ্বারা বামাবর্তে অনাহত-পল্মের দ্বাদশ দলে তালে তালে বারো বার জপু করিবেন। যং-বীজ হইতে বায়ুমগুল স্ষ্টি হইবে। তাহা হইতে "রং" এই বিহ্নি-বীজ উৎপন্ন হইলে, তাহা মুখে করিয়া কুগুলিনী মণিপুর-পদ্মে উপস্থিত হইবেন।

মণিপুর-পায়ে আসিলে. তাঁহা ুইইতে এই পায়ষিত সমস্ত দেব-দেবী,
মাতৃকাবণ ও বৃত্তিগুলি স্ট ইইয়া যথাস্থানে সংস্থিত ইইবে। তথন
কুগুলিনী নিয়ের মুখ য়ায়া বামাবর্ত্তে মণিপুর-পায়ের দশ দলে তালে তালে
দশবার জ্বপ করিবেন। রং-বীজ ইইতে অগ্নিমণ্ডল স্টি ইইবে। তাহা
ইইতে "বং" এই বন্ধণ-বীজ উৎপন্ন ইইলে, তাহা মুখে করিয়া কুগুলিনী
স্বাধিষ্ঠান-পায়ে উপস্থিত ইইবেন।

্সাধিষ্ঠান-পল্পে আসিলে, ভাষা হইতে এই পশ্বস্থিত সমুদর দেব-দেবী,

মাতৃাকাবর্ণ ও বৃত্তিশুলি স্ষ্ট হইয়া যথাস্থানে অবস্থিতি করিবে। তথন কুওলিনী নিয়ের মুখ দারা বামাবর্ত্তে স্বাধিষ্ঠান-পল্লের ষড় দলে তালে তালে চরবার জপ স্থরিবেন। বং-বীজ হইতে জলরাশি স্টি হইবে। ভাহা চইতে "লং" এই পৃথ্ন-বীজ উৎপন্ন হইলে, তাহা মুখে করিয়া কুগুলিনী মূলাধারে আসিবেন।

মৃলাধারে আসিরা উপন্থিত গইলে. তাহা হইতে এই পদ্মস্থ সমস্ত দেব-দেবী, মাতৃকাবর্ণ ও বৃত্তিগুলি স্ষ্ট হইয়া যথাত্বানে অবস্থিতি করিবে। তথন কুগুলিনী নিমের মুখ দারা বামাবর্ত্তে মূলাধার-পদ্মের চতুর্দলে তালে তালে চারিবার জপ করিবেন। লং-বীজ হইতে পৃথ্বীমগুল স্টি হইবে। তথন কুগুলিনী অপর মুখ দারা ব্রশ্বার রোধ করত: স্থাধ্ নিজিতা গ্রয়া নিমেব মুখ দারা নি:শ্বাস প্রশ্বাস ত্যাগ করিতে থাকিবেন। জীব পুনর্বার ভান্তি ও মায়ামোহে সংমুদ্ধ হইয়া জীবভাবে যথাত্বানে অবস্থান করিবে।

এই প্রণালী কুন্তক বোগে ভাবনা দ্বারা করিতে হয়। কেবল জপের

দমর মনে মনে সেতু সংযুক্ত ইষ্ট-মন্ত্র মনে মনে যথানিয়মে উচ্চারণ করিতে

হয়। কুগুলিনী সর্ক্ষের্রপিণী, স্বতরাং তাঁহাকে উদ্বোধিত করিতে সকলেরই

চেষ্টা করা উঠিৎ। কুল-কুগুলিনী সকল দেহে সকলের মূলরূপে মূলাধ্যরে

অবস্থিতি করিতেছেন। যথা—

मृनाधारत वरमर भक्तिः महत्यारत महाभिवः।

অতএব শাক্ত, বৈষ্ণব, শৈব, সৌব, গাণপত্য, বৌদ্ধ, ব্ৰাহ্ম, পার্শি, শিপ, মুসলমান খ্রীষ্টান প্রভৃতি সকল সম্প্রদায়ভুক্ত সাধকগণ উপরোক্ত নির্দে কণ্ডলিনীর সাহায্যে জপ করিতে পারিবে। যোনিমুক্তা যোগে জপ, সকল জপ হইতে প্রেষ্ঠ, ইহার অমুষ্ঠান মাত্রেই সাধক এমন কোন বিষয় নাই, যাহাতে সিদ্ধি লাভ না করিতে পারে। যথা—

যোনিমূদ্রা পরা পোপ্যা দেবানামপি ছুল্ল ।
সক্তবু লাভাৎ সংসিদ্ধিঃ সমাধিশঃ স এব ছি ॥
গোরক সংহিতা।

এই বোনিমুদ্রা অভিশব গোপনীয়, দেবগণও উহা লাভ করিতে পারেন না। এই মুদ্রার অফুষ্ঠানে সম্পূর্ণ সিদ্ধি হয় ও সমাধিস্থ হইতে পারা বায়। কেন না—

যোনিমুদ্রাং সমাসান্ত স্বয়ং শক্তিময়ো ভবেৎ।
অশৃঙ্গাররসেনৈর বিহরেৎ পরমান্তনি ॥
আনন্দময়ঃ সংস্কৃতা ঐক্যং ব্রহ্মণি সম্ভবেৎ।
অহং ব্রহ্মতি বাদ্বৈতং সমাধিস্তেন জায়তে॥

বেরগু সংচিতা।

বোনিমূদ্রা অবলম্বন করিয়া সাধক সেই পরমাত্মাতে আপনাকে শক্তিময় ভাবনা করিবে।—অর্থাৎ আপনাকে প্রকৃতিরূপ গৌরী বা রাধা এবং পরমাত্মাকে প্রকৃত্ররূপ শিব বা শ্রীক্রক্ত চিন্তা করিবে, ভাষা হইলে প্রকৃতিপুরুষ বা তলাত্মক ব্রহ্মজ্ঞান হইবে। তথন স্ত্রী প্রকৃষবৎ আপনার সহিত পরমাত্মার শৃঙ্গার-রস-পূর্ণ বিহার হইতেছে, এইরূপ চিন্তা করিবে। এইরূপ সন্ভোগ হইতে উৎপন্ন পরমানন্দরণে ময় হইয়া পরমব্রেরের সহিত অভেদরূপে মিলিত হইয়াছি, এরূপ জ্ঞান জানিবে। ভাষা হইলে 'মামিট ব্রহ্ম" এইরূপ অবৈতজ্ঞান উৎপন্ন হইয়া শরব্রের প্রতি বান হইয়া বাইবে। অবশ্য ক্রমান্ড্যানে এই মুদ্ধান বন্ধন ও জপের প্রশালী শিক্ষা হইবে।

অজুপা জপের প্রণালী

মৃলাধার-পদা ও ব্যক্ত লিঙ্গ অধােমুথ থাকাতে চিত্রাণী-নাড়ী-মধাঞ্জি ব্যক্ষনাড়ার মুখও অধােভাগে আছে। দ্বিমুথবিশিষ্ট সাদ্ধিত্রবলয়াক্ষতি কুলকুগুলিনী-শক্তি এক মুথ ঐ ব্রক্ষবিবরে রাথিয়া ব্রক্ষদার রোধ করতঃ নিদ্রা যাইতেছেন; অন্ত মুখ দখাহত ভুজঙ্গিনীর জ্ঞায়, এই মুখ হারা শাস-প্রশাদ হইতেছে। তাহাই জীবের নিঃশ্বাস-প্রশাস। শ্বাস-বায়ুর নির্গমনকালে হংকার ও গ্রহণ সময়ে সংকার উচ্চারিত হয়। যথা—

হংকারো নির্গমে প্রাক্তঃ সকারস্ত প্রবেশনে ॥

শরোদয় শাস্ত ।

শ্বাস পরিত্যাগ করিরা যদি গ্রহণ না করা গেল, তবে তাহাতেই মৃত্যু চইতে পারে, অত এব হং শিব-শ্বরূপ বা মৃত্যু। সংকারে গ্রহণ, ইহাই শক্তি শ্বরূপ। এই হয়ের বিসংবাদে জীবন রক্ষা হয়। অত এব এই শ্বাস প্রশাসই জীবের জীবতা।

সোহতং হ'সঃ গদৈনৈৰ জীবো জপতি সৰ্বদা।।
হংস-উপনিষং।

ছংস বিপরীত "সোহহং" জীব সর্বাদা লপ করিতেছে। এই হংস শব্দকেই অজপামন্ত্র বলে। জপের মধ্যে অজপা লপ শ্রেষ্ঠ সাধনা। সাধক এই জপের প্রণাদী অবলম্বন করছে: স্বভঃউন্ধিত অশ্রুতপূর্বন অলোকসামান্ত "হংস্" ধ্বনি শ্রবণ করিয়া অপার্থিব পরমানন্দ উপভোগ করিতে পারিবে। অজপা মন্ত্র জ্বপ করিতে করিতে সাধকের সোহহং
— অথ িং আমিই ব্রহ্ম, এই জ্ঞান জন্মিয়া থাকে। প্রত্যেক শাস-প্রশাসে ' এই অজপা জ্বপ হয়। যথা—

এক বিংশতি-সহস্রষট্ শতাধিক মীশ্বরি।
জপতে প্রত্যাহং প্রাণী সান্ত্রানন্দ ময়াং পরাম্।
বিনা জপেন দেবেশি জপো ভবতি মন্ত্রিণঃ।
অজপেয়ং তিতঃ প্রেন্ডা ভবপাশ-নিকৃত্তনী॥
শাক্তানন্দ তর্জিণী।

যতবার খাদ-প্রখাদ হয়, ততবার "হংদ" এই পরম মন্ত্র অঞ্চপা-জপ হয়. এবং প্রত্যেক মন্থয়ের এক অহোরাত্র মধ্যে ২১৬০০ বার নিঃখাদ বহির্গত ও প্রখাদ অন্তঃপ্রবিষ্ট হয়। ইহাই মানুষের স্বাভাবিক জপ। প্রত্যেক জীবের হাদয়ে এই হংদ মন্ত্র জপ হইতেছে। হংদ—হং ভিতর হইতে শতের অংশ টানিরা লইয়া বাহিরের জগতে চালিয়া দিয়া প্রকৃতির পরিপুষ্ট সংসাধিত করিয়া দিডেছে, আর সঃ বাহিরের রূপ. রস, গল্প, শন্দ ম্পর্শ ভিতরে টানিয়া লইয়া সতেব সহিত সম্বন্ধ স্থাপন করিতেছে। হং শিব বা পুরুষ—সঃ শক্তিবা প্রকৃতি। হংদ খাস-প্রখাদের বা পুরুষ-প্রকৃতির মিলন, স্থতরাং হংদই জীবাঝা। মূলাধার হইতে হংদ শন্দ উথিত হইয়া জীবাধার, অনাহত-পল্লে ধ্বনিত হয়। বায়ু দারা চালিত হইয়া জনাহত হইতে হংদ নাসিকা দিয়া খাদ-প্রাসক্রপে বহির্গত হইতেছে। অতএব জীব হইতে স্বতাই হংদ ধ্বনি উথিত হইতেছে। হংদ-নীজ জীবদেহের আ্যাল, এই হংদ ধ্বনি সামানা চেষ্টার সাধক্ষের কর্ণগোচর হয়। মানবের অজ্ঞানতম্যাছয় বিবয়-বিমৃত্ন মন ভায়া

উপলব্ধি করিতে পারে না। সদ্গুরুর কুপায় ইহা জানিতে পারিলে আব মালা ঝোলা লইয়া বিড্যুনা ভোগ করিতে হয় না।

এই অব্লপা-ব্লপ মোকদারী । স্থতবাং তাহার সহিত গুরুদত্ত ইপ্টুম্ ছ অগবা অক্ত যে কোন মন্ত্র ব্লপ কবিলে, অচিরে সাধকের মন্ত্রসিদ্ধি হইরা থাকে। অক্সপা ব্লপের প্রধালী এইরূপ—

প্রথমতঃ সাধক মনঃসংযম পূর্বক কুশাসনে বা কম্বলাসনে, আপন আতান্ত যে কোন আসনে দ্বিরভাবে উপবেশন করিয়া ব্রহ্মার্ক্তর, শতদলকমলে গুরুর ধ্যান ও প্রণাম করিবে। তদনন্তর আপন আপন পটলাম্বারী অক্ষন্তাস, কবন্তাস ও পাণায়াম করিয়া কিম্বা পূর্ব্বোক্ত প্রণালী ক্রমে যোনিমৃদ্রা অবলম্বন করিয়া কুগুলিনী শক্তিকে উদ্বোধিতা করিবে। কুগুলিনী উদ্বোধিতা না হইলে জপ পূজা সমন্তই বৃগা। বথা—

মূলপদ্মে কুগুলিনী ধাবন্ধিদ্রায়িতা প্রভো।
তাবৎ কিঞ্চিন্ন সিধ্যেত মন্ত্রযন্ত্রার্চনাদিকং॥
ভাগর্ত্তি যদি সা দেবী বহুভিঃ পুণ্যসঞ্জয়ৈঃ।
ভৎপ্রসাদমায়াভি মন্ত্রযন্ত্রার্চনাদিকম্॥

গোত্মীর তন্ত্র।

ৰ্শাধারস্থিত কুগুলিনী শক্তি বাবং আগরিতা না হইবেন, তাবংকাল মন্ত্র জপ ও বস্তাধিতে পূজার্চনা বিষল। যদি বহুপুণ্য প্রভাবে সেই শক্তিদেবী আগরিতা হয়েন তবে মন্ত্রকাদির ফলও সিদ্ধি হইবে। স্কৃতবাং বোনিষ্দ্রা বন্ধন করিয়া অঞ্চলা জপের অনুষ্ঠান করিবে। * কেন না ভাহাতে কণ্ডলিনী দেবী উলোধিতা ও উদ্ধ গ্রনাযুখী হয়েন।

মৃলাধার-পায়ের অন্তর্গত বে শ্বরম্কু লিক্ষ আছেন, কুগুলিনী সাঞ্জ বিবলরাকারে সেই শ্বরম্কু লিক্ষকে বেষ্টন করিয়া অবন্ধিতি করেন। বোনিমুদ্রা বোগে মূলাধার আকৃঞ্চিত করিয়া চিন্তা করিতে হইবে কুগুলিনী শক্তি জাগরিকা এবং মহাতেকোময়ী হইয়া উর্জা গমনোশ্বধী হইয়া অপেকা করিতেছেন। এই সময়ে আপ্রন মন্ত্রাক্ষরগুলিকে কুগুলিনীর শরীরে গ্রথিত —অর্থাৎ কুগুলিনীরূপ স্ত্রে মন্ত্রাক্ষরগুলিকে মাণ্র স্থায় গ্রথিত চিন্তা করিতে হইবে। অতঃপর সাধক মনে মনে ইষ্টমন্ত্র উচ্চারণপূর্বকি নিঃখালের তালে তালে — অর্থাৎ পূরক কালে চিন্তালারা ঐ কুগুলিনী শক্তিকে উত্থাপিত করতঃ সহজার কমল-কর্ণিকার মধ্যবর্ত্তি পরমানল্যমন্ত্র পরমানল্যমন্ত্র সহিত ঐকাজ্যা পাওয়াইবে এবং রেচন কালে ঐ শক্তিকে বথাস্থানে আনরন করিবে। বলা বাহুল্য রেচনকালে আর মন্ত্র উচ্চারণের প্রোজন নাই।

এইরপ নিঃশাসের তালে তালে যথাশক্তি মন্ত্র-জপ কবিয়া নিখাস রোধ করতঃ ভাবনা ধারা কুগুলিনীকে একবার সহস্রারে লইয়া যাইনে এবং তৎক্ষণাৎ মূলাধারে গানিবে। এইরপ বারম্বার করিতে করিতে সুধুমা পথে বিহাতেব স্থায় দীর্ঘাকার তেজ লক্ষিত হইবে।

প্রান্তাহ এইরপ নিরমে ৰূপ করিলে, সাধক মন্ত্র-সিদ্ধি লাভ করিতে পারিবে, সন্দেহ নাই। স্থাসাদি না করিয়াও সাধক দিবারাত্র শরনে, গমনে, ভোজনে এবং সংসারের কাজ করিতে করিতে অজ্পার সঙ্গে ইষ্ট-

শংপ্রণীত 'বোগাগুরু' গ্রন্থে কুগুলিনী চৈতন্তের বছবিধ সহজ

 শংপ্রণীত প্রান্ত বছবিধ সহজ

 শংপ্রণীত প্রান্ত বছবিধ সহজ

মন্ত্র জপ করিতে পরিবে। জীবাত্মার দেহত্যাগের পূর্ব্ধ মুহুর্ত্ত পণান্ত এই অঙ্গপা পরম-মন্ত্র জপ হইয়া থাকে। অতএব মৃত্যুদময়ে জ্ঞানপূর্বক 'দঃ' এর সহিত ইয় মন্ত্র যোগ করিয়া শেষ হং এর সহিত্ত দেহত্যাগ করিছে পারিলে শিবরূপে ব্রহ্মশোক প্রাপ্তি হইয়া থাকে।

শাশান ও চিতা সাধন।

দীক্ষা গ্রহণ করিয়া সাধক নিত্য নৈমিত্তিক কর্মের অমুষ্ঠান করিছে করিছে ক্রমশঃ বর্ধন দ্রুছিই ও কর্মিষ্ঠ হইয়া উঠিবে, তথ্ন কাম্য-কর্মের অমুষ্ঠান করিবে। সাধনার ইচ্চ উচ্চ স্তরে অধিরোহণ করিতে ১ইলে ভাত্তিক-গুরুর নিকট অধিকারামুরূপ সংস্কারে সংস্কৃত হইতে হয়। নতুবা সাধনাত্মরূপ ফল পাওয়া কঠিন। কলিকালে তল্প্রোক্ত কাম্য-কর্মগুলের মধ্যে বীরসাধন শ্রেষ্ঠ ও সভঃ ফলপ্রদ। তমুধ্যে বোগিনী, ভৈরবী. বেতাল, চিতা ও শব-সাধন সর্কোৎক্রপ্ট। আমরা এই কয়ে অবিভাব বা উপবিদ্যার সাধনা-প্রণালী বিবৃত করিব না। মহাবিদ্যা সাধনাই আমাদের একমাত্র ক্রমা। অতএব শ্রশান ও চিতা-সাধন এবং শব-সাধনার প্রণালীই আমরা একলৈ লিপিবন্ধ করিব। পূর্ণাভিষেক ও ক্রম-দীক্ষা-গ্রহণ করিয়া বীর-সাধনার অমুষ্ঠান করিবে।

বাহারা মহাবলশালী, মহাবৃদ্ধিমান, মহাসাহসী, সরলচিত্ত, দয়াশীল, সর্প্রপ্রাণীর ছিক্তকার্যো অনুরক্ত, ভাহারাই এই কার্যোর বথার্ব উপযুক্ত পাত্র। এই সাধনকালে সাধক ক্ষেমরূপেণ্ডীত হইবে না, হাত পরিহাস

পরিত্যাগ করিবে এবং কোন দিকে অবলোকন না করিয়া একাগ্রচিত্রে সাধনায় অনুষ্ঠান করিবে।

অউম্যাঞ্চ চতুর্দ্মশ্যাং পক্ষরোর ভাষের । কুষ্ণপক্ষে বিশেষেণ সাধ্যেতীর সাধনং।।

রুষ্ণপক্ষের কিছা শুরুপক্ষের অষ্টমী অথবা চতুর্দলী তিথিতে বীর-সাধন কবিজে পারা বার, তবে রুষ্ণপক্ষই প্রাণস্ত। সাধক সার্দ্ধপ্রানর গাত্রি গতা চইলে শাশানে গমন পূর্বক নির্দিষ্ট চিতার মন্ত্র-গানপরারণ হইরা স্বীর চিত্যাধনার্থ সাধনার অফুষ্ঠান করিবে। সামিধার, গুড়, ছাগ, স্থরা, পারস, পিষ্টক, নানাবিধ ফল, নৈবেছ এবং স্থ স্থ দেখতার পূজাবিহিত্ত দ্রব্য এই সকল পূর্বেই সংগ্রহ করিরা সাধক এই সকল দ্রব্য শাশান স্থানে আনরন করিরা নির্ভর চিত্তে সমান-গুণশালী অন্ত্রধারী বন্ধুগর্মের সহিত্ত সাধনারন্ত করিবে। বলি-দ্রব্য সপ্ত পাত্রে রাধিরা তাহার চারি পাত্র চারিদ্দিকে এবং মধ্যে তিন পাত্র স্থাপন করিরা মন্ত্র পাঠ পূর্বক নিবেদন করিবে। গুল্প, ভ্রাতা অথবা স্থব্রত ব্রাদ্ধণকে আত্মরক্ষার্থ দূরে উপবেশিত করিরা রাখিবে।

অসংস্কৃতা চিতা গ্রাহ্যা নতু সংস্কার-সংস্কৃতা। চণ্ডালাদিরু সংপ্রাপ্তা কেবলং শীজ-সিদ্ধিদা॥

তব্ৰসাৰ।

সাধন কাৰ্য্যে অসংস্কৃতা চিডাই গ্ৰহণীয়া, সংস্কৃতা অর্থাৎ অসলেকানি বাহা পরিস্কৃতা চিডাতে সাধন করিবে না। চণ্ডাগাদির চিডাতে শীন্ত কশ-লাভ হয়।

তা ১১---

বীর পাধনাধিকারী বাক্তি শান্তে:ক্ত বিধানে চিতা নির্দেশ পূর্বাক অন্ন্য ছাপন করিয়া স্বস্তিবাচন এবং তৎপরে, "ওঁ অন্নেতাাদি অমুক-গোত্রঃ প্রীমমুক-দেবশর্মা অমুক-মন্ত্রসিদ্ধিকামঃ শাশান-সাধনমহং করিবাে" এই মন্ত্রে সংকল্প করিবে। তদনন্তর সাধক বন্ধালকার প্রভৃতি বিবিধ ভূষণে বিভূষিত হইরা পূর্বাভিমুধে উপবেশনপূর্বাক ফট্কারান্ত মূল মন্তে চিতান্থান প্রোক্ষণ করিবে। তৎপরে গুরুর পাদপদ্ম ধ্যান করিয়া গণেশ, বটুক, যোগিনা ও মাতৃকারণের পূজা করিবে। অতঃপর 'ফট্'' এই মন্ত্রে আত্মরকা করিয়া—

থে চাত্র সংস্থিতা দেবা রাক্ষসাশ্চ ভরানকা:।
পিশাচাঃ সিদ্ধরো যকা পদ্ধর্কাপ্সরসাং গণাঃ॥
যোগিভো মাতরে: ভূতাঃ সর্বাশ্চ থেচরা ব্রিয়:।
সিদ্ধিদান্তা ভবস্থত্র তথা চ মম রক্ষকাঃ॥

এই মন্ত্রে প্রণাম করিয়া তিন তপ্রলি পূলা প্রদান করিবে। অনস্তর পূর্বিদিকে "ওঁ ই আশানাধিপ ইমং সামিষার-বলিং গৃহ্ল গৃহ্ল গৃহ্লাপর গৃহ্লাপর গৃহ্লাপর গৃহ্লাপর বিল্ল-নিবারণং কৃক সিদ্ধিং মম প্রয়ন্ত স্থাহা" এই মন্ত্রে আশানাধিপতির পূজা ও বলি প্রদান করিবে। দক্ষিণদিকে "ওঁ হীঁ ভৈরব ভয়ানক ইমং সামিষার — স্থাহা" (ইমং সামিষার হইতে স্থাহা পর্যন্ত পূর্ব্বিৎ) এই মন্ত্রে ভৈরবের পূজা ও বলি, পশ্চিমদিকে, ওঁ ই কালভৈরব আশানাধিপ ইমং সামিষার প্রাণ্ড বলি এবং উত্তর মিকে "ওঁ ই মহাকাল আশানাধিপ ইমং সামিষার স্থাহা" এই মন্ত্রে মহাকালের পূজা ও বলি প্রাণ্ড মন্ত্রে মহাকালের পূজা ও বলি প্রাণান করিবে। অন্তর্ত্তর ভিনটা বলি চিন্তা মধ্যে কালভির মহানাল করিবে। অন্তর্ত্তর ভিনটা বলি চিন্তা মধ্যে মাতর্কেহি সিদ্ধি মহন্তমাং"

এই মত্রে একটা বলি কালিকা দেবীকে, "ওঁ হুঁ ভূতনাথ শ্বশানাধিপ ইমং সামিবারং… শামবারং… শামবারং এই মত্রে ছিতীয়টা ভূতনাথকে এবং "ও হুঁ সর্কাগণনাথ শ্বশানাধিপ ইমং সামিবারং শামবারং এই মত্রে ভূতীয়টা গণনাথকে প্রদান করিবে। এইরূপে বলি প্রদান করিয়া পঞ্চগব্য ও জন ছারা শ্বশানস্থ অস্থ্যাদি প্রকালিত করিয়া তত্পরি পীতবন্ত্র বিস্তাসপূর্বাব বটপত্রে কিছা ভূর্জ্জপত্রে পীঠমন্ত্র লিখিয়া পীতবন্ত্রোপরি স্থাপন করিবে তত্পরি ব্যাঘ্রচর্মাদির আসন আভ্ত করিয়া বীরাসনে উপবেশন পূর্বাব 'হুঁ ইুঁ হ্রীং হ্রীং কালিকে ঘোরদ্রংট্রে প্রচণ্ডে চণ্ডনারিকে দানবান দারয় হন হন শবশরীরে মহাবিদ্বং ছেদয় ছেদয় স্থাহা হুঁ ফট্ এই বীরার্দন মত্রে পূর্বাদি দশদিকে লোট্র নিক্ষেপ করিবে। এইরূপে দশদিক্ রক্ষ করিয়া তন্মধ্যে উপবেশন করিয়া সাধন করিলে কোন বিদ্ব বাধা হইতে পারে না।

সাধন সময়ে যদি সাধক কোনরূপ ভয়ে কাতর হয়, তৎক্ষণাৎ স্থহাহর্গ তাহার ভয় নিবারণ করিবে। স্থহাদাণ সর্বাদা এইরূপ সতর্ক থাকিবে, যেন কোন প্রকারে সাধক ভয়-বিহবল না হয়। যদি সাধক অসহ্য ভয়ে অতি বিহবল হইরা পড়ে, তাহা হইলে বস্ত্র ছারা সাধকের চক্ষু ও কর্ণ বন্ধন করিয়া দেওয়া কর্ত্তব্য। কারণ সে যেন কিছু দেখিতে বা শুনিকে না পায়।

তদনস্তর কর্পূর-মিশ্রিত খেত আকল ও খেত বেড়েগার তুলাহার। বর্দি প্রস্তুত করিয়া প্রাদীপ প্রজ্ঞালন পূর্বাক দেই স্থানে রাখিবে। পরে ''ব দেব্যস্ত্রেভেণ নমঃ'' এই মন্ত্রে অন্তর পূকা করিয়া সাঞ্চক স্থীয় অধোভাগে ঐ প্রজ্ঞালিত প্রদীপ প্রোথিত করিয়া রাখিবে। কিন্তু—

হতে ভশ্মিন মহাদীপে বিদ্যৈশ্চ পরিভূরতে।

ঐ প্রদীপ নির্মাণিত হইলে সাধনার নানাবিদ্ধ উপস্থিত হইতে

তৎপরে আপন আপন করোক্ত বিধানে স্থাসসমূহ ও ভূতজ্জাদি করিয়া ইউদেবতার পূজা সমাপনপূর্বক "ওঁ অস্পেত্যাদি অমুক-গোত্রঃ প্রিঅমুক-দেবশর্মা অমুক-মঙ্গসিদ্ধি:-কামঃ অমুক-মন্ত্রসামুক-সংখ্য-জ্ঞপমঃং করিখ্যে" এই মন্ত্রে সংকল্প করিবে। অনন্তর শহদেরে দেবতার খানি করিয়া মন্ত্র জ প্রারম্ভ করিবে। জপের বিধান এইরপ—

একাক্ষরী যদি ভবেদ্ দিক্ সহল্ঞ ততো জপেৎ।

দ্যক্রেংইটসহল্রং স্থান্ত্যক্ষে চাযুতার্দ্ধকন্।

অতঃপরস্ত মন্ত্রতো গলাস্তকসহল্রকং।

নিশায়াং বা সমারভ্য উদয়ান্তং সমাচরেৎ।

তন্ত্রসার।

সাধকের মন্ত্র একাকরী হইলে দশ হাজার, দ্বি-অকরী হইলে আট হাজার, তিন অকরী হইলে পাঁচ হাজার এবং চতুরক্ষরী বা ততোধিক অকরী মন্ত্র হইলে অষ্টোত্তর সহত্র সংখ্যার জ্বপ করিতে হইবে। নিশা সমরে আরম্ভ করিরা ক্র্যোদর পর্যান্ত জ্বপ করা কর্ত্তব্য। যদি অর্দ্ধরাত্র পর্যান্ত জ্বপ করিলেও কিছু দেখিতে না পার, তবে "ওঁ ছর্গে হর্গে রক্ষণি

> "ওঁ তিলোহসি সোমদৈবত্যা গোসবস্থৃপ্তিকারক: । পিভূণাং স্বর্গদাতা তং মর্জ্ঞানাং মম রক্ষক: । ভূত প্রেভ-পিশানাং বিমেষু শান্তিকারক: ।"

এই মন্ত্র পাঠ করিয়া তিল ঈশানাদি চতুকোণে নিক্ষেপ করিতে হইবে। তৎপরে পূর্ব্বোপবেশন স্থান হইতে সপ্তপদ গমন করিয়া সেই স্থানে উপবেশন পূর্বক পূন্ববার ইষ্ট্রদেবতার পূজা করিয়া জপ করিবে। যদি জপ করিতে করিতে কেহ আসিয়া "বর গ্রহণ কর' এই কথা বলে, তখন দেবতাকে প্রতিজ্ঞাবদা করিয়া অভিলম্বিত বর গ্রহণ করিবে। জপের আদিতে, জপমধ্যে ও জপান্তে বলি প্রদান করিবে। জপের আদি, মধ্য অথবা অস্ত সময়ে দেবী ষথন বলি প্রার্থনা করিবেন, তখনই মহিষ করা হাগ বলি প্রদান করিবে। যবপিষ্ট হারা মহিষ কিছা হাগল প্রস্তুত করিয়া বলি দেওয়া কর্তব্য। যথন দেবী নর কিছা হত্তী বলি প্রার্থনা করিবেন, তখন "দিনাস্তরে বলি প্রদান করিবে" এইয়প প্রতিজ্ঞা করিয়া স্বগৃহে গমন করিবে। পরদিবদ ধান্তাপিষ্ট বা যবপিষ্ট হারা নর ও হত্তী প্রস্তুত করিয়া পূর্বোক্ত মত্রে ওজা হারা ছেদন করিবে। যোগিনী হাদরে দিখিত আছে যে, জপান্তে উক্তরূপে বলিপ্রাদান করিয়া বরগ্রহণপূর্বা ক্রপ্তুত অথবা গুরুপত্রীকে দক্ষিণা প্রদান করিয়া স্বীয় শক্তি অমুসারে গুরু গুরুপুর অথবা গুরুপত্নীকে দক্ষিণা প্রদান করিবে। বথা—

त्रमाना नाधनः तिवि पिक्तनाः विख्वाविधः। छत्रत्व छक्तन्युकात्र उद्भिरेका वा निर्वत्रस्यः॥

শ্ব-সাধন

--:*(*)*:--

তন্ত্রের নামে যাহারা ক্র-কুঞ্চিত করিয়া থাকে, তাহারা একবার ভন্তশাস্ত্র পর্যালোচনা করিলে, নিজের ভ্রম ব্রিতে পারিবে এবং বিশ্বিত ও স্থান্তিত হলমা সসন্মানে নমস্কার করিবে। সাধনার এরপ প্রকৃষ্ট পদ্বা এবং সাধকের কচিভেদে স্বভাবামুযায়ী সাধন-পদ্ম আর কোন শাস্ত্র প্রকাশ করিতে পারেন নাই। কলির অল্লায়ু জীবপণ যাগতে অতি অল্ল সময়ে সিদ্ধিলাভ করিতে পারে, তন্ত্র সে বিষয়ে বিশেষ কৃতিত্ব দেখাইয়াছেন। অধিকারী হইতে পাবিলে সাধক এক রাত্রিতেই ব্রহ্মবিদ্যা সিদ্ধি করিতে পারে। বীর-সাধন তাহার দৃষ্টাস্ত। মেহারের সর্ক্রবিদ্যা সর্ক্রানন্দ ঠাকুর একরাত্রি মাত্র শব-সাধনা করিয়া ব্রহ্ম-সাক্ষাৎকার লাভ করিয়াছিলেন। আমরা নিমে সেই শব-সাধন নার প্রশালী বিবৃত্ত করিলাম।

বীর-সাধনাধিকারী সাধক শৃন্তগৃহ, নদীতট, পর্বত, নির্জ্জন প্রেদেশ, বিষমূল অর্থবা শাশান সমীপন্থ বন-প্রাদেশে শব সাধন করিবে। শাস্ত্রোক্ত বিহিত দিনে শব-সাধন কর্মীয়া যথা—

অফ্টম্যাঞ্চ ুর্ভ্লন্তাং পদয়োরু স্থারপি। ভৌমবারে তমিজ্রায়াং সাধ্যেৎ সিদ্ধিমূত্রমাম্।

ভাবচূড়ামণি।

রক্ষ কিছা শুকু পক্ষের অষ্ট্রমী ও চতুর্দ্দশী তিথিতে মঙ্গলবারের রাত্রিকালে উক্ত সাধন করিলে সাধক উত্তমা সিদ্ধি লাভ করিতে পারে। রাব-সাধনার ক্ষণপক্ষই বিশেষ-প্রশন্ত। সাধক পূর্কেই বিহিত শব সংগ্রহ ক্রিয়া রাখিবে। বিহিত শব যথ,—

যষ্টিবিদ্ধং শূলবিদ্ধং থড়গবিদ্ধং জলে মৃত্য । বজুবিদ্ধং সর্পদিষ্ঠং চাণ্ডালঞ্চিভ্তক্য ॥ তরুণং স্থান্থরং শূরং রণে নফং সম্জ্ললম । পলায়নবিশ্রাস্থ সম্থারণব্জিনম্ ॥

ভাবচূড়ামণি।

যে ব্যক্তি ষষ্টি, শৃল ও ধড়াগাতে প্রাণ পরিত্যাগ করিয়াছে, জলে পতিত হইয়া মরিয়াছে, বজ্ঞাঘাতে কিছা সর্পদংশনে যাহার মৃত্যু ইইয়াছে, এইরূপ চঙালজাতীয় মৃতদেহকে এই কার্য্যে শব করিবে। বীরসাধন কার্য্যে মনুযোর মৃতদেহই প্রশ্নন্ত । অক্সান্ত ক্ষুত্রশব সাধারণ কর্মসিদ্ধার্থে নিয়োজিত হইতে পারে। ব্রাহ্মণের শবও এই কার্য্যে পরিত্যাগ করিবে। যে ব্যক্তি পলায়ন না করিয়া সন্মুখ-যুদ্ধে প্রাণ বিসর্জ্জন করিয়াছে তাহার দেহও শবসাধন কার্য্যে প্রশন্ত। এইরূপ শব তর্মণবর্ম ও স্থানরাম্ম হওয়া আবশ্রক। শব এইরূপ স্থাকণাক্রান্ত না হইলে পরিত্যাগ করিবে। যথা—

ন্ত্রীবশ্যং পতিতাস্পৃশ্যং নয়বর্জং হি ত্বরং।
অব্যক্তলিঙ্গং কৃষ্ঠিং বা র্ছভিন্নং শব্দ হরেৎ।
ন তুর্ভিক্ষয়তকাপি ন পর্ব্যবিত্যেব বা।
শ্রীজনক্ষেদৃশং রূপং সর্বাধা পরিবর্জ্জন্নেৎ॥

ভৈরব ভঙ্ক।

বে ব্যক্তি ত্রীর বশীভূত, পভিত, তল্পুগ্র, চ্নীতিবৃক্ত, শ্বশ্র-বিহীন, ক্লীব, কুঠ-রোগ্যক্রান্ত অথবা বৃদ্ধ, সেই সকল শব বর্জন করিবে। গুর্ভিক্ষে মৃত ব্যক্তির দেছ শবসাধন কার্ব্যে অগ্রাহ্য। সম্ভোমৃত শব বিহিত; বাসি বা গলিত শব ৰারা সাধন করিলে তাহাতে কার্যাসিদ্ধি হর না। মৃতরাং উক্ত প্রকার শব এবং স্ত্রীলোকের মৃত দেহ এই কার্ব্যে গ্রহণ করিবে না। কদাচ আত্মঘাতীর দেহ শব-সাধনে স্বীকার করিবে না। পূর্কোক্ত স্থলকণাক্রান্ত শব সংগ্রহ করিরা সাধনার অমুষ্ঠান করিবে।

সাধক মাধ্যক্ত বলির জন্ত তিল, কুল, সর্থপ ও ধূপ-দীপাদি পূজাব উপকরণ সামগ্রী সংগ্রহপূর্বক শবসাধনোপধোগী পূর্ব্বোক্ত যে কোন ছান মনোনীত করিয়া সেই স্থানে গমন করিবে। পরে সামান্তার্ঘ্য স্থাপন পূর্বক সাধক পূর্ব্বাভিম্থ হইলা "ফট্" এই মন্ত্রের পূর্বে আপন আপন বীজমন্ত্র উচ্চারণ করিয়া যাগ স্থান অভ্যক্তুণ করিবে। অনস্তর পূর্ববিক্তিক, দক্ষিণে গণেশ, পশ্চিমে বটুক এবং উত্তরে বোগিনীর আর্চনা করিয়া ভূমিতে "হুঁ হুঁ হ্রীং হ্রীং কালিকে ঘোরদংট্রে প্রচত্তে চণ্ডনায়িকে দানবান্ দাবর হন হন শব শরীরে মহাবিদ্ধং ছেদয় ছেদয় স্থাহা হুঁ ফট" এই বীরার্দন মন্ত্র লিথিয়া —

বে চাত্র সংস্থিতা দেবা রাক্ষসাশ্চ ভরানকা:।
পিশাচাঃ সিদ্ধরো বক্ষা গদ্ধবাঞ্চবসাং গণাঃ॥
বোগিত্যো মাতবো ভূতাঃ সর্ব্বাশ্চ থেচরাঃ স্ত্রিয়:।
সিদ্ধিদান্তা ভবস্বত্র ভথা চ মম রক্ষকা:॥

এই মন্ত্রে তিনবাব পূলাঞ্জলি প্রদান করিয়া প্রণাম করিবে। তন-ন্তর খালান-সাধনার লিখিত ক্রেমে পূর্কানিকে খালানাধিপতি, দক্ষিণদিকে ভৈরব, পশ্চিমদিকে কালভৈরব এবং উদ্ভর্গিকে মহাকাল-ভৈরবের পূজা করিয়া বলি প্রদান করিছে অভংশর "ওঁ সহস্রারে হুঁ ফট্" মন্ত্রে শিখাবন্ধন করিয়া স্ক্রবরে হস্ত সংস্থাপন পূর্কক "ওঁ হ্রী" খুর শুরু প্রাফুর প্রাফুর বোর ঘোরতর তমুদ্ধপ চট চট প্রচট প্রচট কর কর বন্ বন্ বন্ধ বন্ধ বাতর হাতর হুঁ কট্" এই স্থাননি-মন্ত্র উচ্চারণ করিয়া "আত্মানং রক্ষ রক্ষ" বলিয়া আত্মরক্ষা করিবে। তৎপরে আপন আপন করোক্ত প্রাণারাম, ভূতগুদ্ধি ও বিবিধ ক্যাস করিয়া "ওঁ হর্মে হর্মে রক্ষণি আহা " এই জন্ম-ছর্মা মন্ত্রে চতুর্দ্ধিকে সর্বপ বিক্ষেপ এবং "ওঁ তিলোহ্দি সোমদৈবত্যে গোসবস্তৃ প্রিকারকঃ। পিতৃণাং স্বর্মানাতা ত্বং মর্ত্র্যানাং মন রক্ষকঃ॥ ভূতপ্রেতপিশাচানাং বিম্নের্থ শান্তিকারকঃ।" এই মন্ত্রে তিল্বিক্ষেপ পূর্ব্বক সংগৃহীত শবের নিকট গমন করিবে।

পরে শব সমীপে উপবেশন করিয়া "ওঁ ফট" এই মন্ত্রে শবোপবি অভ্যক্ষণ করতঃ "ওঁ হুঁ মৃতজ্বায় নমঃ ফট্" এই মন্ত্রে ভিনবার পূজাঞ্জি প্রদানপূর্বক শব স্পর্শপূর্বক প্রধাম করিবে। অনস্তর—

> ''ওঁ বীরেশ পরমানন্দ শিবানন্দ কুলেশর। আনন্দ ভৈরবাকার দেবী-পর্যান্ধ-শঙ্কব। বীরোহতং ডাং প্রপঞ্চামি উত্তিষ্ঠ চল্ডিকার্চনে॥"

এই মন্ত্রে শবকে প্রণাম করিবে। তৎপরে "ওঁ হুঁ মৃতকার নম:" এই মন্ত্রে শব প্রকালন করিরা স্থান্তির জলছারা শবকে স্নান করাইয়া বস্ত্রছারা শবশরীর মার্জন, ধৃণদ্বারা শোধন ও শবশরীর চন্দনহার। অনুলিপ্ত করিবে, এই সময় শবশরীর যদি রক্তবর্ণ ধারণ করে, তাহণ হুইলে সাধককে ভক্ষণ করে। যথা—

রক্তাক্তো যদি দেবেশি ভক্ষরেৎ কুল্-সাধকং।

ভাবচুড়ামণি।

অনস্তর শবের কটিলেশ ধাবণ ক্রিরা পূজা-স্থানে আনম্বন করিতে হইবে ৷ পত্নে কুশ্বারা শ্যা-রচনা করিয়া ওচাহার উপরে পূর্কশিরা করিয়া শব স্বাপ্তন করিবে। অতঃপর শবসুথে জাভিত্বল, থদিরাদিযুক্ত ভাতৃল প্রদান করিয়া শবকে অধােমুখ করিয়া রাখিবে। শবপৃষ্ঠ চক্রনাদি দারা অন্থলেপন করিয়া বাছমূল চইতে কটিদেশ পর্যান্ত চতুরন্ত মঞ্জল লিখিবে। চতুরন্ত মধ্যে অন্তনলপত্ম ও চতুর্বার অন্ধিত করিয়া পত্ম মধ্যে "ওঁ হ্রাঁ ফট" এই মন্তের সহিত আপন কল্লোক্ত পীঠ মন্ত্র লিখিতে হইবে। অনন্তর ভাহার উপরে কম্বলাদির আসন স্থাপন করিবে। পরে শবসমীপে গমন করিয়া শবের কটিদেশ ধারণ করিবে। ইহাতে শব যদি কেঃন প্রকার উপদ্রব করে, তবে ভাহার গাত্রে নিষ্টাবন প্রদান করিবে। যথা—

গত্বা শবদ্য দামিধ্যং ধারয়েৎ কটিদেশতঃ। যত্ত্বাপদ্রাবয়েত্তদ্য দত্তামিন্তীবনং শবে॥

ভাবচূড়ামণি।

এইরূপ করিলে শব শাস্তভাব ধারণ করিবে। তথন পুনর্বাব প্রকালন পূর্বক জপ-স্থানে আনরন করিতে চইবে। পরে জপ স্থানের দশদিকে দ্বাদশাঙ্গুলি পরিমিত অখ্থাদি যজ্ঞকান্ঠ প্রোথিত করিয়া পূর্বাদি ক্রমে দশদিকপালের পূজা ও বলি প্রদান করিবে। পূজার ক্রম এইরূপ বথা;—

পূর্বাদি ক্রমে—"ওঁ লাং ইন্দ্রায় স্থরাধিপতয়ে ঐরাবতবাহনায় বজুহস্তায় শক্তিপারিষদায় সপরিবারায় নমঃ" এই মন্ত্রে পাতাদি উপচার দ্বাবা
অর্চনা করিয়া "ওঁ লাং ইন্দ্রায় স্থরাধিপতয়ে ইমং বলিং গৃহু গৃহু গৃহ্লাগয়
গৃহ্লাপয় বিদ্ব নিবারণং কৃত্বা মমসিদ্ধিং প্রবচ্ছ স্বাহা এব মাবর্বায়ঃ ইন্দ্রায়
স্থাহা" এই মত্ত্রে সামিষায় দ্বারা বলি প্রদান করিবে।

"ওঁ রাং অগ্নয়ে তেইজাহধিপতায়ে মেষবাহনার সপরিবারার শক্তি হস্তার সায়ুধার নমঃ" এই মন্ত্রে পান্তাদি উপচারে অর্চ্চনা করিয়া "ওঁ রাং অশ্বরে তেকোহধিপতমে ইত্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিল্লা অগ্নরে স্বাহা" বিলয়া বলি প্রদান করিবে।

"ওঁ মাং যমার প্রেভাধিপতরে দগুহস্তার মহিববাহনার সপঁরিবারার সায়ুধার নমঃ" এই মন্ত্রে পাছাদি উপচার দ্বারা অর্চনা করিয়া "ওঁ মাং —যমার প্রেভাধিপতরে ইত্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিয়া "যমায় স্থাহা" বলিয়া বলি প্রদান করিবে।

"ওঁ কাং নিঋঁ তরে রকোছধিপতরে অসিহস্তার অশ্ববাহনার সপরি-বারার সাযুধার নমঃ" এই মন্ত্রে পাছাদি উপচারে অর্চনা করিরা "ওঁ কাং নিঋঁ তরে রকোছধিপতরে"ইড্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিরা নিঋঁ তরে স্বাহা" বলিয়া বলি প্রাদান করিবে।

"ওঁ বাং বরুণায় জলাধিপত্তের পাশহন্তায় মকরবাহনায় সপরিবারায় নম:'' এই মন্ত্রে পাছাদি উপচারে অর্চ্চনা করিয়া "ওঁ বাং বরুণায় জলাধি-পত্তরে ইত্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিয়া "বরুণায় স্বাহা" বলিয়া বলি প্রদান করিবে।

"ওঁ যাং বারবে প্রাণাধিপতরে হরিণবাহনার তক্ষুশহস্তার সপরি-বারার সায়্ধার নমঃ" এই মন্ত্রে পাজাদি উপচারে জর্জনা করিয়া "ওঁ যাং বারবে প্রাণাধিপতে ইত্যাদিপূর্ববিৎ মন্ত্র পাঠ করিয়া "বারবে স্থাহা" বলিয়া বলি প্রদান করিবে।

"ওঁ সাং কুবেরার যক্ষাধিপতরে গদাহস্তার নরবাহনার সপরিবারার সায়ধার নম:" এই মন্ত্রে পাদ্যাদি উপচার্টের অর্চ্চনা করিয়া "ওঁ সাং কুবে-রাম যক্ষাধিপতরে" ইত্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিয়া "কুবেরার স্বাহা" বিদ্যা বলি প্রদান করিবে।

"ওঁ হাং ঈশানার ভূতাধিপততে শূলহন্তার ব্যবাহনার সপরিবারার

সার্ধার নম:" এই মন্ত্রে পৃষ্ঠাদি উপচারে অঞ্চলা করিয়া "ওঁ হাং ঈশানার ভূতাধিপতরে" ইত্যাদি পূর্ববিৎ মন্ত্র পাঠ করিয়া "ওঁ হাং ঈশানার স্বাহা' বলিয়া বলি প্রদান করিবে।

"ওঁ আং ব্রহ্মণে প্রেকাধিপতরে হংসবাহনার পদ্মহস্তার সপরিবারার সার্ধার নম:" এই মন্ত্রে পাতাদি উপচারে অর্চনা করিরা "ওঁ আং ব্রহ্মণে প্রকাধি-পতরে" ইত্যাদি পূর্ববং মন্ত্র পাঠ করিয়া "ব্রহ্মণে স্বাহা" বলিয়া বলি প্রদান করিবে।

"ওঁ ব্লীং অনস্তান্ধ নাগাধিপতরে চক্রহন্তান্ধ রথবাহনার সপরিবারান্ধ সামুধান্ধ নম:" এই মন্ত্রে পাঞ্চাদি উপচারে অর্চনা করিয়া "ওঁ ব্লীং অনস্তান্ধ নাগাধিপতরে" ইত্যাদি পূর্ববিৎ মন্ত্রপাঠ করিয়া "অনস্তান্ধ স্বাহা" বলিয়া বলি প্রদান করিবে।

এইরপে ইন্ত্র, অগ্নি, যম, নিশ্বতি, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনস্ত এই দশদিক পালের পূজা ও বলি প্রাদান করিরা "এষ মাষবলিঃ ওঁ সর্বাভৃতেভ্যোঃ নমঃ" এই মন্ত্রে সর্বাভৃত-বলি প্রাদান করিবে। তৎপরে অধিষ্ঠাত্রী দেবতা, চতুঃষষ্টি বোগিনী ও ডাকিনীগণকে বলি প্রাদান করিতে হইবে। বলা বাহুল্য সামিষ অর দ্বারা সকল দেবতার বলি দিতে ইইবে।

অনস্তর সাধক আপনার নির্কটে পুলাদ্রবাাদি ও কিঞ্চিৎ দ্রে উপযুক্ত উত্তর-সাধককে সংস্থাপন করিয়া আদিতে দ্লমন্ত্র, পরে "হ্রীং ফট শবাসনায় নর্মঃ" এই মন্ত্রে শবের অর্জনা করিবে। পরে হ্রীং ফট" এই মন্ত্র উচ্চারণ-পূর্কক অন্নারোহণের মন্ত শব-পৃঠোপরি উপবেশন করিয়া বীর পাদত্তলে কভিপর কুলু নিকেপ করিবে এবং শবের কেল প্রসারণ পূর্কক বুটিকা বন্ধন করিয়া শুক্ত, গণগভি ও দেবীকে প্রণাম করিবে। পরে প্রাণারাম ও করাঙ্গস্তাসাদি করিয়া পূর্ব্বোক্ত বীরার্দন-মন্ত্রে দশদিকে লোষ্ট্র নিক্ষেপ করিবে।

অনন্তর "অত্যেতাদি অমুক-গোত্ত:, শ্রীঅমুক-দেব-শর্মা অমুক-দেবতায়াঃ
সন্দর্শন-কানঃ অমুক-মন্ত্রাস্থামুক-সংথাক জপমহং করিবাে" এই মন্ত্রে সংকর
করিয়া "হাঁ" আধার-শাক্ত-কমলাসনায় নমঃ" এই মন্ত্রে আসনের পূজা
কবিবে। পবে আপনার নাম দকে অর্থা স্থাপন করিয়া শবের ঝুটিকাতে
পীঠ পূজা করিবে। অনস্তব সাধক আপন ক্ষমতামুসারে লোড়শোপচাব,
দশোপচার কিশা পঞ্চোপচারে আপন ইষ্টদেবতার পূজা করিয়া শবমুথে
স্থান্ধি জলহারা দেবীর তপ্রণ করিবে।

অত:পব সাধক শব হইতে উঠিয়া শব-সমুখে দণ্ডারমান হইয়া ''ওঁ বশোমে ভব দেবেশ মন বীবসিদ্ধিং দেহি দেহি মহাভাগ ক্বডাশ্রয়-পরায়ণ" এই মন্ত্র পাঠ করিবে। তৎপরে পট্ট-স্ত্র দ্বামা শবের চরণদ্বর বন্ধন করিরা মূশমন্ত্রে শবশরীব দৃঢ়রূপে বন্ধন করিবে। পরে—

> "ওঁ মন্বশো ভব দেবেশ বীরসিদ্ধিরুতাম্পদ। ওঁ ভীম ভীরুভয়াভাবভবমোচন ভাবুক। ত্রাহি মাং দেবদেবেশ শ্বামামধিপাধিপ॥"

এই মন্ত্র পাঠ করিতে কবিতে শবের পাদমূলে ত্রিকোণযন্ত্র লিথিবে।
পরে শবোপনি উপবেশন পূর্বাক শবের হস্তদন্ত উভন্ন পার্বে প্রসারিত
কান্তরা দিয়া তত্রপনি কৃশ নিন্যাস করিবে। সাধক সেই আভ্ত কুশোপরি
খীয় পাদমন স্থাপন কনিয়া পুনর্বার তিনবার প্রাণান্তাম করিয়া শিরন্থিত
শুক্র-ছাদশ দল (মভাস্তরে শভদশ) পরে গুরুদেনকৈ ও স্বর্দনে ইপ্রদেনীকে
চিন্তা করিতে করিতে গুরুন্তর্গালী হইনা সংক্রামুসাঙ্গে শ্বপ করিবে।

পূর্কোক্ত শ্মশান-সাধন ক্রমান্ত্রসারে মন্ত্রাক্ষরের সংখ্যান্ত্র্যারী জপ সংখ্যা সংকল্প করিতে হয়। যথা—মন্ত্র একাক্ষরী হইলে দশ সহস্র সংখ্যা সংকল্প করিয়া জপ করিতে হঠিবে ইত্যাদি শ্মশান-সাধনে লিখিত হইরাছে।

এইরপ অপে করিলেও যদি আর্দ্ধ বাত্রি পর্যান্ত কিছু দৃষ্টিগোচর না হয়, তাহা হইলে পূর্ব্বিৎ সর্বপ ও তিল বিকীরণ করিয়া অধিষ্ঠিত স্থান হইতে সপ্তপদ গমন পূর্বক পুনর্ববার জপ আরম্ভ করিবে। যদি জপকালে কোন প্রকার ভয় উপস্থিত হয় কিছা আকাশ হইতে যদি কেহ বলি প্রাথনা করে, তাহা হইলে তাহাকে বলিবে,—

"যৎ প্রার্থর বলিছেন দাতব্যং কুঞ্জরাদিকম্। দিনান্তরে চ দান্তামি স্থনাম কথয়স্থ মে॥"

অর্থাৎ — "দিনান্তরে, তোমাকে কুঞ্জরাদি বলি প্রদান করিব; ভূমি কে এবং তোমার নাম কি ? তাহা আমার নিকট বল।" এই উত্তর প্রদান করিয়া পুনর্কার নির্ভয়চিত্তে জপ করিতে থাকিবে। পরে যদি মধুর বাক্যে, স্বীয় নাম বলে, তাহা হইলে পুনর্কার বলিবে, "দং অমুক ইতি সত্যং কুরু" অর্থাৎ— 'ভূমি আমাকে বর প্রদান করিবে, এইরূপ প্রতিক্রা কর।" এইরূপ প্রতিক্রাবদ্ধ করিয়া সাধক স্বীয় অভীষ্ট বর প্রার্থনা করিবে। আর যদি প্রতিক্রাপাশে বদ্ধ না হর কিছা বর প্রদান না করে, তবে একাগ্রচিত্তে পুনর্কার জপ আরম্ভ করিবে। কিন্তু যদি প্রতিক্রা করিয়া বর প্রদানে সম্মুক্ত হর, তাহা হইলে আর জপ করিবে না। পরে অভিলবিত বর গ্রহণ করিয়া 'আমার কার্যাসিদ্ধি হইল" এইরূপ জ্ঞান করিয়া শবের বুটিকা মোচন পূর্বক শব প্রকালন ও শবকে, স্থানান্তরে স্থাপন করিয়া, শবের পাদবদ্ধন মোচন করিবে এবং পূজা দ্রব্য

জলে নিক্ষেপ করিয়া শবকে জলে ভাসাইরা দিবে কিখা ভূগর্ডে প্রোথিত করিয়া স্থান করিবে।

অনস্তর সাধক আনন্দিত চিত্তে নিজগৃহে গমন করিবে এবং পর্ম দিবসে পূর্বপ্রতিশ্রুত বলি প্রদান করিবে। বদি ইষ্টদেবতা কুঞ্জর, আর্থ, নর; কিম্বা শূকর বলি প্রার্থনা করিরা থাকে, তাহা হটলে দেবতার প্রার্থনামুসারে পিষ্টকনির্ম্মিত সেই অভিলবিত বলি "অগ্রিম রাত্রো যেরাং ফল্লানাহংং তে গৃহ্লিমং বলিং" এই মন্ত্রে প্রদান করিরা উপবাসী থাকিবে।

পরদিবস সাধক প্রাভঃক্ত্যাদি নিত্যান্ত্রের ক্রিরা সামাপন করিরা পঞ্চগব্য পান করিনে এবং পঞ্চবিংশতি সংখ্যক ব্রাহ্মধকে ভোজন করাইবে। অশক্ত হইলে বিংশ, অষ্ট্রাদশ কিমা দশ পর্যান্ত সংখ্যা হইলেও দোষ হয় না।

যদি ন স্থা**দি প্রভোজাং তদা নির্ধ নতাং ত্রক্তে ।** তেন চে মর্ধ নত্বং স্থান্তদা দেবী প্রকৃপ্যতি । ভাকচুড়ামণি।

যদি ব্রাহ্মণভোজন না হয়, তাহা হইলে সাধক নিধন হয়; বিশেষতঃ দেবীও কুপিতা হটয়া থাকেন। ব্রাহ্মণ-ভোজনাত্তে নিজে স্নান ও ভোজন করিয়া উত্তম স্থানে বাস করিবে।

এইরপে মন্ত্র-সিদ্ধি লাভ করিরা এরিরাত্তি অথবা নব রাত্তি পর্যন্ত গোপন করিরা রাখিবে; কোনরপেও মন্ত্রনিদ্ধির বিষয় প্রকাশ করিবে না। মন্ত্রসিদ্ধি লাভ করিরা বদি সাধক বী শ্যার পমন করে, ভাহা হইলে সাধকের ব্যাধি হইরা থাকে, যদি গান শ্রাকী: কুরে, ভবে বিষয় এবং নৃত্য দর্শন করিলে অন্ধ হয়। আর যদি দিবাভাগে কাহারও সহিত কথা বলে তাহা হইলে সাধক মৃক হইয়া থাকে। পঞ্চদশ দিবস পর্যান্ত এইরূপ সব্ব-কর্মা পরিত্যাগ করিয়া থাকিবে। কারণ, সাধকের শরীরে পঞ্চদশ দিন পর্যান্ত দেবতার অবস্থান থাকে। যথা—

পঞ্চদশদিনং যাবদেহে দেবস্য সংস্থিতিঃ।
ন স্বীকার্যো শঙ্কপুল্পে বহির্যান্ত যদা তদা।
তদা বস্ত্রং পরিত্যজ্ঞা গৃহ্নীয়াদ্বসনাস্তরং॥
গো-ব্রাহ্মণ-বিনিন্দাঞ্চ ন কুর্যান্ত কদাচন।
দুর্জ্জনং পতিতং ক্লীবং ন স্পৃশেন্ত কদাচন॥
দেব-গো-ব্রাহ্মণাদীংশ্চ প্রত্যহং সংস্পৃশেন্ত্র্হিঃ।
প্রাতনিত্যক্রিয়ান্তে চ বিল্পত্যোদকং পিবেৎ॥
তন্ত্রসাব।

অর্থাৎ—যে পঞ্চনশ দিবস সাধকেব শরীরে দেবতার অবস্থান থাকে,
সেই কভিপর দিবস পর্যান্ত সাধক গন্ধ কিছা পূল্প গ্রহণ করিবে না এবং
যে সময়ে বাহিরে গমন কবিবে, তথন তাহাকে পরিধের বস্ত্র পবিত্যাগ
কবিরা অন্ত বসন পরিধান করিতে হটবে। কদাচ গো অথবা ব্রাহ্মণেব
নিন্দা করিবে না; হর্জন, পতিত ও ক্লীব মনুবাকে ম্পর্শ করিবে না,
প্রভিদিন, শুদ্ধদেহ হইরা দেবতা, গো, ব্রাহ্মণ প্রভৃতি ম্পর্শ করিবে,
প্রতিদিন প্রাত্তঃকালে নিত্যক্রিরা সমাপন পূর্বাক বিহপদ্যোদক পান
করিবে। এই নিরম্ভাল প্রদান না করিলে সাধকের বিশেষ ক্ষতি
হইরা থাকে।

অনস্তর মন্ত্রসিদ্ধির বোড়শ দিবসে গঙ্গাতে স্নান করিয়া স্বাহান্তমূল মন্ত্র উচ্চারণ পূর্বাক ''অমূক-দেবতাং শুর্পামি নমঃ" এই মন্ত্রে তিন
শত বারের অধিক দেবীর তর্পণ করিবে। পরে জ্বল ধারা দেবতর্পণ
কবিবে। স্নান ও দেবীর তর্পণ না করিয়া কদাচ দেবতর্পণ করিবে
না। তদনস্তর গুরুদক্ষিণা প্রদান করিয়া অফিদ্রাবধাবণ করিতে
হুইবে।

ইত্যনেন বিধানেন সিদ্ধিং প্রাপ্নোতি সাধকঃ। ইহ ভুক্তা বরান্ ভোগানন্তে যাতি হরেঃ পদম্

তন্ত্ৰসাব।

এই প্রকাব বিধানে শবসাধনার সাধক সিদ্ধিলাভ করিলে ইহলোকে পূর্ণাভীষ্ট হইরা বিবিধ ভোগ করিয়া অন্তে ব্রহ্মপদ লাভ করিতে পারে।

শিবভোগ ও কুলাচার কথন।

উদ্রোক্ত বীর-সাধনার প্রাণালীতে কিন্ধপে শ্বাশাস-সাধন ও শব-সাধম করিরা অতি অন্ন সমন্দ্র মন্ত্র-সিদ্ধিলাত হইরা থাকে, তাহা লিখিত হইল। এরূপ অল্পফালে অক্স কোম শান্ত্রোক্ত সাধনার সিদ্ধিলাত করাচ সন্তবপর নহে। প্রতরাং তল্লোক্ত সাধনার বিষয় আলোচনা করিলে বিশ্বরে ছনর ভক্তি-বিলত হইরা পড়ে। শাহারা তল্লের মন্ত্র অক্সাত না ইইরা জ্র-কুঞ্চিত্র করেন, তাহারা তল্পান্তানভিজ, সন্দেহ নাই। আমরা এইবার কুলাচার-বিধি বিপিবক করিব; পাঠক! সমাহিতচিত্তে ভালার মর্ম অবগত হইরা ভাবারধারণ করিবে।

কুলাচার-সম্পন্ন হইতে হইলে সাধককে ভক্তির সহিত কুলাচারগুলি পালন করিতে হয়, নতুবা প্রভাবায়ভাগী হইতে হয়। সন্ধ্যা, বন্দন পিতৃতর্পণ ও পিতৃপ্রাদ্ধ যক্রপ নিত্য, কুলসেবকদিগের কুলাচারও তক্রপ নিত্য, অতএব নয়ত্মে কুলাচার পালন করিবে। বিশেষতঃ বে ব্যক্তি নিবদ্প্রাপিকা শিবাভোগ প্রদান না করে, সেই ব্যক্তি কদাচও কুলদেব-ভার অর্চনে অধিকার লাভ করিতে পারে না। স্কৃতরাং শিবাভোগ নিবেদন করিয়া জগদস্বার ভূষ্টি বিধান করিবে।

পশুরূপাং শিবাং দেবীং যো নার্চ্চয়তি নির্জ্জনে।
শিবারাবেন তম্মাশু দর্বাং নশ্মতি নিশ্চিত্র ॥
জ্বপপূজাবিবিধানি যৎকিঞ্চিৎ স্তক্তানি চ।
সূহীত্বা শাপমাদায় শিবা রোদিতি নির্জ্জনে ॥
কুলচ্ডামণি।

যে সাধক পশুরূপিণী শিবাদেবীকে নির্জ্জনে অর্চনা না করে, শিবারাব ছালা তাঁহার সমস্ত পুণ্যকর্ম বিনষ্ট হর সন্দেহ নাই। শিবাভোগ না দিলে শিবা সাধকের জগ, পূজা ও অক্তান্ত স্কুক্ত্যাদি গ্রহণ পূর্বক শাপ প্রদান করিয়া নির্জ্জনে রোদন করেন। 'কালী' 'কালী' এই বলিরা আহ্বান করিতে আরম্ভ করিলেই শিবারপথারিণী মঙ্গলমন্ত্রী উমা সাধকের স্থানে আগমন করেন, তাঁহাকে অরদান কবিলে জানিক ভগবতী প্রসরা হরেন। Kr., .

সাধক সারংকালে বিষমুক্তে, প্রান্তরে অথবা ঝাণানে গমনপূর্বক দেবীকে আহবান করিয়া "ওঁ গৃহু দেবি মহাভাগে, দিবে কালান্তির্মণিণি শুভাগুভফলং ব্যক্তং ক্রহি গৃহু বলিস্তব।" এই মন্ত্রে মাংসপ্রধান নৈবেন্ত নিবেদন করিবে। উক্ত ভোগ যদি একটি মাত্র দিবা ভক্ষণ করে তবে কল্যাণ হয় ও ভগবতী সাধকের প্রতি পরিতৃষ্টা হরেন। বদি দিবা ভৌগ ভক্ষণ করিয়া মুখোভোলন পূর্বক ঈশানকোণাভিমুখ হইয়া শুস্বরে ধবনি করে, তাহা হইলে সাধকের নিশ্চয় শুভ হইবে। আর যদি দিবা ভোগ গ্রহণ না করেন, তাহা হইলে সাধকের অমঙ্গল অবশ্রন্তাবী। যথা—

যদা ন গৃহ্যতে ন্যানং তদা নৈব শুভং ভৰেৎ।

যামল তন্ত্ৰ

এই প্রকার হইলে উক্ত দোষের শান্তির নিমিত্ত সাধক শান্তিশ্বস্তারনাদি করাইবে। যে কোন প্রকার কার্য্যামুষ্ঠানকালে শিবাভোগ প্রদান করিয়া এইরপে শুভাশুভ অবগত হইতে পারা যার। যে সাধক বথাক্রমে পশু-শক্তি, পক্ষীশক্তি, ও নরশক্তির পূজা করে, তাহার সমস্ত কর্ম বিগুণ হইলেও মঙ্গণকর হয়, অতএব বত্বসহকারে সর্বাশক্তির পূজা করা কুণ-সাধকের অবশু কর্ত্তব্য।

সাধকগণ সমরাচারবিহীন হইলে সহল্র কোটি জন্মেও সিদ্ধিলাভ করিতে পারিবে না। বে সম্বা কুললান্ত্র ও কুলাচারের অমুবর্জী হইবেন, তিনি সর্কবিষয়ে উদার্বচিত্ত, বৈক্ষবাচার-পরারণ, পরনিন্দাসহিষ্ণু ও সর্কাদা পরোপকার-নিরত হইবেন। কুলপত, কুলর্ক্ষ ও কুলক্ষা দর্শন করিয়া দেবী ভগবতীর উদোশে প্রণাম করিলে। ক্লাচ ভাহাদের উপর কোনরপ উপদ্রেব করিবে না। কুগরুক, —লেক্সাভক, করঞ্জ, বিষ, স্পাধাথ, কদৰ, নিম্প, বট, বক্সভূত্বুর, আনলকী ও ভেঁতুস।

কুলপণ্ড, —গৃধু, কেমকরী, জন্মকী, যমদ্তিকা, কুন্নরী, শ্রেন, ভুকাক ও কুক্তমার্জ্ঞার।

ক্লক্সা,—নটী, কাপালিকা, বেখা, রজকী, নাপিতালনা, ত্রাহ্মণী, শুদ্রক্সা, গোপাল্ক্সা ও মালাকারক্সা।

কুলবৃক্ষ, কুলপণ্ড ও কুলক্সাগণের সঙ্গে কুলাচার-সম্পন্ন সাধক কিরপ ব্যবহার করিবে, শাল্পে ভাহাও বিশদ করিয়া বণিভ আছে। গৃধু দর্শন করিলে, মহাকালীর উদ্দেশে প্রণাম করিবে এবং অন্ত কুলপত দর্শন হইলে, "ওঁ কুশোদরি মহাচণ্ডে মুক্তকেশি বলিপ্রিয়ে। কুলাচাব-প্রদরান্তে নমক্তে শঙ্করপ্রিয়ে॥" এই মন্ত্র উচ্চারণ পূর্বক প্রণাম করিবে। ষদি কোন সময়ে পর্বতে, বিপিনে, নির্জ্জন স্থানে চতুপথে অথবা কলা मधा देवत्यारा शमन कता हर्न, जाहा हहेता ताहे इता कनकान थाकिन মন্ত্র জ্বপ পূর্বক নমস্কার করিয়া যথাস্থানে গমন করিবে ৷ যদি শ্মশান বা শব দর্শন হয়, তবে তাহার অমুগমন পূর্বক প্রদক্ষিণ করিয়া "ওঁ ঘোরদংট্রে করালান্তে কিটিশক্রিনাদিনি। ঘোরঘোররবাক্ষালে নমস্তে চিতিবাসিনি॥" এই মন্ত্রে প্রণাম করিবে। রক্তবন্ত্র বা রক্তপুষ্প দর্শন করিলে ভূমিষ্ঠ হইয়া ত্রিপুরাধিকার উদ্দেশে প্রণামপূর্বক "ওঁ বন্ধকপূলা সঙ্কাশে ত্রিপুরে ভর্মাশিনি। ভাগ্যোদয় সমূৎপরে নমস্তে বরবর্ণিনি॥" **এই मञ्ज পঠि कतिरत। यनि इक्ष्यञ्ज, इक्ष्य्र्ल, त्राक्षा, त्राक्ष्य्र**क्ष जूतक, बाउक, तथ, बात, दीवशूकर व्यथवा क्नारमत्वत मर्बन इह, करव "उँ व्यवस्मिति ব্যবহাতি ত্রিপুরাছে ত্রিদৈবতে। 🥜 ভত্তেভো। বরদে: দেবি সহিবছি নুমোহৰতে।" এই মন্ত্ৰ পৰ্য্যা-ক্রিয়া প্রণাম করিবে। মন্তভাও, মৎভ, মাংস বা স্থন্দরী রমণী দর্শন করিলে "ওঁ খোরবিশ্ববিনাশার কুলাচার-সমৃদ্ধরে। নমামি বদদে দেবি মৃগুমালাবিভূবিতে॥ রক্তথাদাসমাকীর্ণ-বদনে আং নমাম্যহং। সর্কবিশ্বহরে দেবি নমস্তে হরবল্লভে॥" এই মন্ত্র পাঠপূর্বক ভৈরবীর উদ্দেশে প্রাণাম করিরা মন্ত্র জপ করিতে হইবে।

कंटिकाः प्रभारतित योष रेनवः প্রকৃষ্ণতে। শক্তিমন্ত্রং পুরস্কৃত্য তদ্য সিদ্ধিন জায়তে॥

অর্থাৎ—বনি কোন সাধক এই সমস্ত দর্শন করিয়া বিধানামুরূপ কার্য্য না করে, ভবে সে শক্তিমন্ত্রে সিদ্ধিলাভ করিতে পারিবে না।

এতাবতা কুলাচার সম্বন্ধে বতদুর আলোচিত হইল, তাহাতে অনেক পার্মকের বৈষ্টাচাতি ঘটিতে পারে। কারণ হরতঃ অনেকের এইগুলি নির্মাক বাহাাড়ম্বর বলিয়া মনে হইতে পারে। কিন্তু একটু সমাহিত্যিতে চিন্তে চিন্তা করিলে দেখিবে, এই সকল সামান্ত বিষয়ে গভীর জ্ঞানের আন্তাস নিহিত রহিয়াছে। যাহারা ত্রিসন্ধা করিয়া বা সমাজে যাইয়া নির্দিষ্ট সময় ঘড়ী ধরিয়া অথবা সপ্তাহে একদিন চার্চে বাইয়া ধর্মাত্মহানের পরাকাষ্টা প্রদর্শন করে, তাহারা ইহার মর্ম্মোপলন্ধি করিবে কিরূপে? সাধক বতই উন্নতি লাভ করিবে, ততই অধিক সময় তগবান্-ভাবে তক্ময় গাকিবে। তাই শাল্ককারগণ বত অধিক সময় সাধকের মন ইইদেবতার চয়ণ অয়ণ-মনন করিতে পারে, তাহারই উপার করিয়া দিয়াছেন। কাজেই পূর্বোক্ত বৃক্ষ, পশু, পশ্লী দেখিলেই সাধক আপন আপন ইইদেবতাকে অয়ণ করিয়া প্রণাম করিবে। বিশেষতঃ অবিগণ উসকল শশু, পশ্লী, রুক্ষাদির মধ্যে বিশেষ শক্তিরও পরিচর পাইয়াছিলেন। আর বধন সমস্ত প্রাণী দেখিলেই ভদ্যানের কথা যদে পাজুবে, গুধম সাধক সিয়বস্থায় উপনীত হয়। তাই বৈষ্ণব সাধক বলিয়াছেন,

''বাহা বাহা নেত্ৰ পড়ে তাহা হরি কুরে

কুলাচারী সাধক শক্তি-অংশ-সন্তৃতা রমণীর পৃতিত কিরুপ ব্যবহার করিবে, একণে ভাহাই আলোচনা করা বাউক। পাঠক! ভাহা পাঠ করিলেই বুঝিতে পারিবে বে, ভল্লোক্ত কুলাচারের সাধন মন্থাদি পান করিরা রমণী সঙ্গে রক্ত করা নহে, ভাহা—

রুমণীকে জননীত্বে পরিণত

করিবার কৌশল মাত্র। ভন্তকার বুঝিয়াছিলেন, বেদ পুরাণামুযায়ী উপদেশ মত রমণীর আসঙ্গলিপ্সা পরিত্যাগ করা জীবের তঃসাধ্য, সে নেশা --- সে আ**ফুল** তৃষা, জীব মনে করিলেই ছাড়িছে পারিবে না; কারণ জীব মাত্রেই রমণীর আবিষ্ট-শক্তিতে অণুপ্রাণিত। তাই কৌশলে রমণীর পরিচর্য্যা করিয়া —তাঁহার শরণাগত হইরা —তাঁহার সহিত আত্মসংমিশ্রণ করিয়া প্রকৃতির কোমল বাছ-বন্ধন ছিল্ল করিতে হইবে। মায়ারপিণী রমণীকে জর করিতে না পারিশে আধ্যাত্মিক রাজ্যে একপদও অগ্রসর হটবার উপায় নাই। জাবের সাধ্য নাই যে, দ্বণা বা অক্ত উপারে রমণীর আকর্ষণ হইতে নিজকে রক্ষা করে। কেবল দেখিতে পাই, শি**ণ্ড** বালকেই একমার রমণীকে আপন আয়ত্তে রাথিতে পারে। বালকের কাছে নারীর সমস্ত মায়ার কৌশল বার্থ হইয়াছে। রমণী শিশুর দাসী হইয়া সর্বদা ভাহার স্থ-পাস্থ্যের জন্ম ব্যস্ত। জননী সন্তান বৃক্তে করিয়া জগৎ ভূলিয়া যায়—সন্তান দেখিলেই ক্ষেত্-রদে অভিবিক্ত হইয়া সমতে কোলে তুলিয়া লয়। সেথানে কোনরপ অভিযান-আকার থাটেনা,—স্থন্দরী, যুবতী বা রসবতী কোন অংশেই বালকের নিকট আদরশীরা নহে। তাই ভদ্রশান্তকার রমুণীকে খুণা না করিয়া জননীর আসন দিয়াছেন। রমণীকে স্কুলীকৈ পরিণত করিয়া আধ্যাত্মিক রাজার

ত্রপিন রান্তার প্রধান বিশ্ব ব্যাপদারিত করিরা কেলিরাছেন। চিন্তালীল পাঠক ভক্তি-নত্র হানরে ভন্তপান্ত আলোচনা করিলে আমাসের বাকোর সার্থকত। উপলব্ধি করিয়া বিশ্বয়ে অভিভূত হইবেন। আময়া তৎসম্বন্ধে নিয়ে কিঞ্চিৎ আভাস দিলান। প্রথমে তন্ত্র বলিতেছেন,—

ন্ত্রীসমীপে কৃতা পূজা জপশ্চ পর্মেশ্বরি। কামরূপাচ্ছতগুণং সমুদীরিভমব্যয়ম্ ॥

সময়তন্ত্ৰ

ন্ত্রী সমীপে যে পূজা ও জপ করা হয়, তাহা কামরূপাণেকা শতগুণ অধিক ও অক্ষয় ফলপ্রদ। তাই রমণীকে জগজ্জননীর অংশ ভাবিয়া তৎসমীপে পূজাদির অমুষ্ঠান বিবৃত হইয়াছে। কুলাচারীর রমণী সম্বন্ধে পবিত্রভাব রক্ষার জন্ত কিরূপ আদেশ আছে, তন্ত্রশান্ত হইতে ভাহার সারাংশ উভূত করিলাম।

কুণাচারী সাধক সর্বভ্তের হিতামুন্তানে নিয়ত নিযুত থাকিবে, নৈমিত্তিক কর্ম পরিত্যাগ করিয়া নিত্যামুন্তানে তৎপর হইবে। নিজ ইন্টনেবতার চরণে সমস্ত কর্মকল অর্পণ করিবে। মন্ত্রার্চনে অপ্রজা, ক্লান্ত্রী নিন্দা, জীলোকের প্রতি ক্রোধ ও জীলোককে প্রহার, এই সমস্ত কার্য্য বৃদ্ধিমান ব্যক্তি সর্বাদা পরিত্যাগ করিবে। সমস্ত অগৎ জীমন্ন ভাবনা করিবে। আপনাকেও জীমন্ন জ্ঞান করিবে। জ্ঞানবান্ ব্যক্তি চর্বা, চোব্য, লেজ, পের, ভোজ্ঞা, গৃহ, স্থ্য সমস্তই সর্বাদা বৃষ্ঠীমন্ন চিন্তা করিবে। যুবতী রমণী দর্শন করিলে, লনাহিত্ত- ক্লানে প্রশাম করিবে। বদি দ্বৈরাক্ত কুলালী দর্শন কর ভাহা হউলে তৎ- ক্লান্থ মেনী উদ্ধেশে মানস গন্ধাদি দ্বানা প্রশাম করিলে, লনাহিত-ক্লান্থ মেনী উদ্ধেশে মানস গন্ধাদি দ্বানা প্রশাম করিলে, লনাহিত-ক্লান্থ মেনী উদ্ধেশে মানস গন্ধাদি দ্বানা প্রশাম করিলে অন্যাদ

পূর্মক "ক্ষমন্ব" বলিরা ক্ষমা প্রার্থনা করিবে। এমন কি কুৎসিতা, ভ্রষ্টা ক্ষমণীকেও নমন্ধার করিরা ইষ্টাদেবতা প্ররূপ ভাবনা করিবে। স্ত্রীলোককে অপ্রিয় কার্য্য সর্বতোভাবে পরিত্যাগ কবিবে। স্ত্রীলোককে দেবতাস্থরপ, জীবনস্থরপ এবং ভূষণস্থরপ জ্ঞান করিবে। সর্বাদার রমণীর সমভিব্যাহারে থাকিবে। শক্তিই শিব, শিবই শক্তি, ব্রহ্ম শক্তি, বিষ্ণু শক্তি, ইন্ধ শক্তি, রবি শক্তি, চন্দ্র শক্তি, গ্রহগণশক্তি প্ররূপ, অধিক কি এই সমন্ত কাণ্ডই শক্তির স্বরূপ। স্থতরাং কুৎসিত ভাবে কখনও ত্রী দর্শন করিবে না। কামভাবে ত্রী-অঙ্গ দর্শন করিবে লাগত্বননীকে অপমান করা হয়। কারণ—

যন্তা অঙ্গে মহেশানি সর্বতীর্থানি সন্তি বৈ ৷

া নারীর অঙ্গে সর্বতীর্থ বসতি করে, স্থতরাং নারী-শরীর পবিত্র ভীর্থ স্বরূপ।

শক্তো মনুষ্ঠবৃদ্ধিস্ত যঃ করোতি বরাননে।

ন তত্ত্ব মন্ত্রসিদ্ধিঃ স্থাম্বিপরীতং ফলং লভেৎ॥

উত্তর তম্ব ।

খে সাধক নারীরূপা শক্তিকে মানুষ মনে করে, ভাহার মন্ত্রসিদ্ধি হইবে না; বরং বিপরীত ফললাভ করিবে।

শক্তাঃ পাদোদকং যন্ত পিবেন্ডক্তিপরায়ণঃ। উচ্চিক্তং বাপি ভূঞীত ভক্ত রিদিরখণিতা।।

নিগদক্রজম্। 🐇

বে কুলাচারী ভক্তিবৃত্তিতে নালীর পালোদক ও তুক্তাবশেব ভোজন করে, তাহার সিদ্ধি কেহ থণ্ডন করিছে পারে না। অন্তএব নারীতে লগদখার বিশেব পক্তিপ্রকাশ ভাবনা করিয়া সর্কাশ ভক্তিপ্রকা করিবে, লেমেও কথন নারীর নিন্দা বা নারীকে প্রহার করিবে না। স্ত্রীমৃর্তির অন্তর্গালে প্রীজ্ঞালাতা স্বরং রহিয়াছেন, এ কথা দ্বরণ না রাখিয়া ভোগ্যবন্ত বিশেব বলিরা সকামভাবে স্ত্রী-শরীর দেখিলে উহাতে প্রীজ্ঞান আজার অবমাননা করা হর এবং উহাতে মানবের অশেব অকল্যাণ আসিয়া উপস্থিত হর। যত স্ত্রীমূর্তি, সকলই সাক্ষাৎ জগদখার মূর্তি—সকলেট জগন্যাভার জগৎপালিনী ও আনন্দদারিনী শক্তির বিশেব প্রকাশ। তাই চণ্ডীতে দেবতাগণ বলিরাছেন,—

বিস্থাঃ সমস্তা ন্দব দেবি! ভেদাঃ ব্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎস্থ। ছয়ৈকয়া পূরিভমন্বয়ৈতৎ— কা তে স্তুভিঃ স্তব্যপরাপরোক্তিঃ॥

মার্কণ্ডের পুরাণ।

অর্থাৎ হে দেবি তৃষিই জ্ঞানর পিণী, জগতে উচ্চাবচ যত প্রকার বিছা আছে—ঘাহা হইতে লোকের অশেষ প্রকার জ্ঞানের উদয় হই-তেছে—সে দকলে তৃষিই ভত্তদ্রূপে প্রকাশিতা, তৃষিই জগতের যাবতীর দ্রীস্তিরপে বিষ্ণমান, তৃষিই একাকিনী সমগ্র জগৎ পূর্ণ করিয়া উহার সর্বত্র বর্তমান। তৃষি অতৃগনীয়া, বাক্যাতীতা—স্তব করিয়া ভোমার অনস্ত গুণের উল্লেখ করিতে।কৈ ক্রেবেল পারিরাছে বা পারিবেন। কিন্ত হার বিশেষ প্রকাশের আধার-

শ্বরূপিণী স্ত্রী-মূর্ত্তিকে হীন-মুদ্ধিতে—কলুখিত নম্বনে নিরীক্ষণ করিয়া দিনের ভিত্তর শত-সহত্র বার তাঁচার অব্যাননা করিতেছে। করজনে দেবী-বৃদ্ধিতে স্ত্রী-শরীর অবলোকন করিয়া—বথায়থ সম্বান দিয়া হৃদয়ে আনন্দ অনুভব করিবার ও ক্লভার্থ হইবার উভ্যম করিতেছে। পশু-বৃদ্ধিতে স্ত্রী-শরীরের অব্যাননা করিয়া ভারত দিন দিন অধংপাতে চলিয়াছে।

পাঠক! বৃঝিলে তন্ত্ৰ রমণী-সঙ্গে রঙ্গে ব্যাভিচার-শ্রোত বৃদ্ধি করিতে
শিক্ষা দেন নাই। বে শান্ত্ৰ নিজকে পর্যান্ত স্ত্রীমর ভাবনা করিতে
বলিয়াছেন, ভদ্মারা পাশবভাব বিস্তার হইবে কিরপে ? প্রবৃত্তি-পূণ মানব
স্থল-রূপরসাদির অল্ল-বিস্তার ভোগ করিবেই করিবে; কিন্তু যদি কোনরূপে
ভাহার প্রিয় ভোগ্যবন্তর ভিতর ঠিক ঠিক আন্তরিক শ্রন্ধার উদয় করিয়া,
দেওয়া যার, তবে দে কত ভোগ করিবে করুক না—এ তীত্র শ্রদ্ধাবলে
স্বর্নকালেই সংযমাদি আধ্যাত্মিক ভাবের অধিকারী হইয়া ধাঁড়াইবে,
সন্দেহ নাই। তাই তন্ত্রে কুলাচারের অনুষ্ঠান এবং বিশেষ সতর্ক করিয়া
সাধককে বলিভেছেন,—

অর্থান্তা কাসতো কাপি সৌখ্যাদপি চ যো নরঃ। লিঙ্গযোনিরতো মন্ত্রী রৌরবং নরকং ত্রন্থেৎ॥

কুমারী তন্ত্র।

যে ব্যক্তি কোন প্রয়োজন সিদ্ধির নিমিন্ত, স্থের নিমিন্ত অথবা কাম
বশত: শ্রী-সংসর্গে নিরত হয়, তাহার রৌরব নরকে পতন হইরা থাকে।
আরও কি কেহ বলিবে, তন্ত্র এত্রদশে, ব্যাভিচার শিকা দিতেছে? তুমি
বদি না ব্যান্তে পারিয়া আগত্র মতলব সিদ্ধি করিয়া লও. তবে সে লোম কি

শাল্কের ? বখন শক্তি আমরন পূর্বক সাধক তাহাকে উপদেশ দিবে, তথন তাহাকে কক্সাথরপা মনে করিবে এবং পূজাকালে মাতা জ্ঞান করিবে। অক্সাক্ত উপচার সম্বন্ধেও এইরূপ রহস্ত নিহিত রহিরাছে। রমণী কইরা অক্স নানারূপ সাধনারও বিধি আছে। কিছু তাহা অপ্রকাশ্র বিধার আলোচিত হইল মা। বিশেষত: কাম কামনা-কপ্রিত জীব তাহা না ব্যারা কুসংস্কার ভরে নাসিকা কৃষ্ণিত করিরা বসিবে, তাই নিরস্ত হইলাম !*

কুলাচারী সাধকের মহামন্ত্র সাধন বিবরে দিক-কাল-নিরম, জপ, পূজা বা বলির কাল নিরম কিছুই নাই, এই সমস্ত যথেচছভাবে করিবে। বন্ধ, জাসন, স্থান, দেহ, গৃহ, জল প্রভৃতি শোধনের আবশুকতা নাই! পরস্ক মন বাহাতে নির্ম্কিলর হর, তদ্বিরে চেষ্টা করিবে। সাধক র্থা সমর নষ্ট করিবে না। পরস্ক দেবতা পূজা, জপ, যজ্ঞ ও শুব পাঠাদি দ্বারা সমর বাপন করিবে। জপ ও যজ্ঞ সর্ম্কালেই প্রশন্ত; এই জপযজ্ঞ সর্মদেশে ও সর্ম্বপীঠে কর্ত্ব্য, সন্দেহ নাই। মানসিক স্থানাদি, মানস-শৌচ, মানসিক জপ, মানসিক পূজা, মানসিক তর্পণ প্রভৃতি দিব্যভাবের লক্ষণ। কুলাচারীর পক্ষে দিবা, রাত্রি, সন্ধ্যা বা মহানিশাতে কিছুমাত্র বিশেষ নাই, সমস্ত কালই শুভ। অস্থাতই হউক অথবা ভোজন

মৎ প্রণীত 'ভানীশুরু' গ্রহে দ্রী-পুরুষ সম্বন্ধে আধ্যাত্মিকতক "নাদ-বিন্দু-বোগ" শীর্ষক প্রবন্ধে বিশদ ক্রিয়া লেখা হইরাছে এবং "প্রেমিক-শুরু" গ্রহে শৃক্ষার সাধন প্রভৃতি শুহাতক বিষ্কৃত হইরাছে।

করিয়াই হউক, সর্বাদা দেবীর পূজা করিবে। মহানিশাকালে জণবিত্র প্রদেশেও পূজা করিয়া মন্ত্র জপ করা ঘাইতে পারে। যে কুলাচারী এই নিধিল জগৎকে শক্তিরূপে দর্শন করিতে না পারে, সে নরকগামী হয়। নির্জ্জন প্রদেশে, শালানে, বিজনবনে, শূজাগারে, নদীতীরে একাকী নিঃশক্ষ হাদরে সর্বাদা বিহার করিবে। কুলবারে, কুলাইমীতে, বিশেষতঃ চতুর্দশা তিথিতে কুলপূজা অতীব প্রশন্ত। কুলবার, কুলতিথি ও কুলনক্ষত্রে পূজা করিলে অচিরে অভীষ্ট বর লাভ করিতে পারে। অতথ্রব—

এবং কুলবারাদিকং জ্ঞাত্বা সাধকঃ কর্ম্ম কুর্য্যাৎ ॥ যামলে।

সাধক কুলবারাদি পরিজ্ঞাত হইয়া কর্মামুষ্ঠান করিবে। কুলমার্প সর্বাদা গোপন করিবে। নির্জ্জন স্থানেই কুলকর্ম্মের অমুষ্ঠান করিতে হইবে, লোকসমক্ষে করা বিধের নহে। এমন কি পশু-পক্ষীর সমক্ষেও কুলকার্যোর অমুষ্ঠান করিতে শান্ত নিষেধ করিয়াছেন। কারণ, প্রকাশ করিলে সিদ্ধিহানি হয়। কুলাচার প্রকাশ করিলে মদ্রনাশ, কুলহিংসা ও মৃদ্যু হইতে পারে। যথা—

প্রকাশামন্ত্রনাশঃ স্থাৎ প্রকাশাৎ কুলছিংসনম্। প্রকাশাম্মূলাভঃ স্যান্ত্রকাশ্যং কদাচন॥

নীলন্তঃ।

त्रांकि इहे अश्रद्धत भन्न इहेन्दुई भवास महानिमा वर्षाः—।
 मर्कताजार भवर वक्त मृद्र्ववत्रस्तुत् । मा महात्राक्तिक विहे उन्नक्तक देव ॥

অভএব সাধকের কলাচ কুলাচার প্রকাশ করা কর্ত্তব্য নহে। বরং পূজা-ভ্যাগ করিবে, তথাপি আচার ব্যক্ত করিবে না। বথা— বরং পূজা ন কর্ত্তব্যা ন চ ব্যক্তিঃ কলাচন ।

পঞ্চ-মকারে কালী সাধনা

শক্তি-পূজা প্রকরণে মদা, মাংস হৎশু, মূদ্রা ও মৈধুন. এই পঞ্চতৰ
সাধন-স্বরূপে কীর্ত্তিত হইয়া থাকে। পঞ্চতৰ ব্যতিরেকে পূজা করিলে
ঐ পূজা প্রাণনাশকারী হইয়া থাকে,— বিশেষতঃ তাহাতে সাধকের
অভীষ্টসিদ্ধ হওয়া দূরে থাকুক, পদে পদে ভয়ানক বিদ্ন ঘটে। শিলাতে
শক্ত বীজ বপন করিলে বেরূপ অজুর উৎপন্ন হয় না, সেইরূপ পঞ্চতৰবর্জিত পূজায় কোন ফল ফলেনা। আদিদেব মহাদেব বলিয়াছেন; —

কুলাচারং বিনা দেবি শক্তিমন্ত্রে। ন সিদ্ধিদঃ। তম্মাৎ কুলাচারহতঃ সাধয়েচ্ছক্তিসাধনম্॥

মহানিৰ্ব্বাণ তন্ত্ৰ।

তে দেবি! কুলাচার ব্যতিরেকে শক্তিমন্ত্র সিদ্ধিদায়ক হর না, কুলা-চারে রত থাকিয়া শক্তিসাধন করা কর্ত্তব্য। পঞ্চ-মকারে সাধনার ক্রম এইরূপ,—

সাধক প্রাতঃক্তাদি নিত্যকর্ম মমাপন পূর্বক গোপনীয় গৃহে কুশাসন কিয়া কৰলামন বিভ্ত করিয়া পূর্ব কিয়া,উত্তর মুখ হইয়া হয়, মন্তক, মেরুদণ্ড প্রভৃতি সরণভাবে রাধিয়া হিরভাবে আপন আপন অভাস্ত বে কোন আসনে (সিদ্ধাসনাদিতে) উপবেশন করিবে। প্রথমতঃ শ্বকীর মন্তক মধ্যে শুরুশভদলপদ্দে গুরুদদেরের ধ্যান করতঃ প্রার্থনা ও প্রাণাম কবিবে। অনস্তর 'ছুঁ' মন্ত্র উচ্চারণ পূর্বক ইড়া ও পিঙ্গলার শ্বাস বায়ুকে একত্রিত করিয়া ধীরে ধীবে বায়ু টানিয়া মূলাধার সক্ষোচ পূর্বক "হংস" মন্ত্র উচ্চারণ ক্রিয়া কুন্তক করিতে হইবে। ইহাই কুলাচারীর "মহস্যু-সাধ্যনা" এই মংস্থাসাধনায় কুল-কুগুলিনী শক্তিরপা কালীদেবী জাগরিতা হইয়া উদ্ধ গ্যনোমুখী হইবেন।

আনরন করিয়া অন্তর্যাগের প্রণালীতে পূজা, ব্লপ ও হোমকার্য্য সম্পাদন করিবে। পরে চিন্তা করিবে সহস্রার মহাপল্লের কর্ণিকার ভিত্তর পারদতুলা বছেবিন্দ্রপ শিবের স্থান। ইহাই কুলাচারীর "মুদ্রাসাধনা।"
উক্ত শিবের ভবন স্থ-ছঃধ-পরিশৃত্য ও সর্ব্বকালীন ফল-পূজালক্কত স্থাগাঁর ভক্ত-পরিশোভিত। উক্ত ভবনাভান্তরে সদাশিবের মনোহর মন্দির, এই মন্দিরে একটা করপাদপ আছে, এই পাদপ পঞ্চভূতাত্মক, ব্রন্ধ ও গুণত্রর ইহার শাখা, চতুর্ব্বেদ ইহার খেত, রক্ত পীত ও ক্রফ্রণ্ পূজা। উক্ত প্রকার কল্পতরুর ধ্যান করিয়া ইহার অধোভাগে রন্ধবেদিকা, তাহার উপরিভাগে রন্ধালক্কত, স্থান্ধ মন্দারপূজা বিনির্দ্ধিত পর্যাক্ষ এবং তাহার উপরিভাগে, বিমল-ফটিক-ধবল, স্থাণি ভূঞ্জালী, আনন্দ-বিন্দারিত-নেত্র, ক্রের মুধ, নানারত্মালক্কতদেহ, কুগুলালক্কতর্বের রন্ধহার ও লোহিতপল্লফক-পরিশোভিত-বক্ষঃস্থল, পল্পলাশ-ত্রিলোচন, রম্য-মন্ধীরালক্কত-চরণ, শব্দ-ব্রহ্মস্ব-দেহ, এইরূপ দেবাদিদের শিক্ষক ধ্যান করিবে। তিনি শব্দ্ধপের জ্যার নিরীহ, তাহার কোন ক্রেয়া নাই। অনন্তর্ব্ব স্থাণার হইতে বেড়ালী-

कृता वित्र-र्योदमा, शैरनाञ्च अर्ज्ञाधन्न गनिने, नर्स्व दश-क्रमान-अति-শোভিতা, পূর্ণ-শশধর-স্থন্দর-মুখী,রস্তা-বর্ণা, চঞ্চল-নম্না, নানাবিধ রম্মা-শঙ্কতা, নৃশ্রযুক্ত-পাদপন্মা, কিন্ধিণীযুক্ত কটিদেশা, রত্নকন্ধণ-মণ্ডিত ভূত্ব-ৰুগশালিনী, কোটি কন্দর্পন্থন্দরবিগ্রহা, স্থ্যধুর-মৃত্যন্দ-হাস্তযুক্ত-বদনা ইই-দেবীকে সহস্রারে শিব-সকাশে আনম্বন করিবে। অনস্তর চিন্তা করিবে পরাশক্তি কামসমূলাস-বিহারিণী রূপবতী ভগবতী দেবী মুখারবিন্দের গল্পে নিদ্রিত শিবকে প্রবোধিত করিয়া তাঁছার সমীপে উপবেশন করতঃ শিবের মুখপদ্ম চুখন করিভেছেন। এইরূপ ধ্যানকালে সাধক সমাহিত চিত্তে ও মৌনী হটয়া চিন্তা করিবে। ইহাই কুলাচারীর "মাংস সাধনা।" ভৎপরে সাধক চিম্ভা করিবে, দেবী শিবের সহিত আলিঙ্গিত হইয়া স্ত্রী-পুরুষের স্থার সঙ্গমাসক্ত হইলেন। এই সময় স্থাব্যক্তি অপনাকে শক্তির সহিত অভিন্ন তাবনা করিয়া নিজকে আনন্দমর ও পরম সুখী জ্ঞান করিবে। ইহাই কুলাচারীর "কৈথুন সাধনা।" অতঃপর কিহবাগ্র-ছারা তালুকুহর রোধ করতঃ স্ত্রীপুরুষের ভাষ শিব-শক্তির শৃঙ্গার রস-পূর্ণ বিহার হইতে যে স্থাক্ষরণ হইতেছে, সেই স্থাধারা দ্বারা সর্বাঙ্গ প্লাবিভ হইতেছে, এইরূপ ধ্যান-নিবিষ্ট হইয়া থাকিবে। ইহাই কুলাচারীর মৃদ্র সাধনা। এই সময় সাধকের নেশার ন্থায় অবহু। হয় ; গা-মাথা টলিতে থাকে। তথন আর কোন চিস্তা করিবে না। ভাগ হইলে নিস্তর্জিণী অর্থাৎ নির্বাত জলাশরের স্থার নিশ্চলা সমাধি উৎপন্ন ছইবে। নারীসহবাসকালে শুক্র-বহির্গমন সময়ে শরীর ও মনে যেমন অনির্দেশ্র আনন্দ অনুভব ও অব্যক্ত-ভাব হইরা থাকে, সাধক সমাধিকালে ভদপেকা কোটি কোটি গুণ অধিক আনন্দ অমূভব করিয়া থাকে। শরীর ও মনের সে অব্যক্ত—অপূর্ব্ব ভাব ব্যক্ত করিবার উপার নাই।

অনন্তর এইরপে দিবা কুলামৃত পান করাইরা পুনর্কার কুগুলিনীকে কুলহানে (মূলাধার পদ্ম ব্রহ্মধোনি মগুলে) আনরন করিবে। পুনঃ পুনঃ এইরপ করিতে হইবে। যথা—

পীত্বা পীত্বা পুনঃ পীত্বা পতিতো ধরণীতলে। উত্থায় চ পুনঃ পীত্বা পুনজ্জ ম ন বিহাতে॥

কুলাৰ্ণৰ ভন্তা

এইরূপে পুন: পুন: কুগুলিনী শক্তিকে কুলামৃত পান করাইলে সাধকের আর পুনর্জনা হয় না। পাঠক! ইহা মদের নেশার পুন: পুন: পুন: খানার পড়া নহে। মুলাধার হইতে কুগুলিনীর পুন: পুন: সহস্রারে গমন ও কুলামৃত পান। এই সাধন সর্বস্রেষ্ঠ, ইহার অনুষ্ঠানে এমন কোন বিষয় নাই, যাহাতে সিদ্ধিলাভ করিতে না পারা যায়। তাই ভদ্ধ বলিতেছেন,—

"মকার-পঞ্চং কৃত্ব। পুনজ্জ না ন বিগতে।"

পঞ্চ-মকারের সাধনায় সাধকের প্নরায় জন্ম হয় না। উক্তবিধ সাধক গঙ্গাতীর্থে কিছা চণ্ডালালয়ে দেহত্যাগ করিবেও নিশ্চয় এক্ষপদ প্রাপ্ত নইবে। কারণ—

এবমভ্যস্থমানস্ত অহন্যহনি পার্ব্বতি। জরামরণছঃধাল্যৈশুচাতে ভববন্ধনার্থ॥

শার্কানন্দ তরঙ্গিণী।

উক্ত সাধনা অভ্যক্ত ইইলে সাধক জনামনগাদি চ: ৰ ও ভববন্ধন হুইতে মুক্তিলাভ করে। এইরণে প্রকৃতি-প্রব্যোগ বা শিব-শক্তির মিশনই ভয়োক্ত পঞ্চ-মকারে কালীসাধনা। কিন্তু ইহা অতি সুন্দ প্রশালী, তন্ত্রে সূল পঞ্চ-মকারেরও বিধি আছে। তবে সাধনার সুন্দ্র-তব্বে উপনীত হইতে না পারিলে প্রকৃত ফল লাভ করা যায় না। তাই তান্ত্রিক সাধক গাহিরাছেন,—

ভাঙ্গিতে ভাদের মন: বিকার, অস্থি চর্ম করেছি সার,
যাগ ষজ্ঞ ত্রত নিয়ম করেছি কত প্রাণপণে;
গিয়াছি শালানে, ভশ্ম-ভূষিত করেছি গাত্র,
বসেছি চিতার অঙ্গে, সার করেছি মহাপাত্র,
তাত্তেও পিতা নাহি ভূলে, মা টা মোর গা টা না ভোলে,
বড় নিরুপায়ে পড়েছিরে ভাই, কুল পাব বল কেমনে॥

কুল পাবার উপায় কি ?—

শ্রীনাথ কন সেই জানে মিলন, অন্তর্যাপে জেগে যে জন, পরমতত্ত্ব জ্ঞানের ধ্যানে রোধ করে পবনে;—ইত্যাদি।

তবেই দেখুন, প্রনারোধ করত: অন্তর্গাগের স্কা সাধনাই প্রকৃত সাধনা; ইহাতে সাধকের সর্বাভীষ্ট সিদ্ধি হয়। তবে ভোগাসক জীবকে সুলের ভিত্তৃ দিয়াই স্কো যাইতে হয়, তাই তন্ত্রে স্থুল পঞ্চ-মকারেরও ব্যবহার দৃষ্ট হয়। স্থুল পঞ্চ-মকারের কালী সাধনা এইরূপ,—

সাধক বথাবিধি প্রাভঃক্বতা এবং গ্রোভঃ, মধ্যাক্ত ও সারংকালের বৈদিক ও ভাদ্রিকীসন্ধাা সমাপ্তন ক্ষরিয়া ভক্তিযুক্তচিত্তে অবস্থান করিবে। ভৎপরে বধাসময়ে দেবীর চরণ শ্বরণ ক্রিতে ক্রিভে পূজামশুণে প্রবেশ করিরা অর্থা-জলে গৃহ বিশুদ্ধ করিবে। অনস্তর সাথক দিবাদৃষ্ট দারা এবং জলপ্রাক্ষেপে গৃহগত বিশ্বসকল বিদাশ করিবে। অগুরু,
কর্পূর ও ধুপাদি দারা গদ্ধমন্ব করিবে। পরে আপনার উপবেশনের
জন্ত বাহ্যে চতুরত্র ও মধ্যে ত্রিকোণার মগুল লিখিয়া অধিষ্ঠাত্রী
দেশতা কামরূপাকে পূজা করিবে। তৎপরে মগুলের উপরিভাগে
আসন বিশ্বাইরা "র্মী" আধারশক্তরে কমলাসনার নমঃ" এই মন্ত্রে আসনে
একটী পূপা প্রদান করিরা বীরাসনে উপবেশন করিবে।

তদনস্থর প্রথমে "ওঁ হ্রীং অমৃতে অমৃতান্তবে অমৃতবর্ষিণি অমৃতমাকর্ষয়াকর্ষর সিদ্ধিং দেছি কালিকাং মে বলমানর বলমানর স্বাহা"
যে ব্যক্তি অমৃত পানে তৃপ্তি লাভ করিয়াছেন; তাঁহার হথে প্রয়োজন কি ? অতএব সাধকগণ প্রথমতঃ তদ্ধাক্ত দীক্ষা গ্রহণান্তর পূর্ব্বোক্ত ক্রমে জপ, পূরাদি করিতে করিতে যথন কর্মক্ষয় হইয়া জ্ঞানের বিকাশ ইইবে তথনই বুক্ষ সাধন করিবে। বে ব্যক্তি পূর্ণদীক্ষা লাভ কবিয়াছে, সেই ব্যক্তি বুক্ষোপাসদার অধিকারী। বুক্ষ সাধনার ক্রম এইরূপ;—

শাক্ত, শৈব, বৈষ্ণব, পৌর ও গাণপত্তা, এই পঞ্চ উপাসকের সকল লাতিই এই বুল্লমন্তে অধিকারী। মুক্তাভিলাবী সাধক বুলাক্ত গুলুর নিকট গমন করিয়া, তাঁহার চরপক্ষণ ধারপপূর্ক্ত ভক্তিভাবে প্রার্থনা ক্রিবে বে,—

'করুণামর দীনেশ ভবাহং শরণং গভঃ। ত্বংপাদাভোকহজারাং দেছি মুর্দ্ধি বশোধন ॥"*

এইরূপ প্রাথনা করিয়া শিষ্য যথাশক্তি গুরুর পূজা করিবে, পবে শুরুর সমুখে রুডাঞ্জিপুটে তুফীভূত হইয়া থাকিবে।

গুরুদের তথন ধ্থাবিধানে ধথোক্ত শিষ্য-লক্ষণ পরীক্ষা পূর্ব্বক পূর্ব্বমুগ বা উত্তর মুথ হইয়া আসনে উপবেশন করতঃ শিষ্যকে আপনার
বামদিকে বসাইয়া করুণাপূর্ণ-ছাদরে অবলোকন করিবেন। অনস্তর
সাধকের ইপ্তিসিদ্ধির নিমিত্ত ঋষিস্তাস করিয়া শিষ্যের মস্তকে একশত
আটবার মন্ত জপ করিবেন। পরে ব্রাহ্মণের দক্ষিণ কর্ণে, অস্ত জাতিব
বামকর্ণে সপ্তবার "ওঁ সচ্চিদেকং ব্রহ্ম" এই মন্ত্র প্রথণ করাইবেন।
ইচাতে প্রাদির অপেক্ষা নাই, কেবল মাত্র মানসিক সন্ধর্ম করিতে
হইবে।

তদনস্তর শিষ্য, গুরুর পাদপায়ে দণ্ডবৎ পতিত হইলে, গুরু তাহাকে স্বেহপ্রযুক্ত—

> "উত্তিষ্ঠ বৎস মৃক্তোহসি ব্রহ্মজ্ঞানপরো ভব। জিভেক্রিয়: সভ্যবাদী বলারোগ্যং সদাম্ব তে ॥"†

 [&]quot;হে করুণাময়! হে দীনজনের ঈশ্বর! আমি আপনার শ্বণাগ্ত চটলাম। হে বশোধন! আপনি আমার মন্তকে আপনার চরণকমনের ছায়া প্রদান করন।

^{† &}quot;নংস! উপিত হও, ভূমি মৃস্থ ইউরাছ ;ভূমি ব্রন্ধজানপরায়ণ হও ; ভূমি সত্যবাদী ও জিতেক্রিয় হও ; সর্বদী তোমায় বল ও আরোগ্য অক্তরূপে থাকুক।"

এই মন্থ পাঠপূর্বক উত্থাপন করাইবেন। অনস্তর সেই সাধক-শ্রেষ্ঠ উত্থিত হইরা গুরুকে যথাশক্তি দক্ষিণা প্রদান করিবে। পরে গুরুর আজ্ঞা লইরা দেবভার স্থার ভূমগুলে বিচরণ করিবে।

যিনি ব্রহ্মমন্ত্র গ্রহণ করেন, তাঁহার আত্মা মন্ত্র প্রহণ করিবামাত্র তর্মন্ত্র হইরা যায়। সং, চিৎ জগৎ অরপ পরব্রহ্ম, অরপলক্ষণ ও ভটয়লকণ ছারা যথাবৎ জ্রের হন। তবে যাহারা শরীরনিষ্ঠ আত্মত-বৃদ্ধির্হতি,—
এবস্তুত যোগীসকল কর্তৃক সমাধি-যোগ ছারা—ধিনি সন্তামাত্র, নির্বিশেষ এবং বাক্য মনের অগোচর; যাহার সন্তার মিথ্যাভূত ত্রিলোকীর সত্যত্ব প্রতীতি হয়; সেই পরব্রহ্মের অরপ বিদিত হন। এইরুৎে, অরপ লক্ষণের ছাবা ব্রহ্মকে জানিতে হইলো সাধনের অপেকা নাই; কেবল রক্ষাভাবে তন্মর হইয়া যদৃচ্চাক্রমে ভূমগুলে বিচরণ করিয়া বেড়াইবে। তাহার উপদেশ উপনিষৎ ও বেদাস্তাদি গ্রন্থে বর্ণিত আছে। সন্ন্যাসই তাহার একমাত্র সাধনা। আর বাহা হইতে এই বিশ্ব উৎপন্ন হইয়াছে, জাত-বিশ্ব যাহাতে অবস্থান করিতেছে এবং প্রলম্বকালে এই চরাচর জ্বগৎ বাহাতে লব্ধ প্রাপ্ত হয়, দেই ব্রন্ধ এই তইত্ব লক্ষণ ছারা বেন্ত হন। এই-রূপে তটত্ব-লক্ষণ গারা ব্রন্ধ প্রাপ্তি ইচ্ছা করিলে, সাধন বিহ্তি আছে।
তটত্ব-লক্ষণ লারা বেন্ত ব্রন্ধের সাধনাই আমন্ত্রা এই প্রবন্ধে বিহৃত্ত করিব।

ব্রহ্মমন্ত্র গ্রহণে বা সাধনে আয়াস নাই, উপবাস নাই, শরীর সম্বনীয় কোন কণ্ট নাই, আচারাদির নিয়ম নাই, বছ উপাচারাদির আবশুকভা বাথে না; দিক এবং কালাদির বিচার নাই; মুক্তা বা স্থানের প্রয়োজন নাই। ব্রহ্মমন্ত্রে ডিথি, নক্ষত্র, রাশি ও চক্রগণনার নিয়ম নাই এবং

মৎপ্রণীত "প্রেমিক-গুরুতে" তাহা বিশদরূপে বিবৃত হইয়াছে ।

কোনরপ সংস্থারেরও অপেকা নাই। এই মন্ত্র সর্বাধা সিদ্ধ, হইাতে কোনরপ বিচারের অপেকা করে না।

বহুজন্মার্জিতেঃ পুণাঃ সদ্গুরুষ দি লভাতে। তদা তদকুতো লক্ষা জন্মসাফল্যমাপু য়াৎ ॥

মহানির্বাণ তন্ত।

বহুজন্ম। ব্র্নিজ পুণাফলে যদি জীব সদ্পুরু লাভ করে, তবে দেই শুকুর মুখ হইতে নির্গত এই মন্ত্র লাভ করিলে তৎক্ষণাৎ জন্ম সফল হয়। এই ব্রহ্মমন্ত্র গ্রহণ করিবা মাক্র দেহী ব্রহ্মমন্ত্র হয়। স্থতরাং তাহার সন্ধ্যা, আহ্রিক, সাধনাস্তর, আদ্ধ্য, তর্পণাদির আবশুকতা নাই। তাহার কুল আপনা হইতে পবিত্র হয়, পিতৃলোকগণ আনন্দে নৃত্য করেন। সাধনেব ক্রম এইরূপ,—

ব্রহ্ম মন্ত্রের থবি সদাশিব, ছন্দ অনুষ্টুপ্; উক্ত মন্ত্রের দেবতা নিগুণ সর্ব্যান্তর্যামী পরমব্রহ্ম এবং চতুর্ব্বর্গ ফল প্রাপ্তির নিমিত্ত বিনিয়োগ করিবে। সংধক সমাছিতচিত্তে উপবেশন করিরা থায়াদিন্তাস করিবে। যথা:— শির্মসি সদাশিবার থাবরে নমঃ,— মুখে সামুষ্টুপ্ ছন্দ্রেসে নমঃ,— ছাদি সর্ব্যান্ত্র-ব্যামি-নিগুণ-পরম ব্রহ্মণে দেবতা হৈ নমঃ — ধর্ম্মার্থ কামমোক্ষাবাপ্তারে বিনিরোগ:। অনস্তর 'ও সচ্চিদেকং ব্রহ্ম' এই পদ কর্মটী ক্রমান্ত্রের উচ্চারণ করিরা সমাছিত চিত্তে কর্ম্ভাস ও অক্ষন্তাস করিবে। তৎপরে মূলমন্ত্র বা প্রেণ করেরা সমাছিত চিত্তে কর্ম্ভাস ও অক্ষন্তাস করিবে। তৎপরে মূলমন্ত্র বা প্রশাস্ত্র

"ক্লরকম্লমধ্যে নির্বিশেষং নিরীহং হরি-হর-বিধিবেছং বোগিভিধ্যানগম্মু

জনন মরণ ভীতি-জ্রংশি সচ্চিৎ-স্বরূপং সকল-ভূবন-বীজং বন্ধ চৈতক্তমীড়ে ॥"*

এই ধ্যানমন্ত্র পাঠপূর্বক চৈতন্তস্বরূপ ব্রহ্মকে হাদয়কমল মধ্যে ধ্যাদ করিয়া মানসোপচারে পূজা করিবে। পৃথিবীতত্তকে গন্ধ, আকাশতত্তকে পূজা, বায়তত্ত্বকে ধূপ, তেজস্তত্ত্বকে দীপ ও জল-তত্ত্বকে নৈবেছ করনা করিয়া সেই পরমাত্মাকে প্রদান করিয়া মানস জ্বপ করিতে হইবে।

তদনন্তর বাহাপূজা আরম্ভ করিবে। গদ্ধপূলাদি, বন্ত্রালন্ধারাদি এবং ভক্ষাপেয়াদি. পূজার সকল দ্রব্য ব্রহ্মমন্ত্রের দ্বারা সংশোধন করিয়া নেতৃত্বর নিমীলনপূর্ব্যক মতিমান্ ব্যক্তি সনাতন ব্রহ্মকে ধ্যান কবতঃ পরমাত্মাকে সমর্পণ করিবে। সংশোধন ও সমর্পণের মন্ত্র এইরূপ; — অর্পণ অর্থাৎ যজ্ঞপাত্র ব্রহ্ম. হবি অর্থৎ হবনীয় দ্রব্য 'যাহা তর্পণ করিতে হইবে, ভাহাও ব্রহ্ম এবং যিনি আর্হাত তর্পণ করিতেছেন তিনিও ব্রহ্ম। গুইরূপে যিনি ব্রহ্মে চিন্তু একাগ্রহ্মপে স্থাপন করেন, তিনিই ব্রহ্মকে প্রাপ্র হয়েন। অনন্তর যথাশার্কত ব্রহ্মক্ত কপ করিয়া নেত্রত্বর উন্মীলন পূর্ব্যক্ষ

যিনি নানারপ ভেদশৃতা; যিনি চেষ্টা-রহিত, যিনি ব্রদ্ধা-বিষ্ণু শিব
কর্তৃক জেয়, যিনি বোগিগণের ধ্যানগম্য, যাঁচা হইতে জন্ম ও মৃত্যুভর দূর
চয়, য়িন নিতা-স্বরূপ, ও জ্ঞান-স্বরূপ, য়িনি নিখিল ভূবনের বীজস্বরূপ,
তাদৃশ চৈত্তত স্বরূপ বুল্লকে স্বদ্ধ-কমল মধ্যে ধ্যান করি।

[†] পবব্রুপার স্তব ;—

ওঁ নমত্তে দক্তে দক্তিলাক। প্রয়য় নমত্তে চিতে বিশ্বরপাত্মকার। নমোহবৈ চত্তৰার মৃত্তি প্রদার নমো বুল্কণে ব্যাপিনে নিশুণার॥

অনম্ভর ভক্তিভ'বে—

"ওঁ নমস্তে পরমং ব্রহ্ম নমস্তে পর্যনাত্মনে। নিশুপার নমস্কভাং সজ্ঞপার নরো নমঃ॥''

এই মন্ত্র পাঠ করিয়া পরমান্ত্রার উদ্দেশে প্রণাম করিবে। শাধক এইরূপে পরব্রহ্মের পূজা করিয়া, আত্মীয় স্বঞ্জনগণের সহিত মহাপ্রসাদ গ্রহণ করিবে।

পরব্রের পূজার সময় ও আবাহন মাই এবং বিসর্জ্জনও নাই। সকল সময়ে সকল স্থানেই ব্রহ্ম সাধন হটতে পারে। ব্রহ্ম স্মরণ ও মহামন্ত্র জ্পাই তাহার প্রাতঃরতা ও সন্ধা!ব্রিক। স্নাতই হটক বা অস্নাতই হউক, ভুক্তই হউক, বা অভ্রক্ত হউক, ধেকোন অবস্থা বা

ত্মকং শরণ্যং ত্মকং ববেণ্যং ত্মকং ব্লগৎকাবণং বিশ্বরূপম্।
ত্মকং জগৎকর্ত্পাতৃপ্রগ্র্ ত্মকং পরং নিশ্বলং নির্বিক্লম্॥
ত্যানাং ত্যং তীষণং তীষণানাং গতিঃ প্রাণিনাং পাবনং পাবনানাম্।
মহোক্তঃ পদানাং নিয়ন্ত্ ত্মেকং পরেষাং পরং রক্ষকং রক্ষকাণাম্॥
পবেশ প্রভো সর্বারূপাবিনাশির্লাদেশ্য সর্বেজিয়গম্য সত্য।
ত্রিজ্ঞাক্ষরব্যাপকাণ্যক্ত তা জগভাসকাধীশ পায়াদপায়াৎ॥
ত্রেকং ত্মনামন্তদেকং জপামন্তদেকং জগৎসাক্ষিরূপং নমামঃ।
সদেকং নিধানং নিরাগ্ধমীশং ত্রান্থোধিপোতং শরণাং ব্রজামঃ॥
পরমাত্মা ব্রক্ষের এই স্তোত্র বিনি সংষ্ঠ হইয়া পাঠ করেন, তিনি
ব্রক্ষ-সাযুক্ষ্য প্রাপ্ত হন। ষ্থাঃ—

ষঃ পঠেৎ প্রযতো ভূতা ব্রহ্মসায়ুকা ম প্রুয়াৎ ॥

মহানিৰ্কাণ ভব্ত।

বে কোন কালেই হউক. বিশুদ্ধতিত্ত হইয়া পরমান্ত্রার পূখা করিবে। ব্রহ্মার্পিত বস্তু মহাপবিত্রকারী এবং ব্রহ্ম নিবেদিত বস্তু ভোজনে ব্রাহ্মণাদি বর্ণের বিবেচনা নাই, উচ্ছিষ্টাদি বিচারও নাই। ইহাতে কালাকাল, বাক্য শৌচালোচেরও বিচার নাই। সর্ব্যকর্শের প্রারম্ভে "তৎসং" এই বাক্য উচ্চারণ করিবে। সর্বাকর্শে "ব্রহ্মার্পণমন্ত্র" বালবে। এই অতি হস্তব বোর পাপমর কলিমুগে ব্রহ্মমন্ত্রের সাধ্যই একমাত্র নিস্তারের উপার। অতএব ব্রহ্মযাধক প্রাত্তঃকালে প্রাত্তঃকত্য সামাধা করিয়া ব্রিকাল সন্ধ্যা এবং মধ্যাত্রে পূর্বোক্ত পদ্ধতিতে পূঞা করিবে।

ব্ৰহ্ময় সাধক সভ্যবাদী, জিতেজিয়, পরোপকারপরায়ণ, নির্বিকার-চিত্ত ও স্বাশ্য হটবে। সর্বাদা ব্রহ্ম-প্রতিপাদক বাক্য শ্রণণ করিবে, ব্রহ্ম চিন্তা করিবে ও সর্বাদা ব্রহ্ম হন্ত্ব জ্ঞাস্থ হট্বে। সর্বাদা সংযত্তিত ও দৃত্তবৃদ্ধি চইয়া সম্পন্ন ব্রহ্মময় ভাবনা করিবে। নিজকেও ব্রহ্মস্বরূপ চিন্তা করিবে। ব্রহ্ময়ে দীকিত হ্টলেই সক্স জ্ঞাতি ব্রাহ্মণসদৃশ পূঞা।

পরব্রক্ষোপদেশেন বিমৃক্তঃ দর্বপাতকৈ। গচ্ছতি ব্রহ্মদাযুজ্যং মন্ত্রস্থাদ্য প্রদাদতঃ।

মহানির্বাণ ভন্ন।

ব্রহ্মমন্ত্রে উপদিষ্ট ব্যক্তি মন্ত্রের প্রসাদে সর্ব্বপাপ হইতে বিনিমুক্ত হইরা ব্রহ্মসায়ুজ্য লাভ করিরা থাকে। অতএব ব্রহ্মজ্ঞ গুরুর নিকট ব্রহ্মমন্ত্রেব উপদেশ লইরা নিজকে ব্রহ্মস্বরূপ জ্ঞান করতঃ দেশ, কাল, স্থান, থাছাথাছ, জ্যাতিকুল ও বিধি নিধেধ এবং বিচার শৃষ্ঠ হইরা যদ্চহাক্রমে ভূমগুলে বিচরণ ক্রেরা বেড়াইবে।

তম্ভোক্ত যোগ ও মুক্তি

---)*(*)(*---

ব্রহ্ম মন্ত্রের উপাসকগণ সর্বাদা ব্রন্ধবিচার করিবে । তন্ত্রমধ্যেই অভি
ফুলররপে ব্রন্ধবিচার প্রদর্শিত হইরাছে; তাহা পাঠ করিলে তন্ত্রের মাহাত্ম্য
সমাক্রপে, অনুধাবন করিতে পারিবে। তন্ত্র যে কি অমূল্য শাস্ত্র তাহা
ব্ধিতে পারিয়া ভক্তি-বিনম্র-হৃদয়ে ভন্ত্রকারের উদ্দেশে নমস্কার করিবে। ব্রন্ধমন্ত্রের উপাসকগণ পূর্ব্বোক্ত প্রণালীতে তব্বচক্রের অনুষ্ঠান করিয়াও ব্রন্ধসাধন
করিতে পারিবে। কারণ দিব্যভাবারলদ্বী সাধকই একমাত্র ব্রন্ধমন্ত্রের
অধিকারী। তাহারা ইচ্ছা করিলে- পূর্ব্বোক্ত আধ্যাত্মিক পঞ্চ-মকার
দারাও ব্রন্ধোপাসনা করিতে পারে। নতুবা সাধক সহজ্ঞাব প্রাপ্তির পূর্ব্বে
যোগাবলদ্বন করিয়াও ব্রন্ধ-তন্ময়তালাভ করিতে পারিবে। আমরা ইতিপূর্ব্বে অক্তান্ত গ্রন্থে যোগ-প্রক্রিয়া বিবৃত করিয়াছি। ভন্ত্র শাস্ত্রেও বছবিধ
যোগের আভাস দেখিতে পাওয়া ষায়। আমরা ব্রন্ধতন্ময়তা লাভের উপার
স্ক্রপ তন্ত্রশান্ত্র হইতে যোগের প্রণালী নিয়ে বিবৃত করিলাম।

সাধন্দ উপযুক্ত আসনে শ্বিরভাবে উপবেশন করিয়া গুরু গণেশ ও ইট্র দেবতাকে প্রণাম করিবে। অনস্তর পূরক যোগে হংসরূপী জীবাত্মাকে কুগুলিনীর শরীরে লয় করাইবে। পরে কুগুক্ষোগে কুলকুগুলিনী শক্তিকে শিরসি-সহস্রারে লইয়া বাইবে। কুগুলিনী গ্রনকালে ক্রমশঃ চতুর্বিংশভি তব্ব প্রাস করিয়া যাইবেন; অর্থাৎ—তব্ব সমুদ্দ তাঁহার শরীরে

^{*} বেদান্ত শাস্ত্রায়ী ত্রন্ধবিচার মৎপ্রণীত 'ক্ষানীগুরু" গ্রন্থে এবং ত্রন্মজ্ঞান লাভের উপার 'প্রেমিক-গুরু' গ্রন্থে বিশদ করিয়া লেখা হইয়াছে।

শরপ্রাপ্ত হইবে। তৎপর কুগুলিনীকে সহস্রদশ-কমল-কর্ণিকান্তর্গত বিন্দুরূপ পরম শিবের সহিত্ব ঐকাত্ম্য পাওয়াইবে। তাহা হইলে নিস্তর্গ জলাশয়ের স্থান সমাধি উৎপর হইরা "আমিই ব্রহ্ম" এই জ্ঞান জ্বিবে।

সাধক মৃলাধারে কুগুলিনীকে তেলোমরী, হাদরে জীবান্থা এবং সহস্রারে পরমান্থাকে তেলোমর চিন্তা করিরা, পরে ঐ তিন তেলের একতা করিরা তন্মধ্যে ব্রহ্মাগুকে লীন চিন্তা করিবে। তৎপরে ঐ জ্যোতিম্মন্ন ব্রহ্মই আমি, এই চিন্তার তন্মর হইরা থাকিবে। আর কিছুই চিন্তা করিবে না তাহা হইলে জাচিরে ব্রক্ষজান সমৃত্ত হইবে।

যোনি-মুদ্রা বোগে কুগুলিনী-শক্তিকে সহস্রারে উথাপিও করিয়া ইষ্ট-দেবীরূপে শিবের সহিত মিলন করাইবে। তৎপরে তাহারা স্ত্রী-প্রুবের স্থার সঙ্গমাসকা হইরা আনন্দরসে আপ্লুত হইতেছেন; এই চিস্তা করুতঃ নিজকেও সেই আনন্দ ধারায় প্লাবিত মনে করিয়া ধ্যানপরায়ণ হইরা থাকিবে। তাহা হইলে "আমিই সেই" এই অবৈত জ্ঞান উৎপন্ন হইবে।

অবপ্র গুরুমুখে কৌশল অবগত হইয়া অভ্যাস দারা এই যোগলাভ করিতে হয়। ইইদেবতাকে আত্মা হইতে অভিরভাবে চিন্তা করিলে সাধক তংশ্বরূপতা লাভ করিতে পারে। আমার ইইদেবতা হইতে আমার আত্মা ভির নহে, উভরেই এক পদার্থ এবং আমি বন্ধ নহি,-মুক্ত, সাধক সর্বাদা এইরূপ চিন্তা করিবে, ইহাতে দেবতার সারূপ্য লাভ হয়। সাধক উক্ত প্রকার অভিরভাবে দিবের চিন্তা করিলে দিবদ্ধ, বিষ্ণুর চিন্তা করিলে বিষ্ণুত্ব ও দক্তির চিন্তা করিলে শক্তিত্ব লাভ করে। প্রতিদিন এই প্রকার অভির চিন্তা করিলে শক্তিত্ব লাভ করে। প্রতিদিন এই প্রকার অভির চিন্তাভ্যাস করিতে পারিলে সাধক জনামরণাদি হঃখপুণ ভববদ্ধন হইতে মুক্তিশাক্ত করিতে পারে। ধে সাধক খ্যানবোগপরারণ,—তাহার

পূজা, স্থাস ও জ্বপাদির আবশ্রকতা নাই; একমাত্র ধ্যানযোগ বলেই সিদ্ধি-লাভ করিতে পারে, সন্দেহ নাই। যথা:—

বিনা স্থাবৈধিনা পূজাং বিনা জৈপ্যঃ পুরক্তিয়াম্। ধ্যানযোগান্তবেৎ সিদ্ধিন বিভাগা খলু পার্কভি। শীক্রম ভয়।

যে প্রকার ফেণা ও তরকাদি সমুদ্র হইতেই উত্থিত এবং সমৃদ্রেই লীন হয়, তদ্রপ এই জগৎও আত্মা হইতে উৎপন্ন হয় এবং আত্মাতেই বিলীন হয়। অভএব আমিও আত্মা হইতে অভিন।

অহং ব্রহ্মান্মি বিজ্ঞানাদজ্ঞানবিদয়ো ভবেৎ। সোহহমিত্যেব সংচিন্ত্য বিহুরেৎ সর্ববৃদ্য প্রিয়ে॥

গন্ধৰ্ক ভন্ত ৷

আমি ব্রহ্ম হইতে অভিন্ন, এই প্রকার জ্ঞান জন্মিলে অজ্ঞানের লয় হয়। অতএব সাধক সর্বাদা যোগপরায়ণ হইন্না "আমিই বুক্ষা" এই প্রকার চিস্তা করিবে।

যথাভিমত-খ্যানা**ছ।** ।

পাত্রণ দর্শন।

যে কোন মনোঞ্চ বস্ত — বাহা মনে হইলে মন প্রাকৃত্ন হয়, একাগ্রাতা অভ্যাসের নিমিত্ব তাহাই ধ্যান করিবে। ধ্যার কস্ততে চিত্ত-দৈর্ঘা অভ্যাস্ত হইলো সর্ক্রেই চিত্ত প্রায়োগ ও তাহাতে চিত্তকে তনার করিতে পারিবে। তথন সমস্ত প্রভেদ ভাব মন হইতে বিদ্বিত হইরা একাগ্র-ভাব সংস্থাপিত হইবে, আত্মজ্ঞান লাভ হইবে, এবং অস্থান্ত ধাহা চেষ্টা সকলই রহিত হইরা যাইবে। যথা:—

যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনদা দহ। বুদ্ধিশ্চ ন বিচেষ্টতে তমাহুঃ পরমাং গতিম্॥

ষধন বৃদ্ধি পর্যান্ত চেষ্টা রহিত হয়, যথন পাপ-পূণ্য ধর্মাধর্ম পুথ-চার্বাদি হৈত ভাবনা সকল তিরোহিত হইয়া মন নিশ্চল হয়, ভখন ভীবে অবৈত বৃদ্ধজ্ঞান সমৃদিত হইয়া প্রমাগতি প্রাপ্ত হয়।

এইরপে যথন তত্ত্তান উৎপন্ন ছইরা বৈরাগা উপস্থিত ছইবে, তথন সমস্ত পরিত্যাগ করিয়া সন্ন্যাস ধর্ম অবলম্বন করিতে তন্ত্রশান্ত্রও বিধি দান করিরাছেন। যথা:—

ভত্তভাবে সমুৎপদে বৈরাগ্যং জায়তে যদা। ভদা সর্বাং পরিভাজ্য সন্মাসাংশ্রমমাশ্রমে ॥

মহানিকাণ তথ্ৰ।

তবেই দেখুন, বৈদির শাস্ত্রাদি হইতে কোন বিষয়ে তন্ত্র শাস্ত্রের নিক্ন-ইতা প্রমাণিত হইবে না, বরং অনেক বিষরে অক্সান্ত শাস্ত্র হইতে তন্ত্রেরই প্রাধান্ত দৃষ্ট হয়। নিবৃত্তি-মার্গেও তন্ত্র শ্রেষ্ঠাপন লাভ করিয়াছেন।•

অতএব তথ্ৰ শাল্কের বিধি ব্যবস্থা সমস্তই কেবল প্রন্ধকান সধনের

নিবৃত্তি মার্গের অর্থাৎ লয়্যাসাশ্রমের কর্তব্যতা, সাধন প্রণালী
 শ্রভৃত্তি মৎপ্রণীত "প্রেমিকঞ্জক" গ্রন্থে সবিভাবে লিখিত হইরাছে।

জন্ত। জ্ঞানোদর হইলে প্রমন্ত্রপ অজ্ঞানের নিবৃত্তি হইবে; অজ্ঞানের নিবৃত্তি হইবেই মায়া, মমতা, শোক, তাপ, শ্ব্ৰথ, ছংখ, মান, অভিমান রাগ, বেব. হিংসা, লোভ, ক্রোধ, মদ, মোহ, মাৎস্থ্য প্রভৃতি অন্তঃ-করণের সমুদর বৃত্তিগুলি নিরোধ হইয়া যাইবে। তথন কেবল বিশুদ্ধ হৈজস্থ মাত্র ফুর্তি পাইতে থাকিবে। এইরূপ কেবল হৈজস্ত ফুর্তি পাওয়ার নাম জীবদ্দশার জীব্যুক্তি এবং অন্তে নির্ব্বাণ বলিয়া কথিত হয়। তন্তির কর্মকাণ্ডে বা অক্ত কোনরূপে মৃক্তির সন্তাবনা তন্ত্র মধ্যে কোথারও দৃষ্ট হয় না। বরং তন্ত্র বলিয়াছেন;—

যাবন্ন ক্ষীয়তে কর্ম শুভাঞ্চাশুভমেব বা।
ভাবন্ন জায়তে মোকো নৃণাং কল্লশতৈরপি ॥
বথা লোহময়ৈঃ পাশৈঃ পাশৈঃ বর্ণময়ৈরপি।
তথা বদ্যো ভবেজ্জীবঃ কর্মাভিশ্চাশুভৈঃ শুভৈঃ ॥
মহানির্বাণ তম্ম।

বে পর্যান্ত তভ বা অশুভ কর্ম কর প্রাপ্ত না হয়, সে পর্যান্ত শভকরেও
মামুবের মৃক্তি হইতে পারে না। বেরূপ শৃত্যল লোহময়ই হউক বা
স্বর্গময়ই হউক উভয়বিধ শৃত্যল দারাই বন্ধন করা যায়, সেইরূপ জীবগণ
ভভ বা অশুভ উভয়বিধ কর্ম দারাই বন্ধ হইয়া থাকে। কেবল মাত্র
জানই মৃক্তির হেড়। সে জ্ঞান কিরুপে উৎপন্ন হইবে ?——

জ্ঞানং তত্ত্বিচারেণ নিজামেণাপি কর্ম্মণা।

শায়তে কীণভ্যসাং বিভ্যাং নির্মালানাম্ ॥

মহানির্মাণ তর।

তত্ত্ববিচার এবং নিজাম কর্মামুষ্ঠানদ্বারা আবরণ শক্তি সম্পন্ন তমোরাশি ক্রমশঃ বিদ্রীত হইলে, হাদয়াকাশ নির্মাণ হইয়া তত্ত্তানের উদয় হয়।

তম্ত্রশাস্ত্রমতে সেই তত্ত্জান দাভের উপায় এইরূপ,—প্রথমত: গৃহস্থাপ্রমে অবস্থিতি পূর্বক গুরুদেবের নিকট মন্ত্র দীক্ষায় দীক্ষিত হইয়া পশুভাবামুদারে বেদাচার দ্বারা বৈদিক কর্ম, বৈষ্ণবাচার ধারা পৌরা-ণিক কর্ম এবং শৈণাচার দ্বারা স্মার্ত্ত কর্ম করিবে। পরে শাক্তাভিষিক্ত এইয়া পশুভাবামুসারে দক্ষিণাচার দ্বারা সাধনা করিবে। পূর্ণাভিধিক্ত হওনান্তব গৃহাবধৃত হইরা বীরভাবামুসারে বামাচার দার: সাধন করিবে। অনস্তব ক্রমদীক্ষায় দীক্ষিত হইয়া বীরভাবানুসারে বামচোর দ্বারা যথানিধি সাধনার উন্নতি করিনে। তৎপরে সাম্রাজ্য দীক্ষায় দীক্ষিত হইয়া বীবভাবামুসারে সিদ্ধাস্তাচার দ্বারা সাধন কার্য্য সংস্পান করিবে। তদনস্তর মহাসম্রাজ্য-দীক্ষার দীক্ষিত হইয়, দিব্য-ভাবাত্মসারে কুলাচার দ্বারা সাধন কৰিবে। শেষ পূর্ণদীক্ষায় দীক্ষিত ২ইয়া দিবাভাব।মুদারে কুলাচারদ্বারা সাধনার উন্নতি করিবে। এই অবস্থায় গৃগী হইয়া থাকিলে তাহাকে অপূর্ণ শৈবাবধৃত বা অপূর্ণ ব্রহ্মাব-ধৃত কহা যায়। তথন ইচ্ছামত কথনগ্ৰে, কথন বা তীর্থে বিচরণ করিবে অথাৎ পরিবাজক হইবে। যদি গৃহে না থাকিয়া একেবারে সম্লাসাশ্রম অবলম্বন করিতে হয়, তাহা হইলে পূর্ণ শৈবাবধৃত বা পূর্ণ ব্দাবধৃত হইয়া দিব্যভাবাত্মারে কুলাচার দ্বারা সাধন কার্য্য করিয়া পরমহংস হইবে। তৎপর দিবাভাব পরিপক হইলে হংসাবধৃত হইয়া যোগী হইবে। যোগদিনি হুইলেই তবজ্ঞান প্রকাশিত হইবে, তথন আর কিছুই করিবে না, সমাধিস্থ ইইরা ক্ষিতিতলে, বুক্ষকোটরে বা পর্বত গুহার নিজিন্ত হইরা কাল,যাপন করিবে।

একেবারে মারা-মমতা শুক্ত হইরা সংসার পরিত্যাগ করিরা গিরিগুহার

বাস করা সহজ ব্যাপার নহে, এক্সক্ত ক্রমে সকল সংসর্গ পরিত্যাগ করিরা নিজনবাসে বৈরাগ্যাভ্যাস করিবে। যে ব্যক্তির সাধন কার্ব্যে সিজ্বলাভ করিবার ইচ্ছা আছে, সে ব্যক্তি প্রথমতঃ নির্জ্জনেই জ্বিলাচারে ভ্রমাসনে উপবিষ্ট হইয়া শরীরকে স্কৃত্তির করিবে। তৎপরে বৃদ্ধিকে নিশ্চল করিয়া আপন আপন ইষ্টদেবতার প্রতি ভক্তিতে মনকে পরিপূর্ণ করিবে। বৃদ্ধি দাবা সমস্ত জগৎকে অনিত্য বোধে ইষ্টদেবতায় বা আয়ায় লয় চিস্তা কারবে। তথন এই সংসার ইষ্টদেবতাময় বা আয়ায়য় লয় চিস্তা কারবে। তথন এই সংসার ইষ্টদেবতাময় বা আয়ায়য় লয় চিস্তা কারবে। তথন এই সংসার ইষ্টদেবতাময় বা আয়ায়য় লয় চইবেও আপনাকে অভিন্ন বলিয়া বোধ হইবে। এই সংসার যথন ইষ্টদেব বা আয়ায়য় লয় হইয়া যাইবে, তথন কেবল নিদ্রাভক্তের পর যেমন ম্মরণ হয়— সেইরপ এই সংসার কেবল ম্মবণ মাত্র থাকিবে। প্রতিনিয়ত এই অবস্থার অভ্যাস বশতঃ ষথন মন ও বৃদ্ধিকে ইষ্ট শ্রীচরণে বা আয়ায় লয় করিয়া দীর্ঘকাল অবস্থান করিবার ক্ষমতা উপস্থিত হইবে, তথন সচিদান্দর ও জীবন্মক হইয়া গৃহে, বনে বা গিরিগুহায় সর্পত্রই দেবময়, ব্রক্ষময় বা আয়ায়য় মর্শন করতঃ যদৃচ্ছা অবস্থান করিতে পারিবে।

আত্মগুভেদেন বিভাবম্বরিদং জানাত্যভেদেন ময়াত্মনন্তদা। যথা জলং বারিনিধো যথা পয়ঃ— ফ:বে বিন্তান্ম্যানিলে যথানিলঃ ॥

যথন সাধক এই সমস্ত জাগতে আপন স্বরূপের সহিত অভেদ ভাবে ভাবনা করে,—তথন বে প্রকার সমৃত্রে প্রবিষ্ট জল জলে; ছথ্যে প্রক্রিপ্ত ছগ্ন, মহাকাশে ঘটাকাশ ও মহাবায়তে মন্ত্রোৎক্রিপ্ত নায় মিশ্রিভ হইয়া অভেদরূপে প্রতীতি হয়—তজ্ঞপ সেই সাধক প্রমান্ত্রার সহিত আপনাকে অভেদরূপে

আনিতে পারে। একর শাস্ত্রে জীবসুক্তির লক্ষণ এইরপ নির্দেশ করিরা-ছেন—বে প্রকার সহল্র কিরণমালী দিবাকর স্বকীর কিরণ বিস্তার দারা চরাচর বুক্ষাও প্রকাশ করতঃ সর্কব্যাপীরূপে বিরাজিত আছেন, ভত্তপ শুদ্ধ হৈতক্ত স্বরূপ বে বুক্ষ ভিনি নিথিল জীবহৈতক্ত দারা সমস্ত বুক্ষাও প্রকাশ করতঃ সর্ক্তেই অবস্থিতি করিতেছেন; এরপ জ্ঞান বিশিষ্ট বে পুরুষ, ভিনিই জীবসুক্ত বলির। কথিত হন। যথা:—

এবং ব্রহ্ম জগৎ সর্বমধিলং ভাসতে রবি:। সংশ্বিতঃ সর্বাভূতানাং জীবন্মুক্তঃ স উচ্যতে॥

ওঁ শাস্তি ওম্।

পরিশিষ্ট |

পরিশিষ্ট।

বিশেষ নিয়ম।

ভদ্রশান্ত্র যে কিরূপ মোক্ষ লাভের পথ প্রদর্শক তাহা বোধ হয় পাঠকগণ বেশ বুঝিতে পারিয়াছ। ইহাতে তত্তজান বা ব্রহ্মজ্ঞান এবং তাহা শাভের উপায় যেরূপেপ্রদর্শিত হইয়াছে তাহাতে কোন নিবপেক সাধক বেদাস্তাদি অপেক্ষা তন্ত্ৰকে কোন বিষয়ে অদূবদৰ্শী বলিতে পাহি-বেন না। তবে তন্ত্রানভিজ্ঞের কথা ধর্ত্তব্য নহে। বরং ইহাতে সন্তণ-ব্রহ্ম বা সাকার ঈশ্বরোপাসনা ও স্থুল দেব-দেবীর **বেরূপ** সহজ সাধ্ন-পন্থ। বিবৃত হইয়াছে, তাহা ভাবিলে শতমুখে তন্ত্রকারের গুণগান করিতে হয়। আমরা সাধন কল্পে তাহা বিশদরূপে সাধারণের গোচর করিয়াছি। এতদতিরিক্ত তল্কে যে সকল ক্রুরকর্ম ও অবিভার সাধনাদি ব্যক্ত আছে, পূর্ব্বেই বলিয়াছি আমরা তাহা অবিচ্যা-নিমোহিত মানব-সমাজে প্রচার করিব না। তবে কতকগুলি কর্মাতুষ্ঠান-পদ্ধতি ও সাধন-কৌশল পরিশিষ্টে ব্যক্ত করিতেছি,—যাহা গৃহস্থাশ্রমী মানবগণের নিত্য প্রবেজনীয় । সামান্ত সাধনায় শ্বান্তে বিশাস হইবে, এবং ধন-ধান্তাদি ও নীরেংগ হইয়া হুথে সংসারে কাল্যাপন করিতে পারিবে। আর কতকগুলি তন্ত্রোক্ত উপারে ইরারোগ্য রোগ প্রতিকারের বিধিও বির্ভ হইবে। পাঠক সাধনা করিয়া—রোগমুক্ত চইয়া সহজেই ভঞ শাস্ত্রের মহিমা ব্ঝিতে সক্ষম হইবে। তবে সে অমুষ্ঠানগুলিতে ফললাভ করিতে হইলে, শাস্ত্রোক্ত কতকগুলি বিশেষ নিরম জানিরা রাধা আবস্তক, নতুবা ফল হইবে না। নিয়ে নিয়মগুলি লিপিবন্ধ লইল।

অদীক্ষিত ব্যক্তি স্বার্থসিদ্ধির জন্ত কেবল কাম্যকর্মের অনুষ্ঠান করিয়া ফল লাভ করিতে পারিবে না। দী,কিড ব্যক্তি ক্রমশ: পূর্ণাভিবেক ও ক্রমদীকা সংস্কারে সংস্কৃত হইয়া পরে কাম্যকর্ম্মের অমুষ্ঠান করিবে। প্রথমতঃ সাধক নিতা-নৈমিত্তিক কর্ম্ম সকল প্রকৃষ্টরূপে সম্পন্ন করিয়া আসিলে তবে কোনরূপ বিশেষ সাধন কার্য্যে অগ্রসুর হইবার ক্ষমতা জন্ম। তথন যাহার মনে ধেরূপ অভিলাষ সে তদ্রুপ সাধনে প্রবৃত্ত হুইতে পারে। যাহার যাহা ইষ্ট্র, তাহার ভবিষয়েই সাধন করা কর্ত্তব্য। সাধনান্তে ইষ্টসিদ্ধি হইলে সাধক তথন সকল প্রকার সাধন কার্য্যই হস্তগত করিতে পারে। সাধারণতঃ সাধন হুই প্রকার ;—প্রবৃত্তি ও নিবৃত্তি। প্রবৃত্তি সাধনের উদ্দেশ্য এই যে, ইচসংসারে স্থপস্থাত্ম ভোগ করিয়া অস্তে স্বর্গাদি লাভ করা, আর নিবৃত্তি সাধনের উদ্দেশ্য এই বে, ইহ সংসারে স্থপসমৃদ্ধির ইচ্ছা পরিত্যাণ করিয়া অস্তে কেবল মোক্ষলাভ করা। এই ছই প্রকার সাধন মধ্যে বাহার বেরূপ প্রবৃত্তি. সে তজ্রপই করিয়া থাকে। নিবৃত্তি-সাধনাকাজ্ঞী ব্যক্তির ভোগস্পৃহা না থাকিলেও ভাহাকে প্রবৃত্তি-সাধন-কার্য্য সমাপনাস্তর নিবৃত্তি সাধন কার্য্যে নিযুক্ত, হইতে হইবে। অর্থাৎ সাধন-কার্য্য সকল যে প্রণালীতে বিক্রস্ত চই-রাছে, তাহা সকলের পক্ষেই করণীর। তাহার মধ্যে কাহারও ভোগ-স্পুহা থাকে, কাহারও বা থাকে না, এই মাত্র প্রভেদ; কিন্তু পদ্ধতি অমুসারে সকলকেই চলিতে গ্রহবে, না চলিলে প্রত্যবার হইবে অথাৎ ইষ্টসিদ্ধি হটহব না। কারণ এই যে, মনের প্রসন্ত্রতা জন্মিবে না, স্থতরাং

সিদ্ধি লাভ করা ছক্রছ ছটবে। এক্সন্ত তল্লের উপদেশ এই বে, যাবৎ কাল সংসার-স্থধ-স্থা পরিভৃপ্ত না হয়, ভাবৎকাল গৃহস্বাশ্রমে অবন্ধিতি পূর্বাক নিভা-নৈমিন্তিক ও কামাদি কর্মা সকল করিবে; তৎপরে ভোগস্পূলার অবসান হইলে নির্ভিশ্বর্ম সাধন জন্ত সন্ন্যাস্থাশ্রম অবলম্বন করিবে। ইংলোকে স্থপভোগে ক্সন্ত এবং পরলোকে স্থগাদি ভোগ জন্ত বে সকল বেদবিহিত কর্মা সংসারপ্রবৃত্তির হেতু বিধায়, ভাহাকে প্রবৃত্তি-ধর্ম্ম আর বৃদ্ধজ্ঞানের অভ্যাস পূর্বাক বে সকল নিদ্ধাম-কর্মা সংসার-নির্ভির হেতু বিধায়, ভাহাকে নির্ভি-ধর্ম্ম সাধন বলা বায়। প্রবৃত্তি-কর্ম্মের সংশোধন হারা দেবতুল্য গভিলাভ হয়, আর নির্ভি-কর্ম্মের সাধনা হারা ভৃত্ত-প্রপঞ্চকে অভিক্রম কবিয়া মোক্ষলাভ হয়। যথাঃ—

সকামাশ্রের নিজামা দ্বিবিধা ভুবি মানবাঃ। অকামানাং পদং গোকো কামিনাং ফলমুচাতে॥

মহানিৰ্কাণ তন্ত্ৰ।

এই সংসারে সকাম ও নিষাম এই ছই শ্রেণীর মানব আছে। ইতার
মধ্যে যাহারা নিষাম, তাহারা মোক্ষ পদের অধিকারী; আর যাতারা
সকাম, তাহারা সংসারে নানাপ্রকার ভোগাবস্থ ভোগ করিয়া অস্থে
কর্মান্থ্যারী স্বর্গ লোকাদি প্রাপ্ত হয়। অতএব সকাম ব্যক্তিগণই কাম্যকর্মের অমুষ্ঠান করিবে।

নিত্য-নৈমিত্তিক ক্রিয়াবান্ ব্যক্তি ক্রমদীকা কিছা পূর্ণাভিষেক সংস্থার লাভ করিয়া কাম্যকর্মের অন্তর্জন একরিবে। লাভ্ডা, লৈবাদি পঞ্চ উপাসকর্মণই কাম্যকর্মের অধিকারী। ওকার উপাসক বা সর্যাসাশ্রমী কোন ব্যক্তি কথন কাম্যকর্ষের অনুষ্ঠান করিবে না। যাহারা নিত্য-নৈমিন্তিক কর্ম্মসাধন না করিয়া ফললান্ডে প্রলুক্ত হইরা কেবল মাত্র কাম্যকর্মের অনুষ্ঠান করিয়া থাকে. ভাহারা সমধিক প্রান্ত। কারণ নিতাকর্মী ব্যক্তিই সাধন কার্য্যে যোগাতা লাভ করিতে পারে, তথ্যতীত অন্তের পক্ষে সাধন কার্য্যে অগ্রসর হওয়া কেবল বন্ধাা স্ত্রীতে সন্তানোৎ-পাদনের চেষ্টা করার প্রায় বিফল হয়। স্ক্তরাং তাহারা সাধন-কার্য্যে আশামূরূপ কল না পাইরা শাস্ত্রের নিন্দা প্রচার করিয়া থাকে। তাহাতে অন্তেও নিরুৎসাহ হইরা পড়ে। অতএব যে কোন সাধনকার্য্যে ফললাভ করিতে আশা রাথিলে স্বত্বে নিত্যকর্ম্মের অনুষ্ঠান কারবে। একমাত্রে

নিত্য-নৈমিত্তিক কর্মান্ত্রানকারী ব্যক্তি কলকামনা করিয়া যে কোন কাম্য-কর্ম্মের অনুষ্ঠান করিবে, তাহাতেই ফললাভ করিতে পারিবে। অন্তের পক্ষে সে আশা ত্রবাশা মাত্র। সাধক সত্যবাদী, সংযত ও তবিষ্যাশী হইয়া সাধন কার্য্যের অনুষ্ঠান করিবে। দেবালয়ে, বনমধ্যে, নদীতীরে, পর্বতে, শ্মশানে, কুলবুক্ষেব মূলদেশে কিম্বা যে কোন নির্জ্ঞন প্রদেশে গোপনভাবে সাধনা করিতে হয়।

সাধনাদি বাতীত কোন শান্তি-কর্মা স্বন্তায়ন, পূঞা হোম বা স্থবকবচাদির জন্তও পূর্ব্বোক্তরূপ অধিকারীর প্রয়োজন। নতুবা ফললাভ
স্থাব-পরাহত হইবে। আর দীক্ষিত ব্রাহ্মণ বাতীত তন্ত্রোক্ত যন্ত্র-মন্ত্র
অপর কেহ ব্যবহার করিতে পারিবে না। ব্রাহ্মণ ব্যতীত শূলাদি জাতি
নিজ গুরু কিখা পুরোহিত দ্বারা ঐ সকল কার্যা করাইয়া লইবে। গুরু
ও পুরোহিত অভাবে অন্ত ব্রাহ্মণের দারাও করাইতে পারা দার।
শূলাদির মধ্যে বাহারা দীকা গ্রহণের পর পূর্ণাভিষ্ঠিক হইয়াছে, ভাহারা

নিজেই সমস্ত করিতে পারিবে। শুদ্র পূর্ণাভিষিক্ত হইলে, সে যে জাতীর
শুদ্র হউক না কেন—ব্রাহ্মণের ন্যার সকল কার্য্যের অধিকারী হইবে
এবং প্রণবাদি সমস্ত বেদমন্ত উচ্চারণ করিতে পারিবে। স্কুতরাং অভিষিক্ত
বৈদ্ধ ও শুদ্রগণ নিজে পশ্চাত্বক্ত কার্য্য করিবে, তাহাতে কোন বাধা নাই।
কিন্তু নিত্য-নৈমিত্তিক ক্রিয়াহীন আচারভ্রষ্ট ব্যক্তির দ্বারা কদাচ স্কুফলের
আশা নাই। যথা:—

অস্ত তাবৎ পরে। ধর্মঃ পূর্ব্ব ধর্ম্মোছপি নশ্যতি। শাস্তবাচারহীনস্য নরকান্মৈব নিষ্কৃতিঃ॥

মহানিক্রাণ তন্ত্র।

যাহারা শস্তুপোক্ত আচারহীন, তাহাদের তত্তৎ-কর্ম্ম জনা ধর্ম দুরে থাকুক, পূর্ব্ব-সঞ্চিত ধর্মন্ত নষ্ট হইবে এবং তাহাদেব আর নরক হইতে উদ্ধারের উপার নাই। অতএব পূর্ব্বোক্তরপ অধিকারী ব্যক্তি পশ্চাছক্ত সাধন ও শাস্তিকর্মের অমুষ্ঠান করিবে। অনোর ফল লাভের আশা নাই। অনধিকারী ব্যক্তি সাধনার অমুষ্ঠান করিলে বিভ্রমা ভোগ করিবে এবং শাস্ত্রে অবিশ্বাসী হইয়া জীবন বিষময় করিয়া ফেলিবে। উপযুক্ত সংস্কার লাভ করিয়া যথাবিধি আচার পালন পূর্ব্বক সাধন বা জপ পূজাদির অমুষ্ঠান করিলে, নিশ্চয়ই ফলগাভ করিছে পারিবে; শিববাক্যে সন্দেহ নাই। আমরাও বছবার পশ্চাছক্ত বিষয়গুলি পরীক্ষা করিয়া ফল পাইয়াছি। ভাই ভোগাসক্ত মানবগণের জন্য নীরোগ ও দীর্মজীবন লাভের উপার এবং ভোগ ও ভোগ্য বস্তুর্ম শংগ্রাহের উপার নিয়ে বিবৃত করিলাম। শাইকগণ। তত্রোক্ত লাধনার অধিকার লাভ করিয়া কর্মায়ন্তান পূব্ব ক

শান্ত্রের সত্যত। পরীক্ষা কর; ভাহা হইলে হুস্থ ও নীরোগ দেহ লাভ করিরা ভোগস্থথে জীবন অভিবাহিত করিতে পারিবে।

যোগিনী সাধন।

তৈরবী, নায়কাদি অবিষ্ঠা এবং যোগিন্তাদি উপবিষ্ঠার সাধনার ইহসংসারে থাতি-প্রতিপত্তির সহিত রাজার ন্তার ভোগবিলাসে কালাতিবাহিত
করা যার। কিন্তু অবিষ্ঠাসেবী ব্যক্তির অন্তে নরক অবশুদ্ধাবী। বিশেষতঃ
অবিষ্ঠাসেবার বিপরীত বৃদ্ধির উদয় হইয়া মনোবাসনা পূরণেও বিশ্ব উৎপাদন করিয়া থাকে। দেশপ্রসিদ্ধ কালাপাহাাড় দেবতা, ধর্মা, গো ও
ব্রাদ্ধণের রক্ষার নিমিন্ত অন্তনায়িকার সাধন করিয়া কিন্তপে দেবতা ও ধর্মা
রক্ষা করিয়াছিল, তাহা কাহারও অবিদিত নাই। স্ক্তরাং অবিষ্ঠা-বিমোহিত মানব-সমাজে অবিষ্ঠার সাধনাদি ব্যক্ত করা মঙ্গলজনক নহে। তবে
উপবিষ্ঠাদি সাধনে সে তয় নাই; বরং তৎ-সাধনে প্রবৃত্তিপূর্ণ ভোগবাসনা করে মহাবিষ্ঠা সাধনে অধিকার লাভ করা যার। তাই আমরা
বোগিনী-সাধন বিবৃত করিলাম!

শান্তাদিতে কথিত আছে, যোগিনীগণ জগজ্জননী জগদান্দর সহচারিণী। স্থতরাং বোগিনী-সাধন করিয়া বেমন ভোগবাদনা পূর্ব করা বার, তক্রপ আবার তাঁহাদিগের সাহাব্যে ইট্-সাক্ষাৎকার লাভেও সাহাব্য পাওয়া বার। এইজম্ভ ভূতভাবন ভবানীপতি প্রাণিবর্গের হিত-সাধনার্ব বোগিনী-সাধন প্রকাশ করিরাছেন। বোগিনীর আর্চনা করিরা কুবের ধনাধিপতি হইরা-ছেন। ইহাদিগের আর্চনা করিলে মনুষ্য রাজত্ব পর্যন্ত লাভ করিরা থাকে। বোগিনী সকলের মধ্যে আটজন প্রধানা। ভাহাদের নাম যথা,—হর-সুন্দরী, মনোহরা, কনকবতী, কামেশ্বরী, রতিহ্বন্দরী, পদ্মিনী, নটিনী ও মধুমতী। ইহাদিগের একএকটীর সাধনার মানব আশেষ হুথ ও সম্পত্তির আধকারী হইরা থ্যাভি প্রতিপত্তির সহিত দীর্ঘকাল সংসার্যাত্রা নির্বাহ করিতে পারে। এই গ্রন্থে সকলগুলি যোগিনীর সাধনপদ্ধতি বিবৃত্ত করা অসম্ভব। আমরা কেবল সর্বপ্রেষ্ঠ মধুমতী বোগিনীর সাধন-প্রণালী এই হলে ব্যক্ত করিব। যে কোন একটী যোগিনীর সাধন করিলেই সাধকের মনোবাছা পূর্ণ হইবে। তবে এই সর্বাসিদ্ধি-প্রদায়িনী মধুমতী দেবী অতি গুহাা। একমাত্র ইহার সাধনার মানবের সর্বাভীই সিদ্ধ হইতে পারে এবং ই হার সাধনাও কিঞ্চিৎ সহজ্বসাধ্য, তাই আমরা মধুমতী যোগিনীর সাধন-প্রণালীই প্রকাশ করিলাম।

ধীমান্ সাধক হবিষ্যাশী ও জিতেক্সির হইরা যোগিনী সাধন করিবে। বসস্কাল এই সাধনার উপযুক্ত সময়।

উচ্ছটে প্রান্তরে বাপি কামরূপে বিশেষত:।

ভামর তন্ত্র।

উজ্জাটে অথবা প্রান্তরে এই সাধন করিবে, বিশেষতঃ কামরূপে এই সিজিকার্যা বিশেষ ফলপ্রান হয়। এই স্থান সকলের কোন একটা ভাবে সর্জান বোগিনীকে থান করিয়া, তাঁহার দর্শনে সমুৎস্থক হইরা স্থসংয়ত চিত্তে এই সাধন করিবে। এইরূপ বিধানে সাধন করিলে নিশ্চর দেবীর • হর্শন লাভ করিতে পারিবে। যাহারা দেবীর সেবক, ভাহারাই এই কার্য্যের অধিকারী; ব্রহ্মোপাসক সন্ন্যাসিগণের এই কার্য্যে অধিকার নাই যথা:—

দেব্যাশ্চ দেবকাঃ দর্কে পরং চাত্রাধিকারিণঃ। তারকব্রহ্মণো ভূত্যং বিনাপ্যত্রাধিকারিণঃ॥

তন্ত্রসার।

ধীমান্ দাধক প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া স্নানাদি নিত্য-ক্রিয়া সমাপনাস্তে ''হোঁ' এই মন্ত্রে আচমন করিয়া ''ওঁ সহস্রারে হুঁ ফট্'' এই মন্ত্রে দিগুদ্ধন করিবে। অনস্তর যথোপযুক্ত স্থানে সাধনার. আরোজন করিয়া পূজার দ্রব্যাদি আনমন করিবে। উত্তর কিঘা পূর্বমুথে যে কোন আসনে উপবেশন (এই কার্য্যে রঙ্গিন কম্বলাসন প্রশস্ত) পূর্ব্বক ভূর্জ্জপত্রে কৃত্ত্মধারা ধ্যানামুযায়ী মধুমক্তী দেবীর প্রতিমূর্ত্তি অভ্নিত করিয়া ভাহার বহির্ভাগে অষ্ট্রদল পদ্ম লিথিবে। অনস্তর আচমন, অঙ্গুলাসাদি করিয়া স্থাসোম পাঠপূর্বক স্বন্তিবাচন করিবে। তৎপরে স্থ্যার্ঘ্য স্থাপন করিয়া প্রণাম করিবে। পরে মূল মন্ত্রে ১৬।৬৪।৩২ সংখ্যায়্য ভিনবার প্রাণায়াম করিয়া,—''হ্রাং, হ্রীং, হুং, হ্রেং, হ্রৌং ও হুং'' এই মন্তের দ্বারা অঞ্গ্রাস ও করন্তাস করিবে। তৎপরে ভূর্জ্জপত্রে অভ্নিত মৃত্তিতে জীবক্তাস দ্বারা প্রাণপ্রতিষ্ঠা এবং পীঠদেবতার আবাহন করিয়া মধুমতীর ধ্যান করিবে।

গুদ্ধক্ষটিকসঙ্কাশাং নানারত্ববিভূষিতাং। মঞ্জীরহারকেযুর-রত্বকুগুলমগ্রিতাম্॥"

এই মন্তে ধান করিরা মূলমন্ত্রে দেবীর পূজা করিবে। মূলমন্ত্র উচ্চারণ পূর্বাক পাছাদি প্রদান করিরা ধূপ দীপ, নৈবেগু, গদ্ধপূপ ও ভাস্থা নিবেদন করিবে। পূজাদি সামাগ্রপূজা-প্রকরণের প্রণালীতেই সম্পন্ন করিবে।

অনস্তর পূজা শেষ করিয়া পুনর্কার প্রাণারাম এবং অঙ্গ ও কবন্তাস সমাধা করিয়া যোগিনীকে ধানে করতঃ জ্ঞপের নিয়মানুসারে সমাহিত-চিত্ত সহস্রবার জ্ঞপ করিবে। তৎপবে পুনরার প্রাণারাম করিয়া দেনীব হত্তে জপকল সমর্পণ ও ভক্তিভাবে সাষ্টাঙ্গ প্রণাম করিবে। মধুমনী দেবীর মন্ত্র ষ্থা—''ওঁ হ্রাঁ আগচ্ছ অনুরাগিণি মৈথুনপ্রিয়ে স্বাহা।'' এই মন্ত্র গুরুর নিকট হইতে শুনিয়া লইতে পারিলে ভাল হয়।

এই সাধন ক্লম্পক্ষের প্রতিপদ তিথিতে আবস্ত করিয়া গন্ধ, পূল্প. ধূপ.

দীপ, নৈবেল্যাদি উপচারে ত্রিসন্ধ্যায় তিনবার দেবীর পূলা ও সহস্র
সংখ্যক লপ করিবে। এইরপে একমাস পূলা ও লপ করিয়া পূর্ণিমা
তিথির প্রাতঃকালে বোড়শোপচারে দেবীর পূলা করিবে। অনস্তব
ঘত-প্রাণীপ ও ধূপ প্রদান করিয়া দিবা রাত্রি মন্ত্র লপ করিতে থাকিবে।
রাত্রে দেবী সাধককে নানারপ ভর প্রদর্শন করেন। তাহাতে সাধক
ভীত না হইয়া লপ করিতে থাকিবে। দেবী সাধককে দৃঢ়প্রতিজ্ঞ
লানিয়া প্রভাতদময়ে সাধকের নিকট আগমন করেন। তথন সাধক
পুনর্বার ভক্তিভাবে পাদ্যাদি দ্বারা পূঞা, উত্তম চন্দন ও স্থগন্ধি পূক্ষমালা
প্রদান করতঃ দেবীকে মাতা, ভাগনী, ভার্যা বা স্থী সম্বোধন করিয়া
বর গ্রহণ করিবে। পরে দেবী সাধককে অভিল্যিত বর প্রদান করিয়া
নিজালয়ে প্রস্থান করিবেন।

যোগিনী-সাধনার সিদ্ধিলাভ করিলে দেবী প্রতাহ রাত্রে সাধকের নিকট ভাগমন করিয়া রভি ও ভোজন দ্রব্য দ্বারা ভাহাকে পরিতোথিত করিয়া থাকেন। দেবকন্তা, দানবক্তা, নাগক্তা, যক্ষকন্তা, গন্ধর্ককন্তা বিভাধরকন্তা, রাজকন্তা ও বিবিধ রত্ম-ভূষণ এবং চর্ব্যাচোষ্যাদি সামা ভক্ষাদ্রব্য প্রদান করিরা থাকেন। দেবীকে ভাষ্যারূপে ভজ্জনা করিলে সাধক অন্ত দ্রীর প্রতি আসক্তি পরিত্যাগ করিবে, নচেৎ দেবী ক্র্ছা হইরা সাধককে বিনাশ করিরা থাকেন। যথা:—

অন্যন্ত্রীপমনং ত্যক্ত্রা অন্যথা নশ্যতি ধুবং ॥

ভূতভামর।

সাধক দেবীর প্রসাদে সর্বজ্ঞ, স্থলর-কলেবর ও শ্রীমান্ ইইরা নিরামর দেহে দীর্ঘকাল শীবিত থাকে। সর্বত্ত গমনাগমনের দক্তি জন্মে। স্বর্গ, মর্ত্তা, ও পাতালে যে সকল বস্তু বিভ্যমান আছে, দেবী সাধকের আজ্ঞামুসারে তৎসমস্ত আনিয়া ভাহাকে অর্পণ করেন এবং প্রতিদিন প্রার্থিত স্থবর্ণ মূদ্রা প্রদান করিয়া থাকেন। প্রতিদিন বাহা পাইবে, সেই সমুদর বার করিবে, কিঞ্চিয়াত্র অবশিষ্ট থাকিলে দেবী কুপিভা হইরা আর কিছু প্রদান করেন না।

রেখে সার্দ্ধং ভয়া দেবি সাধকেক্সো দিনে দিনে

ভন্তসার।

সাধক এইরূপে যোগিনী-সাধন করিয়া প্রতিদিন দেবীর সহিত ক্রীড়া-কৌতুকাদি করত: স্থথে জীবন যাণন করিয়া থাকে।

হর্মদেবের বীরসাধন।

বোগিনী সাধন করিয়া বেমন ভোগ বিলাস করা যায়, তত্রপ হনুমং সাধন করিয়া শৌর্যা-বীর্যা লাভ করত: পৃথিবীতে আপন আধিপতা বিস্তার করা যায়। সেই কাবণে আমরা চমুমন্দেবের সাধন-প্রণালীও বিবৃত করিলাম। এই সাধন-প্রণালী মহাপুণাজনক ও মহাপাতক নাশক। অতি গুচা এবং মানবের শীঘ্র সিদ্ধিপ্রদ হমুমন্দেবের সাধনা বাঁহার প্রসাদাৎ অর্জুন ত্রিলোকজরী হইরাছিলেন। যথা:—

এতন্মন্ত্রমর্জ্জুনায় প্রদক্তং হরিণা পুরা। জয়েন সাধনং কুত্বা জিতং সর্বব চরাচরং॥

তন্ত্রসার।

হত্বমৎ সাধনার মন্ত্র পূর্বের শ্রীহরি অর্জুনকে প্রদান করিয়াছিলেন। অর্জুন এই মন্ত্র সাধন করিয়া চবাচর জগৎ গুরু করিয়াছেন।

শুরুদেবের নিকট হইতে স্থুমনান্ত্র প্রহণ করিয়া নদীকৃলে, বিষ্ণু মন্দিরে নির্জনে অথবা পর্বাতে একাগ্রচিত্ত হইরা সাধন করিবে। "হং প্রনন্দনার স্বাহা" এই দশাক্ষর হমুমনান্ত্র মান্তবর পক্ষে কর-পাদপ স্বরূপ। হমুমন্দেবের অন্তান্ত মন্তের মধ্যে এই মন্ত্রটি শেষ্ট, আশুফলপ্রাদ এবং অত্যন্ত সভজসাধ্য। অন্তান্ত মন্তের ন্যায় এই মন্তে, মন্ত্র, পূজা বা হোমাদি করিতে হইবে না; কেবলমাত্র জপেই সিদ্ধিন্ত্রাত হইবে। সাধনার প্রণাদী এইরূপ;—

সাধক ব্ৰাক্ষমূহুৰ্তে গাত্ৰোখান কিব্লিগা সন্ধা-বন্দনাদি নিভাক্ৰিয়া

সমাপনান্তে নদীতীরে গমন করিয়া স্নানাবসানে তীর্থাবাহন পূর্ব্বক আইবার মৃলমন্ত্র জপ করিবে। তৎপরে দেই জলদ্বারা স্বীয় মন্তকে দ্বাদশ
বাব অভিবেক করিয়া বস্ত্রগুল পরিধান পূর্ব্বক নদীতীরে অথবা পর্বতে
উপবেশন করিয়া "ইঁ। অস্ট্রাভ্যাং নমং" ইত্যাদি প্রকারে করন্যাস এবং
"হাং হৃদয়ায় নমং" ইত্যাদি প্রকারে অঙ্গন্যাস করিবে। তৎপরে
অ-কারাদি বোড়শ স্বর্ব্বর্গ উচ্চারণ করিয়া বাম নাসাপুটে বারু, পূবণ,
ক-কারাদি ন-কারান্ত পঞ্চ-বিংশতি বর্ণ উচ্চারণ করিয়া কুল্লক এবং
২-কারাদি ক্ষকারান্ত নয়টি বর্ণ উচ্চারণ করিয়া দক্ষিণ নাসায় বায়ু রেচন
করিবে। এইরূপে দক্ষিণ নাসায় পূরণ, উভয় নাসাপুটে ধারণে কুল্লক ও
বাম নাশায় রোন করিবে। এইরূপ অমুলোম-বিলোম ক্রমে ভিনবার
প্রাণ্ডাম করিয়া মন্তবর্ণ দ্বারা অঙ্গন্যাস পূর্ব্বক ধ্যান করিবে।

ধ্যায়েন্ত্ৰণে হমুমন্তং কাপকোটীসমন্থিতম্।
ধাবন্তং রাবণং জেতুং দৃষ্ট্বা সম্বরমূথিতম্।
লক্ষণঞ্চ মহাবীরং পতিতং রণভূতলে।
গুরুঞ্চ ক্রোধমুৎপান্ত গৃহীত্বা গুরুপর্বতম্॥
হাহাকারৈ: সদর্পৈন্চ কম্পন্নন্তং জগত্রাং।
আত্রন্ধান্তং সমাবাপ্য কৃত্বা ভীমং কলেবব্য ।

এই ধ্যানামুষায়ী হমুমদ্দেবের চিন্তা করিতে করিতে তদীয় পূর্ব্বোক্ত

[্]রশহরমান রণমধাগত এবং কোটি কোট কপিগণে পরিবৃত। ইনি রাবণের পরাজরের নিমিত্ত থাবিত হইতেছেন, তাঁহাকে দেখিরা রাবণ সন্ধর দুখার্মান হইতেছে। মুহাবীর লক্ষণ রণভূমিতে পভিত আছেন ভাহা দেখিরা ইনি ক্রোধভরে মহাপর্কত উৎপাটন পূর্কক সদর্শ হাহাকার

মন্ত্র যথানিয়মে ছন্ন হাজার বার জপ করিবে। জপাত্তে পুনরায় তিনবার প্রাণায়াম করিয়া জপ সমর্পণ করিতে হইবে।

এইরপে ছয় দিবস জপ করিয়া সপ্তম দিবসে দিবা রাত্রি ব্যাপিয়া জপ করিতে থাকিবে। এইরপ একাগ্রচিত্তে দিবারাত্রি মন্ত্রজপ করিলে রাত্রির চতুর্থয়ামে মহাভয় প্রদর্শন পূর্বক নিশ্চয় হতুমান্দেব সাধক সমীপে আগমন করেন। বদি সাধক ভয় পরিত্যাগ করিয়া দৃঢ়প্রতিজ্ঞ হইতে পারে, তাহা হইলে সাধককে অভিলবিত বয় প্রদান করিয়া থাকেন। বথা:—

বিভাং বাপি ধনং বাপি রাজ্যং বা শক্তনিগ্রহম্।
তৎক্ষণাদেব চাপ্লোভি সভ্যং সভাং স্থনিশ্চিভম্।
ভাষার।

সাধক বিষ্ণা, ধন, রাজ্য কিশা শত্রুনিগ্রহ যাহা কিছু অভিলাষ করে. তৎক্ষণাৎ সেই বর লাভ করিয়া থাকে সন্দেহ নাই। পরে সাধক বরলাভ করিয়া যথাস্থ্যে সংসারে বিহার করিতে পানিবে।

ধ্বনিতে ত্রিভূবন কম্পিড করিতেছেন। ইনি ব্রহ্মাণ্ডব্যাপা ভীমকলেবর প্রকাশ করিয়া অবস্থিত ভাছেন।" খ্যানের এই ভাবটা বিচাব করিতে করিছে মন্ত্র জপ করিতে হইবে।

সর্বজ্ঞতা লাভ।

আমরা পূর্ব্বেই বলিয়াছি, মহাযোগেশ্বর মহাদেবই বোগ ও ভঙ্ক শাস্ত্রের বক্তা। যোগশাস্ত্রে স্থন্ন সাধনা আর ভন্তপাস্ত্রে স্থূল সাধনার বিষয় বর্ণিত হইয়াছে। যোগাভ্যাস করিয়া যেমন আত্মক্তান লাভ কিমা অলৌকিক শক্তি লাভ হইরা থাকে, তদ্রপ তন্ত্রোক্ত সাধনায়ও ইষ্ট-দেবতার প্রসাদাৎ মুক্তির কারণ জ্ঞান অথবা অমামুধী-শক্তি লাভ হয়। তবে বোগের স্কা সাধনায় আত্মশক্তির বিকাশ হয় আর তন্ত্রের স্থূল সাধনায় আত্মার ব্যষ্টিশক্তি স্থল আবরণে আবৃত হইয়া দেবতারূপে শক্তি প্রদান করেন, ইহাই প্রভেদ। নতুবা যোগ ও তন্ত্রশাস্ত্র একই পদার্থ,— স্ক্র ও স্থুলে বিভিন্নতা। জগতে যত ভিন্ন ভিন্ন শক্তির নিকাশ দেখিতে পাওয়া যায়, সকলগুলিই একমাত্র আত্মার শক্তি। সূক্ষে কারণ— স্থলে কার্য্য। তাই যোগাভ্যাসে নিজেরই স্ক্র শক্তির বিকাশ হয়, আর তন্ত্রের সাধনায় সেই সক্ষশক্তি স্থুল দেবতারূপে আহির্ভুত হইয়া সাধকের কার্য্য সিদ্ধি করিয়া দেন। প্রমাণ-স্বরূপ আমরা তন্ত্রে স্বধনায় বিভূতি লাভের উপায় বিবৃত করিতেছি। তবে যে শক্তি লাভে: ৰূপতের আকার হয়, আমরা তাহার দিকে দুক্পাতও করিব না উদ্ধত ব্যক্তির হাতে শাণিত জন্ত্র যেরূপ ভীতিপ্রদ, ডদ্রেপ অসংষ্ডচিউ ব্যক্তির শক্তিলাভও বিশক্তনক। তাই ভাবিয়া আমরা কুরশবি নাভের উপায় প্রকাশ করিতে নিরস্ত হইলাম। কেবল মাত্র তার্ছে প্রোধান্ত জাপনাথ করেকটা মুল্লজনক শক্তি বিকাশের বা লাভের উপা লিপিবছ করিলাম।

ভাম্রিক-গুরু ১ ২৬১

বিভৃতি-লাভের অক্ত তম্বশাস্ত্রে পিশাচ ও কর্ণ পিশাচীর মন্ত্র ও সাধন প্রাণালী আছে। পিশাচের সাধনার মানব পিশাচত্বই লাভ করিয়া থাকে। কিন্তু কর্ণপিশাচীর মন্ত্র জপে সে ভর নাই, অথচ দর্বজ্ঞ হওয়া যায়। যে কোন প্রশ্নের উত্তর সাধকের কাণে কাণে কর্ণ-পিশাচী বলির। দের। স্থতরাং তাহার সাধনায় মানব অচিরে সর্বজ্ঞতালাভ করিতে পারে। যথা:---

এষ মন্ত্রঃ লক্ষজপতে। ব্যাদেন সংসেবিতঃ। সর্ব্বজ্ঞং লভতেহচিরেণ নিয়তং পৈশাচিকী-ভক্তিতঃ ।

ভন্তসার।

কর্ণ-পিশাচীর মত্ন একলক অপ করিয়া ভগবান বেদব্যাস অচিব-কালে সর্ববিজ্ঞতা লাভ করিয়াছেন। আমরা স্থাস, পূলা, হোম ও তর্পন বাতীত কেবল মাত্র জপ দ্বারা কর্ণ-পিশাচীর সাধনার উপায় প্রকাশ করিতেছি। অভাভ মন্ত্রাপেকা পশ্চালিধিত মন্ত্রটীই শ্রেষ্ঠ ও শীঘ্র 자**미 217** |

"ওঁ ক্লীং জয়াদেবী স্বাহা" এই মন্ত্রটী ধথারীতি গ্রহণ করিয়া নির্মান্ত-সারে প্রথমত: একলক অপ করিবে। তদনস্তর একটা গৃহগোধিকা মারিয়া তাহার উপরে জয়াদেবীকে যথাশক্তি পূজা করিবে। পরে যভ কাল সে গোধিকা জীবিতা না হয়, ততকাল জপ করিতে থাকিবে। যথন দেখিবে, সেই গৃহগোধিকা জীবিতা হইয়াছে, তথন আর কপের প্রয়েজন নাই। মন্ত্রসিদ্ধি হইয়াছে জানিবে। এই মন্ত্র সিদ্ধি হইলে সাধক যখন মনে মনে কোন প্রশ্ন কুরে, তথন দ্বেণী আগমন করিয়। থাকেন এবং সাধক ভাঁহার পূষ্ঠে ভূত ও ভবিষ্যৎ বিষয় সকল লিখিত দেখিতে পায়।

,

ভত্তে আরও এক প্রকার কণ-পিশাচীর মন্ত্র আছে, ভাহার সাধন-প্রশালী আরও সহজ। মন্ত্র, যথা—"ওঁ ব্রীং কর্ণ-পিশাচী মে কর্ণে কথর ই ফট স্বাহা।" রাত্রিবোগে ধীমান সাধক উভর পরে প্রদীপ তৈল মর্দ্দন করিয়া ঐ মন্ত্র যথানিরমে একাগ্র চিত্তে একলক জপ ভরিবে। এই মত্ত্রে পূজা বা ধ্যানাদির প্রয়োজন নাই। এরপে জপ করিলেই উক্ত মত্ত্রে সিদ্ধি লাভ করা যায়। তথন সাধক সর্ব্বজ্ঞ হইরা থাকে।

এই সাধনায় সিদ্ধিলাভ করিলে মানবের মনের ভাব এবং ভূত-ভবিষ্যৎ বিষয় সকল সাধক জানিতে পারে।

দিব্যদৃষ্টি লাভ।

-:(*⊙*):--

ধীমান সাধক বক্ষদেবের মূর্জি নির্মাণ করিয়া, "ওঁ নমো কন্তার কদ্ররপায় নমো বছরপায় নমো বিশ্বরূপায় নমো বিশ্বরূপায় নমো বিশ্বরূপায় নমো বক্ষরূপায় নমো একলৈ নমো একার নমো একরৌরবার নমো একবক্ষায় নমো একেক্ষণার নমো বক্ষায় নমো বর্দায় নমঃ তুদ তুদ স্বাহা" এই মর্ল্র সংযত চিত্তে এক হাজার আটবার জপ করিবে। এটরণে সিদ্ধি লাভ করিরী দিবাদৃষ্টি লাভের জভ সাধনা করিতে ইইবে।

প্রথমতঃ হিজাবৃন্দের পত্র সংগ্রহ করিরা গৃহে সংখাপন করিবে। তৎপরে চিতা, রক্ষকগৃহ কিছা ভঙ্করগৃহ চইতে "ওঁ জলিতবিহ্নাত্ত স্বাহা" এই মত্ত্রে অগ্নি গ্রহণ করিয়া পূর্বে স্থাপিত পত্ত্রে অগ্নি প্রজ্ঞানিত করিবে। অনস্তব "ওঁ নমো ভগবতে বাস্থদেবার ববন্ধ শ্রীপতরে স্বাহা" এই মত্ত্রে বন্ত্রী অভিমন্ত্রিত করিয়া "ওঁ নমো ভগবতে সিদ্ধিসাধকার জল লভ পত্ত পাত্রর পাত্তর বন্ধ বন্ধ সংহর সংহর দর্শর দর্শর নিধিং মম" এই মত্ত্রে প্রদীপ প্রজ্ঞানিত করিবে। "ওঁ এঁ মন্ত্রসিদ্ধেভ্যো নমো বিশ্বেভ্যঃ স্বাহা" এই মত্ত্রে কজ্জল করিয়া "ওঁ কালি কালি মহাকালি রক্ষেদ্ধিরা চক্ষ্ অঞ্জিত করিবে। এই অঞ্জন হারা চক্ষ্ অঞ্জিত করিলে দিবাদৃষ্টি লাভ হয়।

স্বৰ্ণশাকা দারা উক্ত কজ্জন 'ওঁ সর্বে সর্ব্বসহিতে সর্ব্বোধিধ প্রায়াহিতে বিরতে নমে। নমঃ স্বাহা" এই মন্ত্রে চক্তৃতে অল্পন প্রাদান করিবে।

এই অঞ্জন প্রদান মাত্রেই সাধকের দিবাদৃষ্টি লাভ হইয়া থাকে। তথন বোরান্ধকার রাত্রেও দিবাভাগের স্থায় সমস্ত বস্তু দেখিতে পাওয়া যাইবে। সিদ্ধ, চারণ প্রভৃতি স্ক্রাদেববোনি, ভূ-ছিদ্র ও গুপ্তধনাদি দৃষ্ট হইবে।

অদৃশ্য হইবার উপায়।

নিতা-নৈমিত্তিক ক্রিরাবান্ সংধক শুচি হইরা রাত্তিকালে শালানে উপবেশন পূর্বক মন্ন হইরা "ওঁ হীঁ হীঁ দেনু" শালানবাসিনী স্বাহা" এই নত্র চতুর্ব ক্ষপ করিবে। ইহাতে যক্ষিণী সম্ভষ্ট হইরা সাধককে পাছক। প্রদান করিবেন।

তেনারতো নরো॰দৃশ্যো বিচরেৎ পৃথিবী তলে ॥

কামরত্ব ভন্ত।

সেই পাতৃ**কা দারা পদহর আবৃত ক**রিয়া সমস্ত পৃথিবী বিচরণ করিলেও কেহ তাহাকে দেখিতে পাইবে না।

আকল তুলা, লিম্ল তুলা, কার্শাস তুলা, পট্টস্ত্র ও পদ্মস্ত্র এই পঞ্চবিধ দ্রবা ধারা পাঁচটা বর্ত্তি প্রস্তুত্ত করিবে। তৎপরে পাঁচটা মন্থ্য-মন্তকের থূলীতে ঐ পাঁচটা বর্ত্তি স্থাপন পূর্বকে নরতৈল ধারা ঐ পাঁচটা প্রদীপ প্রজ্জনিত করিবে। তৎপরে অপর পাঁচটা নর-কপাল আনরনকরিয়া ঐ পঞ্চ প্রদীপের শিখায় পৃথক্ পৃথক্ কজ্জন পাত করিতে ইইবে। পরে ঐ পঞ্চবিধ কজ্জন একত্রিত্ব করিয়া "ওঁ ই ফট্ কালি কালি মহাকালি মাংসশোণিতং খাদয় খাদয় দেবি মা পশ্রতু মানুবেতি ই ফট্ আহা" এই মন্ত্রে অস্টোত্তর সহস্রবার অভিমন্ত্রিত করিবে। এই কজ্জন ধারা চক্ষ্ অঞ্জিত করিলে সেই ব্যক্তি দেবতাদিগেরও অদৃশ্র হইতে পারে। "ত্রৈলোক্যাদৃশ্রো ভবতি"—অর্থাৎ ত্রিভ্বনে কেহ তাহাকে দেখিতে পার না।

এই সাধন-কার্যা শ্রশানস্থ লিবালয়ে করাই প্রশন্ত। শ্রশানস্থ লিবালয়ের অভাব হইলে যে কোন লিবালয়ে করিতে হইবে। এই অনুগ্রন্থারিণী বিষ্ঠা লাভ করিতে হইলে অগ্রে অধিকার প্রাপ্ত হওয়া চাই। এতদর্থে রাত্রিকালে নিশাচরকে খ্যান করতঃ বামহস্ত ছারা "ওঁ নমেঃ নিশাচর মহামহেশ্বর মম পর্যাটতঃ সর্বলোকলোচনানি বন্ধর বন্ধর দেব্যা জ্ঞাপরতি স্বাহা" এই মন্ত্র একাঞ্রচিত্তে জপ করিবে।

अपृश्वकातिनी विश्वार **मकका**रमा श्रवह्नि ॥

কামরত্ব ভন্ত।

এই অদৃশ্রকারিণা বিষ্ণা লক্ষ জপে সিদ্ধি হইয়া থাকে। পাঠক ! বিধি উল্লন্ডন করিয়া কদাচ তন্ত্রোক্ত কার্য্যে ফল লাভের আশা করিতে পারিবে না।

পাছুকা সাধন।

বীর সাধক কুলতিথি ও কুল নক্ষত্রযুক্ত মঙ্গলবারের অন্ধরাত্রি সময়ে নিম্বকার্চ অপানে প্রোধিত করিয়া সেই স্থানে উপবেশন পূর্বাক "ওঁ মহিষ্
মন্দিনী আহা হ্রা" কিয়া "ক্লাঁ মহিষ্ মন্দিনী আহা ওঁ" এই মহিষ্-মন্দিনী মন্ত্র অস্তাধিক লক্ষ্ বার জপ করিবে এবং অপানে থাকিয়া সহস্র হোষ কারবে। অনন্তর সেই নিম্বকার্চ উদ্ধৃত করিয়া তাহাতে পাতৃকা অন্তিত্ত করিছে হইবে। পরে হুর্গান্তিমী রজনীতে ঐ নিম্বকার্চ আগানে নিক্ষেপ পূর্বাক তাহার উপরি শব নির্মাণ করিয়া যথাবিধি পূজা করিবে। অতঃপর সেই শবাস্কান উপবেশন পূর্বাক অন্তাধিক সহস্র জপ করিয়া মাতৃগণের উদ্দেশ্যে বলি দিয়া কার্চকে আমন্ত্রণ,করিবে। আমন্ত্রণের মন্ত্র,—

"গচ্ছ গচ্ছ ক্ষতং গচ্ছ পাগ্ৰকে বৰবৰ্ণিন। মংপাদপাৰ্শমাত্ৰেণ গচ্ছ হং শতবোজনম্।" এই মত্তে আমন্ত্রণ করিরা উক্ত নিম্বকাঠে পদস্পর্শ মাত্রে সাধকের অভিগবিত স্থানে উপস্থিত হইবে। মুহুর্জে শত বোজন পথ অভিক্রম করা ঘাইবে। এই পাতৃকা সাধন করিরা সাধকগণ অভি অল্ল সমরে পৃথিবীর এক প্রাস্ত হইতে অপর প্রাস্তে বিচরণ করিরা থাকে,।

করবীর মূল, গিরীমাটী, সৈন্ধব, মালভী পূলা, শিবজ্ঞটা ও ভূমিকুশ্বাশ্ব এই সকল সমপরিমাণে লইরা উত্তমরূপে পেবণ করিবে। অনস্তর সেই ঔষধ ''ওঁ নমো ভগবতে রুদ্রায় নমো ছরিত গদাধরায় ত্রাসায় ত্রাসায় কোভর ক্ষোভয় চরণে স্বাহা" এই মল্লে অভিমন্ত্রিত করিবে।

তল্লিপ্রপাদঃ সহসা সহস্রযোজনং ত্রজেৎ ॥

কামরত্ব তত্র।

এই ঔষধ বারা পাদ লেপন করিলে সহস্র যোজন পর্যান্ত গমন করিতে পারিবে, সন্দেহ নাই।

তিলতৈলের সহিত আকোঁড় মুক্ষের মুগ পাক করিবে। জনস্তর
"'ওঁ নমশ্চতিকারৈ গগনং গগনং চালর বেশর হিলি হিলি কেগবাহিনী হীঁ
শাহা" এই মত্তে বথাবিধি অভিমন্ত্রিত করিয়া সেই তৈল পাদ হইতে জামু
পর্যান্ত লেপন করিলে বহুদুর গমন করিতে পারা যায়। যথাঃ—

পাদং সঞ্জাসুপর্যান্তং লিপ্তা দূরাধূদ্ধাগো ভবেৎ।

কামরত্ব ভন্তা।

অর্থাৎ—ঐ তৈল পাদ চইতে জামু পর্যন্ত লেপন করিলে উর্দ্ধ ও অধোধিকে বহুদ্র পর্যন্ত জনায়াসে গমন করিছে পারা যায়। 🐉

অনার্যটি হরণ।

-:•<u>:</u>:•:<u>:</u>:•:-

বথাবিধি বঙ্গণদেৰের পূজা করিয়া তদীর মন্ত্র জপ করিলে: নিশ্চয়ই বৃষ্টি হইবে। পূজার নিরম এইরূপ,—

প্রথমতঃ স্থান্তি বাচন করিয়া সম্বন্ধ করিবে। তৎপরে গণেশাদি পঞ্চ দেবতার পূজা করিয়া যথাবিধি ভূতভদ্ধি, প্রাণায়াম, অঙ্গন্তাস, করন্তাস সমাপ্ত করিয়া—

> "ওঁ প্রধাবর্তকৈর্মেথিঃ প্লাবয়ন্তং বস্তমরাম্। বিতাৎ-গর্জিতসয়দ্ধতোয়াত্মানং নমাম্যহম্ । যন্ত কেশেষু জীম্তো নতঃ সর্বাঙ্গসদিয় । কৃক্ষো সম্ক্রাশ্চন্দারন্তকৈ ভোয়াত্মনে নমঃ :" ॥

এই ধ্যান পাঠান্তে স্বীয় মন্তকে পূল্যদান ও মানসে:পচারে পূজা করিবে। অনস্তর অর্ঘ্য স্থাপন ও পুনরায় ধ্যান করিয়া বরুণদেবকে আবাহন পূর্বক বথাশক্তি তাঁহার পূজা করিবে। পরে জপাঃস্ত করিতে হয়। জপের সহিত চিন্তাশক্তি, ক্রিয়াশক্তি ও ইচ্ছাশক্তির সংযোগ হওয়। প্রয়োজন। তাই জপের পূর্বের্ম "প্রজাপতিঝাবিস্তিষ্টুপ ছন্দো নরুণো দেবতা এতদ্রালীমভিব্যাপা স্বৃষ্টার্থং জপে বিনিয়োগঃ" এই মন্ত্র পাঠ করিয়া ঐ ত্রিশক্তিকে শ্বির করিতে হয়।

অনস্তর নদী, অভাবে পৃক্ষিণীর মধ্যে নাভিপরিমিত জলে দাড়াইয়া "ওঁ বং" এই মন্ত্র আট হাজার বার জপ ভব্বিলে, নিশ্চয়ই বৃষ্টি হইবে।

ভলে প্রবিষ্ট হইরা "হঁ এ হঁ" এই মন্ত্রটী জপ করিতে আরম্ভ করিলে বিনা পূজা ধ্যানেও বৃষ্টিপতি হইরা থাকে।

পরিশিউ

অগ্নিনারণ

-:⊙:*:⊙:-

গৃহে **অ**রি শাগিলে সপ্তরতি **অল** (বাহার তাহার হারা অনীত হইলেও ক্ষতি নাই) লইয়া—

> "উত্তরাস্তাঞ্চ দিগ্ভাগে মারীরো নাম রাক্ষ্য:। তম্ম পুত্র পুরীরাভ্যাং হতো বহিঃ শুস্ত স্বাহা॥"

এই মন্ত্রে সপ্তবার অভিমন্ত্রিত করিয়া অন্থিতে নিক্ষেপ করিবে। তাহা হউলে যত বেগশালী অন্থি হউক না কেন, অচিরে নির্ব্বাপিত হইবে।

ওঁ ত্রীং মহিষমর্দ্ধিনী অগ্নিকে স্তম্ভনকর, মৃগ্ধকর, ভেদকর, অগ্নিং স্তম্ভয়ু ঠঠ।

ওঁ মত্তক টীট ছয় ছানে মে কটীর মূলখনী আলিপ্যাপ্তায় মূলীয়তে শনক বিজ্জে মন্ত্রী শ্রী কট্।

এই ছইটী মন্ত্রের মধ্যে যে কোন একটা মন্ত্র যথানিরমে দশহাজার বার জপ করিলে মামুস অলস্ত অগ্নির মধ্যে প্রবেশ করিতে পারে, ভাহাতে শবীরের কোন স্থলেই ভেজ অমুভূত হয় না। ৺ মহারাজ ঠাকুবের আশাস্থ বাটীর ঘটনা এবং ঢাকার ডা: তরণী বাবুর অগ্নিক্রিয়া যাহার। দশন করিয়াছে, ভাহাদের নিকট আর এ বিষয়ের সভ্যতা প্রমাণের প্রয়েজন নাই। অধিকারী ব্যক্তি সাধনা করিয়া ইছার সভ্যতা উপলাজি করিবে।

সর্প-রুশ্চিকাদির বিষহরণ।

সর্পাদি দংশন করিলে তন্ত্রশাস্ত্রান্সারে মন্ত্র শেরোগ করিয়া আরোগ্য করা বার। কিন্তু তৎপূর্ব্বে মন্ত্র প্ররোগকারীকে বিষহরাগ্নি মন্ত্রে সিদ্ধি লাভ করিতে হয়। বিষহরাগ্নি মন্ত্র যথা—"ধং খং'। উক্ত মন্ত্রের পূজা প্রণালী এইরূপ,—

সদাচার সম্পন্ন ব্যক্তি সামান্ত পদ্ধতির নিরমারুসারে প্রাতঃক্ত্যাদি করিয়া,—শিরসি অগ্নয়ে নমঃ— মুথে পঙ্কি ছন্দদে নমঃ— ছদি অগ্নয়ে দেবতারে নমঃ— গুছো খং বীজার নমঃ— পাদরো বিন্দুশক্তরে নমঃ এইরপে অ্বাদি ন্তাস করিবে তৎপরে খাং অঙ্কুটাভ্যাং নমঃ— থীং ভর্জনীভ্যাং সাহা— থৃং মধ্যমাভ্যাং বষ্টু— থৈং অনামিকাভ্যাং হুঁ— থৌং কনিটাভ্যাং বৌষ্টু— থঃ করতল পূঠাভ্যাং ফট্, এইরপে করন্তাস এবং খাং ইদরায় নমঃ— থীং শিরসে স্বাহা— খৃং শিথারৈ বষ্ট্ — থৈং কবচায় ছুঁ— থৌং নেত্রত্রয়ায় বৌষ্টু— থঃ করতলপূঠাভ্যাং ফট্, এইরপে ভঙ্গ প্রাস করিয়া বৈশ্বানরপদ্ধতির নির্মানুসারে এই মন্ত্রের ধ্যান ও যথাশজ্ঞি পূরাদি করিবে! তদনস্তর "থং থং" এই মন্ত্র যথাবিধি দ্বাদশ লক্ষ অপ করিয়া পূরশ্চরণান্ধ হোমে স্বত দ্বারা দ্বাদশ সহন্দ্র আন্ততি প্রদান করিতে হইবে। এইরপে বিধহরায়ি মন্ত্র পুরশ্চরণ করিয়া রাথিলে যথন তথন স্পদিষ্ট রোগীকে আরোগ্য করিতে পারা যায়।

কাহাকেও সাপে কাটিলে উক্ত সাধক স্বীয় বাম করতলে পঞ্চদশ পদ্ম অন্ধিত করিয়া সেই পদ্মকে শেতবর্ণ ধ্যান করিবে এবং সেই পদ্মের কর্ণিকান্তে ও পঞ্চদলে "ধং" এই বীজ লিখিকে পরে রক্তবর্ণ ও অমৃত মর চিত্তা করিরা শেই হস্ত দারা স্পর্শ করিলে বিব বিনষ্ট হইবে। এইরূপ হস্ত দাবা বিষপীড়িত ব্যক্তিকে স্পর্শ করিরা অটোভর শভ বিষহবারি মন্ত্র জপ করিলে সর্বপ্রকাব বিষ বিনষ্ট হইরা বার।

"ওঁ নমো ভগবতে গরুড়ার মহেক্তরূপার পর্বতশিধরাকাবরূপার সংহর সংহব মোচর মোচর চালর চালর পাতর পাতর নির্বিব নির্বিব বিষমপামৃতং চাহাবসদৃশং রূপমিদং প্রাজ্ঞাপয়ামি স্বাহা" নম: লল লল বব বব ছন ছন কিপ কিপ হর হব স্বাহা" এই গরুড মন্ত্রপাঠ করিলে ভক্ষিত স্থাবর বিষ ভামৃত তুলা হর। বিষাক্ত অরপানাদিও এই মন্ত্র পাঠে নিশ্চর অমৃতবৎ হইবে।

স্পর্ণং বৈনতেরঞ্জ নাগারিং নাগভীবণম্। জিতাস্তকং বিধারিঞ্জাজিতং বিশ্বরূপিণম্। গরুস্বাস্তং থগদ্রেষ্ঠং তাক্ষাং কপ্রপানক্ষম

অর্থাৎ—স্থপর্গ, বিনভানন্ধন, দাগ শক্র, সর্প-ভীঞ্চ শমন-বিজয়ী, বিষারি, অজেয় বিশ্বরূপী, গকত্বান, খগেন্দ্র, তার্ক্য ও কশাপ-নন্ধন,— গরুভন্তবোক্ত এই বাদশ নাম যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোখান কবিয়া, স্নানকালে কিন্বা শন্ধনক।লে পাঠ কবে, তাহাকে কোন প্রকার বিষ আক্রমণ করিতে পারে না। বর্ণা:—

বিষং নাক্রামতে তত্ত্ব ন চ হিংসন্তি হিংসকাঃ। সংগ্রামে বাবহারে চ বিজয়ন্তত্ত্ব জারতে। তাঁহাকে বিষ আক্রমণ করিতে পারে না, কোন প্রকার হিংশ্রক্ত দংশন করিতে সক্রম হয় না এবং সর্বাত জয়গাভ হটয়া থাকে।

"ওঁ কাং ওঁ অরক্ষ্ণ ওঁ হিলি হিলি মিলি মিলি চিলি চ ক্ষ্ ওঁ হিলি হিলি চ হ ক্ষ্ণ ব্রহ্মণেক্ষ্ণ বিষণবেক্ষ্ণ ইন্দ্রায়ক্ষ্ণ সক্ষতেলা দেবেভাল ফ্লং এই মন্ত্র বৃশ্চিকাদির বিষ বিনাশ ক্ষরিয়া থাকে।

"ওঁ গোরিঠ:' এইমন্ত্র মৃষিকাদির বিষ বিনাশ করিয়া থাকে।

"ওঁ হুঁ। হুট হুঁ ওঁ স্বাহা ওঁ গরুড় স হুঁ কট্' এই মন্ত্রে লুভা (মাকড্সা) বিষ নাশ করে।

"ওঁ নমো: ভগবতে বিফাবে সর সর হন হন চঁ ফট্ স্বাহা' এই মন্ত্রে সর্বাধার কীট বিষ বিনাশ কার।

তাপ্ত এই সকল বিষয় এত বিশ্বত ভাবে লিখিত হইয়াছে বে, ডাগা একস্থানে সংগৃহীতহইলে প্রকাণ্ড একথানি পুস্তক হইতে পারে। আমরা ভিন্ন ভিন্ন বিষয় হইতে চুই একটি করিয়া উদ্বৃত কারলাম। বাহুলা ভয়ে এ-ক্ষেপে সংক্ষেপে সারিলাম।

শূলরোগ-প্রতিকার।

